আল ইফাদাত

শরহে মিরকাত

আরবি-বাংলা

ইসলামিয়া কুতুব খানা ◆ ঢাকা

www.islamijindegi.com



প্রকাশক

মাওলানা মুহাম্মদ মুস্তফা এম.এম.
৩০/৩২, নর্থব্রুক হল রোড, বাংলাবাজার
ঢাকা-১১০০।

(প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত)

সর্বোচ্চ খুচরা মূল্য [MRP]
হাদিয়া : ১৩০.০০ টাকা মাত্র।
[বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি কর্তৃক নির্ধারিত]

প্রচ্ছদ

কালার ক্রিয়েশন
১৩১, ডি,আই,টি এক্সটেনশন রোড
ফোন ঃ ৮৩১৬৫৮৬

মুদ্রণে

ইসলামিয়া অফসেট প্রেস
প্যারীদাস রোড, বাংলাবাজার,
ঢাকা-১১০০।

www.islamijindegi.com

বিষয়	পৃষ্ঠা
মানতিক পরিচিতি	৫
নামকরণ	৫
মানতিকের আলোচ্য বি য়	৫
ইলমে মানতিকের উদ্দেশ্য	৬
ইলমে মানতিকের প্রয়োজনীয়তা	৬
ইলমে মানতিকের ইতিহাস	৬
কতিপয় মানতিক সম্রাটের সংক্ষিপ্ত জীবনী	৬
মিরকাত গ্রন্থকারের জীবনী	৭
الرحمن ও الرحيم -এর মাঝে পার্থক্য	৯
حمد -এর সংজ্ঞা	১০
الصلوة -এর অর্থ	১০
نبى -এর অর্থ	১১
ভূমিকা	১২
العلم -এর পরিচয়	১৩
العلم -এর প্রকারভেদ	১৩
تصديق -এবং تصور -এর অর্থ	১৪
পরিচ্ছেদ : تصور দু' প্রকার	১৮
পরিচ্ছেদ : দালালত সম্পর্কে	২৮
الدوال الاربع -এর আলোচনা	৩০
دلالة لفظية وضعية গুরুত্ব দেওয়ার কারণ	৩২
الدلالة التضمنية -এর আলোচনা	৩৩
দালালতকারী শব্দ হয়ত مفرد হবে বা مركب হবে	৩৫
مفرد -এর অর্থ	৩৫
مركب -এর অর্থ	৩৬
اسم -এর পরিচয়	৩৬
كلمة -এর পরিচয়	৩৬
ادات -এর পরিচয়	৩৬
মানতিক শাস্ত্রের كلمة ও নাহু শাস্ত্রের فعل -এর পার্থক্য	৩৭
পরিচ্ছেদ : مفرد কখনো অন্য বণ্টনে বিভক্ত হয়	৩৯
العلم -এর পরিচয়	৩৯
المتواطى -এর পরিচয়	৩৯
المشكك -এর পরিচয়	৩৯
مفرد তিন প্রকারে সীমাবদ্ধ হওয়ার কারণ	৩৯
পরিচ্ছেদ : একাধিক অর্থ বিশিষ্ট শব্দকে কয়েক ভাগে ভাগ করা যায়	৪১
مشترك -এর অর্থ	৪১
منقول -এর অর্থ	৪২
منقول -এর প্রকারভেদ ও তাদের পরিচয়	৪৪
حقيقت -এর পরিচয় ও নামকরণ	৪৪
مجاز -এর পরিচয় ও নামকরণ	৪৪
مركب -এর পরিচয়	৪৫
مركب -এর প্রকারভেদ	৪৬
الخبر -এর পরিচয়	৪৬
الانشاء -এর পরিচয়	৪৬
مركب ناقص -এর পরিচয় ও প্রকারভেদ	৪৭
مركب اضافى -এর পরিচয়	৪৭
পরিচ্ছেদ : مفهوم তথা যা স্মৃতিতে উদয় হয়	৪৮
পরিচ্ছেদ : كلى কয়েক ভাগে বিভক্ত	৫০
পরিচ্ছেদ : দু' كلى -এর মধ্যকার نسبت প্রসঙ্গে	৫৩
পরিচ্ছেদ : কখনো جزئى -এর অন্য অর্থ বর্ণনা করা হয়	৫৫
পরিচ্ছেদ : كليات পাঁচটি	৫৬
كلى -কে পাঁচ প্রকারে সীমিত করণের কারণ	৫৬
পরিচ্ছেদ : نوع -এর বর্ণনায়	৫৭
পরিচ্ছেদ : جنس -এর বিন্যাস প্রসঙ্গ	৫৭
পরিচ্ছেদ : جنس عالى দশটি	৫৯

www.islamijindegi.com

বিষয়	পৃষ্ঠা
পরিচ্ছেদ : نوع -এর বিন্যাস সম্পর্কে	৫৯
পরিচ্ছেদ : তৃতীয় كلى হচ্ছে فصل	৬১
পরিচ্ছেদ : চতুর্থ كلى হচ্ছে خاصه	৬৪
পরিচ্ছেদ : পঞ্চম كلى হচ্ছে عرض عام	৬৪
لازم -এর পরিচয় ও প্রকারভেদ	৬৬
لازم بين -এর প্রকারভেদ	৬৮
عرض مفارق -এর পরিচয় ও প্রকারভেদ	৬৮
পরিচ্ছেদ : সংজ্ঞাসমূহের বর্ণনা	৬৯
দ্বিতীয় অধ্যায় : দলিল ও তার সংশ্লিষ্ট বি য় সম্পর্কে	
পরিচ্ছেদ : قضية প্রসঙ্গে	৭১
পরিচ্ছেদ : قضية حملية দু' প্রকার	৭৩
পরিচ্ছেদ : موضوع হিসেবে قضية -এর প্রকার	৭৫
سور -এর সংজ্ঞা	৭৮
পরিচ্ছেদ : حمليه -এর অন্য এক প্রকার	৮১
কাযিয়ায়ে মুয়াজ্জাহার প্রকারভেদ	৮২
পরিচ্ছেদ : مركبات প্রসঙ্গ	৮৯
শর্তিয়া কাযিয়াসমূহের অধ্যায়	
شرطية -এর পরিচয় ও প্রকারভেদ	৯৬
متصلة -এর প্রকারভেদ	৯৭
علاقة -এর সংজ্ঞা	৯৭
পরিচ্ছেদ : شرطية منفصلة -এর প্রকার	৯৯

বিষয়	পৃষ্ঠা
পরিচ্ছেদ : قضية شرطية -এর سور বা নমুনার বর্ণনা	১০১
পরিচ্ছেদ : شرطية -এর দু'টি দিক	১০৩
পরিচ্ছেদ : تناقض -এর বর্ণনা প্রসঙ্গ	১০৫
পরিচ্ছেদ : عكس مستوى প্রসঙ্গ	১১৪
পরিচ্ছেদ : عكس نقيض প্রসঙ্গ	১১৯
পরিচ্ছেদ : قياس প্রসঙ্গ	১২২
পরিচ্ছেদ : قياس اقترانى প্রসঙ্গ	১২২
شكل -এর সংজ্ঞা ও প্রকারভেদ	১২৫
পরিচ্ছেদ : قياس استثنائى প্রসঙ্গ	১৪১
পরিচ্ছেদ : استقراء প্রসঙ্গ	১৪৩
পরিচ্ছেদ : التمثيل প্রসঙ্গ	১৪৩
পরিচ্ছেদ : البرهان ও তার আনু ঙ্গিক বি য় সম্পর্কে	১৫০
পরিচ্ছেদ : برهان দু' প্রকার	১৫৯
পরিচ্ছেদ : قياس جدلى প্রসঙ্গ	১৬১
পরিচ্ছেদ : قياس خطابى প্রসঙ্গ	১৬৩
পরিচ্ছেদ : قياس شعرى প্রসঙ্গ	১৬৫
পরিচ্ছেদ : قياس سفسطى প্রসঙ্গ	১৬৮
পরিচ্ছেদ : ত্রুটির কারণ প্রসঙ্গ	১৭০
পরিচ্ছেদ : অর্থগত কারণে ভ্রমসমূহের প্রসঙ্গ	১৭৪
পরিচ্ছেদ : অষ্টশির প্রসঙ্গ	১৯৪
এক নজরে মিরকাত	১৯৭

www.islamijindegi.com

تَعْرِيْفُ الْمَنْطِقِ

মানতিক পরিচিতি

مَعْنَى الْمَنْطِقِ لُغَةً : مَنْطِقْ-এর শাব্দিক অর্থ : مَنْطِقْ শব্দটি বাবে ضَرَبَ-এর মাসদার। তখন তার "م" টি হবে মাসদারে মীমী। অর্থ হচ্ছে- اَلتَّكَلُّمُ তথা কথা বলা, মনের ভাব প্রকাশ করা, ব্যক্ত করা ইত্যাদি।

অথবা مَنْطِقْ শব্দটি اِسْمُ ظَرْف-এর وَاحِدْ-এর সীগাহ। বাবে ضَرَبَ মূলবর্ণ (ن ـ ط ـ ق) অর্থ কথা বলার স্থান বা সময়।

কুরআন মাজীদে শব্দটির প্রয়োগ এভাবে দেখা যায়। যথা- * وَمَايَنْطِقُ عَنِ الْهَوٰى اِنْ هُوَ اِلَّا وَحْىٌ يُّوْحٰى

مَعْنَى الْمَنْطِقِ اِصْطِلَاحًا : مَنْطِقْ-এর পারিভাষিক সংজ্ঞা :

১. মিরকাত প্রণেতা বলেন- اَلْمَنْطِقُ هُوَ عِلْمٌ بِقَوَانِيْنَ تَعْصَمُ مُرَاعَاتُهَا الذِّهْنَ عَنِ الْخَطَأِ فِى الْفِكْرِ অর্থাৎ মানতিক এমন কতিপয় নীতিমালা জানার নাম যার অনুসরণে ذِهْن বা মস্তিষ্ককে চিন্তা ও ধ্যান-ধারণার ভুল-ভ্রান্তি হতে রক্ষা করে।

২. মুজামুল ওয়াসীত গ্রন্থকার বলেন- هُوَ عِلْمٌ يَعْصِمُ مُرَاعَاتُهَا الذِّهْنَ عَنِ الْخَطَأِ فِى الْفِكْرِ অর্থাৎ মানতিক এমন একটি শাস্ত্র, যা মন-মস্তিষ্ককে ভ্রান্ত চিন্তাধারা থেকে সংরক্ষণ করে।

৩. সুল্লামুল উলূম গ্রন্থের ব্যাখ্যাকার বলেন- اِنَّهُ عِلْمٌ يُّوْزَنُ بِهِ الْفِكْرُ وَالنَّظَرُ بِاَنَّهُ صَحِيْحٌ اَوْ خَطَأٌ

৪. প্রখ্যাত দার্শনিক ইমাম গাযালী (র.) বলেন- اَلْمَنْطِقُ هُوَ الْقَانُوْنُ الَّذِىْ بِهٖ يَتَمَيَّزُ صَحِيْحُ الْحَدِّ وَالْقِيَاسِ عَنْ فَاسِدِهِمَا فَيَتَمَيَّزُ الْعِلْمُ الْيَقِيْنُ عَمَّا لَيْسَ يَقِيْنًا . অর্থাৎ মানতিক এমন বিধি-বিধানমূলক শাস্ত্র, যা দ্বারা ভ্রান্ত-বিকৃত সংজ্ঞা ও ধারণা থেকে বিশুদ্ধ সংজ্ঞা ও ধারণাকে পৃথক করা যায়। ফলে প্রত্যয়ী জ্ঞান থেকে অপ্রত্যয়ী বিষয়গুলো আলাদা করা যায়।

মোটকথা হলো, চিন্তা ও গবেষণা করতে গিয়ে মানুষ ভুল-ত্রুটির সম্মুখীন হয়ে থাকে, আর যে সকল নীতি অনুসরণের মাধ্যমে সেগুলো থেকে বেঁচে থাকা যায়, তাকেই মানতিক বলে।

اَلذِّهْنُ-এর সংজ্ঞা : ذِهْن ঐ যোগ্যতা বা শক্তিকে বলে যা দ্বারা কোনো বিষয়কে জানা ও বুঝা যায়।

اَلْفِكْرُ-এর সংজ্ঞা : فِكْر হলো জানা বিষয়কে এমনভাবে সাজানো যার দ্বারা অজানা বিষয়গুলোর জ্ঞান অর্জন করা যায়।

وَجْهُ التَّسْمِيَةِ (নামকরণ) : এ শাস্ত্রকে মানতিক বলে নামকরণের কারণ হলো, مَنْطِقْ অর্থ- কথা বলা ও বাক্যালাপ করা। যেহেতু এ শাস্ত্রের নিয়মাবলি نُطْقِ ظَاهِرِىْ এবং نُطْقِ بَاطِنِىْ তথা বাহ্যিক ও অভ্যন্তরীণ কথাবার্তার মধ্যে বিরাট প্রভাব বিস্তার করে থাকে। কেননা, যিনি এ শাস্ত্রে অভিজ্ঞ তিনি খুবই বিচক্ষণতা ও পারদর্শিতার সাথে কথা বলতে পারবেন। যা মানতিকে অনভিজ্ঞ লোকের পক্ষে কিছুতেই সম্ভব নয়। তদ্রূপ একজন مَنْطِقِىْ ব্যক্তি বস্তুর অবস্থা সম্পর্কে যতটুকু সচেতন; একজন জাহেল তার দ্বারপ্রান্তেও নেই। এদিকে ইঙ্গিত করেই মিরকা গ্রন্থকার বলেন- وَاَمَّا تَسْمِيَتُهٗ بِالْمَنْطِقِ فَلِتَاْثِيْرِهٖ فِى النُّطْقِ الظَّاهِرِىْ وَالنُّطْقِ الْبَاطِنِىْ অর্থাৎ বাহ্যিক ও অভ্যন্তরীণ কথাবার্তার মধ্যে বিরাট প্রভাব বিস্তার করার কারণে একে মানতিক বলে নামকরণ করা হয়েছে।

অবশ্য মানতিককে কখনো কখনো মীযানও বলা হয়। আর এর কারণ হচ্ছে- مِيْزَانْ অর্থ-পাল্লা। আর মানতিক- শাস্ত্র জ্ঞান, বুদ্ধির এমন একটি পাল্লা যার দ্বারা সঠিক চিন্তার ও ভ্রান্ত চিন্তার পরিমাপ করে সঠিক সিদ্ধান্ত গ্রহণ করা যায় এবং ভুল ও নির্ভুলের মাঝে পার্থক্য করা যায়।

مَوْضُوْعُ عِلْمِ الْمَنْطِقِ : মানতিক শাস্ত্রের আলোচ্য বিষয় : ইলমের মধ্যে যার প্রাসঙ্গিক বিষয়বস্তু নিয়ে আলোচনা করা হয় তা-ই সে ইলমের আলোচ্য বিষয়রূপে পরিগণিত হয়। যথা- جَسَدُ الْاِنْسَانِ (মানুষের শরীর) عِلْمُ طِبّ তথা চিকিৎসা বিজ্ঞানের আলোচ্য বিষয় বা مَوْضُوْع কেননা, চিকিৎসা বিজ্ঞানে মানুষের শরীরের সুস্থতা-অসুস্থতা ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করা হয়, বিধায় جَسَدُ الْاِنْسَانِ টি চিকিৎসা বিজ্ঞানের আলোচ্য বিষয়। তদ্রূপ ইলমে নাহুর আলোচ্য বিষয় হলো كَلِمَةْ ও كَلَامْ বা শব্দ ও বাক্য। কেননা, ইলমে নাহুর মধ্যে كَلِمَةْ (শব্দ) ও كَلَامْ (বাক্য)-কে নিয়েই আলোচনা করা হয়।

ইলমে মানতিকের আলোচ্য বিষয় নিয়ে মানতেকীদের মধ্যে মতপার্থক্য পরিলক্ষিত হয়। যেমন-

১. গ্রন্থকার আল্লামা ফযলে হক খায়রাবাদী (র.) বলেন- مَوْضُوْعُ الْمَنْطِقِ الْمَعْلُوْمَاتِ التَّصَوُّرِيَّةْ وَالتَّصْدِيْقِيَّةْ لٰكِنْ لَا مُطْلَقًا بَلْ مِنْ حَيْثُ اَنَّهَا مُوْصِلَةٌ اِلَى الْمَجْهُوْلِ التَّصَوُّرِىْ وَالتَّصْدِيْقِىّ . অর্থাৎ মানতিকশাস্ত্রের আলোচ্য বিষয় হচ্ছে, একক বিষয়ের জ্ঞাত তথ্যাদি এবং বচনভিত্তিক জ্ঞাত তাৎপর্যাদি। কিন্তু এ দু'টি শর্তহীন নয়; বরং জ্ঞাত তথ্যাদির দ্বারা অজ্ঞাত তথ্যাদি এবং জ্ঞাত তাৎপর্যাদির দ্বারা অজ্ঞাত তাৎপর্যাদির উপলব্ধি হতে হবে।

২. কারো কারো মতে, মানতিকের আলোচ্য বিষয় হলো, مَعْقُوْلَاتُ ثَانِيَةْ (দ্বিতীয় মা'কূলাত)।

৩. আবার কারো কারো মতে, مُطْلَقْ مَعْقُوْلَاتْ (সাধারণ মা'কূলাত)।

উল্লেখ্য যে, مَعْقُوْلَاتْ দু' প্রকার : ১. مَعْقُوْلَاتْ اُوْلٰى ২. مَعْقُوْلَاتْ ثَانِيَةْ ; مَعْقُوْلَاتْ اُوْلٰى বলা হয় মস্তিষ্কে কোনো বস্তুর জ্ঞান অর্জিত হওয়া, তাতে গুণের বিচার-বিবেচনা থাকবে না ; তবে مَعْقُوْلَاتُ ثَانِيَةْ -এর মধ্যে গুণের বিচার-বিবেচনা হয়ে থাকে।

www.islamijindegi.com

৪. আবার কারো কারো মতে, মানতিকের আলোচ্য বিষয় হলো- اَلْاَلْفَاظُ مِنْ حَيْثُ الدَّالِّ عَلَى الْمَعْنٰى অর্থাৎ 'অর্থ প্রকাশের জন্য যে সকল শব্দ ব্যবহার হয়ে থাকে তাই মানতিকের আলোচ্য বিষয়।' তবে এটা গ্রহণযোগ্য নয়, কারণ তারা আলোচ্য বিষয়ের সংস্থা সম্পর্কে অবহিত নন।

৫. مَطَالِعْ গ্রন্থকার বলেন, মানতিকের আলোচ্য বিষয় হলো- مَعْلُوْمَاتْ تَصْدِيْقِيَّةْ এবং مَعْلُوْمَاتْ تَصَوُّرِيَّةْ [মিরকাতের লিখকেরও এই অভিমত]। অর্থাৎ তাদের মতে মানতিকের আলোচ্য বিষয় হচ্ছে- اَعَمُّ الْمَعْقُوْلَاتِ চাই مَعْقُوْلَاتْ اُوْلٰى হোক বা مَعْقُوْلَاتْ ثَانِيَةْ হোক। আর যার দ্বারা مَعْلُوْمْ تَصَوُّرِىْ وَتَصْدِيْقِىْ -কে- مَجْهُوْلْ تَصَوُّرِىْ وَتَصْدِيْقِىْ -এর দিকে পৌঁছে দেয় তা মানতিকের আলোচ্য বিষয় নয়। তবে যা দ্বারা مَجْهُوْلْ تَصَوُّرِىْ-এর দিকে পৌঁছা যায় তাকে مُعَرِّفْ বলে এবং যার দ্বারা مَجْهُوْلْ تَصْدِيْقِىْ -এর দিকে পৌঁছা যায় তাকে حُجَّتْ বলে। مُعَرِّفْ ও حُجَّتْ -কেও ইলমে মানতিকের আলোচ্য বিষয় বলা যেতে পারে।

غَرْضُ عِلْمِ الْمَنْطِقِ : মানতিকের উদ্দেশ্য :

১. প্রতিটি বিষয় বা শাস্ত্রের একটি সুনির্দিষ্ট লক্ষ্য বা উদ্দেশ্য থাকে। আর মানতিক শাস্ত্রের উদ্দেশ্য সম্পর্কে গ্রহস্থকার ফযলে ইমাম খায়রাবাদী (র.) বলেন- اَلْاِصَابَةُ فِى الْفِكْرِ وَحِفْظُ الرَّأْىِ عَنِ الْخَطَإِ فِى النَّظْرِ . অর্থাৎ চিন্তাশক্তির বিশুদ্ধতা অর্জন ও যুক্তির ক্ষেত্রে ভুল-ভ্রান্তি হতে মতামতকে সঠিকভাবে সংরক্ষণ করা।

২. আর কেউ কেউ বলেন, ইলমে মানতিকের غَرْض বা উদ্দেশ্য হলো- صِيَانَةُ الذِّهْنِ عَنِ الْخَطَإِ فِى الْفِكْرِ অর্থাৎ চিন্তার ভুলভ্রান্তি হতে মস্তিষ্ককে রক্ষা করা।

ضَرُوْرَةُ عِلْمِ الْمَنْطِقِ : ইলমে মানতিকের প্রয়োজনীয়তা : ইসলামের মধ্যে মানতিকের গুরুত্ব ও প্রয়োজনীয়তা অপরিসীম। এ কথা বুঝাবার জন্য ইমাম গাযযালী (র.)-এর নিম্নোক্ত উক্তির প্রতি লক্ষ্য করলেই তা স্পষ্টভাবে বুঝে আসে। কেননা, তিনি বলেন- اَلْمَنْطِقُ نِعْمَ الْعَوْنُ مَنْ لَمْ يَعْرِفِ الْمَنْطِقَ فَلَا ثِقَةَ لَهٗ فِى الْعُلُوْمِ كُلِّهَا অর্থাৎ মানতিক কতই না উত্তম সাহায্যকারী। যে ব্যক্তি মানতিকশাস্ত্র সম্পর্কে অজ্ঞ তার সকল ইলমের মধ্যে কোনোরূপ নির্ভরতা নেই।

এ ছাড়াও মানতিকে পাণ্ডিত্য অর্জনকারী ব্যক্তি نُطْقْ ظَاهِرِىْ (প্রকাশ্য কথাবার্তা) ও نُطْقْ بَاطِنِىْ (অপ্রকাশ্য কথাবার্তা) তে এত বেশি পটু ও শক্তিশালী হয় যা অন্য কোনো ব্যক্তির পক্ষে সম্ভবপর নয়। মানতিকশাস্ত্রে অভিজ্ঞ ব্যক্তি বস্তু ও বিষয়ের حَقِيْقَتْ (সত্তা) ও مَاهِيَتْ (প্রকৃতি) সম্পর্কে এমন অভিজ্ঞতা রাখে, যা মানতিকে অজ্ঞ ব্যক্তিগণ রাখতে সক্ষম নন। এ কারণেই তো মানতিকশাস্ত্রে অভিজ্ঞ ব্যক্তির দৃষ্টি অত্যন্ত গভীর ও সুনিপুণ হয়ে থাকে।

ইমাম তাহাবী (র.) বলেন- اَلْمَنْطِقُ مِعْيَارُ الْعِلْمِ مَنْ لَا يَعْرِفُهٗ لَا يُوْثَقُ بِعِلْمِهٖ অর্থাৎ মানতিক হলো ইলমের মাপকাঠি। যে তা সম্পর্কে অজ্ঞ তার ইলমে কোনোরূপ ভরসা করা যায় না।

পূর্বযুগের অধিকাংশ শিক্ষা-দীক্ষার মাধ্যম ছিল মানতিকশাস্ত্র সম্পর্কীয়। তাই সে সকল বিষয়ে পাণ্ডিত্য অর্জন করতে হলে প্রথমেই মানতিকে পাণ্ডিত্য অর্জন করতে হবে। এতএব উক্ত আলোচনা দ্বারা বুঝাগেল যে, মানতিকের প্রয়োজনীয়তা অপরিসীম।

تَارِيْخُ عِلْمِ الْمَنْطِقِ
ইলমে মানতিক ইতিহাস

মানতিকের প্রথম আবিষ্কারক ও জনক ছিলেন হাকীম আরাস্তাতালীস। সংক্ষেপে তাঁকে বলা হতো আরাস্তু। তিনি হযরত ঈসা (আ.)-এর জন্মের কিছুকাল পূর্বে ধরাপৃষ্ঠে আগমন করেন। তিনিই সর্বপ্রথম ইস্কান্দার রূমীর নির্দেশে মানতিকশাস্ত্রের কতিপয় নীতিমালা প্রণয়ন করেন। অতঃপর এগুলোকে কিতাব আকারে জাতির সম্মুখে উপস্থাপন করেন। এ কারণেই তাঁকে মানতিক مُعَلِّمْ اَوَّلْ তথা প্রথম জনক বলা হয়। ইতিহাসে তিনি এরিস্টোটল নামে পরিচিত।

এরপর ইমাম ফারাবী আরাস্তুর লিখিত মানতিকী নীতিমালার যথোপযুক্ত ব্যাখ্যা-বিশ্লেষণ করে উক্ত শাস্ত্রকে সুন্দরভাবে বিন্যস্ত করেন। তাই তাঁকে মানতিক শাস্ত্রের مُعَلِّمْ ثَانِىْ তথা দ্বিতীয় জনক বলা হয়।

কালের চক্রের বিবর্তনের সাথে সাথে ইমাম ফারাবীর সুবিন্যস্ত মানতিকগুলোও একদিন বিনষ্ট হয়ে যায়, ফলে পরবর্তীতে ইমাম আবূ আলী ইবনে সীনা পুনরায় মানতিকশাস্ত্রকে বিস্তারিতভাবে লিখে প্রচার করেন। তাই তাঁকে মানতিকশাস্ত্রের مُعَلِّمْ ثَالِثْ বা তৃতীয় জনক বলা হয়। এরপর থেকে অদ্যাবধি সেই আবূ আলী ইবনে সীনার রচিত মানতিক-ই পাঠ্য তালিকার অন্তর্ভুক্ত হয়ে চলে আসছে।

কতিপয় মানতিক সম্রাটের সংক্ষিপ্ত জীবনী

১. اَرَسْطَاطَالِيْس [আরাস্তাতালীস বা এরিস্টোটল] : তাঁর নাম আরাস্তাতালীস, ইংরেজিতে বলা হয় Aristotle সংক্ষেপে আরাস্তু বলা হয়। উপাধি اَلْمُعَلِّمُ الْاَوَّلُ (প্রথম শিক্ষক)। তিনি হযরত ঈসা (আ.)-এর আবির্ভাবের পূর্বে মকদুনিয়া শহরের অন্তর্গত স্ট্যাগিরা নামক গ্রামে জন্মগ্রহণ করেন। জনৈক জ্যোতিষের পরামর্শে তিনি বিখ্যাত দার্শনিক আফলাতুন (Plato)-এর নিকট দর্শনশাস্ত্র শিক্ষা লাভের উদ্দেশ্যে এথেন্স শহরে গমন করেন। আফলাতুনের স্কুলে বিশ বছর যাবৎ পড়াশুনা করে শিক্ষাকোর্স শেষ করার পর বাদশাহ ফিলিপ্স-এর রাষ্ট্রদূত নিযুক্ত হন। কিছু দিন অতিবাহিত হওয়ার পর তিনি এ দায়িত্ব ছেড়ে পুনরায় এথেন্স শহরে চলে যান এবং সেখানে আফলাতুনের বিদ্যালয়ে অধ্যাপনার দায়িত্বে নিযুক্ত হন। কিছুদিনের মধ্যে তাঁর খ্যাতি বিভিন্ন দিকে ছড়িয়ে পড়ে। ফিলিপস্ যুবরাজ

www.islamijindegi.com

ইস্কান্দারের (Alexander) শিক্ষা-দীক্ষার জন্য তাঁকে মকদুনিয়া শহরে ডাকালেন। প্রায় আট বছর যাবৎ এই কাজে নিয়োজিত থাকার পর, আবার তিনি এথেন্স শহরে ফিরে যান। এবার তিনি নিজেই একটি শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তুলেন, যা পরবর্তীতে আফলাতুনের প্রতিষ্ঠানের চেয়েও প্রসিদ্ধি লাভ করেছিল। অগণিত ছাত্র তাঁর নিকট শিক্ষা লাভ করে জ্ঞান পিপাসা নিবারণ করে। তাঁর পালকীর পিছনেও অগণিত শিষ্য জ্ঞান আহরণের উদ্দেশ্যে চলত। এ জন্য তাঁর অনুসারীদেরকে مَشَّائِيْن তথা পদব্রজে গমনকারী বলা হয়। যেহেতু তিনিই সর্বপ্রথম দর্শনশাস্ত্রকে রূপ দান করেছেন এবং মানব সমাজে তার বিকাশ ঘটিয়েছেন, তাই তাঁকে اَلْمُعَلِّمُ الْاَوَّلُ বলা হয়। তাঁর ওস্তাদ ছিলেন আফলাতুন (প্লেটো), আর আফলাতুনের ওস্তাদ ছিলেন সক্রেটিস, সক্রেটিসের ওস্তাদ ছিলেন পীথাগোরাস, পীথাগোরাসের ওস্তাদ হলেন তালীস এবং তালীসের ওস্তাদ ছিলেন হাকীম লোকমান।

হাকীম আরাস্তু শেষ পর্যন্ত নিজ হাতে গড়া প্রতিষ্ঠানেই শিক্ষা দানে রত থাকেন। অতঃপর বাষট্টি বছর বয়সে তিনি পরলোক গমন করেন। কারো মতে, তিনি পানিতে ডুবে মারা গিয়েছেন; আর কেউ বলেন, পক্ষাঘাতে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন। তিনি জীবনে বহু গ্রন্থ লিখে গেছেন। তন্মধ্যে كِتَابُ جَرْيُ الْعَالَمِ ـ كِتَابُ السَّمَاءِ الْاِلٰهِيَّاتُ ـ كِتَابُ النَّبَاتُ ـ اَلشَّمْسُ وَالْقَمَرُ ـ প্রভৃতি বিশেষভাবে উল্লেখযোগ্য।

২. فَارَابِىْ [ইমাম ফারাবী বা প্লেটো] : তাঁর উপনাম আবূ নসর। নাম মুহাম্মদ ইবনে তরকান। বংশগতভাবে ফার্সি ভাষা-ভাষী ছিলেন। তিনি ফারাবে জন্মগ্রহণ করেন। তিনি দর্শনশাস্ত্রের একজন অভিজ্ঞ আলিম ছিলেন। অধিকাংশ সময় তাকে প্রবাহিত নালা অথবা ঘন বাগানের পাশে দেখা যেত। যেহেতু মুসলমান দার্শনিকদের মধ্যে আফলাতুন এবং আরাস্তু-এর কথার সবচেয়ে বড় ব্যাখ্যাদানকারী ফারাবীই ছিলেন। তাই তাঁকে মানতিকশাস্ত্রের مُعَلِّمْ ثَانِىْ তথা দ্বিতীয় উস্তাদ বলা হতো। তাঁর লিখিত অনেক গ্রন্থ আছে। তিনি আব্বাসী খেলাফত আমলে ৮০ বছর বয়সে দামেস্কে ইন্তেকাল করেন।

৩. اِبْنُ سِيْنَا [ইবনে সীনা] : শায়খ আবূ আলী হোসাইন ইবনে আবদুল্লাহ ইবনে সীনা বুখারার নিকটে নখলা নামক স্থানে জন্মগ্রহণ করেন এবং তিনি হামাদানে মৃত্যুবরণ করেন। তিনি বড় আলিম এবং চিকিৎসক ছিলেন। দর্শনশাস্ত্রে বিশেষ অভিজ্ঞ ছিলেন। তিনি কুরআনে হাফেজ ছিলেন। ৩৭০ হিজরিতে তার জন্ম এবং ৪৪৮ হিজরিতে আব্বাসী আমলে ইন্তেকাল করেন। কানুনে শিফা, ইশারাত ইত্যাদি প্রসিদ্ধ কিতাব তাঁরই লিখিত।

৪. اِمَامْ رَازِىْ [ইমাম রাযী] : তিনি ছিলেন ইমাম ফখরুদ্দীন মুহাম্মদ ইবনে জিয়াউদ্দীন ইবনে ওমর রাযী। তাঁর উপনাম আবূ আবদুল্লাহ। তার নাম মুহাম্মদ ইবনে ওমর। তিনি ৫৪৪ হিজরি সালে 'রাখা' নামক স্থানে জন্মগ্রহণ করেন। ছোট বেলায় তিনি তাঁর পিতা হতে শিক্ষা গ্রহণ করেন। কামাল সুময়ানী হতে হাদীস ও ফিক্‌হ-এর শিক্ষা গ্রহণ করেন, আল্লামা মজদুদ্দীন হতে তিনি দর্শন শিক্ষা করেন। তিনি এত অভিজ্ঞতা ও বিশেষত্বের অধিকারী ছিলেন যে, ইসলামি জগতের বিভিন্ন অঞ্চলের হাজার হাজার মাইল দূর হতে লোক তাঁর নিকট আসত। তাঁর সাথে অনেক আলিম-ওলামা ও জ্ঞানী-গুণী লোক থাকতেন। তিনি শায়খুল ইসলাম উপাধিতে ভূষিত ছিলেন। তাঁর লিখিত কিতাবাদির মধ্যে তাফসীরে কাবীর, আসাসুত্তাকদীস, কিতাবুল মাহাসিল, হাদায়েকুল ওমর বিশেষ প্রসিদ্ধ। এই বিখ্যাত মনীষী ৬০৬ হিজরিতে ঈদুল ফিতরের দিনে এ ক্ষণস্থায়ী দুনিয়া হতে চির বিদায় গ্রহণ করেন।

মিরকাত গ্রন্থকারের জীবনী

নাম ও পরিচয় : মিরকাত কিতাবের গ্রন্থকার ছিলেন মাওলানা ফযলে ইমাম খায়রাবাদী। যিনি আল্লামা ফযলে খায়রাবাদী নামে প্রসিদ্ধ। তাঁর পিতা মুহাম্মাদ আরশাদ একজন ফেরেশতা চরিত্রের লোক ছিলেন। তাঁর বংশের যোগসূত্র বত্রিশতম মাধ্যমের পর হযরত ওমর ফারুক (রা.) পর্যন্ত গিয়ে পৌঁছে এবং পনেরতম মাধ্যমের পর হযরত শাহ ওয়ালিউল্লাহ মুহাদ্দিসে দেহলভী (র.) পর্যন্ত গিয়ে পৌঁছে।

জন্ম : তিনি ভারতের উত্তর প্রদেশের সীতাপুর জেলায়র অন্তর্গত খায়রাবাদ শহরে জন্মগ্রহণ করেন। পরবর্তীতে তিনি শাহজাহানপুরে বসবাস করেন। তাই তিনি শাহাজাহানপুরী হিসেবেও পরিচিত ছিলেন।

জ্ঞানার্জন : আল্লামা খায়রাবাদী একজন মেধাবী, বিচক্ষণ ও নিষ্ঠাবান ব্যক্তি ছিলেন। অনেক বিদগ্ধ পণ্ডিত আলিমের নিকট হতে তিনি ইলমে দীন শিক্ষা গ্রহণ করেছেন। তাঁর উল্লেখযোগ্য উস্তাদদের মধ্যে যার নিকট হতে তিনি বেশি উপকৃত হয়েছেন তিনি হলেন মাওলানা সাইয়েদ আব্দুল ওয়াজেদ কিরমানী খায়রাবাদী (র.)।

কর্মজীবন : আল্লামা খায়রাবাদী ভারতের দারুল হুকুমাত দিল্লীতে দীর্ঘদিন যাবৎ প্রধান বিচারপতির পদে সমাসীন ছিলেন। তাঁর জীবনের নানা ব্যস্ততা এবং চাকরির দায়িত্ব পালনের পরও তিনি সর্বদা অধ্যাপনা এবং লেখনীর কাজ অব্যাহত রেখেছেন। আল্লাহ তা'আলা তাঁকে এমন দক্ষতা ও যোগ্যতা দান করেছিলেন যে, তাঁর পাঠে একবার বসার পর কোনো ছাত্র অন্য কারো কাছে পড়ার ইচ্ছা পোষণ করত না।

ছাত্রবৃন্দ : অসংখ্য জ্ঞান পিপাসু তাঁর নিকট থেকে জ্ঞান আহরণ করে স্বীয় জ্ঞান পিপাসা নিবৃত্ত করেছেন। তাদের মধ্যে উল্লেখযোগ্য হলেন–

১. তাঁর পুত্র ফযলে হক, ২. মুফতী সদরুদ্দীন খান, ৩. মৌলভী সালাউদ্দীন আহমদ বিন মুহাম্মদ শফী, ৪. শাহ গাউস আলী প্রমুখ।

আধ্যাত্মিকতা : আল্লামা ফযলে ইমাম তাকওয়া ও আধ্যাত্মিকতার ক্ষেত্রে অসাধারণ সাধনা করেছেন। তাকওয়া ও আধ্যাত্মিকতার ক্ষেত্রে তিনি উঁচুস্তরের একজন ব্যক্তি ছিলেন। তিনি প্রখ্যাত বুজুর্গ হযরত মাওলানা সালাহউদ্দীন সাফাভীর শিষ্য ছিলেন। তা ছাড়া তিনি যুগশ্রেষ্ঠ মুহাদ্দিস হযরত মাওলানা শাহ আব্দুল আযীয মুহাদ্দিসে দেহলভী (র.) এবং মাওলানা শাহ আব্দুল কাদির (র.)-এর সমসাময়িক ছিলেন।

রচনাবলি : আল্লামা ফযলে ইমাম অসংখ্য গ্রন্থ রচনা করেন। তাঁর রচিত গ্রন্থাবলির মধ্যে প্রসিদ্ধ কয়েকটি হলো– ১. মিরকাত, ২. তালখীসুস শিফা, ৩. আমদ নামা, ৪. হাশিয়ায়ে মোল্লা জালাল, ৫. হাশিয়ায়ে উফুকল মুবীন, ৬. হাশিয়ায়ে মীর যাহেদ, ৭. নুখবাতুস্‌সিরি ইত্যাদি।

ইন্তেকাল: আল্লামা ফযলে ইমাম ১২৪০ হিজরি মোতাবেক ১৮২৪ খ্রিস্টাব্দের ৫ই জিলহজ ইহধাম ত্যাগ করেন। হযরত শায়খ মাখদুম শামসুদ্দীন (র.)-এর মাজারে তাঁর দাদা উস্তাদ আল্লামা সিক্কুভী এবং মাওলানা আব্দুল ওয়াজেদ কিরমানী খায়রাবাদী (র.)-এর পার্শ্বে তাঁকে দাফন করা হয়।

www.islamijindegi.com

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

পরম করুণাময় দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ اَبْدَعَ الْاَفْلَاكَ وَالْاَرْضِيْنَ وَالصَّلٰوةُ عَلٰى مَنْ كَانَ نَبِيًّا وَّاٰدَمُ بَيْنَ الْمَآءِ وَالطِّيْنِ وَعَلٰى اٰلِهٖ وَاَصْحَابِهٖ اَجْمَعِيْنَ وَبَعْدُ فَهٰذِهٖ عِدَّةُ فُصُوْلٍ فِىْ عِلْمِ الْمِيْزَانِ لَابُدَّ مِنْ حِفْظِهَا وَضَبْطِهَا لِمَنْ اَرَادَ اَنْ يَّتَذَكَّرَ مِنْ اُولِى الْاَذْهَانِ وَعَلَى اللّٰهِ التَّوَكُّلُ وَهُوَ الْمُسْتَعَانُ ـ

সরল অনুবাদ : সকল প্রশংসা নভোমণ্ডল ও ভূমণ্ডলের সৃষ্টিকর্তা আল্লাহর জন্য। আর দরূদ ও সালাম বর্ষিত হোক সেই সত্তার প্রতি, যিনি হযরত আদম (আ.) মাটি ও পানিতে থাকাকালীনও [আদম (আ.)-এর সৃষ্টির পূর্বে] নবী ছিলেন এবং তাঁর পরিবার-পরিজন ও তাঁর সাথি-সঙ্গী সকলের উপর।

হামদ ও সালাতের পর এগুলো মান্তিক শাস্ত্রের এমন কয়েকটি পরিচ্ছেদ; যা শিক্ষানবিশদের মধ্য হতে যারা এগুলো স্মরণ রাখতে আগ্রহী তাদের জন্য মুখস্থ রাখা ও স্মৃতিপটে সংরক্ষণ করা একান্ত আবশ্যক। ভরসা আল্লাহর উপরই এবং তিনি সাহায্য প্রার্থনা করার উপযুক্ত সত্তা।

শাব্দিক অনুবাদ : اَلْحَمْدُ لِلّٰهِ সকল প্রশংসা আল্লাহর জন্য الَّذِىْ اَبْدَعَ যিনি সৃষ্টি করেছেন الْاَفْلَاكَ وَالْاَرْضِيْنَ নভোমণ্ডল ও ভূমণ্ডল وَالصَّلٰوةُ আর দরূদ ও সালাম عَلٰى مَنْ كَانَ نَبِيًّا বর্ষিত হোক সেই নবীর প্রতি, যিনি নবী ছিলেন وَاٰدَمُ হযরত আদম (আ.) بَيْنَ الْمَآءِ وَالطِّيْنِ মাটি ও পানিতে থাকাকালীনও [হযরত আদম (আ.)-এর সৃষ্টির পূর্বে] وَعَلٰى اٰلِهٖ এবং তাঁর পরিবার-পরিজন وَاَصْحَابِهٖ اَجْمَعِيْنَ ও তাঁর সাথি-সঙ্গী সকলের উপর وَبَعْدُ হামদ ও সালাতের পর فَهٰذِهٖ عِدَّةُ فُصُوْلٍ এগুলো এমন কয়েকটি পরিচ্ছেদ فِىْ عِلْمِ الْمِيْزَانِ ইলমে মানতিকের বর্ণনা প্রসঙ্গে لَابُدَّ একান্ত আবশ্যক مِنْ حِفْظِهَا وَضَبْطِهَا যা মুখস্থ রাখা ও স্মৃতিপটে সংরক্ষণ করা لِمَنْ اَرَادَ اَنْ يَّتَذَكَّرَ যে আগ্রহী এগুলো স্মরণ রাখতে مِنْ اُولِى الْاَذْهَانِ শিক্ষানবীশদের মধ্য হতে وَعَلَى اللّٰهِ التَّوَكُّلُ ভরসা আল্লাহর উপরই وَهُوَ الْمُسْتَعَانُ এবং তিনি সাহায্য প্রার্থনা করার উপযুক্ত সত্তা।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهٗ بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ-এর আলোচনা : بِسْمِ اللّٰهِ-এর بَاءْ অক্ষরটি حُرُوْفُ الْمَعَانِىْ-এর অন্তর্ভুক্ত। নিয়ম অনুসারে এতে سَاكِنْ হওয়াই উচিত ছিল; কিন্তু بَاءْ অক্ষরটি শব্দের শুরুতে হওয়ায় سَاكِنْ দিয়ে পড়া সম্ভব নয়, নীতি বিধি অনুসারে এটাকে যবর দিয়ে পড়তে হবে। কেননা, যবরকে اُخْتُ سَاكِنْ বা সাকিনের বোন বলা হয়, অথচ বাস্তবে এটা كَسْرَةْ বিশিষ্ট হয়েছে। এর সমাধানে ভাষাবিদ ও মুহাক্কেকীনগণ নিম্নোক্ত বক্তব্য পেশ করেছেন– ক. جَرّ একটি হরকত হলেও স্থায়িত্ব ও ব্যবহার খুব কম হওয়ায় এটা যেন سَاكِنْ-এর মতোই عَدَمُ الْحَرَكَةِ তথা হরকতশূন্য। তাই غَيْرُ مُنْصَرِفْ ও فِعْل-এর ক্ষেত্রে-এর ব্যবহার পরিলক্ষিত হয় না। جَرّ ও سَاكِنْ-এর মধ্যে এরূপ সামঞ্জস্য থাকার কারণেই বলা হয়– اَلسَّاكِنُ اِذَا حُرِّكَ حُرِّكَ بِالْكَسْرِ অর্থাৎ সাকিনকে যখন হরকত প্রদান করা হয়, তখন كَسْرَةْ প্রদান করা হয়। এ সূত্রের ভিত্তিতেই এখানে بَاءْ অক্ষরটিতে كَسْرَةْ দেওয়া হয়েছে। খ. بَاءْ অক্ষরটি اِسْمْ ব্যতীত অন্য কোনো كَلِمَةْ-এর প্রথমে ব্যবহৃত হয় না। আর اِسْمْ-এর একমাত্র ব্যতিক্রমধর্মী বৈশিষ্ট্য হলো, তা كَسْرَةْ গ্রহণ করে থাকে। এদিকে লক্ষ্য রেখেই بَاءْ অক্ষরটিতেও كَسْرَةْ প্রদান করা হয়েছে। গ. بَاءْ অক্ষরটি حَرْف ব্যতীত অন্য কোনো অর্থে ব্যবহৃত হয় না। সুতরাং যেসব حَرْف কখনো কখনো اِسْمْ-এর অর্থে ব্যবহৃত হয়, তা থেকে بَاء-কে পৃথকীকরণের জন্য এটাকে كَسْرَةْ প্রদান করা হয়েছে। ঘ. بَاءْ-এর পর যে শব্দটি আসে তা অবশ্যই كَسْرَةْ বিশিষ্ট হবে। তাই এ বৈশিষ্ট্যের প্রতি দৃষ্টি রেখে بَاء অক্ষরটিতেও كَسْرَةْ প্রদান করা হয়েছে।

কারো কারো মতে, بِسْمِ اللّٰهِ-এর بَاءْ অক্ষরটি حَرْفْ جَارّْ যা বিভিন্ন অর্থের জন্য প্রয়োগ হয়ে থাকে। তন্মধ্যে এখানে بَاءْ অক্ষরটি اِسْتِعَانَتْ তথা সাহায্য চাওয়ার জন্য ব্যবহৃত হয়েছে।

قَوْلُهٗ اِسْمْ-এর আলোচনা : ইমাম কুরতুবী (র.) বলেন, اِسْمْ শব্দের প্রথমে আগত اَ অক্ষটি هَمْزَةْ لِلْوَصْلِ যা প্রথমে সাকিনযুক্ত শব্দের প্রথম গঠনের সুবিধার জন্য নেওয়া হয়।

www.islamijindegi.com

লিসানুল আরব গ্রন্থে اِسْم শব্দটির পাঁচটি কেরাত উল্লেখ হয়েছে। যথা– اسم ,اسم ,سم ,سم ,سمى তবে اِسْم শব্দটি কোন শব্দ হতে উদ্ভূত হয়েছে, সে ব্যাপারে দু'টি মত পাওয়া যায়।

১. বসরার ব্যাকরণবিদগণ বলেন, اِسْم শব্দটি سُمُوٌّ শব্দমূল হতে নিষ্পন্ন। এর অর্থ হচ্ছে اَلْعُلُوُّ وَالرِّفْعَةُ তথা উন্নত ও সুউচ্চ। এ মতানুযায়ী اِسْم-কে এ জন্য اِسْم বলা হয়, প্রত্যেক নামধারী স্বীয় নাম দ্বারা মর্যাদার উচ্চাসন লাভ করে। অথবা, এরূপও হতে পারে যে, كَلِمَةٌ-এর অন্যান্য প্রকারের মধ্যে اِسْم-এর স্থান সুউচ্চে এবং সর্বসম্মতিক্রমে اِسْم সকল প্রকার كَلِمَةٌ-এর মূল ও অপেক্ষাকৃত শক্তিশালী।

২. কূফার ব্যাকরণবিদগণ এ প্রসঙ্গে ভিন্নমত পোষণ করেন। তাঁদের মতে, اِسْم শব্দটি سِمَةٌ শব্দ হতে নিষ্পন্ন। এর অর্থ হচ্ছে– اَلْعَلَامَةُ বা চিহ্ন। اِسْم সংশ্লিষ্ট নামধারীর আলামত বা চিহ্নস্বরূপ। এ মতানুযায়ী اِسْم শব্দের প্রকৃত রূপ وِسْم ছিল। وَاوْ-কে উহ্য রেখে তদস্থলে একটি هَمْزَةُ الْوَصْلِ যুক্ত করে اِسْم করা হয়েছে। [কিন্তু বাস্তবতার কষ্টিপাথরে যাচাই করলে দেখা যায়, বসরী ব্যাকরণবিদদের মতামতই অধিক গ্রহণযোগ্য। এখানে اِسْم এমন শব্দ যা কোনো ذَاتْ বুঝানোর জন্য ব্যবহৃত হয়েছে। اِسْم শব্দটি একবচন, বহুবচনে اَسْمَاءٌ।]

قَوْلُهُ اللّٰه : اَللّٰهُ শব্দের আলোচনা : اَللّٰهُ শব্দটি মূলত কি ছিল এ নিয়ে মতভেদ রয়েছে। প্রখ্যাত নাহুবীদ সীবওয়াইহ বলেন, اَللّٰهُ শব্দটি মূলত لَاهٌ ছিল। এর প্রথমে আলিফ-লাম যোগ করে اَللّٰه শব্দ গঠন করা হয়েছে। ইমাম কিসায়ী ও ফাররা (র.) বলেন, اَللّٰهُ শব্দটি মূলত اَلْاِلٰهُ ছিল। মূল হামযাকে বিলুপ্ত করে اَللّٰه করা হয়েছে। اَلْاِلٰهُ শব্দটি جِنْس বা জাতিবাচক শব্দ। শব্দটি হক ও বাতিলের সকল প্রকার উপাস্যের ক্ষেত্রে ব্যবহৃত হয়, তবে اَللّٰه শব্দটি একটি স্মরণীয় ব্যতিক্রম শব্দ। অতএব اَلْاِلٰهُ শব্দোদ্ভূত হওয়ার পরও এর দ্বারা হক ও বাতিলের উপাস্যকে বুঝানো যায় না; বরং একমাত্র হক উপাস্যের ক্ষেত্রেই اَللّٰه শব্দটি ব্যবহৃত হয়। আর اَللّٰهُ হচ্ছেন– اَللّٰهُ عَلَمٌ لِذَاتِ الْوَاجِبِ الْوُجُوْدِ الْمُسْتَجْمِعُ لِجَمِيْعِ الصِّفَاتِ الْكَمَالِ الْمُنَزَّهُ عَنْ سِمَاتِ النَّقْصِ وَالزَّوَالِ

অর্থাৎ আল্লাহ হলেন যিনি চিরঞ্জীব ও চিরন্তন এবং যাবতীয় পূর্ণ বৈশিষ্ট্যের অধিকারী আর যিনি ত্রুটি-বিচ্যুতির চিহ্ন থেকে সম্পূর্ণ মুক্ত। اَللّٰه শব্দটি কুরআন মাজীদে ২৬৯৮ বার উল্লেখ করা হয়েছে।

قَوْلُهُ اَلرَّحْمٰنُ الرَّحِيْم-এর আলোচনা : رَحْمٰن শব্দটি فَعْلَانٌ-এর ওযনে এবং رَحِيْم শব্দটি فَعِيْلٌ-এর ওযনে اِسْمُ فَاعِلٍ-এর সীগাহ। শব্দ দু'টিই اَلرَّحْمَةُ মাসদার থেকে নিষ্পন্ন। اَلرَّحْمٰنُ শব্দটি আল্লাহর জন্য খাস বা নির্দিষ্ট, অন্য কারো জন্য শব্দটি ব্যবহার করা যায় না এবং এর লিঙ্গান্তরও হয় না। কিন্তু رَحِيْم শব্দটি আম। এ শব্দের লিঙ্গান্তর হয় رَحِيْمَةٌ (রাহীমা) অর্থ– رِقَّةُ الْقَلْبِ তথা অন্তরের কোমলতা; رَحْمًا ـ رَحْمَةً ـ مَرْحَمَةً অর্থাৎ দয়া করা, দান করা ইত্যাদি। আল-কুরআনে اَلرَّحْمٰنُ শব্দটি ৫৭ বার এবং رَحِيْم শব্দটি ১৪ বার উল্লেখ করা হয়েছে।

اَلْفَرْقُ بَيْنَ الرَّحْمٰنِ وَالرَّحِيْمِ : رَحْمٰنٌ ও رَحِيْم -এর মাঝে পার্থক্য :

১. আল্লামা জারুল্লাহ যামাখশারী (র.) বলেন, اَللّٰهُ নামের পর اَلرَّحْمٰنُ নামটিই সর্বাপেক্ষা অর্থপূর্ণ গুণবাচক নাম। কিন্তু اَلرَّحِيْمُ এতটা অর্থবহ ও গুরুত্বপূর্ণ নয়। অর্থাৎ اَلرَّحْمٰنُ হলো رَحْمٰنُ الدُّنْيَا وَالْاٰخِرَةِ আর اَلرَّحِيْمُ হলো رَحِيْمُ الدُّنْيَا।

২. রূহুল মা'আনী প্রণেতার মতে, اَلرَّحْمٰنُ শব্দটি কেবল আল্লাহর ক্ষেত্রে ব্যবহৃত হয়। আর اَلرَّحِيْمُ শব্দটি আল্লাহর নামের পাশাপাশি মুহাম্মদ ﷺ-এর জন্যও ব্যবহৃত হয়েছে।

৩. কেউ কেউ বলেন, اَلرَّحْمٰنُ শব্দটি عَامْ বা ব্যাপক অর্থবোধক শব্দ। এর মধ্যে আল্লাহ প্রদত্ত ছোট বড় সব রকমের ইহলৌকিক ও পরলৌকিক কল্যাণই অন্তর্ভুক্ত। কিন্তু اَلرَّحِيْمُ শব্দ হচ্ছে خَاصّ বা বিশেষ অর্থবোধক শব্দ। এর দ্বারা শুধুমাত্র মু'মিনদের জন্য অবধারিত পরকালীন নিয়ামতকে বুঝানো হয়।

৪. তাফসীরে ইবনে কাছীর গ্রন্থকার বলেন, اَلرَّحْمٰنُ শব্দটি আল্লাহ তা'আলার জন্য خَاصّ আর رَحِيْم শব্দটি عَامْ কেননা, رَحِيْم শব্দটি আল্লাহ তা'আলা এবং তাঁর বান্দা উভয়ের জন্য ব্যবহৃত হয়। যেমন, রাসূলুল্লাহ ﷺ সম্পর্কে আল্লাহর বাণী– حَرِيْصٌ عَلَيْكُمْ بِالْمُؤْمِنِيْنَ رَؤُوْفٌ رَحِيْمٌ.

৫. ইমাম বায়যাবী (র.) বলেন, اَلرَّحْمٰنُ বলতে আল্লাহর সে সকল অনুগ্রহ নির্দেশ করা হয়েছে, যা মুসলিম-অমুসলিম, পশু-পাখি, কীট-পতঙ্গ, উদ্ভিদ ও অন্যান্য সকল সৃষ্টির জন্য সমানভাবে প্রযোজ্য। কিন্তু اَلرَّحِيْم-এর অনুগ্রহ বা দয়া কেবলমাত্র মুমিনদের জন্য।

৬. اَلرَّحْمٰنُ শব্দে এমন দয়া নির্দেশ করে, যা প্রত্যাহারযোগ্য ও সীমিতাকারে প্রদেয়; কিন্তু اَلرَّحِيْمُ সীমাহীন ও অনন্তকালীন দয়া ও অনুগ্রহের প্রদায়ক।

৭. اَلرَّحْمٰنُ শব্দের কোনো লিঙ্গান্তর হয় না; কিন্তু اَلرَّحِيْمُ শব্দের লিঙ্গান্তর হয়। মোটকথা, رَحْمٰنٌ শব্দের মধ্যে رَحِيْم শব্দের তুলনায় অর্থের আধিক্য রয়েছে। কারণ, كَثْرَةُ الْحُرُوْفِ تَدُلُّ عَلٰى كَثْرَةِ الْمَعَانِيْ

বিসমিল্লাহ প্রারম্ভে আনার কারণ : গ্রন্থকার স্বীয় গ্রন্থের প্রারম্ভে বিসমিল্লাহ আনার কারণ হলো রাসূল ﷺ বলেছেন– كُلُّ اَمْرٍ ذِيْ بَالٍ لَمْ يُبْدَأْ فِيْهِ بِاسْمِ اللّٰهِ فَهُوَ اَبْتَرُ অর্থাৎ, যে কাজের শুরুতে বিসমিল্লাহ নেওয়া হয় না, সে কাজটি অসম্পূর্ণ ও অকল্যাণকর হয়। তাই তিনি কিতাবখানি বিসমিল্লাহ দিয়েই আরম্ভ করেছেন।

قَوْلُهُ اَلْحَمْدُ لِلّٰهِ -এর আলোচনা : اَلْحَمْدُ শব্দের اَلْ টি اِسْتِغْرَاقِيْ না جِنْسِيْ এ নিয়ে আলিমদের মাঝে মতানৈক্য রয়েছে। আহলে সুন্নাত ওয়াল জামাতের মতে, اَلْحَمْدُ শব্দের اَلِفْ لَامْ -টি اِسْتِغْرَاقِيْ কেননা, আল্লাহ তা'আলা বান্দার যাবতীয় কর্মের خَالِقْ; পক্ষান্তরে আল্লামা যামাখশারী (র.) ও মু'তাযিলাদের মতে, اَلِفْ لَامْ-টি হলো جِنْسِيْ কেননা তারা মনে করে বান্দা তার কর্মের خَالِقْ নিজেই। মোটকথা, اِسْتِغْرَاقِيْ অবস্থায় হামদের প্রত্যেকটি অংশ আল্লাহর জন্য সাব্যস্ত হবে আর جِنْسِيْ অবস্থায় হামদের প্রকৃত অবস্থা (مَاهِيَّتْ) আল্লাহর জন্য সাব্যস্ত হবে।

www.islamijindegi.com

تَعْرِيْفُ الْحَمْدِ : حَمْد-এর সংজ্ঞা :

১. আল্লামা যামাখশারী (র.)-এর মতে, حَمْد-এর অর্থ হলো- هُوَ الثَّنَاءُ وَالنِّدَاءُ عَلَى الْجَمِيْلِ مِنْ نِعْمَةٍ وَغَيْرِهَا অর্থাৎ কারো অর্জিত গুণাবলির প্রশংসা করা- চাই তাই উত্তম নিয়ামতের বিনিময়ে হোক বা নিয়ামত ছাড়াই হোক।

আল্লামা যামাখশারী (র.) আরো বলেন- اَلْحَمْدُ بِاللِّسَانِ وَحْدَهٗ অর্থাৎ হামদ এমন প্রশংসাকে বলে যা শুধুমাত্র মুখের ভাষার মাধ্যমেই উচ্চারিত হয়।

২. আল্লামা কাযী বায়যাবী (র.) বলেন- اَلْحَمْدُ هُوَ الثَّنَاءُ عَلَى الْجَمِيْلِ الْاِخْتِيَارِيْ مِنْ نِعْمَةٍ اَوْ غَيْرِهَا অর্থাৎ ভাষার মাধ্যমে কারো অর্জিত গুণাবলির প্রশংসা করা। চাই তা কোনো অনুগ্রহের বিনিময়ে হোক বা অনুগ্রহ ব্যতীত হোক।

৩. আল্লামা তাফতাযানী (র.)-এর মতে- هُوَ الثَّنَاءُ بِاللِّسَانِ عَلَى قَصْدِ التَّعْظِيْمِ وَمَوْرِدُ الْحَمْدِ لَا يَكُوْنُ اِلَّا بِاللِّسَانِ অর্থাৎ কাউকে সম্মানের উদ্দেশ্যে মুখ দিয়ে প্রশংসা করার নামই হচ্ছে হামদ। [এতে বুঝা গেল- যে প্রশংসা মুখে উচ্চারিত হয় না, তা হামদ নয়।]

اَلْفَرْقُ بَيْنَ الْحَمْدِ وَالْمَدْحِ : حَمْد ও مَدْح-এর মধ্যে পার্থক্য :

১. حَمْد জীবিতের সাথে খাস বা নির্দিষ্ট, আর مَدْح জীবিত এবং মৃত উভয়ের জন্য আম।

২. حَمْد আলিমের সাথে খাস, আর مَدْح আলিম ও জাহিল উভয়ের জন্য আম।

৩. حَمْد হয় صِفَاتٌ كَمَالِيَةٌ [সিফতে কামালিয়া]-এর উপর, আর مَدْح হয় صِفَاتٌ كَمَالِيَةٌ [সিফতে কামালিয়া] ও صِفَاتٌ مُسْتَحْسَنَةٌ [সিফতে মুসতাহসানা] উভয়ের উপর।

৪. حَمْد ভালোবাসার সাথে হয়, আর مَدْح ভালোবাসা ছাড়াও হতে পারে।

৫. حَمْد ইয়াকীনের সাথে খাস, আর مَدْح ইয়াকীন এবং ধারণা উভয়ের জন্য আম।

اَلْفَرْقُ بَيْنَ الْحَمْدِ وَالشُّكْرِ : حَمْد ও شُكْر-এর মধ্যে পার্থক্য :

১. নিয়ামত পেয়ে বা না পেয়ে মুখ দিয়ে যে প্রশংসা করা হয়, তাকে حَمْد বলে। আর নিয়ামতের পরিবর্তে মুখ বা অন্য কোনো অঙ্গ-প্রত্যঙ্গ দিয়ে যে প্রশংসা করা হয়, তাকে شُكْر বলে।

২. حَمْد-এর বিপরীত লাউম বা তিরস্কার ও ভর্ৎসনা আসে, আর شُكْر-এর বিপরীত কুফর আসে। যেমন আল্লাহর বাণী-

فَاذْكُرُوْنِيْ اَذْكُرْكُمْ وَاشْكُرُوْا لِيْ وَلَا تَكْفُرُوْنِ

৩. شُكْر ছেড়ে দেওয়ার ব্যাপারে ধমক আছে কিন্তু حَمْد ছেড়ে দেওয়ার ব্যাপারে ধমক নেই। যেমন আল্লাহর বাণী-

لَئِنْ شَكَرْتُمْ لَاَزِيْدَنَّكُمْ وَلَئِنْ كَفَرْتُمْ اِنَّ عَذَابِيْ لَشَدِيْدٌ .

৪. আবুল আব্বাস এবং মুবাররাদ (র.)-এর মতে, حَمْد ও شُكْر-এর মধ্যে কোনো পার্থক্য নেই, উভয়টি একই অর্থবোধক।

قَوْلُهٗ اَبْدَعَ : اَبْدَعَ-এর বিশ্লেষণ : اَبْدَعَ শব্দটি اَلْاِبْدَاعُ মাসদার হতে বাবে اِفْعَالٌ-এর ওজনে ব্যবহৃত। সীগাহ وَاحِدْ مُذَكَّرْ غَائِبْ বহছ اِثْبَاتُ فِعْلِ مَاضِيْ مَعْرُوْف অর্থ- তিনি দৃষ্টান্তহীনভাবে সৃষ্টি করেছেন।

পরিভাষায় اَبْدَعَ হলো- اِخْرَاجُ الشَّيْءِ مِنَ الْعَدَمِ اِلَى الْوُجُوْدِ بِغَيْرِ مَادَّةٍ সুতরাং প্রতীয়মান হয় যে, আল্লাহ তা'আলার জন্য দৃষ্টান্তের কোনো প্রয়োজন নেই। আল্লাহর বাণী- وَلَئِنْ سَاَلْتَهُمْ مَنْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ لَيَقُوْلُنَّ اللّٰهُ

اَلْاَرَضِيْن এবং اَلْاَفْلَاك শব্দদয়কে جَمْع বা বহুবচন নেওয়ার কারণ : আল্লাহ তা'আলা পবিত্র কুরআনের সূরা তালাকে ইরশাদ করেছেন- اَللّٰهُ الَّذِيْ خَلَقَ سَبْعَ سَمٰوٰتٍ وَمِنَ الْاَرْضِ مِثْلَهُنَّ অর্থাৎ 'আল্লাহ তা'আলা সপ্তাকাশ ও অনুরূপ সাত জমিনকে সৃষ্টি করেছেন।' উক্ত আয়াতে কারীমায় সাতটি আসমান ও সাতটি জমিনের কথা বলা হয়েছে। আর গ্রন্থকার আল্লামা ফযলে ইমাম খায়রাবাদী (র.) আকাশ ও জমিন সাতটি হওয়ার দিকে ইঙ্গিত করার জন্যই এখানে اَلْاَرَضِيْن এবং اَفْلَاك শব্দ দয়কে جَمْع বা বহুবচনের শব্দ দিয়ে উল্লেখ করেছেন।

অবশ্য কেউ কেউ এখানে একটি সুন্দর উপমা দিয়েছেন এভাবে যে, اَلْاَفْلَاك ও اَلْاَرَضِيْن-এর মাঝে ৭টি অক্ষর বিদ্যমান। আর আকাশ ও পৃথিবীর সংখ্যাও সাতটি। এ কারণেই গ্রন্থকার এখানে উক্ত শব্দ দু'টি বহুবচনরূপে নিয়ে এসেছেন। যাতে করে পাঠক বুঝতে পরে যে, আকাশ ও পৃথিবীর সংখ্যাও অনুরূপ সাতটি।

اَلصَّلٰوةُ-এর আভিধানিক অর্থ : صَلٰوة শব্দটি فَعَالٌ-এর ওজনে বাবে تَفْعِيْلٌ-এর মাসদার। صَلِّيْ মাদ্দাহ থেকে নির্গত। আভিধানিক দৃষ্টিকোণ থেকে এর অর্থ-বাঁকাকাষ্ঠ আগুনে পুড়িয়ে সোজা করা। তা صَلَّيْتُ الْعُوْدَ عَلَى النَّارِ হতে নেওয়া হয়েছে। صَلٰوة শব্দের নেসবতের বিভিন্নতার কারণে তার অর্থেরও বিভিন্ন রূপ হয়। যেমন- صَلٰوة-এর নেসবত আল্লাহ তা'আলার দিকে হলে তার অর্থ হবে 'অনুগ্রহ'। ফেরেশতাদের দিকে হলে এর অর্থ হবে 'ক্ষমা প্রার্থনা করা'। আর মানুষের সাথে সম্বন্ধ হলে এর অর্থ হবে প্রার্থনা করা। আর অন্যান্য প্রাণীর দিকে صَلٰوة-এর নেসবত হলে অর্থ হবে গুণকীর্তন করা। কুরআন মাজীদের নিম্নোক্ত আয়াতে صَلٰوة শব্দটি প্রথমোক্ত তিনটি অর্থেই ব্যবহৃত হয়েছে। আল্লাহর তা'আলার বাণী-

اِنَّ اللّٰهَ وَمَلٰئِكَتَهٗ يُصَلُّوْنَ عَلَى النَّبِيِّ . يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا صَلُّوْا عَلَيْهِ وَسَلِّمُوْا تَسْلِيْمًا .

www.islamijindegi.com

اَلصَّلٰوةُ-এর পারিভাষিক সংজ্ঞা : ইসলামি শরিয়তের পরিভাষায়, শরিয়ত নির্ধারিত পদ্ধতিতে কিয়াম, রুকু ও সিজদার মাধ্যমে আল্লাহর গুণকীর্তন করাকে صَلٰوةٌ বলা হয়।

আল-মু'জামুল ওয়াসীত অভিধান প্রণেতার মতে- اَلْعِبَادَةُ الْمَخْصُوْصَةُ الْمُبَيَّنَةُ حُدُوْدُ اَوْقَاتِهَا فِى الشَّرِيْعَةِ আল্লাহ তা'আলার বাণী- অর্থাৎ সালাত এমন একটি বিশেষ ইবাদতের নাম, যার সময়সীমা শরিয়ত কর্তৃক নির্ধারিত।

قَوْلُهٗ نَبِيًّا - نَبِيٌّ-এর আভিধানিক অর্থ : نَبِيٌّ শব্দটি نَبَأٌ শব্দমূল থেকে নির্গত। এটা একবচন, বহুবচনে اَنْبِيَاءُ -এর আভিধানিক অর্থ সম্পর্কে অভিধানবেত্তাদের বিভিন্ন অভিমত পাওয়া যায়। যেমন-

১. কারো মতে, এটা نَبَاءٌ শব্দ হতে নির্গত। এর অর্থ-সংবাদ বাহক।

২. কারো মতে, এর মূল হচ্ছে نَبْوٌ অর্থ-উচ্চ মর্যাদাবান ও উন্নত মান-সম্মান সম্পন্ন।

৩. আযহারীর মতে, এটা نَبِيْئٌ হতে নির্গত। এর অর্থ-পন্থা ও রাস্তা প্রদর্শক।

نَبِيٌّ -এর পারিভাষিক সংজ্ঞা : ইসলামি পরিভাষায় বলা হয়-

مَنْ يَصْطَفِيْهِ اللّٰهُ مِنَ النَّاسِ لِهِدَايَةِ الْبَشَرِ وَلٰكِنْ مَا اُنْزِلَ عَلَيْهِ الْكِتَابُ অর্থাৎ 'নবী হলো মানবজাতিকে হেদায়াত করার জন্য মহান আল্লাহ মানুষের মধ্য হতে যাঁকে মনোনীত করেছেন, কিন্তু তাঁর উপর কিতাব অবতীর্ণ করা হয়নি।' এখানে নবী দ্বারা আখেরী নবী হযরত মুহাম্মদ ﷺ-কে বুঝানো হয়েছে। কারণ, তাঁকেই আদম (আ.) সৃষ্টির বহু আগেই আল্লাহ তা'আলা সৃষ্টি করেছেন। তিনি মূলত রাসূলও বটে। উল্লেখ্য, প্রত্যেক রাসূলই নবীর মর্যাদায় ভূষিত, কিন্তু প্রত্যেক নবী রাসূল হিসেবে স্বীকৃত নন।

قَوْلُهٗ وَاٰدَمُ بَيْنَ الْمَاءِ وَالطِّيْنِ-এর আলোচনা : আলোচ্য ইবারত দ্বারা বুঝা যায়, হযরত আদম (আ.) পানি ও মাটির মধ্যে ছিলেন। এ কথার মর্মার্থ হচ্ছে, আদম (আ.)-এর জন্ম না হওয়ার পূর্ববর্তী সময়। অর্থাৎ হযরত আদম (আ.)-এর জন্মের পূর্বেও হযরত মুহাম্মদ ﷺ নবী ছিলেন। যেমন, মহানবী হযরত মুহাম্মদ ﷺ ইরশাদ করেছেন- كُنْتُ نَبِيًّا وَّاٰدَمُ بَيْنَ الْمَاءِ وَالطِّيْنِ

قَوْلُهٗ وَعَلٰى اٰلِهٖ-এর আলোচনা : اٰلٌ শব্দটি মূলত اَهْلٌ ছিল। কেননা, এর تَصْغِيْر আসে اُهَيْلٌ আর تَصْغِيْر দ্বারা মূল হরফের পরিচয় পাওয়া যায়। অতঃপর هَا-কে خِلَافُ قِيَاسٍ (খিলাফে কিয়াস) আলিফ দ্বারা পরিবর্তন করা হয়েছে।

اٰلٌ ও اَهْلٌ-এর মধ্যে পার্থক্য : اَهْلٌ ও اٰلٌ-এর পার্থক্য নিম্নরূপ-

১. اٰلٌ শব্দটি خَاصٌ যা শুধুমাত্র সম্ভ্রান্ত বংশের ক্ষেত্রে ব্যবহৃত হয়। চাই দুনিয়ার দিক দিয়ে হোক কিংবা আখিরাতের দিক দিয়ে হোক। আর اَهْلٌ শব্দটি عَامٌ সম্মানী ও অসম্মানী সকল বংশের ক্ষেত্রে ব্যবহৃত হয়।

২. اٰلٌ শব্দের সম্বোধন ذوى العقول-এর দিকে হয়। আর اَهْلٌ শব্দের সম্বোধন ذَوِى الْعُقُوْلِ ও غَيْرُ ذَوِى الْعُقُوْلِ সবার দিকে হয়।

৩. اٰلٌ শব্দটি পুরুষের দিকে, আর اَهْلٌ শব্দটি পুরুষ-মহিলা উভয়ের দিকে হয়।

৪. اٰلٌ-এর اِضَافَتْ ইসমে ظَاهِرٌ-এর দিকে। আর اَهْلٌ-এর اِضَافَتْ ইসমে ظَاهِرٌ ও ইসমে ضَمِيْر উভয়ের দিকে হয়।

قَوْلُهٗ اَصْحَابُ -এর আলোচনা : এখানে اَصْحَابٌ শব্দটি صَحْبٌ-এর বহুবচন এবং صَحْبٌ শব্দটি صَاحِبٌ-এর বহুবচন। মাদ্দাহ (ص - ح - ب) আর صَحَابِىٌّ সেই ব্যক্তি, যিনি ঈমান অবস্থায় মহানবী হযরত মুহাম্মদ ﷺ-কে স্বচক্ষে দেখেছেন এবং ঈমান অবস্থায় মৃত্যুবরণ করেছেন। আল্লামা সাইয়েদ মুফতি আমীমুল ইহসান (র.)-এর ভাষায়-

اَلصَّحَابِىُّ هُوَ مَنْ لَقِىَ النَّبِىَّ ﷺ مُؤْمِنًا بِهٖ وَمَاتَ عَلَى الْاِيْمَانِ .

قَوْلُهٗ بَعْدُ-এর আলোচনা : بَعْدَ শব্দটি ظُرُوْفُ زَمَانِيَّةٌ-এর অন্তর্ভুক্ত। এর مُضَافٌ اِلَيْهِ নিয়তে উহ্য থাকে। সুতরাং এটা পেশের উপর مَبْنِى হয়েছে, মূল ইবারত হলো- بَعْدَ الْحَمْدِ وَالصَّلٰوةِ আরব ঐতিহাসিকদের মতে, সর্বপ্রথম কুস ইবনে সায়েদা পণ্ডিত তাঁর বক্তব্যে اَمَّا بَعْدُ শব্দের ব্যবহার করেন।

قَوْلُهٗ فَهٰذِهٖ-এর আলোচনা : গ্রন্থকার এখানে هٰذِهٖ দ্বারা ইলমে মানতিকের কাল্পনিক মাসআলাগুলোর প্রতি ইঙ্গিত করেছেন, যেগুলো অত্র কিতাবে আলোচিত হবে। এতে فَاءٌ অক্ষরটি تَوَهُّمُ اَمَّا-এর ভিত্তিতে নেওয়া হয়েছে। تَوَهُّمُ اَمَّا-এর অর্থ হলো 'যদিও'। এখানে প্রকৃতপক্ষে اَمَّا শব্দটি উল্লেখ করা হয়নি, কিন্তু এরূপ স্থানে সাধারণত اِمَّا নেওয়া হয়ে থাকে। আর اِمَّا-এর জবাবে যেহেতু فَاءٌ নেওয়া হয়, সেহেতু এখানে فَاءٌ নেওয়া হয়েছে।

قَوْلُهٗ عِلْمُ الْمِيْزَانِ - এর আলোচনা : আলোচ্য আয়াত দ্বারা বুঝা যায়, عِلْمُ الْمِيْزَانِ দ্বারা عِلْمُ مَنْطِقٍ-কে বুঝানো হয়েছে। কেননা, عِلْمُ مَنْطِقٍ এটা عَقْلٌ-এর জন্য পাল্লাস্বরূপ, যা দ্বারা সহীহ বা শুদ্ধ ধ্যান-ধারণা, পরিমাপ ও ভ্রান্ত ধারণার ত্রুটি-বিচ্যুতি ইত্যাদি জানা যায়। আর পরিমাপ করার যন্ত্রকে আরবিতে مِيْزَانٌ বলা হয়। সুতরাং عِلْمُ مَنْطِقٍ জ্ঞান ও আকলের জন্য পাল্লা বা পরিমাপ যন্ত্র বিশেষ বিধায় এটাকে عِلْمُ الْمِيْزَانِ বলা হয়েছে। শব্দটির ব্যবহার পবিত্র কুরআনেও লক্ষ্য করা যায়। যেমন আল্লাহ তা'আলার বাণী-

١. وَاَقِيْمُوا الْوَزْنَ بِالْقِسْطِ وَلَا تُخْسِرُوا الْمِيْزَانَ .

٢. وَاَوْفُوا الْكَيْلَ وَالْمِيْزَانَ بِالْقِسْطِ .

٣. وَالسَّمَاءَ رَفَعَهَا وَ وَضَعَ الْمِيْزَانَ .

ضَبْطِهَا ও حِفْظِهَا বাক্যে هَا যমীরের مَرْجِعٌ : আলোচ্য শব্দদ্বয় তথা حِفْظِهَا ও ضَبْطِهَا-এর মধ্যকার ، যমীর দু'টিই এর পূর্বের فُصُوْلٌ-এর দিকে প্রত্যাবর্তিত হয়েছে। এর অর্থ- এ পরিচ্ছেদগুলো মুখস্থ করা এবং সংরক্ষণ করা অত্যাবশ্যক।

www.islamijindegi.com

مُقَدِّمَةٌ
ভূমিকা

اِعْلَمْ اَنَّ الْعِلْمَ يُطْلَقُ عَلٰى مَعَانٍ اَوَّلُهَا حُصُوْلُ صُوْرَةِ الشَّيْءِ فِى الْعَقْلِ ثَانِيْهَا الصُّوْرَةُ الْحَاصِلَةُ مِنَ الشَّيْءِ عِنْدَ الْعَقْلِ ثَالِثُهَا اَلْحَاضِرُ عِنْدَ الْمُدْرِكِ رَابِعُهَا قَبُوْلُ النَّفْسِ لِتِلْكَ الصُّوْرَةِ خَامِسُهَا اَلْاِضَافَةُ الْحَاصِلَةُ بَيْنَ الْعَالِمِ وَالْمَعْلُوْمِ ـ وَيَنْقَسِمُ عَلٰى قِسْمَيْنِ اَحَدُهُمَا يُقَالُ لَهُ التَّصَوُّرُ وَثَانِيْهِمَا يُعَبَّرُ عَنْهُ بِالتَّصْدِيْقِ اَمَّا التَّصَوُّرُ فَهُوَ عِنْدَ الْمُتَكَلِّمِيْنَ اَلْاِدْرَاكُ الْخَالِىْ عَنِ الْحُكْمِ وَالْمُرَادُ بِالْحُكْمِ نِسْبَةُ اَمْرٍ اِلٰى اَمْرٍ اٰخَرَ اِيْجَابًا اَوْ سَلْبًا وَاِنْ شِئْتَ قُلْتَ اِيْقَاعًا اَوْ اِنْتِزَاعًا وَقَدْ يُفَسَّرُ الْحُكْمُ بِوُقُوْعِ النِّسْبَةِ اَوْ لَاوُقُوْعِهَا كَمَا اِذَا تَصَوَّرْتَ "زَيْدًا" وَحْدَهُ اَوْ "قَائِمًا" وَحْدَهُ مِنْ دُوْنِ اَنْ تُثْبِتَ الْقِيَامَ لِزَيْدٍ اَوْ تَسْلُبَهُ عَنْهُ ـ

সরল অনুবাদ : জেনে রাখো যে, عِلْمٌ শব্দটি বিভিন্ন অর্থে প্রয়োগ হয়। তন্মধ্যে প্রথমটি হলো– কোনো জিনিসের আকৃতি অন্তরে অর্জিত হওয়া। দ্বিতীয়টি হলো– ঐ আকৃতি যা কোনো জিনিস হতে অন্তরে অর্জিত হয়। তৃতীয়টি হলো– বোধসম্পন্ন ব্যক্তির নিকট উপস্থিত বিষয়। চতুর্থটি হলো– ঐ (ধারণকৃত) আকৃতিটিকে অন্তর কর্তৃক গ্রহণ করা। পঞ্চমটি হলো– ঐ সম্পর্ক যা عَالِمٌ (জ্ঞানী) ও مَعْلُوْمٌ (জ্ঞাত) বিষয়ের মধ্যে বিদ্যমান।

আর তা (عِلْمُ حُصُوْلِىْ حَادِثٌ) আবার দু' ভাগে বিভক্ত। তন্মধ্যে একটিকে বলা হয় تَصَوُّرٌ এবং দ্বিতীয়টিকে বলা হয় تَصْدِيْقٌ। সুতরাং تَصَوُّرٌ হলো এমন ইলম যা হুকুমশূন্য, আর হুকুম বলতে এক বস্তুর সাথে অপর বস্তুর ইতিবাচক বা নেতিবাচক সম্পর্ককে বুঝানো হয়েছে। এটাকে এভাবেও বলা যেতে পারে যে, একটি বিষয়ের সাথে অপর একটি বিষয়ের সম্পর্ক স্থাপন (اِيْقَاعٌ) করা বা দূরীভূত (اِنْتِزَاعٌ) করা। কখনো حُكْمٌ-এর ব্যাখ্যা 'সম্পর্ক স্থাপন' বা 'সম্পর্ক না হওয়া'র দ্বারাও করা হয়। যথা– তুমি যায়েদের দণ্ডায়মান হওয়া বা না হওয়ার গুণ সাব্যস্ত ব্যতীত শুধু যায়েদ বা শুধু দণ্ডায়মান হওয়ার কল্পনা করলে।

শাব্দিক অনুবাদ : مُقَدِّمَةٌ ভূমিকা اِعْلَمْ জেনে রাখো اَنَّ الْعِلْمَ যে, عِلْم শব্দটি يُطْلَقُ عَلٰى مَعَانٍ বিভিন্ন অর্থের ক্ষেত্রে প্রয়োগ হয় اَوَّلُهَا حُصُوْلُ তন্মধ্যে প্রথমটি হলো– অর্জিত হওয়া صُوْرَةِ الشَّيْءِ কোনো জিনিসের আকৃতি فِى الْعَقْلِ অন্তরে ثَانِيْهَا الصُّوْرَةُ দ্বিতীয়টি হলো– ঐ আকৃতি الْحَاصِلَةُ مِنَ الشَّيْءِ যা কোনো জিনিস হতে অর্জিত হয় عِنْدَ الْعَقْلِ অন্তরে ثَالِثُهَا الْحَاضِرُ তৃতীয়টি হলো– উপস্থিত বিষয় عِنْدَ الْمُدْرِكِ বোধসম্পন্ন ব্যক্তির নিকট رَابِعُهَا قَبُوْلُ النَّفْسِ চতুর্থ হলো– অন্তর কর্তৃক গ্রহণ করা لِتِلْكَ الصُّوْرَةِ ঐ (ধারণকৃত) আকৃতিকে خَامِسُهَا الْاِضَافَةُ الْحَاصِلَةُ পঞ্চমটি হলো– ঐ সম্পর্ক بَيْنَ الْعَالِمِ وَالْمَعْلُوْمِ যা عَالِمٌ (জ্ঞানী) ও مَعْلُوْمٌ (জ্ঞাত) বিষয়ের মধ্যে বিদ্যমান وَيَنْقَسِمُ আর তা আবার বিভক্ত عَلٰى قِسْمَيْنِ দু'ভাগে اَحَدُهُمَا তন্মধ্যে একটিকে يُقَالُ لَهُ التَّصَوُّرُ বলা হয় وَثَانِيْهِمَا এবং দ্বিতীয়টিকে يُعَبَّرُ عَنْهُ بِالتَّصْدِيْقِ বলা হয় ـ تَصَوُّرٌ ـ تَصْدِيْقٌ اَمَّا التَّصَوُّرُ সুতরাং تَصَوُّرٌ হলো فَهُوَ الْاِدْرَاكُ الْخَالِىْ عَنِ الْحُكْمِ এমন ইলম যা শূন্য عن الحكم হতে হুকুম وَالْمُرَادُ بِالْحُكْمِ আর হুকুম বলতে বুঝানো হয়েছে

www.islamijindegi.com

وَاِنْ شِئْتَ قُلْتَ নিজেকে نِسْبَةُ اَمْرٍ اِلٰى اَمْرٍ اٰخَرَ এক বস্তুর সাথে অপর বস্তুর সম্পর্ককে اِيْجَابًا اَوْ سَلْبًا ইতিবাচক বা নেতিবাচক এভাবেও বলা যেতে পারে যে, اِيْقَاعًا اَوْ اِنْتِزَاعًا একটি বিষয়ের সাথে অপর একটি বিষয়ের সম্পর্ক স্থাপন (اِيْقَاع) করা বা দূরীভূত (اِنْتِزَاع) করা وَقَدْ يُفَسَّرُ الْحُكْمُ কখনো حُكْم-এর ব্যাখ্যা করা হয় بِوُقُوْعِ النِّسْبَةِ اَوْ لَا وُقُوْعِهَا 'সম্পর্ক স্থাপন' বা 'সম্পর্ক না হওয়া'র দ্বারাও مِنْ دُوْنِ كَمَا اِذَا تَصَوَّرْتَ যথা-তুমি কল্পনা করলে "زَيْدًا" وَحْدَهُ শুধু যায়েদের وَحْدَهُ "قَائِمًا" اَوْ বা শুধু দণ্ডায়মান হওয়ার ব্যতীত اَنْ تَثْبُتَ الْقِيَامَ لِزَيْدٍ যায়েদের দণ্ডায়মান সাব্যস্ত হওয়ার اَوْ سَلْبُهُ عَنْهُ বা না হওয়ার।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ مُقَدَّمَةٌ -এর আলোচনা : প্রকাশ থাকে যে, مُقَدَّمَةٌ শব্দটি اِسْمُ مَفْعُوْل-এর সীগাহ, বাবে تَفْعِيْل থেকে ব্যবহৃত। অর্থ- ভূমিকা, পূর্বাভাষা, যা মূল আলোচ্য বিষয়ের পূর্বে উল্লেখ করা হয়। যাতে মূল বিষয়ের দিকে ইঙ্গিত করা হয় এবং যা দ্বারা মূল বিষয়ের সাথে যোগসূত্র স্থাপিত হয়। এখানে مُقَدَّمَةٌ শব্দটি هٰذِهٖ উহ্য মুবতাদার খবর। এটি مُقَدَّمَةُ الْجَيْشِ হতে নেওয়া হয়েছে। অর্থাৎ সৈন্যদের ঐ দল যারা সৈন্যদের পূর্বে যুদ্ধের মাঠে পৌছে পানি ইত্যাদির ব্যবস্থা করে। অতঃপর مُقَدَّمَةٌ দু' প্রকার। ১. مُقَدَّمَةُ الْعِلْمِ ২. مُقَدَّمَةُ الْكِتَابِ সুতরাং عِلْم . غَرَض . عِلْم . تَعْرِيْف عِلْم এবং مَوْضُوْع عِلْم -কে مُقَدَّمَةُ الْعِلْمِ বলে। আর যে বিষয় মূল বিষয়ের বুঝার সহায়ক হয়, তাকে مُقَدَّمَةُ الْكِتَابِ বলা হয়। যেমন- ভূমিকায় বর্ণিত পরিভাষা ইত্যাদি যা মূল বিষয়ের পূর্বে হয়ে থাকে।

قَوْلُهُ عِلْمٌ-এর আলোচনা :

আভিধানিক অর্থ : اَلْعِلْمُ শব্দটি বাবে سَمِعَ-এর মাসদার। মাদ্দাহ (ع . ل . م) জিনসে صَحِيْح ইংরেজি প্রতিশব্দ Knowledge. এটা একবচন, বহুবচনে عُلُوْمٌ; আভিধানিক অর্থ নিম্নরূপ-

১. اِدْرَاكُ الشَّيْءِ بِحَقِيْقَتِهٖ তথা কোনো কিছুকে যথার্থরূপে পাওয়া বা সে সম্বন্ধে জানা।
২. اَلْمَعْرِفَةُ তথা জানা। যেমন আল্লাহর বাণী- لَا عِلْمَ لَنَا اِلَّا مَا عَلَّمْتَنَا
৩. اَلْفَهْمُ তথা উপলব্ধি করা।
৪. اَلتَّعَقُّلُ তথা হৃদয়ঙ্গম করা।
৫. اَلْيَقِيْنُ তথা দৃঢ়বিশ্বাস।

পারিভাষিক সংজ্ঞা :

১. মিরকাত প্রণেতা আল্লামা ফযলে ইমাম খায়রাবাদী (র.) বলেন- اَلْعِلْمُ هُوَ حُصُوْلُ صُوْرَةِ الشَّيْءِ فِى الْعَقْلِ
অর্থাৎ عِلْم হলো কোনো বস্তুর আকার-আকৃতি স্মৃতিপটে অঙ্কিত হওয়া।
২. শরহে তাহযীব গ্রন্থকার বলেন- اَلْعِلْمُ هُوَ الصُّوْرَةُ الْحَاصِلَةُ مِنَ الشَّيْءِ عِنْدَ الْعَقْلِ
অর্থাৎ ইলম হলো স্মৃতিতে অঙ্কিত কোনো বিষয়ের প্রতিচ্ছবি।
৩. আল্লামা মাতুরীদী (র.) বলেন- اَلْعِلْمُ هُوَ صِفَةٌ بَسِيْطَةٌ ذَاتَ اِضَافَةٍ اِلَى الْمَعْلُوْمِ
অর্থাৎ عِلْم হচ্ছে এমন একটি সুপ্রশস্ত গুণ, যা জ্ঞাত বিষয়ের সাথে সম্বন্ধযুক্ত।
৪. মিরকাত প্রণেতা عِلْم-এর পাঁচটি সংজ্ঞা প্রদান করেছেন। যথা- ক. حُصُوْلُ صُوْرَةِ الشَّيْءِ فِى الْعَقْلِ তথা কোনো বস্তুর আকৃতি স্মৃতিপটে অর্জিত হওয়া। খ. اَلصُّوْرَةُ الْحَاصِلَةُ مِنَ الشَّيْءِ عِنْدَ الْعَقْلِ তথা স্মৃতিতে অঙ্কিত কোনো কিছুর প্রতিচ্ছবি। গ. اَلْحَاضِرُ عِنْدَ الْمُدْرِكِ তথা বোধশক্তিসম্পন্ন ব্যক্তির নিকট উপস্থিত বিষয়। ঘ. قَبُوْلُ النَّفْسِ لِتِلْكَ الصُّوْرَةِ তথা ঐ ধারণকৃত আকৃতিটি স্মৃতি কর্তৃক গ্রহণ করা। ঙ. اَلْاِضَافَةُ الْحَاصِلَةُ بَيْنَ الْعَالِمِ وَالْمَعْلُوْمِ তথা জ্ঞানী ও জ্ঞাত বিষয়ের মধ্যকার অর্জিত সম্পর্কটি হলো ইলম।
৫. কারো কারো মতে- اَلْعِلْمُ هُوَ نُوْرٌ يَهْتَدِىْ بِهِ النَّاسُ مِنَ الْجَهَالَةِ অর্থাৎ عِلْمٌ হচ্ছে এমন একটি আলো যা দ্বারা মানুষ অজ্ঞতার অন্ধকার হতে সঠিক পথের সন্ধান পায়।
৬. ইমাম ফখরুদ্দীন রাযী (র.) বলেন- اَلْعِلْمُ هُوَ مِنْ اَجْلَى الْبَدِيْهِيَّاتِ অর্থাৎ عِلْم হচ্ছে অত্যন্ত সুস্পষ্ট বস্তু, যাতে ব্যাখ্যার কোনো অবকাশ নেই।

اَقْسَامُ الْعِلْمِ : اَلْعِلْمُ-এর প্রকারভেদ :

ইলম প্রথমত দু'প্রকার : ১. عِلْمٌ حُضُوْرِىٌّ ২. عِلْمٌ حُصُوْلِى এ উভয়টি আবার দু'ভাগে বিভক্ত ১. قَدِيْمٌ ২. حَادِثٌ
এখন সর্বমোট عِلْم চারভাগে বিভক্ত : ১. حُضُوْرِىٌّ حَادِثٌ ২. حُضُوْرِىٌّ قَدِيْمٌ ৩. حُصُوْلِىٌّ حَادِثٌ ৪. حُصُوْلِىٌّ قَدِيْمٌ অতঃপর عِلْم-এর সম্মুখে যদি مَعْلُوْم-এর সত্তা বিদ্যমান হয় তখন এটি عِلْمٌ حُضُوْرِىٌّ হবে। আর যদি শুধু مَعْلُوْم -এর গঠন ও আকৃতি

www.islamijindegi.com

বিদ্যমান হয়, তাহলে عِلْمٌ حُصُوْلِيْ হবে। আর এখানে ইলম বলতে عِلْمٌ حُصُوْلِيْ حَادِثٌ-ই উদ্দেশ্য হবে; বাকিগুলো নয়। কেননা, এ চার প্রকার ইলমের মধ্যে শুধুমাত্র عِلْم حُصُوْلِيْ حَادِثٌ -بَدِيْهِيْ-এর দিকে বিভক্ত হয় এবং জ্ঞাতব্য বিষয় হলো, حُكَمَاءْ এবং مُتَكَلِّمِيْن-এর নিকট مَفْهُوْم عِلْم টা نَظَرِيْ ও بَدِيْهِيْ হওয়ার ক্ষেত্রে মতপার্থক্য রয়েছে। কারো মতে, عِلْم টি হলো اَجَلّ اَلْبَدِيْهِيَّاتْ তথা স্পষ্ট بَدِيْهِيَّاتْ-এর অন্তর্ভুক্ত হওয়ার দরুন এর সংজ্ঞা বর্ণনা করার কোনো আবশ্যকতা নেই। আবার কারো কারো মতে, এটা نَظَرِيَّاتْ-এর অন্তর্ভুক্ত। এরপর আবার তাঁদের মধ্যে কয়েক শ্রেণী হয়ে গেছে। এক শ্রেণীর অভিমত হলো, مَفْهُوْم عِلْم টি হলো نَظَرِيْ তবে مُمْكِنُ الْحُصُوْلِ বা অর্জন করা সম্ভব। আর এক শ্রেণীর মন্তব্য হলো এটি نَظَرِيْ তবে مُمْتَنِعُ الْحُصُوْلِ বা অর্জন করা অসম্ভব।

উপরিউক্ত আলোচনার দ্বারা বুঝা গেল যে, মানতিকশাস্ত্রে ইলম বলতে عِلْمٌ حُصُوْلِيْ حَادِثٌ -কেই বুঝানো হয়। কাজেই حُصُوْلِيْ حَادِثٌ অর্থে عِلْم টা দু'ভাগে বিভক্ত : ১. تَصَوُّرْ (কল্পনাগত জ্ঞান), ২. تَصْدِيْق (প্রতিপন্ন জ্ঞান)।

قَوْلُهُ وَيَنْقَسِمُ الخ-এর আলোচনা : عِلْم-এর প্রকারভেদ : মানতিক গ্রন্থকার عِلْمٌ حُصُوْلِيْ الْحَادِثُ-এর প্রকারভেদ সম্পর্কে আলোচনা করতে গিয়ে বলেন, عِلْمٌ প্রথমত দু' প্রকার। যথা- ১. تصور ২. تَصْدِيْق উক্ত দু' প্রকার عِلْم-এর পরিচয় নিম্নে উপস্থাপন করা হলো।

مَعْنَى التَّصَوُّرِ لُغَةً : [تَصَوُّرْ-এর আভিধানিক অর্থ] : تَصَوُّرْ শব্দটি বাবে تَفَعُّلْ-এর মাসদার। মূলবর্ণ (ص . و . ر) জিনসে اجوف واوى অর্থ- ১. اَلتَّوَهُّمْ বা ধারণা করা, ২. اَلشَّكْل বা আকৃতি, আকার, ৩. اَلتَّصْوِيْرْ বা ছবি আঁকা। যেমন আল্লাহর বাণী- ثُمَّ صَوَّرْنَاكُمْ فَاَحْسَنَ صُوَرَكُمْ .৪ اِسْتِحْضَارُ صُوْرَةٍ فِى الذِّهْنِ বা স্মৃতিপটে কোনো কিছুর আকৃতি উপস্থিত হওয়া।

مَعْنَى التَّصَوُّرِ اِصْطِلَاحًا [تَصَوُّرْ-এর পারিভাষিক সংজ্ঞা] :

১. মিরকাত গ্রন্থকার আল্লামা ফযলে ইমাম খায়রাবাদী (র.) বলেন- هُوَ الْاِدْرَاكُ الْخَالِىْ عَنِ الْحُكْمِ অর্থাৎ تَصَوُّرْ হলো সে উপলব্ধি যা হুকুম হতে মুক্ত, যার মধ্যে কোনো প্রকার হুকুম থাকে না।

২. মুজামুল ওয়াসীত গ্রন্থকার বলেন- هُوَ اِدْرَاكُ الْمُفْرَدِ مِنْ غَيْرِ اَنْ يَحْكُمَ عَلَيْهَا بِنَفْىٍ اَوْ اِثْبَاتٍ অর্থাৎ تَصَوُّرْ হ্যাঁ-বাচক বা না-বাচকের হুকুম না দিয়ে مُفْرَد-এর অনুধাবন করা।

৩. ইলমুল নাফস গ্রন্থে বলা হয়েছে- اِسْتِحْضَارُ صُوْرَةِ الشَّىْءِ مَحْسُوْسًا فِى الْعَقْلِ دُوْنَ التَّصَرُّفِ فِيْهِ অর্থাৎ কোনো অনুভূতিযোগ্য বস্তু কোনোরূপ পরিবর্তন ছাড়া বিবেকে উপস্থিত করা।

مَعْنَى التَّصْدِيْقِ لُغَةً : [تَصْدِيْق-এর আভিধানিক অর্থ] : تَصْدِيْق শব্দটি বাবে تَفْعِيْل-এর মাসদার, মূলবর্ণ (ص . د . ق) জিনসে صَحِيْح অর্থ হলো- ১. ضِدُّ التَّكْذِيْبِ বা মিথ্যার বিপরীত মনে করা, ২. حَقَّقَهُ বা সঠিক ভাবা, ৩. আস্থা স্থাপন করা, ৪. সত্যতা প্রমাণ করা, ৫. বিশ্বাস করা। যেমন, কুরআনের বিভিন্ন আয়াতে শব্দটির প্রয়োগ পরিলক্ষিত হয়-

١. وَلَقَدْ صَدَّقَ عَلَيْهِمْ اِبْلِيْسُ .
٢. فَلَا صَدَّقَ وَلَا صَلّٰى وَلٰكِنْ كَذَّبَ وَتَوَلّٰى .
٣. فَاَتِّ لَنَا الْكَيْلَ وَتَصَدَّقْ عَلَيْنَا اِنَّ اللّٰهَ يَجْزِى الْمُتَصَدِّقِيْنَ .
٤. وَالَّذِىْ اَوْحَيْنَآ اِلَيْكَ مِنَ الْكِتَابِ هُوَ الْحَقُّ مُصَدِّقًا لِمَا بَيْنَ يَدَيْهِ .

مَعْنَى التَّصْدِيْقِ اِصْطِلَاحًا : تَصْدِيْق-এর পারিভাষিক সংজ্ঞা :

১. মিরকাত গ্রন্থকার আল্লামা ফযলে ইমাম খায়রাবাদী (র.) বলেন- هُوَ الْاِدْرَاكُ مَعَ الْحُكْمِ অর্থাৎ হুকুমসহ কোনো বস্তু সম্পর্কে জ্ঞান লাভ করা। যেমন- زَيْدٌ قَائِمٌ অর্থাৎ যায়েদ দাঁড়ানো। এখানে যায়েদের সাথে দাঁড়ানোর হুকুম স্থাপিত হয়েছে।

২. হুকামাদের মতে- اَلتَّصْدِيْقُ هُوَ عِبَارَةٌ عَنِ الْحُكْمِ الْمُقَارِنِ لِلتَّصَوُّرَاتِ الثَّلَاثَةِ অর্থাৎ تَصْدِيْق বলা হয় ঐ হুকুমকে, যা তিনটি تَصَوُّرْ-এর সাথে সংশ্লিষ্ট।

৩. ইমাম রাযী (র.) বলেন- هُوَ عِبَارَةٌ عَنْ مَجْمُوْعِ الْحُكْمِ وَتَصَوُّرَاتِ الْاَطْرَافِ অর্থাৎ تَصْدِيْق হচ্ছে বাক্যের অংশসমূহের تَصَوُّرْ এবং হুকুমসমূহের নাম

৪. আল-মু'জামুল ওয়াসীত অভিধান প্রণেতা বলেন- هُوَ اِدْرَاكُ الْحُكْمِ اَوِ النِّسْبَةِ طَرْفَىِ الْقَضِيَّةِ অর্থাৎ تَصْدِيْق বলা হয়। হুকুমের জ্ঞান সম্পর্কে অবগত হওয়া। অথবা قَضِيَّةْ-এর দুই দিকের নিসবত সম্পর্কে অবগত হওয়াকে।

৫. সুল্লামুল উলূম গ্রন্থকারের মতে- فَاِنْ كَانَ اِعْتِقَادُ النِّسْبَةِ خَبَرِيَّةً فَتَصْدِيْقٌ অর্থাৎ নিনিসবতের ই'তিকাদটি যদি সংবাদ হয় তাহলে তাকেই تَصْدِيْق বলা হবে।

সার কথা হলো, যে হুকুম তিনটি تَصَوُّرْ-এর সাথে সম্পৃক্ত, তাকে تَصْدِيْق বলে।

www.islamijindegi.com

قَوْلُهُ عَنِ الْحُكْمِ الخ -এর আলোচনা : আলোচ্য ইবারতে حُكْم-এর বর্ণনা প্রসঙ্গে গ্রন্থকার (র.) বলেন, حُكْم চারটি অর্থে ব্যবহৃত হয়। যথা- ১. اِعْتِقَادٌ جَازِمٌ ২. نِسْبَةٌ تَقْيِيْدِيَّةٌ ৩. نِسْبَةٌ خَبَرِيَّةٌ ৪. نِسْبَةٌ حُكْمِيَّةٌ

تَصَوُّرْ ও تَصْدِيْق-এর বর্ণিত সংজ্ঞায় সাধারণত শেষোক্ত অর্থটিই [نِسْبَةٌ حُكْمِيَّةٌ] প্রযোজ্য। এটাকে نِسْبَتْ اِذْعَانِيْ-ও বলা হয়। এ নিসবত পুনরায় দু'প্রকার। যথা- ১. اِيْجَابِيْ (ইতিবাচক) যথা- زَيْدٌ قَائِمٌ এখানে قِيَامٌ-কে زَيْد-এর জন্য اِيْجَابٌ সাব্যস্ত করা হয়েছে। ২. سَلْبِيْ (নেতিবাচক) যথা- زَيْدٌ لَيْسَ بِقَائِمٍ এখানে قِيَامٌ-কে زَيْدٌ থেকে سَلْب তথা দূর করা হয়েছে।

تَصْدِيْق-এর উপর تَصَوُّرْ-কে অগ্রাধিকার দেওয়ার কারণ : تَصْدِيْق-এর উপর تَصَوُّرْ-কে অগ্রাধিকার দেওয়ার কারণ বর্ণনা করতে গিয়ে গ্রন্থকার বলেন- لِتَقَدُّمِهِ طَبْعًا لِاَنَّ كُلَّ تَصْدِيْقٍ لَابُدَّ فِيْهِ مِنَ التَّصَوُّرِ অর্থাৎ স্বভাবগতভাবে تَصَوُّرْ-টি تَصْدِيْق-এর উপর অগ্রাধিকার প্রাপ্ত। কারণ, تَصْدِيْق-এর জন্য تَصَوُّرْ আবশ্যক।

قَوْلُهُ وُقُوْعُ النِّسْبَةِ اَوْ لَا وُقُوْعِهَا-এর আলোচনা : আলোচ্য ইবারতে-মুসান্নিফ (র.) نِسْبَةٌ সংগঠিত হওয়া বা না হওয়া সম্পর্কে আলোচনা করেছেন এবং এখানে মুসান্নিফ (র.) حُكْم দ্বারা দ্বিতীয় অর্থকে উদ্দেশ্য করেছেন। কিন্তু এখানে দ্বিতীয় অর্থ প্রযোজ্য নয়। কেননা, দ্বিতীয় অর্থে تَصَوُّرْ-এর মধ্যেও হুকুম পাওয়া যায়। যেমন- কল্পনা (تَخْيِيْل), সন্দেহ (شَكّ) ও ধারণা (وَهْم) যুক্ত বাক্যেও حُكْم পাওয়া যায়। অথচ এ সবগুলোই হচ্ছে تَصَوُّرْ।

এক নজরে عِلْم-এর প্রকারভেদ



قَوْلُهُ كَمَا اِذَا تَصَوَّرْتَ زَيْدًا وَحْدَهُ الخ -এর আলোচনা : আলোচ্য ইবারতের মাধ্যমে শুধুমাত্র تَصَوُّرٌ مُفْرَدٌ-এর এক প্রকারের বর্ণনা দেওয়া হয়েছে। তা ছাড়া تَصَوُّرْ-এর আরো কয়েকটি প্রকার রয়েছে। যেমন-

১. اَلتَّصَوُّرُ بِلَا نِسْبَةٍ অর্থাৎ কোনো প্রকার نِسْبَةٌ ছাড়াই تَصَوُّرْ।

২. এমন বিষয়ের تَصَوُّرْ যাতে نِسْبَةٌ تَامَّةٌ হবে না; বরং نِسْبَةٌ تَاكِيْدِىْ হবে। যেমন- غُلَامُ زَيْدٍ-এর تَصَوُّرْ।

৩. এমন বিষয়ের تَصَوُّرْ যাতে نِسْبَةٌ تَامَّةٌ হয়েও نِسْبَةٌ اِنْشَائِيَّةٌ হবে, তবে نِسْبَةٌ خَبَرِيَّةٌ হবে না। যেমন- اِضْرِبْ

৪. এমন বিষয়ের تَصَوُّرْ যাতে نِسْبَةٌ تَامَّةٌ خَبَرِيَّةٌ হয়ে شَكِّىْ হবে, কিন্তু نِسْبَةٌ اِذْعَانِىْ হবে না।

www.islamijindegi.com

সরল অনুবাদ : পরিচ্ছেদ : دَلَالَة সম্পর্কে। دَلَالَة -এর আভিধানিক অর্থ হচ্ছে- পথ প্রদর্শন করা, রাস্তা বলে দেওয়া। আর পরিভাষায়- কোনো বস্তুর এমন হওয়া যাতে তা জানার ফলে অন্য বস্তুও জানা যায়। دَلَالَة টি দু' প্রকার। ১. لَفْظِيَّة ; غَيْر لَفْظِيَّة ২. لَفْظِيَّة বলা হয়, যাতে নির্দেশক لَفْظ বা শব্দ হয়। আর غَيْر لَفْظِيَّة ঐ দালালতকে বলা হয়, যাতে নির্দেশক لَفْظ বা শব্দ হয় না। এর প্রত্যেকটি আবার তিন প্রকার। প্রথমটি لَفْظِيَّة وَضْعِيَّة যেমন- زَيْد শব্দের দালালত নির্দিষ্ট ব্যক্তির উপর।

শাব্দিক অনুবাদ : فَصْلٌ فِى الدَّلَالَةِ পরিচ্ছেদ : دَلَالَة সম্পর্কে اَلدَّلَالَةُ لُغَةً دلالة-এর আভিধানিক অর্থ হচ্ছে هُوَ الْاِرْشَادُ পথ প্রদর্শন করা اَىْ رَاهْ نَمُوْدَنْ অর্থাৎ রাস্তা বলে দেওয়া وَفِى الْاِصْطِلَاحِ আর পরিভাষায় كَوْنُ الشَّىْءِ بِحَيْثُ কোনো বস্তুর এমন হওয়া يَلْزَمُ مِنَ الْعِلْمِ بِهٖ যাতে তা জানার ফলে হয়ে যায় الْعِلْمُ بِشَىْءٍ اٰخَرَ অন্য বস্তু জানা اَلدَّلَالَةُ قِسْمَانِ দালালত দু'প্রকার لَفْظِيَّةٌ وَغَيْرُ لَفْظِيَّةٍ ১. لَفْظِيَّة ২. غَيْر لَفْظِيَّة وَاللَّفْظِيَّةُ আর مَا يَكُوْنُ الدَّالُّ فِيْهِ اللَّفْظُ বলা হয় لَفْظِيَّة যাতে নির্দেশক لَفْظ বা শব্দ হয় وَغَيْرُ اللَّفْظِيَّةِ আর غَيْر لَفْظِيَّة ঐ দালালতকে বলা হয় مَا لَا يَكُوْنُ الدَّالُّ فِيْهِ اللَّفْظُ যাতে নির্দেশক لَفْظ বা শব্দ হয় না وَكُلٌّ مِنْهُمَا এর প্রত্যেকটি আবার عَلٰى ثَلٰثَةِ اَنْحَاءٍ তিন প্রকার اَحَدُهَا اللَّفْظِيَّةُ الْوَضْعِيَّةُ প্রথমটি لَفْظِيَّة وَضْعِيَّة كَدَلَالَةِ لَفْظِ زَيْدٍ যেমন- زَيْد শব্দের দালালত عَلٰى مُسَمَّاهُ নির্দিষ্ট ব্যক্তির উপর।

সংশ্লিষ্ট আলোচনা

دَلَالَة-এর আভিধানিক অর্থ : دَلَالَة শব্দটি বাবে نَصَرَ-এর মাসদার। মূলবর্ণ (د ـ ل ـ ل) জিনসে مُضَاعَف ثُلَاثِى তার ইংরেজি প্রতিশব্দ হলো Cuidence, Direction. আভিধানিক অর্থ নিম্নরূপ- (ক) মিরকাত গ্রন্থকার বলেন, اَلْاِرْشَادُ তথা রাস্তা দেখানো বা সৎ পরামর্শ দেওয়া। (খ) মিসবাহ গ্রন্থকার বলেন, راستہ دکھانا ۔ رہنمائی کرنا তথা পথ দেখানো ও পথ নির্দেশ করা। (গ) আল-মুনজিদ গ্রন্থকার বলেন, مَا تَدُلُّ بِهٖ عَلٰى صَدِيْقِكَ তথা তুমি যাদ্বারা তোমার বন্ধুকে পথ নির্দেশ কর, তাই دَلَالَة (ঘ) কারো মতে, সঠিক পথ দেখানো। (ঙ) কারো মতে, اِرَاءَةُ الطَّرِيْقِ বা রাস্তা দেখিয়ে দেওয়া।

مَعْنَى الدَّلَالَةِ اِصْطِلَاحًا : [دَلَالَة-এর পারিভাষিক সংজ্ঞা] : ১. دَلَالَة-এর সংজ্ঞা প্রদানে মিরকাত প্রণেতা আল্লামা ফযলে ইমাম খায়রাবাদী (র.) বলেন- كَوْنُ الشَّىْءِ بِحَيْثُ يَلْزَمُ مِنَ الْعِلْمِ بِهٖ الْعِلْمُ بِشَىْءٍ اٰخَرَ অর্থাৎ কোনো বস্তুর অবস্থা এরূপ হওয়া, যার জ্ঞান অর্জিত হলে অন্য বস্তুর জ্ঞানও আবশ্যক হয়ে পড়ে। প্রথম বস্তুটি যা দ্বারা দ্বিতীয় বস্তুটির জ্ঞান অর্জিত হয়, তাকে دَالّ আর (দ্বিতীয় বস্তুর) অর্জিত জ্ঞানকে مَدْلُوْل বলা হয়।

২. কুতবী গ্রন্থকার বলেন- هُوَ كَوْنُ الشَّىْءِ بِحَالَةٍ يَلْزَمُ مِنَ الْعِلْمِ بِهٖ الْعِلْمُ بِشَىْءٍ اٰخَرَ অর্থাৎ কোনো বস্তু এমন হওয়া যে, তার জ্ঞান দ্বারা অপর বস্তুর জ্ঞান আবশ্যক হয়ে পড়ে। এক্ষেত্রেও প্রথমটি دَالّ আর দ্বিতীয়টি مَدْلُوْل হবে।

৩. আল-মু'জামুল ওয়াসীত প্রণেতা বলেন- هُوَ مَا يَقْتَضِيْهِ اللَّفْظُ عِنْدَ اِطْلَاقِهٖ অর্থাৎ দালালত হচ্ছে এমন একটি বিষয় যা শব্দ ব্যবহারের تَقَاضَا করে। যেমন- سَحَاب শব্দটি বললে মানুষ যেমন মেঘমালা সম্পর্কে জ্ঞানলাভ করে, তেমন مَطَر-এর দ্বারা বৃষ্টি সম্পর্কেও জ্ঞান অর্জিত হয়। এক্ষেত্রে سَحَاب হচ্ছে دَالّ আর مَطَر হচ্ছে مَدْلُوْل

৪. আল্লামা সা'দ উদ্দিন তাফতাযানী (র.) বলেন- اَلدَّلَالَةُ هِىَ كَوْنُ الشَّىْءِ بِحَيْثُ يَلْزَمُ مِنَ الْعِلْمِ بِهٖ الْعِلْمُ بِشَىْءٍ اٰخَرَ اَلْاَوَّلُ هُوَ الدَّالُّ وَالثَّانِىْ هُوَ الْمَدْلُوْلُ

৫. মীযানুল মানতিক গ্রন্থের টীকায় دَلَالَة-এর সংজ্ঞা এভাবে দেওয়া হয়েছে যে, কোনো বিষয় এভাবে হওয়া, যার অভিজ্ঞতা অন্য বিষয়ের অভিজ্ঞতাকে আবশ্যক করে। যেমন- دَلَالَةُ الدُّخَانِ عَلَى النَّارِ অর্থাৎ ধোঁয়ার দালালত আগুনের উপর।

قَوْلُهُ اَلدَّلَالَةُ قِسْمَانِ الخ-এর আলোচনা : আলোচ্য ইবারতে গ্রন্থকার (র.) دَلَالَة সম্পর্কে আলোচনা করতে গিয়ে বলেন যে, اَلدَّلَالَةُ প্রথমত দু'প্রকার। যথা- ১. دَلَالَة اللَّفْظِيَّة (শাব্দিক নির্দেশনা), ২. اَلدَّلَالَةُ غَيْرُ اللَّفْظِيَّةِ (শব্দবিহীন নির্দেশনা)।

১. اَلدَّلَالَةُ اللَّفْظِيَّةُ-এর পরিচয় : মিরকাত প্রণেতা আল্লামা ফযলে ইমাম খায়রাবাদী (র.) বলেন- اَللَّفْظِيَّةُ مَا يَكُوْنُ الدَّالُّ فِيْهِ اللَّفْظُ অর্থাৎ لَفْظِيَّة ঐ দালালত যার মধ্যে দালালতকারী কোনো শব্দ হবে। যেমন- كِتَاب বললে বইয়ের উপর এবং زَيْد বললে কারো নামের উপর دَلَالَة করে।

২. اَلدَّلَالَةُ غَيْرُ اللَّفْظِيَّةِ-এর পরিচয় : মিরকাত গ্রন্থকার আল্লামা ফযলে ইমাম খায়রাবাদী (র.) এ প্রসঙ্গে বলেন- هِىَ مَا لَايَكُوْنُ الدَّالُّ فِيْهِ اللَّفْظُ. অর্থাৎ دَالّ বা নির্দেশকারী যদি শব্দ ব্যতীত অন্য কিছুর মাধ্যমে হয়, তখন তাকে دَلَالَة غَيْر لَفْظِيَّة বলা হয়। যেমন- ধোঁয়া। কেননা, ধোঁয়া দেখলেই আগুনের অস্তিত্ব বুঝা যায়। এটা বুঝতে কোনো শব্দের প্রয়োজন হয় না।

এগুলোর প্রত্যেকটি পুনরায় তিন ভাগে বিভক্ত। যেমন- ১. وَضْعِيَّة (গঠনগত), ২. عَقْلِيَّة (বুদ্ধিগত) ৩. طَبْعِيَّة (স্বভাবগত)। অতএব, دَلَالَة মোট ৬ প্রকার হলো। এ ছাড়াও دَلَالَة لَفْظِيَّة وَضْعِيَّة আবার তিন প্রকার। যেমন- ১. مُطَابِقِىْ (পূর্ণ দালালত), ২. تَضَمُّنِىْ (আনুষাঙ্গিক) ৩. اِلْتِزَامِىْ (আবশ্যিক)।

www.islamijindegi.com

وَثَانِيْهَا اللَّفْظِيَّةُ الطَّبْعِيَّةُ كَدَلَالَةِ لَفْظِ أُحْ أُحْ بِضَمِّ الْهَمْزَةِ وَسُكُوْنِ الْحَاءِ الْمُهْمَلَةِ وَقِيْلَ بِفَتْحِهَا عَلٰى وَجْعِ الصَّدْرِ فَإِنَّ الطَّبْعِيَّةَ تَضْطَرُّ بِإِحْدَاثِ هٰذَا اللَّفْظِ عِنْدَ عُرُوْضِ الْوَجْعِ فِى الصَّدْرِ وَثَالِثُهَا اللَّفْظِيَّةُ الْعَقْلِيَّةُ كَدَلَالَةِ لَفْظِ دَيْزٍ الْمَسْمُوْعِ مِنْ وَرَاءِ الْجِدَارِ عَلٰى وُجُوْدِ اللَّافِظِ وَرَابِعُهَا غَيْرُ اللَّفْظِيَّةِ الْوَضْعِيَّةِ كَدَلَالَةِ الدَّوَالِّ الْأَرْبَعِ عَلٰى مَدْلُوْلَاتِهَا وَخَامِسُهَا غَيْرُ اللَّفْظِيَّةِ الطَّبْعِيَّةِ كَدَلَالَةِ صُهَيْلِ الْفَرَسِ عَلٰى طَلَبِ الْمَاءِ وَالْكَلَأِ وَسَادِسُهَا غَيْرُ اللَّفْظِيَّةِ الْعَقْلِيَّةِ كَدَلَالَةِ الدُّخَانِ عَلَى النَّارِ فَهٰذِهٖ سِتُّ دَلَالَاتٍ وَالْمَنْطِقِيُّ إِنَّمَا يَبْحَثُ عَنِ الدَّلَالَةِ اللَّفْظِيَّةِ الْوَضْعِيَّةِ لِأَنَّ الْإِفَادَةَ لِلْغَيْرِ وَالْإِسْتِفَادَةَ مِنَ الْغَيْرِ إِنَّمَا يَتَيَسَّرُ بِهَا بِسُهُوْلَةٍ بِخِلَافِ غَيْرِهَا فَإِنَّ الْإِفَادَةَ وَالْإِسْتِفَادَةَ بِهَا لَا يَخْلُوْ عَنْ صُعُوْبَةٍ هٰذَا ـ

সরল অনুবাদ : দ্বিতীয়টি لَفْظِيَّة طَبْعِيَّة যেমন- أُحْ أُحْ শব্দের দালালত বুকের ব্যথার উপর। أُحْ শব্দটির হামযায় পেশ ও হা'তে সাকিন হবে। কেউ কেউ বলেন, হামযাতে যবর হবে। কেননা, বুকে ব্যথা হলে মানুষ স্বভাবত এ জাতীয় শব্দ উচ্চারণ করতে বাধ্য হয়। আর دَلَالَة لَفْظِيَّة -এর তৃতীয় প্রকার হলো- دَلَالَة عَقْلِيَّة যেমন- দেয়ালের পিছন দিক হতে শোনা যাওয়া دَيْز শব্দ উচ্চারণকারীর অস্তিত্বের উপর دَلَالَة করা। চতুর্থ প্রকার হলো- دَلَالَة غَيْر اللَّفْظِيَّةِ الْوَضْعِيَّةِ যেমন- দালালতকারী চতুষ্টয়ে دَلَالَة করা তাদের অর্থের উপর دَلَالَة করা। পঞ্চম প্রকার হলো- غَيْرُ اللَّفْظِيَّةِ الطَّبْعِيَّةِ যেমন- পানি এবং ঘাসের চাহিদার উপর ঘোড়ার আওয়াজের دَلَالَة করা। ষষ্ঠ প্রকার হলো- غَيْرُ اللَّفْظِيَّةِ الْعَقْلِيَّةِ যেমন- ধোঁয়ার دَلَالَة আগুনের উপর। সুতরাং এ মোট ৬টি دَلَالَة হলো।

আর মানতেকীগণ اَلدَّلَالَةُ اللَّفْظِيَّةُ الْوَضْعِيَّةُ সম্পর্কে আলোচনা করেন। কেননা, অন্যকে উপকার পৌঁছানো এবং অন্য হতে উপকৃত হওয়া اَلدَّلَالَةُ اللَّفْظِيَّةُ الْوَضْعِيَّةُ দ্বারা সহজে অর্জিত হয়। কিন্তু অন্যান্য دَلَالَة -এর অবস্থা এর ব্যতিক্রম। কেননা, اَلدَّلَالَةُ اللَّفْظِيَّةُ الْوَضْعِيَّةُ ব্যতীত অন্যান্য دَلَالَة দ্বারা উপকার পৌঁছানো এবং উপকৃত হওয়া কঠিন বা সমস্যামুক্ত নয়।

শাব্দিক অনুবাদ : وَثَانِيْهَا اللَّفْظِيَّةُ الطَّبْعِيَّةُ দ্বিতীয়টি لَفْظِيَّة طَبْعِيَّة - كَدَلَالَةِ لَفْظِ أُحْ أُحْ যেমন- أُحْ أُحْ শব্দের দালালত بِضَمِّ الْهَمْزَةِ وَسُكُوْنِ الْحَاءِ الْمُهْمَلَةِ - أُحْ أُحْ শব্দটির হামযায় পেশ ও 'হা'তে সাকিন হবে وَقِيْلَ কেউকেউ বলেন- بِفَتْحِهَا হামযাতে যবর হবে عَلٰى وَجْعِ الصَّدْرِ বুকের ব্যথার উপর فَإِنَّ الطَّبْعِيَّةَ কেননা, মানুষ স্বভাবত تَضْطَرُّ বাধ্য হয় بِإِحْدَاثِ هٰذَا اللَّفْظِ এ জাতীয় শব্দ উচ্চারণ করতে عِنْدَ عُرُوْضِ الْوَجْعِ فِى الصَّدْرِ বুকে ব্যথা হলে وَثَالِثُهَا اللَّفْظِيَّةُ আর دَلَالَة لَفْظِيَّة-এর তৃতীয় প্রকার হলো الْعَقْلِيَّةُ দালাতে আকলিয়া كَدَلَالَةِ لَفْظِ دَيْزٍ الْمَسْمُوْعِ যেমন- دَيْز শব্দের دَلَالَة যা শোনা যায় مِنْ وَرَاءِ الْجِدَارِ দেয়ালের পিছন দিক হতে عَلٰى وُجُوْدِ اللَّافِظِ উচ্চারণকারীর অস্তিত্বের উপর وَرَابِعُهَا চতুর্থ প্রকার হলো غَيْرُ اللَّفْظِيَّةِ الْوَضْعِيَّةِ - দালালাতে গাইরে লাফযিয়া অযয়িয়া - كَدَلَالَةِ الدَّوَالِّ الْأَرْبَعِ যেমন- দালালতকারী চতুষ্টয়ের دَلَالَة করা عَلٰى مَدْلُوْلَاتِهَا তাদের অর্থের উপর وَخَامِسُهَا পঞ্চম প্রকার হলো غَيْرُ اللَّفْظِيَّةِ الطَّبْعِيَّةِ - দালালাতে গাইরে লাফযিয়া তাবয়িয়া - كَدَلَالَةِ صُهَيْلِ الْفَرَسِ যেমন- ঘোড়ার আওয়াজের دَلَالَة করা عَلٰى طَلَبِ الْمَاءِ وَالْكَلَأِ পানি এবং ঘাসের চাহিদার উপর وَسَادِسُهَا ষষ্ঠ প্রকার হলো غَيْرُ اللَّفْظِيَّةِ الْعَقْلِيَّةِ - দালালাতে গাইরে লাফযিয়া আকলিয়া - كَدَلَالَةِ الدُّخَانِ যেমন- ধোঁয়ার دَلَالَة - عَلَى النَّارِ আগুনের উপর فَهٰذِهٖ سِتُّ دَلَالَاتٍ সুতরাং এ মোট ছয়টি دَلَالَة হলো وَالْمَنْطِقِيُّ আর মানতিকীগণ إِنَّمَا يَبْحَثُ আলোচনা করেন عَنِ الدَّلَالَةِ اللَّفْظِيَّةِ الْوَضْعِيَّةِ - دَلَالَة لَفْظِيَّة وَضْعِيَّة সম্পর্কে لِأَنَّ الْإِفَادَةَ لِلْغَيْرِ কেননা, অন্যকে উপকার পৌঁছানো وَالْإِسْتِفَادَةَ مِنَ الْغَيْرِ এবং অন্য হতে উপকৃত হওয়া إِنَّمَا يَتَيَسَّرُ بِهَا - دَلَالَة لَفْظِيَّة وَضْعِيَّة দ্বারা অর্জিত হয় بِسُهُوْلَةٍ সহজে بِخِلَافِ غَيْرِهَا কিন্তু অন্যান্য دَلَالَة-এর অবস্থা এর ব্যতিক্রম فَإِنَّ الْإِفَادَةَ وَالْإِسْتِفَادَةَ بِهَا কেননা, دَلَالَة لَفْظِيَّة وَضْعِيَّة ব্যতীত অন্যান্য دَلَالَة দ্বারা উপকার পৌঁছানো এবং উপকৃত হওয়া لَا يَخْلُوْ عَنْ صُعُوْبَةٍ هٰذَا কঠিন বা সমস্যামুক্ত নয়।

www.islamijindegi.com

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ اَلدَّوَالُّ الْاَرْبَعَةُ -এর আলোচনা : এর অর্থ হলো দালালতকারী চতুষ্টয়। এ চারটি হলো– ১. خُطُوْط তথা দাগ বা রেখাসমূহ ; যা বিশেষ কোনো কিছু বুঝায়। ২. نُصُبْ বা দাঁড় করানো প্রতীক জাতীয়। যেমন– রাস্তার মাইল পোষ্ট, যাতে মাইলের সংখ্যা বর্ণিত থাকে এবং দুই মাইলের মধ্যবর্তী স্থান নির্ণয়ের জন্য ব্যবহার করা হয়। ৩. عُقُوْد বা গিরাসমূহ। যেমন– হাতের আঙুলের দাগসমূহ ইত্যাদি যা সংখ্যা বুঝায়। ৪. اِشَارَاتْ আর اِشَارَاتْ শব্দটি اِشَارَةٌ -এর বহুবচন, এটি ইঙ্গিত বিশেষ, কোনো অর্থ বুঝায়। এগুলো শব্দ না হওয়া সত্ত্বেও নির্দিষ্ট অর্থ বুঝায় বিধায় এদের دَلَالَة হলো اَلدَّلَالَةُ غَيْرُ اللَّفْظِيَّةِ الْعَقْلِيَّةِ

قَوْلُهُ صُهَيْلُ الْفَرَسِ -এর আলোচনা : قَوْلُهُ صُهَيْلُ الْفَرَسِ এটি اَلدَّلَالَةُ غَيْرُ اللَّفْظِيَّةِ الطَّبْعِيَّةِ -এর উদাহরণ। ঘোড়া পানি ও ঘাসের প্রয়োজনে বিশেষ আওয়াজ দিয়ে থাকে। ঘোড়া মূক, ভাষাহীন প্রাণী হিসেবে -এর আওয়াজ শব্দ নয় ; বিধায় ঘোড়ার আওয়াজ اَلدَّلَالَةُ غَيْرُ اللَّفْظِيَّةِ হবে এবং এটি তার স্বভাবের কারণে হয় বিধায় এই دَلَالَة টি اَلدَّلَالَةُ غَيْرُ اللَّفْظِيَّةِ الطَّبْعِيَّةِ ও বটে।

قَوْلُهُ فَهٰذِهِ سِتُّ دَلَالَاتٍ الخ -এর আলোচনা : মানতিক প্রণেতাদের ভাষ্য মোতাবেক ছয় প্রকার দালালতের সংক্ষিপ্তরূপ নিম্নে প্রদত্ত হলো–

১. دَلَالَة لَفْظِيَّة وَضْعِيَّة -এর পরিচয় : اِنْ كَانَ اللَّفْظُ يَدُلُّ عَلٰى مَدْلُوْلِهٖ مِنْ حَيْثُ وَضْعِيَّتِهٖ অর্থাৎ শব্দকে যে অর্থের জন্য গঠন করা হয়েছে সে অর্থের প্রতি নির্দেশ করলে তাকে دَلَالَة لَفْظِيَّة وَضْعِيَّة বলে। যেমন– زَيْد শব্দ দ্বারা ঐ ব্যক্তিকে বুঝায় যার নাম زَيْد রাখা হয়েছে।

২. دَلَالَة لَفْظِيَّة طَبْعِيَّة -এর পরিচয় : আল্লামা তাফতাযানী (র.) বলেন– اِنْ كَانَ الدَّالُّ بِسَبَبِ اِقْتِضَاءِ الطَّبْعِ حُدُوْثُ الدَّالِّ عِنْدَ عُرُوْضِ الْمَدْلُوْلِ فَطَبْعِيَّةٌ. অর্থাৎ শব্দ গঠনগত অর্থ না বুঝিয়ে স্বভাবগত অর্থ বুঝালে, তাকে دَلَالَة لَفْظِيَّة طَبْعِيَّة বলে। যেমন– اُحْ . اُحْ শব্দ দ্বারা মনের ব্যথ্যা প্রকাশ করা; যদিও এগুলো দুঃখ, ব্যথা বুঝানোর জন্য গঠন করা হয়নি।

৩. دَلَالَة لَفْظِيَّة عَقْلِيَّة -এর পরিচয় : যদি শব্দটি নিজ مَدْلُوْل-এর উপর وَضْع ও طَبِيْعَتْ-এর দৃষ্টিতে دَلَالَة না করে বিবেকের চাহিদানুপাতে নির্দেশ করে, তখন এ دلالة-কে دَلَالَة لَفْظِيَّة عَقْلِيَّة বলা হয়। যেমন– কেউ দেয়ালের পেছনে زَيْد শব্দ উচ্চারণ করলে عَقْل তথা বিবেক এটা বুঝাবে যে, সেখানে কেউ রয়েছে।

৪. دَلَالَة غَيْر لَفْظِيَّة وَضْعِيَّة -এর পরিচয় : دَالْ বা নির্দেশকারী যদি শব্দ না হয় এবং গঠনগত দিক থেকে স্বয়ং مَدْلُوْل-এর উপর নির্দেশ করে, তবে তাকে دَلَالَة غَيْر لَفْظِيَّة وَضْعِيَّة বলা হয়। যেমন– دَوَالْ اَرْبَعَة বা চারটি দিক নির্দেশকারী। আর সেগুলো হচ্ছে, যথাক্রমে خُطُوْط বা রেখা, عُقُوْد বা গিরাসমূহ, نُصُبْ বা নির্দিষ্ট চিহ্ন, اَلْاِشَارَاتْ বা ইঙ্গিত। دَوَالْ اَرْبَعَة দ্বারা এমন চার প্রকার বিষয়কে বুঝানো হয়েছে যেগুলো শব্দ নয়, কিন্তু প্রত্যেকটি কোনো একটি অর্থ বুঝানোর উদ্দেশ্যে গঠন করা হয়েছে।

৫. دَلَالَة غَيْر لَفْظِيَّة طَبْعِيَّة -এর পরিচয় : دَالْ বা নির্দেশকারী যদি শব্দ না হয় এবং স্বীয় مَدْلُوْل-এর উপর স্বাভাবিকভাবে নির্দেশ করে, তবে তাকে دَلَالَة غَيْر لَفْظِيَّة طَبْعِيَّة বলা হয়। যেমন– صُهَيْلُ الْفَرَسِ বা ঘোড়ার হি হি শব্দ তার ক্ষুধা লাগার উপর দালালত করে।

৬. دَلَالَة غَيْر لَفْظِيَّة عَقْلِيَّة -এর পরিচয় : دَالْ বা নির্দেশকারী যদি শব্দ না হয় এবং স্বীয় مَدْلُوْل-এর উপর عَقْل বা বুদ্ধির ভিত্তিতে নির্দেশ করে, তবে তাকে دَلَالَة غَيْر لَفْظِيَّة عَقْلِيَّة বলা হয়। যেমন– دَلَالَةُ الدُّخَانِ عَلَى النَّارِ বা অনেক দূরে ধোঁয়া দেখতে পাওয়া সেখানে আগুন আছে বলে دلالة করে।

قَوْلُهُ هٰذَا -এর আলোচনা : هٰذَا শব্দটি خُذْ কিংবা اِحْفَظْ উহ্য فِعْل-এর مَفْعُوْل بِه সুতরাং এর অর্থ হবে– হে পাঠক! তুমি উপরিউক্ত কথাগুলো গুরুত্বের সাথে গ্রহণ কর বা মুখস্থ কর।

একনজরে দালালত -এর প্রকারভেদ



উক্ত ছয় প্রকারে সীমাবদ্ধতার কারণ : দালালত ছয় প্রকারের মধ্যে সীমাবদ্ধ করার কারণ হলো, دَالْ বা নির্দেশক শব্দ হবে কিংবা হবে না। যদি دَالْ বা নির্দেশক শব্দ হয়, তাহলে তার তিন অবস্থা। হয়তো উক্ত শব্দটি কোনো গঠনকারী নির্দিষ্ট কোনো অর্থের জন্য গঠন করবে, অথবা মেজাজের তাড়নায় উক্ত অর্থ বুঝা যাবে কিংবা বিবেক দ্বারা তা বুঝা যাবে। প্রথমটির নাম دَلَالَة لَفْظِيَّة وَضْعِيَّة দ্বিতীয়টির নাম دَلَالَة لَفْظِيَّة طَبْعِيَّة এবং তৃতীয়টির নাম دَلَالَة لَفْظِيَّة عَقْلِيَّة আর যদি دَالْ শব্দ না হয়, সেক্ষেত্রেও তার তিনটি অবস্থা। এ কারণেই ছয় প্রকারে সীমাবদ্ধ করা হয়েছে।

www.islamijindegi.com

فَصْلٌ : وَيَنْبَغِىْ اَنْ يُعْلَمَ اَنَّ الدَّلَالَةَ اللَّفْظِيَّةَ الْوَضْعِيَّةَ الَّتِىْ لَهَا الْعِبْرَةُ فِى الْمُحَاوَرَاتِ وَالْعُلُوْمُ عَلٰى ثَلٰثَةِ اَنْحَاءٍ اَحَدُهَا الْمُطَابِقِيَّةُ وَهِىَ اَنْ يَدُلَّ اللَّفْظُ عَلٰى تَمَامِ مَا وُضِعَ لَهٗ ذٰلِكَ اللَّفْظُ لَهٗ كَدَلَالَةِ الْاِنْسَانِ عَلٰى مَجْمُوْعِ الْحَيَوَانِ وَالنَّاطِقِ وَثَانِيْهَا التَّضَمُّنِيَّةُ وَهِىَ اَنْ يَدُلَّ اللَّفْظُ عَلٰى جُزْءِ الْمَعْنَى الْمَوْضُوْعِ لَهٗ كَدَلَالَتِهٖ عَلَى الْحَيَوَانِ فَقَطْ اَوْ عَلَى النَّاطِقِ فَقَطْ وَثَالِثُهَا الدَّلَالَةُ الْاِلْتِزَامِيَّةُ وَهِىَ اَنْ لَايَدُلَّ اللَّفْظُ عَلَى الْمَوْضُوْعِ لَهٗ وَلَا عَلٰى جُزْئِهٖ بَلْ عَلٰى مَعْنًى خَارِجٍ لَازِمٍ لِلْمَوْضُوْعِ لَهٗ وَاللَّازِمُ هُوَ مَا يَنْتَقِلُ الذِّهْنُ مِنَ الْمَوْضُوْعِ لَهٗ اِلَيْهِ كَدَلَالَةِ الْاِنْسَانِ عَلٰى قَابِلِ الْعِلْمِ وَصَنْعَةِ الْكِتَابَةِ وَكَدَلَالَةِ لَفْظِ الْعَمٰى عَلَى الْبَصَرِ

সরল অনুবাদ : পরিচ্ছেদ : জেনে রাখা দরকার যে, دَلَالَة لَفْظِيَّة وَضْعِيَّة যা পরিভাষা ও শাস্ত্রসমূহে গ্রহণযোগ্য, তা তিন প্রকার। প্রথমটি হলো اَلْمُطَابِقِيَّةُ তা হচ্ছে– শব্দটি যে অর্থের জন্য গঠন করা হয়েছে পরিপূর্ণ সে অর্থটিই বুঝাবে। যথা– اَلْاِنْسَانُ দ্বারা حَيَوَانٌ এবং نَاطِقٌ -এর সমষ্টি বুঝানো। আর দ্বিতীয়টি হলো اَلتَّضَمُّنِيَّةُ তা হচ্ছে– শব্দটিকে যে অর্থের জন্য গঠন করা হয়েছে, তার অংশ বিশেষকে বুঝাবে। যথা– اَلْاِنْسَانُ দ্বারা শুধু حَيَوَانٌ বা শুধু نَاطِقٌ বুঝানো। আর তৃতীয়টি হলো– اَلدَّلَالَةُ الْاِلْتِزَامِيَّةُ তা হচ্ছে– শব্দটিকে যে অর্থের জন্য গঠন করা হয়েছে, সে অর্থও বুঝাবে না এবং তার অংশ বিশেষও বুঝাবে না ; বরং এমন একটি অর্থ বুঝাবে যে অর্থ শব্দকে যার জন্য গঠন করা হয়েছে তার মধ্যে থাকা অপরিহার্য বা লাযিম। যথা– اَلْاِنْسَانُ দ্বারা صَنْعَةُ الْكِتَابَةِ বুঝানো। অনুরূপভাবে اَلْعَمٰى দ্বারা اَلْبَصَرُ (দৃষ্টিশক্তি) বুঝানো।

শাব্দিক অনুবাদ : فَصْلٌ পরিচ্ছেদ وَيَنْبَغِىْ اَنْ يُعْلَمَ জেনে রাখা দরকার اَنَّ الدَّلَالَةَ اللَّفْظِيَّةَ الْوَضْعِيَّةَ যে, دَلَالَة لَفْظِيَّة وَضْعِيَّة - الَّتِىْ لَهَا الْعِبْرَةُ যা গ্রহণযোগ্য فِى الْمُحَاوَرَاتِ وَالْعُلُوْمِ পরিভাষা ও শাস্ত্রসমূহে عَلٰى ثَلٰثَةِ اَنْحَاءٍ তা তিন প্রকার اَحَدُهَا الْمُطَابِقِيَّةُ প্রথমটি হলো মুতাবিকিয়া وَهِىَ তা হচ্ছে اَنْ يَدُلَّ اللَّفْظُ শব্দটি বুঝাবে عَلٰى تَمَامِ পরিপূর্ণ সে অর্থটিই مَا وُضِعَ لَهٗ যে অর্থের জন্য গঠন করা হয়েছে ذٰلِكَ اللَّفْظُ لَهٗ সে শব্দটি যার জন্য كَدَلَالَةِ الْاِنْسَانِ যেমন– اِنْسَانٌ দ্বারা বুঝানো عَلٰى مَجْمُوْعِ الْحَيَوَانِ وَالنَّاطِقِ - حَيَوَانٌ এবং نَاطِقٌ-এর সমষ্টির উপর وَثَانِيْهَا আর দ্বিতীয়টি হলো التَّضَمُّنِيَّةُ তাযাম্মুনিয়া وَهِىَ তা হচ্ছে اَنْ يَدُلَّ اللَّفْظُ শব্দটি বুঝাবে عَلٰى جُزْءِ الْمَعْنٰى অর্থের অংশ বিশেষকে الْمَوْضُوْعِ لَهٗ তাকে যে অর্থের জন্য গঠন করা হয়েছে كَدَلَالَتِهٖ যথা– اِنْسَانٌ দ্বারা বুঝানো عَلَى الْحَيَوَانِ فَقَطْ - حَيَوَانٌ শুধু اَوْ عَلَى النَّاطِقِ فَقَطْ বা শুধু نَاطِقٌ - وَثَالِثُهَا আর তৃতীয়টি হলো اَلدَّلَالَةُ الْاِلْتِزَامِيَّةُ দালালাতে ইলতিযামিয়া وَهِىَ তা হচ্ছে اَنْ لَايَدُلَّ اللَّفْظُ শব্দটি বুঝাবে না عَلَى الْمَوْضُوْعِ لَهٗ তাকে যে অর্থের জন্য গঠন করা হয়েছে তার জন্য وَلَا عَلٰى جُزْئِهٖ এবং তার অংশ বিশেষের জন্য بَلْ عَلٰى مَعْنًى خَارِجٍ বরং এমন একটি অর্থ বুঝাবে যা مَوْضُوْعٌ لَهٗ বহির্ভূত لَازِمٍ لِلْمَوْضُوْعِ لَهٗ তবে مَوْضُوْعٌ لَهٗ-এর জন্য লাযেম বা অপরিহার্য وَاللَّازِمُ আর لَازِمٌ হলো هُوَ مَا তা يَنْتَقِلُ যা স্থানান্তরিত হয় الذِّهْنُ মেধা مِنَ الْمَوْضُوْعِ لَهٗ মাওযূ' লাহু হতে اِلَيْهِ তার দিকে كَدَلَالَةِ الْاِنْسَانِ যথা– اَلْاِنْسَانُ দ্বারা বুঝানো عَلٰى قَابِلِ الْعِلْمِ ইলম গ্রহণকারীর উপর وَصَنْعَةِ الْكِتَابَةِ এবং হস্তশিল্পের উপর وَكَدَلَالَةِ অনুরূপভাবে বুঝানো لَفْظِ الْعَمٰى - اَلْعَمٰى শব্দ দ্বারা عَلَى الْبَصَرِ দৃষ্টিশক্তির উপর।

www.islamijindegi.com

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ عَلٰى ثَلٰثَةِ اَنْحَاءٍ الخ -এর আলোচনা : আলোচ্য ইবারতের মাধ্যমে গ্রন্থকার আল্লামা ফযলে ইমাম খায়রাবাদী (র.) دَلَالَة لَفْظِيَّة وَضْعِيَّة-এর প্রকারভেদ বর্ণনা করেছেন। গ্রন্থকার বলেন, যে দালালতের মধ্যে دال-টি শব্দ হয় এবং গঠনের দৃষ্টিতে مَدْلُوْل-কে বুঝায়, তাকে دَلَالَة لَفْظِيَّة وَضْعِيَّة বলে। গ্রন্থকার এর তিনটি প্রকার উল্লেখ করেছেন। যথা- ১. دَلَالَة مُطَابِقِيَّة বা পূর্ণ নির্দেশনা, ২. دَلَالَة تَضَمُّنِيَّة বা আনুষঙ্গিক নির্দেশনা, ৩. دَلَالَة اِلْتِزَامِيَّة বা আবশ্যিক নির্দেশনা।

১. دَلَالَة مُطَابِقِيَّة-এর পরিচয় : মিরকাত প্রণেতা আল্লামা ফযলে ইমাম খায়রাবাদী (র.)-এর ভাষায়- وَهِىَ اَنْ يَدُلَّ اللَّفْظُ عَلٰى تَمَامِ مَا وُضِعَ لَهٗ। অর্থাৎ দালালতকারী শব্দটি যে অর্থের জন্য গঠন করা হয়েছে তা যদি সম্পূর্ণরূপে সেই পূর্ণাঙ্গ অর্থে ব্যবহৃত হয়, তবে তাকে دَلَالَة مُطَابِقِيَّة বলা হয়। যেমন- اِنْسَانٌ শব্দ দ্বারা حَيَوَانٌ نَاطِقٌ বুঝালে তা دَلَالَة مُطَابِقِيَّة হবে।

২. دَلَالَة تَضَمُّنِيَّة-এর পরিচয় : মিরকাত প্রণেতার মতে- وَهِىَ اَنْ يَدُلَّ اللَّفْظُ عَلٰى جُزْءِ الْمَعْنَى الْمَوْضُوْعِ لَهٗ অর্থাৎ শব্দকে যে অর্থের জন্য গঠন করা হয়েছে, যদি ঐ অর্থের আংশিক বুঝায়, তাহলে তাকে دَلَالَة تَضَمُّنِيَّة বলা হয়। যেমন- اِنْسَانٌ শব্দ দ্বারা যদি শুধু حَيَوَانٌ বা শুধুমাত্র نَاطِقٌ উদ্দেশ্য করা হয়, তবে তা دَلَالَة تَضَمُّنِيَّة হবে। কেননা, حَيَوَانٌ বা نَاطِقٌ শব্দটি اِنْسَانٌ-এর পূর্ণ অর্থ নয়; বরং অর্থের অংশ মাত্র।

৩. دَلَالَة اِلْتِزَامِيَّة-এর পরিচয় : মিরকাত প্রণেতার মতে- وَهِىَ اَنْ لَا يَدُلَّ اللَّفْظُ عَلَى الْمَوْضُوْعِ لَهٗ وَلَا عَلٰى جُزْئِهٖ بَلْ عَلٰى مَعْنًى خَارِجٍ لَازِمٍ لِلْمَوْضُوْعِ لَهٗ. অর্থাৎ শব্দটি যে অর্থের জন্য গঠন করা হয়েছে, সে অর্থ বুঝাবে না তার অংশবিশেষও বুঝাবে না; বরং এমন একটি অর্থ বুঝাবে, যা তার জন্য অত্যাবশ্যক এ ধরনের دَلَالَة-কে دَلَالَة اِلْتِزَامِيَّة বলা হয়। যেমন- اِنْسَانٌ শব্দ দ্বারা كَاتِبٌ বা লেখক উদ্দেশ্য করা। যেহেতু মানুষ ছাড়া লেখক হওয়ার যোগ্যতা অন্য কিছুর নেই।

নামকরণ : তিনটিকে তিনটি নামে নামকরণের কারণ নিম্নরূপ-

১. دَلَالَة مُطَابِقِىْ-এর দ্বারা পূর্ণ مَوْضُوْعٌ لَهٗ বুঝানো হয়। তাই এ دَلَالَة-এর মধ্যে وَضْع (গঠন) مُطَابِقْ বুঝানো বা دَلَالَة রয়েছে বিধায় তাকে دَلَالَة مُطَابِقِىْ নাম করণ করা হয়।

২. دَلَالَة تَضَمُّنِىْ-এর দ্বারা বুঝানো অর্থটি مَوْضُوْعٌ لَهٗ-এর ضِمْنْ-এর অংশ বিধায়, তাকে دَلَالَة تَضَمُّنِىْ নামে নাম করণ করা হয়।

৩. دَلَالَة اِلْتِزَامِىْ-এর দ্বারা বুঝানো অর্থটি مَوْضُوْعٌ لَهٗ-এর বহির্ভূত হলেও তা لَازِمْ বা আবশ্যক বিধায় তাকে دَلَالَة اِلْتِزَامِىْ নামকরণ করা হয়।

كَدَلَالَةِ لَفْظِ الْعَمٰى الخ -এর আলোচনা : আলোচ্য ইবারতে গ্রন্থকার একটি উত্থাপিত প্রশ্নের জবাব দিয়েছেন। প্রশ্নটি হলো, عَمٰى বলা হয় عَدَم بَصَرْ বা দৃষ্টিহীনতাকে সুতরাং عَمٰى শব্দটি بَصَرْ-এর جُزْء বা অংশ, তাই دَلَالَةُ الْعَمٰى عَلَى الْبَصَرِ দালালতে ইলতিযামীর দৃষ্টান্ত হতে পারে না; বরং তা دَلَالَة تَضَمُّنِىْ-এর দৃষ্টান্ত হবে। উক্ত প্রশ্নের উত্তরে বলা যায়, عَمٰى যদি عَدَمْ ও بَصَرْ-এর সমষ্টির নাম হয়, তাহলে প্রশ্ন ঠিক হবে; কিন্তু عَمٰى যখন عَدَم بَصَرْ (দৃষ্টিহীনতা)-এর নাম হয়, তখন এ প্রশ্ন উত্থাপিত হতে পারে না।

دَلَالَة لَفْظِيَّة وَضْعِيَّة-কে বেশি গুরুত্ব দেওয়ার কারণ : دَلَالَة মোট ছয় প্রকার। কিন্তু যে কোনো অর্থ অন্যকে বুঝানো বা অন্য হতে নিজে বুঝে নেওয়া دَلَالَة لَفْظِيَّة وَضْعِيَّة দ্বারা যতটুকু সহজ, অন্যান্য دَلَالَة দ্বারা ততটা সহজ নয় বিধায় মানতিকীদের নিকট এর গুরুত্ব অপরিসীম। কবির ভাষায় دَلَالَة لَفْظِيَّة وَضْعِيَّة-এর প্রকারসমূহকে এভাবে সাজানো হয়েছে-

دلالت سه قسم است منطق تمام * تطابق تضمن دگر التزام -

অর্থাৎ মানতিকশাস্ত্রে দালালত তিন প্রকার। যথা- *মুতাবেকী, তাযামুনী ও ইলতেযামী।*

জ্ঞাতব্য : لَازِمْ দু'প্রকার। যথা- ১. عُرْفِىْ ও ২. عَقْلِىْ

১. لَازِمِ عُرْفِىْ তথা لَازِمْ-টি مَلْزُوْمْ-এর জন্য عُرْف বা প্রচলনগতভাবে لَازِمْ হওয়া।

২. لَازِمِ عَقْلِىْ তথা عَقْل বা জ্ঞানের দৃষ্টিতে مَلْزُوْمْ-এর জন্য لَازِمْ হওয়া। অতএব, اِنْسَانْ-এর دَلَالَة ইলমের যোগ্য ব্যক্তির উপর হওয়া لَازِمِ عُرْفِىْ-এর উদাহরণ। আর عَمٰى শব্দের দালালত بَصَرْ-এর উপর হওয়া لَازِمِ عَقْلِىْ -এর উদাহরণ।

www.islamijindegi.com

فَصْلٌ : اَلدَّلَالَةُ التَّضَمُّنِيَّةُ وَالْاِلْتِزَامِيَّةُ لَا تُوجَدَانِ بِدُوْنِ الْمُطَابِقَةِ وَ ذٰلِكَ لِاَنَّ الْجُزْءَ لَا يُتَصَوَّرُ بِدُوْنِ الْكُلِّ وَكَذَا اللَّازِمِ بِدُوْنِ الْمَلْزُوْمِ وَالتَّابِعُ لَا يُوجَدُ بِدُوْنِ الْمَتْبُوْعِ وَالْمُطَابِقَةُ قَدْ تُوجَدُ بِدُوْنِهِمَا لِجَوَازِ اَنْ يُوضَعَ اللَّفْظُ لِمَعْنًى بَسِيْطٍ لَا جُزْءَ لَهُ وَلَا لَازِمَ لَهُ ـ فَاِنْ قُلْتَ لَا نُسَلِّمُ اَنْ يُوجَدَ مَعْنًى لَا لَازِمَ لَهُ فَاِنَّ لِكُلِّ مَعْنًى لَازِمًا اَلْبَتَّةَ وَاَقَلُّهُ اَنَّهُ لَيْسَ غَيْرُهُ قُلْنَا اَلْمُرَادُ بِاللَّازِمِ هُوَ اللَّازِمُ الْبَيِّنُ الَّذِىْ يَنْتَقِلُ الذِّهْنُ مِنَ الْمَلْزُوْمِ اِلَيْهِ وَقَوْلُكَ لَيْسَ غَيْرُهُ لَيْسَ مِنَ اللَّوَازِمِ الْبَيِّنَةِ لِاَنَّا كَثِيْرًا مَّا نَتَصَوَّرُ الْمَعَانِىْ وَلَا يَخْطُرُ بِبَالِنَا مَعْنَى الْغَيْرِ فَضْلًا عَنْ كَوْنِهِ لَيْسَ غَيْرُهُ –

সরল অনুবাদ : পরিচ্ছেদ : دَلَالَة تَضَمُّنِى ও اِلْتِزَامِى دَلَالَة উভয়টিই مُطَابِقِى دَلَالَة ব্যতিরেকে পাওয়া যায় না। কেননা كُل ছাড়া جُزْء -এর কল্পনাও করা যায় না। তদ্রূপ مَلْزُوْم ব্যতীত لَازِم -এর কল্পনা করা যায় না এবং تَابِع -কেও مَتْبُوْع ব্যতীত পাওয়া যায় না। তবে مُطَابِقَة -কে কখনো উক্ত দু'টি ছাড়াও পাওয়া যায়। শব্দটিকে এমন بَسِيْط -এর জন্য গঠন করা বৈধ হওয়ার কারণে, যার কোনো جُزْء এবং لَازِم নেই।

যদি তুমি বল যে, কোনো অর্থ لَازِم বিহীন রয়েছে, তা আমরা মেনে নিতে পারি না, কেননা, প্রতিটি অর্থের জন্য কোনো না কোনো لَازِم অবশ্যই রয়েছে। অন্তত পক্ষে এতটুকুতো অবশ্যই রয়েছে যে, এ অর্থটি একমাত্র এ জন্যই নির্দিষ্ট, তাহলে আমি বলবো যে, لَازِم বলতে এখানে لَازِم بَيِّنَة বুঝানো হয়েছে। আর তা হচ্ছে– যে শব্দ উচ্চারণ করার সাথে সাথে চিন্তা-গবেষণা ব্যতীত-ই খেয়াল যে لَازِم -এর দিকে ধাবিত হয়। আর তোমার কথা لَيْسَ غَيْرُهُ 'এ অর্থটি ব্যতীত অন্য কিছু না' এটা لَازِم بَيِّنَة নয়। কেননা, আমরা অনেক সময় অনেক অর্থের কল্পনা করে থাকি; কিন্তু ঐ সকল অর্থ ব্যতীত অন্য শব্দের অর্থ আমাদের হৃদয়ে কখনো আসে না, আর لَيْسَ غَيْرُهُ এটি কল্পনায় আসা তো অনেক দূরের কথা।

শাব্দিক অনুবাদ : فَصْلٌ পরিচ্ছেদ اَلدَّلَالَةُ التَّضَمُّنِيَّةُ দালালাতে তাযাম্মুনিয়া وَالْاِلْتِزَامِيَّةُ ও দালালাতে ইলতিযামিয়া لَا تُوجَدَانِ উপভয়টিই পাওয়া যায় না بِدُوْنِ الْمُطَابِقَةِ দালালাতে মুতাবিকী ব্যতিরেকে وَ ذٰلِكَ আর তা لِاَنَّ الْجُزْءَ কেননা جُزْء [অংশ]-এর لَا يُتَصَوَّرُ কল্পনাও করা যায় না بِدُوْنِ الْكُلِّ - كُلّ [পূর্ণ] ছাড়া وَكَذَا اللَّازِمَ তদ্রূপ لَازِم-এর কল্পনা করা যায় না بِدُوْنِ الْمَلْزُوْمِ - مَلْزُوْم ব্যতীত وَالتَّابِعُ এবং تَابِع-কে لَا يُوجَدُ পাওয়া যায় না بِدُوْنِ الْمَتْبُوْعِ - مَتْبُوْع ব্যতীত وَالْمُطَابِقَةُ তবে مُطَابِقَة-কে قَدْ تُوجَدُ কখনো পাওয়া যায় بِدُوْنِهِمَا উক্ত দু'টি ছাড়াও لِجَوَازِ বৈধ হওয়ার কারণে اَنْ يُوضَعَ اللَّفْظُ শব্দটিকে গঠন করা لِمَعْنًى بَسِيْطٍ এমন بَسِيْط-এর জন্য لَا جُزْءَ لَهُ যার কোনো جُزْء নেই وَلَا لَازِمَ لَهُ এবং لَازِم নেই فَاِنْ قُلْتَ যদি তুমি বল যে لَا نُسَلِّمُ আমরা মেনে নিতে পারি না اَنْ يُوجَدَ مَعْنًى কোনো অর্থ পাওয়া যাওয়া لَا لَازِمَ لَهُ যার কোনো لَازِم নেই فَاِنَّ কেননা لِكُلِّ مَعْنًى প্রতিটি অর্থের জন্য لَازِمًا اَلْبَتَّةَ কোনো না কোনো لَازِم অবশ্যই রয়েছে وَاَقَلُّهُ অন্তত পক্ষে এতটুকুতো অবশ্যই রয়েছে اَنَّهُ لَيْسَ غَيْرُهُ যে, এ অর্থটি একমাত্র এ জন্যই নির্দিষ্ট অন্য কিছুর জন্য নয় قُلْنَا তাহলে আমরা বলবো যে, اَلْمُرَادُ بِاللَّازِمِ - لَازِم বলতে এখানে বুঝানো হয়েছে هُوَ اللَّازِمُ الْبَيِّنُ তা لَازِم بَيِّن - الَّذِىْ يَنْتَقِلُ তা হচ্ছে– যা ধাবিত হয় الذِّهْنُ খেয়াল مِنَ الْمَلْزُوْمِ মালযূম হতে اِلَيْهِ যে لَازِم -এর দিকে وَقَوْلُكَ আর তোমার কথা لَيْسَ غَيْرُهُ লাইসা গাইরুহু (এ অর্থটি ব্যতীত অন্য কিছু নয়) শব্দটি لَيْسَ مِنَ اللَّوَازِمِ الْبَيِّنَةِ এটি لَازِم بَيِّنَة নয় لِاَنَّا كَثِيْرًا مَّا কেননা, আমরা অনেক সময় نَتَصَوَّرُ কল্পনা করে থাকি الْمَعَانِىْ অনেক অর্থের وَلَا يَخْطُرُ কিন্তু আসে না بِبَالِنَا আমাদের হৃদয়ে مَعْنَى الْغَيْرِ ঐ সকল অর্থ ব্যতীত অন্য শব্দের অর্থ فَضْلًا عَنْ كَوْنِهِ কল্পনায় আশা তো অনেক দূরের কথা لَيْسَ غَيْرُهُ - لَيْسَ غَيْرُهُ টি।

www.islamijindegi.com

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ اَلدَّلَالَةُ التَّضَمُّنِيَّةُ الخ -এর আলোচনা : মুসান্নিফ (র.) দালালতের প্রকারত্রয় তথা مُطَابِقِىْ, تَضَمُّنِىْ ও اِلْتِزَامِىْ বর্ণনা করার পর তাদের পরস্পরের সম্পর্ক বর্ণনা করেছেন যে, دَلَالَة تَضَمُّنِىْ এবং دَلَالَة اِلْتِزَامِىْ এ দু'টি আপন অস্তিত্ব লাভের ব্যাপারে مُطَابِقِىْ-এর মুখাপেক্ষী। কারণ, دَلَالَة تَضَمُّنِىْ হয় جُزْء -এর উপর, আর دَلَالَة اِلْتِزَامِىْ হয় লাযেমের উপর। যেহেতু جُزْء কখনো كُلّ ব্যতীত এবং লাযেম مَلْزُوْم ব্যতীত পাওয়া যায় না, সেহেতু دَلَالَة تَضَمُّنِىْ ও دَلَالَة اِلْتِزَامِىْ এ দু'টি دَلَالَة مُطَابِقِىْ ছাড়া পাওয়া যায় না। পক্ষান্তরে دَلَالَة مُطَابِقِىْ টি دَلَالَة تَضَمُّنِىْ ও دَلَالَة اِلْتِزَامِىْ ব্যতীত পাওয়া যেতে পারে। কেননা, কোনো একটি শব্দ এমন অর্থের জন্য গঠিত হয়েছে, যা بَسِيْط (যার কোনো জুয নেই) এবং তার কোনো লাযেমও নেই। সুতরাং এ ক্ষেত্রে دَلَالَة مُطَابِقِىْ পাওয়া যাচ্ছে, কিন্তু جُزْء এবং লাযেম না থাকার দরুন دَلَالَة تَضَمُّنِىْ [দালালতে তাযামুনী] ও دَلَالَة اِلْتِزَامِىْ [দালালতে ইলতিযামী] পাওয়া যাচ্ছে না।

قَوْلُهُ فَاِنْ قُلْتَ لَا نُسَلِّمُ الخ –এর আলোচনা : এখানে একটি সম্ভাব্য প্রশ্ন উত্থাপন করত তার উত্তর দিয়েছেন। প্রশ্নটি হলো, পূর্বে বলা হয়েছে যে, এমন অর্থও হতে পারে যার কোনো لَازِمْ নেই ; কথাটা সঠিক নয়, কেননা لَازِمْ বিহীন কোনো مَعْنٰى নেই। কারণ, প্রত্যেক مَعْنٰى-রই কোনো না কোনো লাযেম না আছে, কমপক্ষে এতটুকু বিষয় অবশ্যই তার জন্য লাযেম যে, সে তার غَيْر [গায়ের] নয়। লেখক উক্ত প্রশ্নের জবাবে বলেন, পূর্বে যে লাযেমের কথা আলোচনা করা হয়েছে তা দ্বারা لَازِم بَيِّنَة -কে বুঝানো হয়েছে। لَازِم بَيِّنَة ঐ লাযেমকে বলা হয়, মালযূমের কথা বলা হলে যার দিকে ধারণা যায়। আর لَيْسَ غَيْرُهُ "তা নিজের গায়ের নয়" এ বিষয়টি لَازِم بَيِّنَة-এর অন্তর্ভুক্ত নয়। কারণ, আমরা কতক مَعْنٰى-এর কল্পনা করে থাকি কিন্তু لَيْسَ غَيْرُهُ (তা নিজের গায়ের নয়) দূরের কথা, غَيْر (ভিন্ন)-এর مَعْنٰى-এর দিকেই ধারণা যায় না। সুতরাং এটি কোনো مَعْنٰى-এর জন্য লাযেম হতে পারে না।

قَوْلُهُ اَللَّازِمُ الْبَيِّنُ-এর আলোচনা : لَازِمْ দু'প্রকার। যথা- ১. لَازِم بَيِّن, ২. لَازِم غَيْر بَيِّن। অতঃপর لَازِم بَيِّنْ আবার দু'প্রকার। যেমন- ১. لَازِم بَيِّن بِالْمَعْنَى الْاَعَمّ, ২. لَازِم بَيِّن بِالْمَعْنَى الْاَخَصّ

১. **لَازِم بَيِّن بِالْمَعْنَى الْاَعَمّ-এর পরিচয় :** যখন মালযূম ও লাযেমের কল্পনা করে তখন মালযূম ও লাযেমের মধ্যে لُزُوْم-এর নিশ্চয়তা অর্জিত হয়।

আর لَازِم غَيْر بَيِّن بِالْمَعْنَى الْاَعَمّ ঐ لَازِمْ-কে বলে, যে لَازِمْ ও مَلْزُوْم-এর কল্পনা করলে উভয়ের মধ্যে لُزُوْم-এর নিশ্চয়তা অর্জিত হয় না।

২. **لَازِم بَيِّن بِالْمَعْنَى الْاَخَصّ-এর পরিচয় :** কোনো ব্যক্তি যখন مَلْزُوْم-এর تَصَوُّر (কল্পনা) করে, তখন مَلْزُوْم হতে لازم-এর দিকে সরাসরি ذهن প্রত্যাবর্তিত হবে।

আর لَازِم غَيْر بَيِّن بِالْمَعْنَى الْاَخَصّ ঐ لَازِمْ-কে বলে مَلْزُوْم হতে যার দিকে ذِهْن প্রত্যাবর্তিত হয় না। উল্লেখ্য, لازم بين بِالْمَعْنَى الْاَخَصّ দালালতে ইলতেযামীর জন্য প্রয়োজন।

একনজরে لَازِمْ-এর প্রকারভেদ



www.islamijindegi.com

فَصْلٌ : اَللَّفْظُ الدَّالُّ اِمَّا مُفْرَدٌ وَاِمَّا مُرَكَّبٌ فَالْمُفْرَدُ مَا لَا يُقْصَدُ بِجُزْئِهِ الدَّلَالَةُ عَلٰى جُزْءِ مَعْنَاهُ كَدَلَالَةِ هَمْزَةِ الْاِسْتِفْهَامِ عَلٰى مَعْنَاهُ وَ دَلَالَةِ زَيْدٍ عَلٰى مُسَمَّاهُ وَ دَلَالَةِ عَبْدِ اللّٰهِ عَلَى الْمَعْنَى الْعَلَمِيِّ وَالْمُرَكَّبُ مَا يُقْصَدُ بِجُزْئِهِ الدَّلَالَةُ عَلٰى جُزْءِ مَعْنَاهُ كَدَلَالَةِ زَيْدٌ قَائِمٌ عَلٰى مَعْنَاهُ وَ دَلَالَةِ رَامِي السَّهْمِ عَلٰى فَحْوَاهُ ثُمَّ الْمُفْرَدُ عَلٰى اَنْحَاءٍ ثَلٰثَةٍ لِاَنَّهُ اِنْ كَانَ مَعْنَاهُ مُسْتَقِلًّا بِالْمَفْهُوْمِيَّةِ اَيْ لَمْ يَكُنْ فِيْ فَهْمِهِ مُحْتَاجًا اِلٰى ضَمِّ ضَمِيْمَةٍ فَهُوَ اِسْمٌ اِنْ لَمْ يَقْتَرِنْ ذٰلِكَ الْمَعْنٰى بِزَمَانٍ مِنَ الْاَزْمِنَةِ الثَّلٰثَةِ وَكَلِمَةٌ اِنِ اقْتَرَنَ بِهٖ وَاِنْ لَمْ يَكُنْ مَعْنَاهُ مُسْتَقِلًّا فَهُوَ اَدَاةٌ فِيْ عُرْفِ الْمِيْزَانِيِّيْنَ وَحَرْفٌ فِيْ اِصْطِلَاحِ النَّحْوِيِّيْنَ هٰذَا ـ

সরল অনুবাদ : পরিচ্ছেদ : দালালতকারী শব্দ হয়তো مُفْرَدٌ হবে বা مُرَكَّبٌ হবে। مُفْرَدٌ এমন শব্দকে বলা হয় যার অংশ দ্বারা তার অর্থের অংশের উপর দালালত করা উদ্দেশ্য হয় না। যেমন– هَمْزَةُ الْاِسْتِفْهَامِ-এর দালালত তার অর্থের উপর এবং زَيْد শব্দের দালালত তার مُسَمّٰى-এর উপর এবং عَبْدُ اللّٰهِ-এর দালালত তার নাম বাচক অর্থের উপর। আর مُرَكَّبٌ ঐ শব্দকে বলা হয় যার অংশ দ্বারা তার অর্থের অংশের উপর দালালত করা উদ্দেশ্য হবে। যথা– زَيْدٌ قَائِمٌ (যায়েদ দণ্ডায়মান)-এর দালালত তার অর্থের উপর এবং رَامِي السَّهْمِ (তীর নিক্ষেপকারী)-এর দালালত তার ভাবার্থের উপর। অতঃপর مُفْرَدٌ আবার তিন ভাগে বিভক্ত এজন্য যে, যদি তা স্বীয় অর্থ প্রকাশে স্বয়ংসম্পূর্ণ হয় তথা তার অর্থ বুঝতে অন্য কিছু মিলানোর প্রয়োজন না হয় ; তবে তাকে اِسْم বলা হবে– যদি ঐ অর্থটি তিন কালের কোনো এক কালের সাথে সম্পৃক্ত না হয়। আর যদি কোনো এক কালের সাথে সম্পৃক্ত হয়, তবে তাকে كَلِمَة বলা হবে। আর যদি স্বীয় অর্থ প্রকাশে পরের মুখাপেক্ষী হয়, তবে তাকে মানতিকী পরিভাষায় اَدَاة বলা হবে, আর নাহবীদের পরিভাষায় তাকে حَرْف বলা হবে।

শাব্দিক অনুবাদ : فَصْلٌ পরিচ্ছেদ اَللَّفْظُ الدَّالُّ দালালতকারী শব্দ اِمَّا مُفْرَدٌ হয়তো مُفْرَدٌ হবে وَاِمَّا مُرَكَّبٌ বা مُرَكَّبٌ হবে فَالْمُفْرَدُ মুফরাদ এমন শব্দকে বলা হয় مَا لَا يُقْصَدُ উদ্দেশ্য হয় না بِجُزْئِهِ যার অংশ দ্বারা الدَّلَالَةُ দালালত করা عَلٰى جُزْءِ مَعْنَاهُ তার অর্থের অংশের উপর كَدَلَالَةِ যেমন– দালালত هَمْزَةِ الْاِسْتِفْهَامِ হামযায়ে ইসতিফহামের عَلٰى مَعْنَاهُ তার অর্থের উপর وَ دَلَالَةِ زَيْدٍ এবং زَيْد শব্দের দালালত عَلٰى مُسَمَّاهُ তার مُسَمّٰى-এর উপর وَدَلَالَةِ عَبْدِ اللّٰهِ এবং عَبْدُ اللّٰهِ-এর দালালত عَلَى الْمَعْنَى তার অর্থের উপর الْعَلَمِيِّ নামবাচক وَالْمُرَكَّبُ আর مُرَكَّبٌ ঐ শব্দকে বলা হয় مَا يُقْصَدُ উদ্দেশ্য হবে بِجُزْئِهِ যার অংশ দ্বারা الدَّلَالَةُ দালালত করা عَلٰى جُزْءِ مَعْنَاهُ তার অর্থের অংশের উপর كَدَلَالَةِ যেমন– দালালত زَيْدٌ قَائِمٌ যায়েদ দণ্ডায়মান-এর عَلٰى مَعْنَاهُ তার অর্থের উপর وَ دَلَالَةِ এবং দালালত رَامِي السَّهْمِ তীর নিক্ষেপকারী-এর عَلٰى فَحْوَاهُ তার ভাবার্থের উপর ثُمَّ الْمُفْرَدُ অতঃপর مُفْرَدٌ আবার عَلٰى اَنْحَاءٍ ثَلٰثَةٍ তিন ভাগে বিভক্ত لِاَنَّهُ নিশ্চয়ই اِنْ كَانَ যদি তা مَعْنَاهُ مُسْتَقِلًّا স্বীয় অর্থ স্বয়ংসম্পূর্ণ হয় بِالْمَفْهُوْمِيَّةِ প্রকাশে اَيْ لَمْ يَكُنْ তথা না হয় فِيْ فَهْمِهِ তার অর্থ বুঝাতে مُحْتَاجًا মুখাপেক্ষী اِلٰى ضَمِّ মিলানোর ضَمِيْمَةٍ অন্য কিছু فَهُوَ اِسْمٌ তবে তাকে اِسْم বলা হবে اِنْ لَمْ يَقْتَرِنْ যদি সম্পৃক্ত না হয় ذٰلِكَ الْمَعْنٰى ঐ অর্থটি بِزَمَانٍ কোনো এক কালের সাথে مِنَ الْاَزْمِنَةِ الثَّلٰثَةِ তিন কালের وَكَلِمَةٌ আর তাকে كَلِمَة বলা হবে اِنِ اقْتَرَنَ بِهٖ যদি সম্পৃক্ত হয় وَاِنْ لَمْ يَكُنْ مَعْنَاهُ আর যদি স্বীয় অর্থ প্রকাশে না হয় مُسْتَقِلًّا স্বয়ংসম্পূর্ণ فَهُوَ اَدَاةٌ তবে তাকে اَدَاة বলা হবে فِيْ عُرْفِ الْمِيْزَانِيِّيْنَ মানতিকীদের পরিভাষায় وَحَرْفٌ আর حَرْف বলা হয় فِيْ اِصْطِلَاحِ النَّحْوِيِّيْنَ هٰذَا নাহবীদের পরিভাষায়।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ اَللَّفْظُ الدَّالُّ الخ -এর আলোচনা : মুসান্নিফ (র.) এখানে مُطَابِقِيْ হিসেবে স্বীয় অর্থের উপর দালালতকারী শব্দের প্রকারভেদ বর্ণনা করেছেন। তা দু' প্রকার ১. مُفْرَدٌ ২. مُرَكَّبٌ

১. مُفْرَدٌ -এর আভিধানিক অর্থ : আভিধানিক দৃষ্টিকোণ হতে مُفْرَدٌ শব্দটি বাবে اِفْعَال-এর اَلْاِفْرَادُ মাসদার হতে اِسْمُ مَفْعُوْل-এর সীগাহ। এর অর্থ হলো– وَاحِدٌ বা এক। যথা– جَمْعُ اِفْرَادٍ ; আবার এর অর্থ اَلْوَحِيْدُ বা একক। যথা, আল্লাহর বাণী– رَبِّ لَا تَذَرْنِيْ فَرْدًا

www.islamijindegi.com

পারিভাষিক সংজ্ঞা :

১. مُفْرَدْ-এর পারিভাষিক পরিচয় দিতে গিয়ে মিরকাত গ্রন্থকার বলেন- اَلْمُفْرَدُ مَا لَايُقْصَدُ بِجُزْئِهِ الدَّلَالَةُ عَلٰى جُزْءِ مَعْنَاهُ অর্থাৎ مُفْرَدْ এমন শব্দ যার অংশ তার অর্থের অংশের উপর দালালত করা উদ্দেশ্য হয় না।

২. গ্রন্থকার (র.)-এর পরিচয় দিতে গিয়ে বলেন- اَلدَّالُّ بِالْمُطَابَقَةِ اِنْ لَمْ يُقْصَدْ بِجُزْئِهِ دَلَالَةٌ عَلٰى جُزْءِ مَعْنَاهُ অর্থাৎ যে শব্দ دَلَالَة مُطَابِقِيَّة অনুযায়ী অর্থ প্রকাশ করে ; সে শব্দের অর্থ দ্বারা যদি তার অর্থের অংশ বুঝানো উদ্দেশ্য না হয়, তবে তাকে مُفْرَدْ বলে।

৩. আল-মু'জামুল ওয়াসীত অভিধান প্রণেতা বলেন- اَلْمُفْرَدُ مَا لَايَدُلُّ جُزْءُهُ عَلٰى جُزْءِ مَعْنَاهُ অর্থাৎ مُفْرَدْ ঐ শব্দ যার অংশ তার অর্থের অংশকে বুঝায় না। যথা- زَيْد শব্দটি দ্বারা কোনো এক ব্যক্তিকে বুঝায়, কিন্তু শব্দটির তিনটি অংশ রয়েছে। যথা- ز - ى - د -এর যে-কোনো একটি দ্বারা যায়েদের কোনো অংশ উদ্দেশ্য হয় না।

জেনে রাখা প্রয়োজন যে, مُفْرَدْ-এর কয়েকটি অবস্থা রয়েছে-

১. শব্দেরও অংশ হবে না এবং অর্থেরও অংশ হবে না। যথা - هَمْزَةُ الْاِسْتِفْهَام বা প্রশ্নবোধক হামযাহ।

২. শব্দের অংশ আছে কিন্তু শব্দের অংশ অর্থের অংশের উপর দালালত করবে না। যথা- زَيْد কেননা زَيْد-এর শব্দের অংশ হলো ز - ى - د কিন্তু এ অংশগুলো দ্বারা যায়েদের অর্থের কোনো অংশ বুঝাবে না।

৩. শব্দের অংশ রয়েছে এবং অর্থের অংশও রয়েছে, কিন্তু শব্দের অংশ অর্থের অংশের উপর دَلَالَة করা উদ্দেশ্য হবে না। যথা- عَبْدُ اللّٰه (যদি কারো নাম হয়)। এ শব্দটির শব্দের অংশ হলো عَبْدٌ ও اَللّٰهُ আর এর অর্থের অংশ হলো বান্দা ও আল্লাহ। কিন্তু উভয় শব্দটিকে একত্রে মিলিয়ে কোনো এক ব্যক্তির নাম রেখে দেওয়ার কারণে তা উদ্দেশ্য হয় না, বিধায় এটি مُفْرَدْ হবে।

৪. শব্দ ও অর্থ উভয়ের অংশ আছে, শব্দের অংশ অর্থের অংশের উপর دَلَالَة ও করে, কিন্তু এ دَلَالَة এখানে উদ্দেশ্য হবে না। যথা- حَيَوَانٌ نَاطِقٌ যদি কারো নাম রেখে দেওয়া হয়। এখানে শব্দের অংশ রয়েছে এবং অর্থের অংশও রয়েছে এবং শব্দের অংশ অর্থের অংশের উপর দালালতও করে, কিন্তু এখানে حَيَوَانٌ نَاطِقٌ টি কোনো ব্যক্তির নাম রেখে দেওয়ার কারণে তা উদ্দেশ্য হয় না, বিধায় এটি مُفْرَدْ হবে।

২. مُرَكَّبْ-এর مُرَكَّبْ-এর **আভিধানিক অর্থ :** مُرَكَّبْ শব্দটি اِسْم مَفْعُوْل-এর وَاحِدْ مُذَكَّرْ-এর সীগাহ। মাসদার اَلتَّرْكِيْبُ মাদ্দাহ (ر . ك . ب) জিনসে সহীহ। এর ইংরেজি প্রতিশব্দ Compound. আভিধানিক অর্থ- ১. اَلضَّمُّ বা মিশানো, ২. تَالِيْفُ شَيْءٍ بِشَيْءٍ বা এক বস্তুর সাথে অন্য বস্তুকে মিলানো, ৩. اَلْاِخْلَاطُ বা একাধিক বস্তুর মিশ্রণ ঘটানো, ৪. اَلْاِضَافَةُ বা সম্বন্ধযুক্ত করা, ৫. যৌগিক, ৬. মিশ্রিত ইত্যাদি।

পারিভাষিক সংজ্ঞা : مُرَكَّبْ-এর পারিভাষিক সংজ্ঞা প্রদানে আলিমদের অভিমত নিম্নরূপ-

১. মিরকাত গ্রন্থকার আল্লামা ফযলে ইমাম (র.) বলেন- اَلْمُرَكَّبُ هُوَ مَا يُقْصَدُ بِجُزْئِهِ الدَّلَالَةُ عَلٰى جُزْءِ مَعْنَاهُ অর্থাৎ مُرَكَّبْ এমন শব্দকে বলা হয়, যার অংশ দ্বারা তার অর্থের অংশের উপর দালালত করা উদ্দেশ্য হয়।

২. মীযানুল মানতিক গ্রন্থকার বলেন- اَلدَّلَالَةُ بِالْمُطَابَقَةِ اِنْ قُصِدَ بِجُزْئِهِ دَلَالَةٌ عَلٰى جُزْءِ مَعْنَاهُ فَهُوَ مُرَكَّبٌ অর্থাৎ দালালতে মুতাবেকী দ্বারা যদি এমন উদ্দেশ্য নেওয়া হয় যে, এর শব্দাংশ তার অর্থের অংশের উপর দালালত করবে, তবে তাকে মুরাক্কাব বলে।

৩. কারো কারো মতে- اَلْمُرَكَّبُ هُوَ دَلَالَةُ جُزْءِ اللَّفْظِ عَلٰى جُزْءِ الْمَعْنٰى

৪. আবার কেউ বলেন- مَا يَدُلُّ جُزْءُهُ عَلٰى جُزْءِ مَعْنَاهُ

উপরিউক্ত সংজ্ঞা দ্বারা বুঝা যায়, مُرَكَّبْ-এর চারটি বৈশিষ্ট্য রয়েছে। যেমন- ১. مُرَكَّبْ-এর শব্দের جُزْء থাকবে। ২. শব্দের جُزْء অর্থের جزء-এর উপর দালালত করবে। ৩. مُرَكَّبْ-এর অর্থের جُزْء থাকবে। ৪. এ دَلَالَة একই সাথে উদ্দেশ্য হবে।

قَوْلُهُ ثُمَّ الْمُفْرَدُ عَلٰى اَنْحَاءٍ ثَلَاثَةٍ الخ -এর আলোচনা : গ্রন্থকার উক্ত ইবারতে مُفْرَدْ-এর প্রকারভেদ বর্ণনা করেছেন। مُفْرَدْ তিন প্রকার। যথা- ১. اِسْم ২. كَلِمَة ৩. اَدَاتْ নিম্নে এগুলোর পরিচয় বর্ণিত হলো-

১. اِسْم**-এর পরিচয় :** মিরকাত প্রণেতার মতে, যে مُفْرَدْ শব্দ স্বতন্ত্রভাবে নিজ অর্থ প্রকাশে সক্ষম এবং অতীত, বর্তমান ও ভবিষ্যৎ এ তিনকালের কোনো কালের সাথে সে সম্পর্ক রাখে না, তাকে اِسْم বলে। যেমন- رَجُلٌ [পুরুষ]।

২. كَلِمَة**-এর পরিচয় :** মিরকাত প্রণেতার মতে, যে مُفْرَدْ শব্দ স্বতন্ত্রভাবে নিজ অর্থ প্রকাশে সক্ষম এবং তিনকালের কোনো এককালের সাথে সম্পর্ক রাখে, তাকে كَلِمَة বলা হয়। আর নাহুবিদদের পরিভাষায় এটাকে فِعْل বলা হয়। তবে কোনো কোনো ক্ষেত্রে একই শব্দকে নাহুবিদদের মতে فِعْل বলা হলেও মানতিকীদের মতে كَلِمَة [কালিমা] বলা হয় না। যেমন- اِفْعَلْ নাহুবিদদের মতে فِعْل কিন্তু মানতিকীদের মতে كَلِمَة নয়। কারণ, كَلِمَة হলো মুফরাদের প্রকার বিশেষ। আর اِفْعَلْ শব্দের جزء দ্বারা তার مَعْنٰى-এর جُزْء-এর উপর دَلَالَة উদ্দেশ্য হেতু এটা মুরাক্কাব; মুফারাদ নয়।

৩. اَدَاتْ**-এর পরিচয় :** মিরকাত প্রণেতার মতে, যে مُفْرَدْ অন্যের সাহায্য বা আশ্রয় ব্যতীত স্বতন্ত্রভাবে স্বীয় অর্থ প্রকাশ করতে পারে না, তাকে মানতিকীদের পরিভাষায় اَدَاتْ বলা হয়। নাহুবিদদের পরিভাষায় এটাকে حَرْف বলা হয়। যেমন- هٰذَا শব্দটি خُذْ উহ্য فِعْل-এর মাফউল এর অর্থ হলো- স্মরণ রাখো বা মুখস্থ করে নাও। অথবা এখানে مَا শব্দটি اِسْم فِعْل-এর অর্থ خُذْ আর ইসমে ইশারা هٰذَا মাফউল। সুতরাং উভয় অবস্থায় একই অর্থ হবে।

www.islamijindegi.com

فَصْلٌ : اِعْلَمْ اَنَّهٗ قَدْ ظَنَّ بَعْضُهُمْ اَنَّ الْكَلِمَةَ عِنْدَ اَهْلِ الْمِيْزَانِ هِىَ مَا يُسَمّٰى فِىْ عِلْمِ النَّحْوِ بِالْفِعْلِ وَلَيْسَ هٰذَا الظَّنُّ بِصَوَابٍ فَاِنَّ الْفِعْلَ اَعَمُّ مِنَ الْكَلِمَةِ اَلَاتَرٰى اَنَّ نَحْوَ اَضْرِبُ وَنَضْرِبُ وَاَمْثَالَهٗ فِعْلٌ عِنْدَ النُّحَاةِ وَلَيْسَ بِكَلِمَةٍ عِنْدَ الْمَنْطِقِيِّيْنَ . لِاَنَّ الْكَلِمَةَ مِنْ اَقْسَامِ الْمُفْرَدِ وَنَحْوُ اَضْرِبُ مَثَلًا لَيْسَ بِمُفْرَدٍ بَلْ هُوَ مُرَكَّبٌ لِدَلَالَةِ جُزْءِ اللَّفْظِ عَلٰى جُزْءِ الْمَعْنٰى فَاِنَّ الْهَمْزَةَ تَدُلُّ عَلَى الْمُتَكَلِّمِ وض . ر . ب عَلَى الْمَعْنَى الْحَدَثِ

সরল অনুবাদ : পরিচ্ছেদ : তোমরা জেনে রাখো যে, কোনো কোনো লোকের ধারণা মানতিক- শাস্ত্রবিদদের মতে যা كَلِمَة তাকেই নাহুশাস্ত্রবিদদের পরিভাষায় فِعْل বলা হয়। বস্তুত এ ধারণাটি সঠিক নয়। কেননা, فِعْل এটি كَلِمَة -এর তুলনায় ব্যাপক। কি দেখ না ! যে উদাহরণত اَضْرِبُ وَنَضْرِبُ এবং এদের অনুরূপ শব্দ নাহু শাস্ত্রবিদদের মতে ফে'ল, অথচ তা মানতিকশাস্ত্রবিদদের মতে كَلِمَة [কালিমা] নয়। কেননা, কালিমা মুফরাদের প্রকার। আর অনুরূপ উদাহরণ اَضْرِبُ শব্দটিও مُفْرَد নয়, বরং তা مُرَكَّب; শব্দের অঙ্গ অর্থের অঙ্গের উপর دَلَالَة করার কারণে। কেননা, هَمْزَه টি مُتَكَلِّم -এর উপর دَلَالَة করে। আর ض . ر . ب মূলধাতু مَعْنٰى حَدَث -এর উপর دَلَالَة করে।

শাব্দিক অনুবাদ : فَصْلٌ পরিচ্ছেদ اِعْلَمْ তোমরা জেনে রাখো যে, اَنَّهٗ قَدْ ظَنَّ بَعْضُهُمْ কোনো কোনো লোকের ধারণা اَنَّ الْكَلِمَةَ যা কালিমা عِنْدَ اَهْلِ الْمِيْزَانِ মানতিকশাস্ত্রবিদদের মতে هِىَ مَا يُسَمّٰى তাকেই বলা হয় فِىْ عِلْمِ النَّحْوِ নাহুশাস্ত্রবিদদের পরিভাষায় بِالْفِعْلِ ফে'ল وَلَيْسَ هٰذَا الظَّنُّ বস্তুত এ ধারণাটি নয় بِصَوَابٍ সঠিক فَاِنَّ الْفِعْلَ কেননা, ফে'ল اَعَمُّ مِنَ الْكَلِمَةِ এটি كَلِمَه-এর তুলনায় ব্যাপক اَلَا تَرٰى তুমি কি দেখ না! اَنَّ نَحْوَ اَضْرِبُ وَنَضْرِبُ যে উদাহরণত اَضْرِبُ وَنَضْرِبُ - وَاَمْثَالَهٗ এবং এদের অনুরূপ শব্দ فِعْلٌ ফে'ল عِنْدَ النُّحَاةِ নাহুশাস্ত্রবিদদের মতে وَلَيْسَ بِكَلِمَةٍ অথচ তা কালিমা নয় عِنْدَ الْمَنْطِقِيِّيْنَ মানতিকশাস্ত্রবিদদের মতে لِاَنَّ الْكَلِمَةَ কেননা, কালিমা مِنْ اَقْسَامِ الْمُفْرَدِ মুফরাদের প্রকার وَنَحْوُ اَضْرِبُ আর অনুরূপ اَضْرِبُ শব্দটিও مَثَلًا উদাহরণত لَيْسَ بِمُفْرَدٍ মুফরাদ নয় بَلْ هُوَ مُرَكَّبٌ বরং তা মুরাক্কাব لِدَلَالَةِ দালালত করার কারণে جُزْءِ اللَّفْظِ শব্দের অঙ্গ عَلٰى جُزْءِ الْمَعْنٰى অর্থের অঙ্গের উপর فَاِنَّ الْهَمْزَةَ কেননা, هَمْزَه টি تَدُلُّ দালালত করে عَلَى الْمُتَكَلِّمِ - مُتَكَلِّم-এর উপর وض . ر . ب আর ض . ر . ب মূলধাতু عَلَى الْمَعْنَى الْحَدَثِ - مَعْنٰى حَدَث-এর উপর দালালত করে।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهٗ اِعْلَمْ اَنَّهٗ قَدْ ظَنَّ الخ **-এর আলোচনা :** مُفْرَد-এর প্রকারের মধ্যে كَلِمَة -এর ব্যাপারে কারো কারো অভিমত হলো যে, মানতিকীদের নিকট যা كَلِمَة নাহুবিদদের মতে তা فِعْل গ্রন্থকার এখানে এই ধারণাটিকে ভ্রান্ত বলে বর্ণনা করেন এবং ভ্রান্ত হওয়ার প্রমাণ হিসেবে বলেন যে, মানতিকী পরিভাষায় مُفْرَد হলো যার অংশ অর্থের অংশের উপর دَلَالَة করা উদ্দেশ্য নয়। আর নাহুবিদদের পরিভাষায় فِعْل যথা اَضْرِبُ ইত্যাদির অংশ অর্থের অংশের উপর دلالة করে ; বিধায় তা مُفْرَد নয়; বরং مُرَكَّب- কেননা, اَضْرِبُ -এর হামযাহ مُتَكَلِّم বুঝায় এবং ضَرْب এটি مَعْنٰى مَصْدَرِىْ বুঝায়। সুতরাং মানতিকী كلمة নাহবী فعل নয়।

قَوْلُهٗ فَاِنَّ الْفِعْلَ اَعَمُّ مِنَ الْكَلِمَةِ **-এর আলোচনা :** প্রকাশ থাকে যে, মানতিকশাস্ত্রে যাকে كَلِمَة বলা হয় তা-ই কিন্তু নাহুশাস্ত্রে فِعْل নয়। কেননা, মানতিকীদের নিকট যা كَلِمَة তা مُفْرَد-এর প্রকার। আর নাহুবিদগণের মতে যা فِعْل যথা- اَضْرِبُ এবং نَضْرِبُ ইত্যাদি মানতিকীদের নিকট كَلِمَة নয় ; বরং এগুলো مُرَكَّب কেননা, এ সকল فِعْل-এর মধ্যে শব্দের অংশ অর্থের অংশ বুঝায়। যথা- اَضْرِبُ-এর মধ্যে هَمْزَه টি مُتَكَلِّم (উত্তম পুরুষ) এবং ض - ر - ب মূলধাতুর অর্থ প্রকাশ করে। তদ্রূপ مُضَارِع-এর মধ্যম পুরুষের পদসমূহ। কাজেই এগুলো مُرَكَّب হবে, كَلِمَه হবে না, যা مُفْرَد-এর প্রকার। অবশ্য কোনো কোনো فِعْل কখনো كَلِمَة হবে। যথা- অতীতকালের পদ ضَرَبَ ইত্যাদি। কাজেই এ কথা স্পষ্টই বুঝা গেল যে, মানতিকীদের كَلِمَة ও নাহুবিদদের فِعْل-এর মধ্যে عَام خَاص مُطْلَق -এর সম্পর্ক রয়েছে। কেননা, মানতিকীদের প্রতিটি كَلِمَة নাহুবিদদের فِعْل কিন্তু নাহুবিদদের প্রত্যেক فِعْل -ই মানতিকীদের নিকট كَلِمَة নয় ; বরং কোনো কোনো فِعْل মানতিক শাস্ত্রবিদগণের মতে كَلِمَة ; এ ছাড়াও নাহুবিদগণের মতে যা فِعْل তা সত্য-মিথ্যার অবকাশ রাখে, অথচ مُفْرَد কখনো সত্য-মিথ্যার অবকাশ রাখে না, বিধায় তা مُرَكَّب হবে। উল্লেখ্য, যে সকল مُفْرَد শব্দে কোনো কাল নেই, যথা- شَجَرٌ অথবা কাল আছে কিন্তু তা নির্ধারিত তিনকালের কোনো কাল নয়, যথা- زَمَانٌ , وَقْتٌ অথবা নির্দিষ্ট কাল আছে তবে তা গঠনগত দিক হতে নয়, যথা- اِسْمِ فَاعِلْ ও اِسْمِ مَفْعُوْل ইত্যাদি। এ সকল অবস্থায় اِسْم টি مُفْرَد হবে।

জ্ঞাতব্য যে, عَلَمْ-এর জন্য ضَمِيْر ، اِشَارَة ও مَعْهُوْد না হওয়ার শর্ত সম্মানিত গ্রন্থকার করেছেন। কেননা, عَلَمْ টা ব্যাপকতা মুক্ত হওয়া আবশ্যক, কিন্তু اِسْم ضَمِيْر ، اِشَارَة এবং مَعْهُوْد -এর মধ্যে গ্রন্থকার এ শর্ত করেননি ; বরং তিনি ضَمِيْر ও اِسْمِ اِشَارَة-কে عَلَمْ -এর উদাহরণ রূপে উপস্থাপন করেছেন।

www.islamijindegi.com

فَصْلٌ : قَدْ يَنْقَسِمُ الْمُفْرَدُ بِتَقْسِيْمٍ اٰخَرَ وَهُوَ اَنَّ الْمُفْرَدَ اِمَّا اَنْ يَكُوْنَ مَعْنَاهُ وَاحِدًا اَوْ يَكُوْنَ كَثِيْرًا وَالَّذِىْ لَهٗ مَعْنًى وَاحِدٌ عَلٰى ثَلٰثَةِ اَضْرُبٍ لِاَنَّهٗ لَا يَخْلُوْ اِمَّا اَنْ يَكُوْنَ ذٰلِكَ الْمَعْنٰى مُتَعَيَّنًا مُشَخَّصًا اَوْ لَمْ يَكُنْ وَالْاَوَّلُ يُسَمّٰى عَلَمًا كَزَيْدٍ وَهٰذَا وَهُوَ وَالْاَوْلٰى اَنْ يُسَمّٰى هٰذَا الْقِسْمُ بِالْجُزْئِى الْحَقِيْقِيِّ وَالثَّانِىْ اَىْ مَا لَا يَكُوْنُ مَعْنَاهُ الْوَاحِدُ مُشَخَّصًا بَلْ يَكُوْنُ لَهٗ اَفْرَادٌ كَثِيْرَةٌ هُوَ ضَرْبَانِ اَحَدُهُمَا اَنْ يَكُوْنَ صِدْقُ ذٰلِكَ الْمَعْنٰى عَلٰى سَائِرِ اَفْرَادِهٖ عَلٰى سَبِيْلِ الْاِسْتِوَاءِ مِنْ غَيْرِ اَنْ يَتَفَاوَتَ بِاَوَّلِيَّةٍ اَوْ اَوْلَوِيَّةٍ اَوْ اَشَدِّيَّةٍ اَوْ اَزْيَدِيَّةٍ وَيُسَمّٰى هٰذَا الْقِسْمُ بِالْمُتَوَاطِئِ لِتَوَاطُؤِ اَفْرَادِهٖ وَتَوَافُقِهَا فِىْ تَصَادُقِ ذٰلِكَ الْمَعْنَى الْعَامِّ كَالْاِنْسَانِ بِالنِّسْبَةِ اِلٰى زَيْدٍ وَعَمْرٍو وَبَكْرٍ ـ

ثَانِيْهُمَا اَنْ لَا يَكُوْنَ صِدْقُ ذٰلِكَ الْمَعْنَى الْعَامِّ فِىْ جَمِيْعِ اَفْرَادِهٖ عَلٰى وَجْهِ الْاِسْتِوَاءِ بَلْ يَكُوْنُ صِدْقُ ذٰلِكَ الْمَعْنٰى عَلٰى بَعْضِ الْاَفْرَادِ بِالْاَوَّلِيَّةِ اَوِ الْاَشَدِّيَّةِ اَوِ الْاَوْلَوِيَّةِ وَصِدْقُهَا عَلَى الْبَعْضِ الْاٰخَرِ بِاَضْدَادِ ذٰلِكَ كَالْوُجُوْدِ بِالنِّسْبَةِ اِلَى الْوَاجِبِ جَلَّ مَجْدُهٗ وَبِالنِّسْبَةِ اِلَى الْمُمْكِنِ وَكَالْبَيَاضِ بِالنِّسْبَةِ اِلَى الثَّلْجِ وَالْعَاجِ وَيُسَمّٰى هٰذَا الْقِسْمُ مُشَكِّكًا لِاَنَّهٗ يُوْقِعُ النَّاظِرَ فِى الشَّكِّ فِىْ كَوْنِهٖ مُتَوَاطِئًا اَوْ مُشْتَرِكًا ـ

সরল অনুবাদ : পরিচ্ছেদ : مُفْرَدْ কখনো অন্য বণ্টনে বিভক্ত হয়, আর তা এটি যে مُفْرَدْ -এর হয়তো এক অর্থ হবে অথবা অনেক অর্থ হবে। আর ঐ مُفْرَدْ যার অর্থ একটি হবে তা তিন প্রকার। এ জন্য যে, مُفْرَدْ দু'টি অবস্থা হতে (একত্রে) মুক্ত হবে না ; অর্থটি হয়তো مُتَعَيَّنْ مُشَخَّصْ তথা নির্দিষ্ট হবে, অথবা নির্দিষ্ট হবে না। প্রথমটিকে عَلَمْ [আলাম] বলা হয়। যেমন–زَيْدٌ ـ هٰذَا এবং هُوَ তবে এ প্রকারের নাম جُزْئِىْ حَقِيْقِىْ রাখাই উত্তম। আর দ্বিতীয়টি অর্থাৎ যার একটি অর্থ হয়ে নির্ধারিত হবে না; বরং তার অনেক اَفْرَادْ হবে, তা দু' প্রকার : এ দু'টির একটি হলো এই যে, এ অর্থটি তার সকল اَفْرَادْ বা সংখ্যার উপর সমভাবে প্রযোজ্য হবে। এদের মধ্যে প্রাথমিকতা, উত্তমতা, কঠোরতা ও আধিক্যতার কোনো পার্থক্য হবে না। আর এ ব্যাপক অর্থটি প্রযোজ্য হওয়ার ব্যাপারে তার اَفْرَادْ বা সাম স্য হওয়ার কারণে একে مُتَوَاطِئْ বলে। যেমন–بَكْرٌ ـ عَمْرٌو ـ زَيْدٌ اِنْسَانْ -এর اَفْرَادْ সংখ্যা ইত্যাদি।

দ্বিতীয়টি হচ্ছে– ঐ ব্যাপক অর্থ যা তার সমুদয় اَفْرَادْ-এর উপর সমভাবে প্রযোজ্য হয় না; বরং তার কিছু اَفْرَادْ -এর উপর প্রথমতা, উত্তমতা ও আধিক্যতা হিসেবে প্রযোজ্য হয়। আর অবশিষ্ট اَفْرَادْ -এর উপর উল্লিখিত অবস্থার বিপরীতভাবে প্রযোজ্য হয়। যথা– اَلْوُجُوْدُ (অস্তিত্ব)। আল্লাহর শাশ্বত অস্তিত্ব এবং ক্ষণস্থায়ী বস্তুর অস্তিত্ব হিসেবে এবং اَلْبَيَاضُ (শুভ্রতা) বরফ ও হস্তীদন্ত হিসেবে। এ প্রকারকে مُشَكِّكْ বলা হয়। কেননা, এটি দর্শককে এই সন্দেহে নিপতিত করে যে, এটি مُتَوَاطِئْ নাকি مُشْتَرِكْ

শাব্দিক অনুবাদ : فَصْلٌ পরিচ্ছেদ قَدْ يَنْقَسِمُ الْمُفْرَدُ মুফরাদ بِتَقْسِيْمٍ اٰخَرَ অন্য বণ্টনে وَهُوَ আর তা এই اَنَّ الْمُفْرَدَ যে مُفْرَدْ-এর اِمَّا اَنْ يَكُوْنَ হয়তো হবে مَعْنَاهُ তার অর্থ وَاحِدًا একটি اَوْ يَكُوْنَ كَثِيْرًا অথবা অনেক অর্থ হবে وَالَّذِىْ لَهٗ আর ঐ مُفْرَدْ যার عَلٰى ثَلٰثَةِ اَضْرُبٍ তা তিন প্রকার مَعْنًى وَاحِدٌ একটি অর্থ হবে لَا يَخْلُوْ এ জন্য যে, لِاَنَّهٗ মুক্ত হবে না

www.islamijindegi.com

اِمَّا اَنْ يَكُوْنَ হয়তো হবে ذٰلِكَ الْمَعْنٰى অর্থটি مُتَعَيِّنًا مُشَخَّصًا নির্দিষ্ট اَوْ لَمْ يَكُنْ অথবা নির্দিষ্ট হবে না وَالْاَوَّلُ প্রথমটিকে يُسَمّٰى বলা হয় عَلَمًا আলাম كَزَيْدٍ যেমন– زَيْدٌ . وَهُوَ . وَهٰذَا এবং هٰذَا ও هُوَ - اَلْاَوْلٰى তবে উত্তম اَنْ يُسَمّٰى নাম রাখা هٰذَا الْقِسْمُ এ প্রকারের بِالْجُزْئِيِّ الْحَقِيْقِيِّ - جُزْئِي حَقِيْقِي রাখাই وَالثَّانِيْ আর দ্বিতীয়টি اَيْ مَا لَا يَكُوْنُ অর্থাৎ যার হবে না مَعْنَاهُ الْوَاحِدُ একটি অর্থ হয়ে مُشَخَّصًا নির্ধারিত بَلْ يَكُوْنُ বরং হবে لَهٗ اَفْرَادٌ তার اَفْرَادٌ - كَثِيْرَةٌ অনেক هُوَ ضَرْبَانِ তা দু'প্রকার اَحَدُهُمَا এ দু'টির একটি হলো اَنْ يَكُوْنَ যে, হবে صِدْقُ প্রযোজ্য ذٰلِكَ الْمَعْنٰى এ অর্থটি عَلٰى سَائِرِ اَفْرَادِهٖ তার সকল اَفْرَادٌ বা সংখ্যার উপর عَلٰى سَبِيْلِ الْاِسْتِوَاءِ সমভাবে مِنْ غَيْرِ হবে না اَنْ يَتَفَاوَتَ কোনো পার্থক্য بِاَوَّلِيَّةٍ প্রাথমিকতা اَوْ اَوْلَوِيَّةٍ উত্তমতা اَوْ اَشَدِّيَّةٍ কঠোরতা اَوْ اَزْيَدِيَّةٍ ও আধিক্যতার وَيُسَمّٰى আর বলে هٰذَا الْقِسْمُ এ প্রকারকে بِالْمُتَوَاطِئِ মুত্তাওয়াতী لِتَوَاطُؤِ اَفْرَادِهٖ তার সকল اَفْرَادٌ এক অন্যের অনুরূপ وَتَوَافُقِهَا ও সামঞ্জস্য হওয়ার কারণে فِيْ تَصَادُقِ প্রযোজ্য হওয়ার ব্যাপারে ذٰلِكَ الْمَعْنَى অর্থটি الْعَامِّ ব্যাপক كَالْاِنْسَانِ যেমন– اِنْسَانٌ-এর اَفْرَادٌ সংখ্যা بِالنِّسْبَةِ নিসবত হিসেবে اِلٰى زَيْدٍ যায়েদ وَعَمْرٍو وَبَكْرٍ আমর ও বকর ثَانِيْهِمَا দ্বিতীয়টি হচ্ছে اَنْ لَا يَكُوْنَ হয় না صِدْقُ প্রযোজ্য ذٰلِكَ الْمَعْنَى الْعَامِّ ঐ ব্যাপক অর্থ فِيْ جَمِيْعِ اَفْرَادِهٖ তার সমুদয় اَفْرَادٌ-এর উপর عَلٰى وَجْهِ الْاِسْتِوَاءِ সমভাবে بَلْ يَكُوْنُ বরং হয় صِدْقُ প্রযোজ্য ذٰلِكَ الْمَعْنٰى ঐ অর্থটি عَلٰى بَعْضِ الْاَفْرَادِ তার কিছু اَفْرَادٌ-এর উপর بِالْاَوَّلِيَّةِ প্রথমতা اَوِ الْاَشَدِّيَّةِ আধিক্যতা اَوِ الْاَوْلَوِيَّةِ ও উত্তমতা হিসেবে وَصِدْقُهَا আর প্রযোজ্য হয় عَلَى الْبَعْضِ الْاٰخَرِ অবশিষ্ট اَفْرَادٌ-এর উপর بِاَضْدَادِ ذٰلِكَ উল্লিখিত অবস্থার বিপরীতভাবে كَالْوُجُوْدِ যেমন– اَلْوُجُوْدُ (অস্তিত্ব) بِالنِّسْبَةِ হিসেবে اِلَى الْوَاجِبِ جَلَّ مَجْدُهٗ আল্লাহর শাশ্বত অস্তিত্ব وَبِالنِّسْبَةِ এবং হিসেবে যে, اِلَى الْمُمْكِنِ ক্ষণস্থায়ী বস্তুর অস্তিত্ব وَكَالْبَيَاضِ এবং اَلْبَيَاضُ (শুভ্রতা) بِالنِّسْبَةِ হিসেবে اِلَى الثَّلْجِ বরফ وَالْعَاجِ ও হস্তীদণ্ড وَيُسَمّٰى বলা হয় هٰذَا الْقِسْمُ এ প্রকারকে مُشَكِّكًا মুশাককিক لِاَنَّهٗ يُوْقِعُ কেননা, এটি নিপতিত করে النَّاظِرَ দর্শককে فِي الشَّكِّ এই সন্দেহে فِيْ كَوْنِهٖ যে, এটি مُتَوَاطِيًا اَوْ مُشْتَرِكًا - مُتَوَاطِئٌ নাকি مُشْتَرِكٌ।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهٗ قَدْ يَنْقَسِمُ الْمُفْرَدُ الخ –এর আলোচনা : এ পরিচ্ছেদে লেখক এক এবং একাধিক হওয়া হিসেবে مُفْرَدٌ-এর অপর এক প্রকারভেদের বর্ণনা করেছেন। مُفْرَدٌ-এর অর্থ একটিও হতে পারে; আবার একাধিকও হতে পারে। এক অর্থবিশিষ্ট مُفْرَدٌ তিন প্রকার। যথা– ১. اَلْعَلَمُ [নির্দিষ্ট অর্থবাচক] ২. اَلْمُتَوَاطِئُ [সমভাবে প্রয়োগবাচক] ৩. اَلْمُشَكِّكُ [সন্দেহ নিরূপণকারী]।

اَلْعَلَمُ-এর আভিধানিক অর্থ : عَلَمٌ শব্দটি একবচন, বহুবচনে اَعْلَامٌ-এর আভিধানিক অর্থ– ১. عَلَامَةٌ বা চিহ্ন, ২. رَسْمُ الثَّوْبِ বা কাপড়ের নকশা, ৩. اَلسَّيِّدُ لِلْقَوْمِ বা সম্প্রদায়ের নেতা, ৪. اَلْعَلَامَةُ وَالْاِمَارَةُ চিহ্ন বা নিদর্শন।

পারিভাষিক সংজ্ঞা :

১. মিরকাত প্রণেতা বলেন– اِنْ كَانَ ذٰلِكَ الْمَعْنٰى مُتَعَيِّنًا مُشَخَّصًا فَهُوَ عَلَمٌ অর্থাৎ مُفْرَدٌ শব্দের অর্থ যদি নির্দিষ্ট ব্যক্তি বা বস্তু বুঝায়, তাহলে তা عَلَمٌ (আলাম)।

২. মীযানুল মানতিক প্রণেতা বলেন– فَاِنْ تَعَيَّنَ ذٰلِكَ الْمَعْنٰى وَلَمْ يَكُنْ ضَمِيْرًا اَوْ اِسْمَ اِشَارَةٍ اَوْ مَعْهُوْدًا فَهُوَ عَلَمٌ অর্থাৎ যদি একক অর্থ হয়ে সে অর্থটি নির্দিষ্ট হয়; কিন্তু ضَمِيْر বা اِسْم اِشَارَة কিংবা নির্ধারিত না হয়, তাহলে উক্ত মুফরাদটিকে عَلَمٌ বলা হবে। যেমন– زَيْدٌ বললে একজন নির্দিষ্ট ব্যক্তিকে বুঝায়।

مُتَوَاطِئٌ-এর আভিধানিক অর্থ : مُتَوَاطِئٌ শব্দটি বাবে تَفَاعُلٌ থেকে اِسْم فَاعِل-এর وَاحِد مُذَكَّر-এর সীগাহ। এটা وَطْئٌ মূলধাতু থেকে নির্গত। এর আভিধানিক অর্থ– ক. اَلْمُتَسَاوِيْ [সমভাবে] খ. اَلْاِجْتِمَاعُ [একত্র হওয়া] গ. اَلْمُتَشَامِلُ [অন্তর্ভুক্তকারী]।

পারিভাষিক সংজ্ঞা : মীযানুল মানতিক প্রণেতা বলেন– وَاِنْ لَمْ يَتَعَيَّنْ فَمُتَوَاطِئٌ اِنْ كَانَ حُصُوْلُهٗ فِيْ كُلِّ الْاَفْرَادِ عَلَى السَّوَاءِ. অর্থাৎ مُفْرَدٌ শব্দের অর্থটি নির্দিষ্ট না হয়ে যদি তার সকল اَفْرَادٌ-এর উপর সমানভাবে প্রযোজ্য হয়, তাহলে তাকে مُتَوَاطِئٌ বলে। যেমন– اِنْسَانٌ শব্দটি زَيْدٌ . خَالِدٌ . بَكْرٌ সাবার উপর সমভাবে প্রযোজ্য।

مُشَكِّكٌ-এর আভিধানিক অর্থ : مُشَكِّكٌ শব্দটি اِسْم فَاعِل-এর وَاحِد مُذَكَّر-এর সীগাহ। شَكٌّ মাদ্দাহ থেকে নির্গত। বাবে تَفْعِيْلٌ জিনসে مُضَاعَف ثُلَاثِيْ; এর আভিধানিক অর্থ– ১. اَلْمُتَرَدِّدُ তথা সন্দেহ পোষণকারী, ২. সংশয়কারী। এর ইংরেজি প্রতিশব্দ Doubtable.

www.islamijindegi.com

পারিভাষিক সংজ্ঞা : মানতিকীদের পরিভাষায়–

هُوَ مَا يَكُوْنُ مَعْنَاهُ مُتَّحِدًا اَوْ لَهُ اَفْرَادٌ كَثِيْرَةٌ وَلَا يَصْدُقُ عَلَيْهَا ذٰلِكَ الْمَعْنٰى عَلٰى سَبِيْلِ الْاِسْتِوَاءِ .

অর্থাৎ مُفْرَدْ শব্দ একটি মাত্র অর্থ দেবে এবং তার অধীনে অনেক مُفْرَدْ থাকবে; কিন্তু প্রত্যেক فَرْد-এর উপর সমানভাবে প্রযোজ্য না; বরং মর্যাদা অনুযায়ী হবে। যেমন– وُجُوْدٌ শব্দটি اِسْم مُفْرَدْ ; এর দু'টি فَرْد যথা– ক. وَاجِبُ الْوُجُوْدِ খ. مُمْكِنُ الْوُجُوْدِ উভয় প্রকার وُجُوْد-এর উপর প্রযোজ্য হয় বলেই এটাকে مُشَكِّكْ বলে।

قَوْلُهُ ثَانِيْهِمَا الخ-এর আলোচনা : প্রকাশ থাকে যে, مُفْرَدْ-এর অর্থ তার অনেক اَفْرَادْ -এর উপর প্রযোজ্য হওয়ার দ্বিতীয় প্রক্রিয়ার কথা এখানে উল্লেখ করা হয়েছে। আর তা হলো– مُفْرَدْ -এর সেই ব্যাপক অর্থটি যার اَفْرَادْ -এর উপর সমানভাবে প্রযোজ্য না হওয়া। এরূপ مُفْرَدْ -কে مُشَكِّكْ বলা হয়।

قَوْلُهُ بِالْاَوَّلِيَّةِ الخ-এর আলোচনা : مُفْرَدْ -এর অর্থ তার اَفْرَادْ সমূহের উপর প্রযোজ্য না হওয়ার ব্যাপারে চারটি অবস্থা বর্ণনা করেছেন। ১. اَوَّلِيَّة প্রাথমিকভাবে। এর বিপরীত হলো ثَانَوِيَّة তথা দ্বিতীয়ভাবে। ২. اَوْلَوِيَّة অর্থ– উত্তমভাবে, এর বিপরীত হলো اَدْنَائِيَّة অনুত্তমভাবে। ৩. اَشَدِّيَّة কঠোরভাবে, এর বিপরীত اَضْعُفِيَّة দুর্বলভাবে। ৪. اَزَلِيَّة আধিক্যতার সাথে, এর বিপরীত اَنْقُصِيَّتْ অনাধিক্যতার সাথে।

১. اَوَّلِيَّة-এর অর্থ হলো– كُلِّيْ কোনো কোনো অর্থের উপর প্রযোজ্য হওয়া অপর অর্থের উপর প্রযোজ্য হওয়ার জন্য عِلَّة হবে। তথা যতক্ষণ সে কোনো اَفْرَادْ -এর উপর প্রযোজ্য না হবে, ততক্ষণ পর্যন্ত অপর اَفْرَادْ -এর উপর প্রযোজ্য হওয়া مُحَالْ বা অসম্ভব হবে।

২. اَوْلَوِيَّة -এর অর্থ হলো كُلِّيْ -এর প্রযোজ্য হওয়া কোনো কোনো اَفْرَادْ -এর উপর সত্তাগতভাবে হবে তথা كُلِّيْ তার اَفْرَادْ-এর উপর প্রযোজ্য হওয়ার ব্যাপারে অন্য কোনো প্রাসঙ্গিক মধ্যস্থতার আবশ্যক হবে না। আর অপর اَفْرَادْ-এর উপর كُلِّيْ -এর প্রযোজ্য হওয়া প্রাসঙ্গিক হবে তথা তার উপর كُلِّيْ প্রযোজ্য হওয়ার ব্যাপারে প্রাসঙ্গিকতার মধ্যস্থতা আবশ্যক হবে। যেমন– وُجُوْد একটি كُلِّيْ তার اَفْرَادْ হলো وَاجِبُ الْوُجُوْدِ এবং مُمْكِنُ الْوُجُوْدِ উভয়টি কিন্তু وُجُوْد এটি وَاجِبُ الْوُجُوْدِ তথা আল্লাহ তা'আলার অস্তিত্বের উপর প্রাথমিকভাবে প্রযোজ্য হয়। আর مُمْكِنُ الْوُجُوْدِ তথা সৃষ্টির উপর, তা দ্বিতীয়ভাবে প্রযোজ্য হয়। কেননা, وُجُوْد وَاجِبْ এটি وُجُوْد مُمْكِنْ -এর জন্য عِلَّة বিশেষ। আর عِلَّة পাওয়া যাওয়ার পূর্বে مَعْلُوْل পাওয়া যাওয়া অসম্ভব। তা ছাড়া وُجُوْد টি وَاجِبُ الْوُجُوْدِ তথা স্রষ্টার উপর কোনো প্রসঙ্গ ছাড়াই প্রযোজ্য হয়। আর مُمْكِنُ الْوُجُوْدِ তথা স্রষ্টার উপর وُجُوْد মধ্যস্থতার সাথে প্রযোজ্য হয়। কেননা, প্রত্যেক সৃষ্ট তার অস্তিত্বের ব্যাপারে তার স্রষ্টার প্রতি মুখাপেক্ষী।

৩. اَشَدِّيَّة তথা كُلِّيْ তার কোনো কোনো فَرْد -এর উপর شِدَّتْ বা কঠোরভাবে হয়। আর কোনো কোনো فَرْد -এর উপর ضُعْف বা দুর্বলভাবে হয়ে থাকে।

৪. اَزَلِيَّة -এর অর্থ হলো এই যে, كُلِّيْ -এর প্রকাশ তার কোনো কোনো فَرْد -এর মধ্যে অধিক ; আর কোন فَرْد -এর মধ্যে কম হবে। যেমন– بَيَاضْ একটি كُلِّيْ এর প্রকাশ বরফের মধ্যে অধিকভাবে হবে, আর হাতির দাঁতের মধ্যে দুর্বলভাবে হবে। কেননা, হাতির দাঁতের তুলনায় বরফের শুভ্রতা দ্বিগুণ, তিন গুণেরও অধিক।

বি. দ্র. اَشَدِّيَّة এবং اَضْعُفِيَّة -এর সম্পর্ক كَيْفِيَّاتْ বা অবস্থা-এর সাথে হবে। আর اَزَلِيَّة ও اَنْقُصِيَّة -এর সম্পর্ক كَمِّيَاتْ পরিমাণের সাথে হবে।

قَوْلُهُ وَيُسَمّٰى هٰذَا الْقِسْمُ-এর আলোচনা : এখানে লেখক مُشَكِّكْ -এর নামকরণে এ কথার উল্লেখ করেছেন যে, شَك -এর প্রতি দৃষ্টিকারী যখন দৃষ্টি করে, তখন مُشَكِّكْ -কে مُتَّحِدُ الْمَعْنٰى দেখে তাকে مُتَوَاطِئْ মনে করবে, না এটি এর اَفْرَادْ -এর উপর প্রযোজ্য হওয়ার মতভেদ দেখে একে مُشْتَرِكْ মনে করবে ; এই সন্দেহে পড়ে। আর দৃষ্টিকারীকে এ সন্দেহে নিপতিতকারী مُشَكِّكْ বলেই مُشَكِّكْ -কে مُشَكِّكْ বলে নামকরণ করা হয়েছে।

বি. দ্র. **مُفْرَدْ তিন প্রকারে সীমাবদ্ধ হওয়ার কারণ :** مُفْرَدْ দ্বারা হয়তো কোন বিষয়ের خَبَرْ (সংবাদ) দেওয়া যাবে বা যাবে না। যদি সংবাদ দেয়া না যায়, তবে তা اَدَاةْ বা حَرْف আর যদি তা দ্বারা সংবাদ দেয়া যায়, তবে তার দু'অবস্থা, হয়তো তা তিনকালের কোন এককালের সাথে সম্পৃক্ত হবে বা হবে না। যদি কোন কালের সাথে সম্পৃক্ত হয় তবে তা فِعْل বা كَلِمَة আর যদি কালের সাথে সম্পৃক্ত না হয় তাহলে তা اِسْم হবে।

www.islamijindegi.com

فَصْلٌ : اَلْمُتَكَثِّرُ الْمَعْنٰى لَهٗ اَقْسَامٌ عَدِيْدَةٌ وَجْهُ الْحَصْرِ اَنَّ اللَّفْظَ الَّذِىْ كَثُرَ مَعْنَاهُ اِنْ وُضِعَ ذٰلِكَ اللَّفْظُ لِكُلِّ مَعْنًى اِبْتِدَاءً بِاَوْضَاعٍ مُتَعَدِّدَةٍ عَلٰى حِدَةٍ يُسَمّٰى مُشْتَرِكًا كَالْعَيْنِ وُضِعَ تَارَةً لِلذَّهَبِ وَتَارَةً لِلْبَاصِرَةِ وَتَارَةً لِلرُّكْبَةِ وَاِنْ لَمْ يُوْضَعْ لِكُلٍّ اِبْتِدَاءً بَلْ وُضِعَ اَوَّلًا لِمَعْنًى ثُمَّ اسْتُعْمِلَ فِىْ مَعْنًى ثَانٍ لِاَجَلِ مُنَاسَبَةٍ بَيْنَهُمَا اِنِ اشْتَهَرَ فِى الثَّانِىْ وَتُرِكَ مَوْضُوْعُهُ الْاَوَّلُ يُسَمّٰى مَنْقُوْلًا .

সরল অনুবাদ : পরিচ্ছেদ : একাধিক অর্থ বিশিষ্ট শব্দকে কয়েক ভাগে ভাগ করা যায়। সীমিতকরণের কারণ- যে শব্দের অনেক অর্থ রয়েছে, সে শব্দটি যদি প্রথম হতেই প্রত্যেক অর্থের জন্য ভিন্ন ভিন্নভাবে গঠন করা হয়, তবে তাকে مُشْتَرَكْ বলা হবে। যথা- اَلْعَيْنُ শব্দটিকে কখনো স্বর্ণের অর্থ বুঝানোর জন্য, আবার কখনো চক্ষুর অর্থ বুঝানোর জন্য, আবার কখনো হাঁটুর অর্থ প্রদানের জন্য গঠন করা হয়েছে। আর যদি প্রত্যেক অর্থের জন্য প্রথম হতেই গঠন না করা হয়; বরং প্রথমে এক অর্থের জন্য গঠন করা হয়েছিল পরবর্তীতে অন্য অর্থে ব্যবহৃত হয়েছে পারস্পরিক সম্পর্কের কারণে। এ অবস্থায় শব্দটি যদি দ্বিতীয় অর্থের ক্ষেত্রে অধিক প্রসিদ্ধি লাভ করে এবং প্রথম অর্থকে ছেড়ে দেওয়া হয়, তবে তাকে مَنْقُوْلْ বলা হবে।

শাব্দিক অনুবাদ : فَصْلٌ পরিচ্ছেদ اَلْمُتَكَثِّرُ الْمَعْنٰى একাধিক অর্থবিশিষ্ট শব্দকে لَهٗ اَقْسَامٌ عَدِيْدَةٌ কয়েকভাগে ভাগ করা যায় وَجْهُ الْحَصْرِ সীমিতকরণের কারণ اَنَّ اللَّفْظَ الَّذِىْ كَثُرَ مَعْنَاهُ যে শব্দের অনেক অর্থ রয়েছে اِنْ وُضِعَ যদি গঠন করা হয় ذٰلِكَ اللَّفْظُ সে শব্দটি لِكُلِّ مَعْنًى প্রত্যেক অর্থের জন্য اِبْتِدَاءً প্রথম হতেই بِاَوْضَاعٍ مُتَعَدِّدَةٍ বিভিন্নরূপে عَلٰى حِدَةٍ ভিন্ন ভিন্নভাবে يُسَمّٰى তবে তাকে বলা হয় مُشْتَرِكًا মুশতারিক كَالْعَيْنِ যথা- [চক্ষু] শব্দটি وُضِعَ গঠন করা হয়েছে تَارَةً কখনো لِلذَّهَبِ স্বর্ণের অর্থ বুঝানোর জন্য وَتَارَةً আবার কখনো لِلْبَاصِرَةِ চক্ষুর অর্থ বুঝানোর জন্য وَتَارَةً আবার কখনো لِلرُّكْبَةِ হাঁটুর অর্থ প্রদানের জন্য وَاِنْ لَمْ يُوْضَعْ আর যদি গঠন না করা হয় لِكُلٍّ প্রত্যেক অর্থের জন্য اِبْتِدَاءً প্রথম হতেই بَلْ وُضِعَ বরং গঠন করা হয়েছিল اَوَّلًا প্রথমে لِمَعْنًى এক অর্থের জন্য ثُمَّ اسْتُعْمِلَ পরবর্তীতে ব্যবহৃত হয়েছে فِىْ مَعْنًى ثَانٍ অন্য অর্থে لِاَجَلِ مُنَاسَبَةٍ পারস্পরিক সম্পর্কের কারণে بَيْنَهُمَا উভয়ের মাঝে اِنِ اشْتَهَرَ যদি প্রসিদ্ধি লাভ করে فِى الثَّانِىْ দ্বিতীয় অর্থের ক্ষেত্রে وَتُرِكَ ছেড়ে দেওয়া হয় مَوْضُوْعُهُ الْاَوَّلُ প্রথম অর্থকে يُسَمّٰى তবে তাকে বলা হয় مَنْقُوْلًا [মানকূল]।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ اَلْمُتَكَثِّرُ الْمَعْنٰى الخ -এর আলোচনা : এক অর্থবিশিষ্ট مُفْرَدْ-এর প্রকার বর্ণনা করার পর গ্রন্থকার একাধিক অর্থবিশিষ্ট مُفْرَدْ-এর প্রকার বর্ণনা করতে গিয়ে বলেন, একাধিক অর্থবিশিষ্ট مُفْرَدْ চার প্রকার। যথা- ১. مُشْتَرَكْ, ২. مَنْقُوْلْ, ৩. حَقِيْقَةْ ৪. مَجَازْ এগুলোর পরিচয় বর্ণিত হলো-

১. مُشْتَرَكْ-এর আভিধানিক অর্থ : مُشْتَرَكْ শব্দটি বাবে اِفْتِعَالْ-এর اَلْاِشْتِرَاكْ মাসদার থেকে اِسْمِ مَفْعُوْلْ-এর وَاحِدْ مُذَكَّرْ-এর সীগাহ। মূলবর্ণ (ش . ر . ك) জিনসে সহীহ। এর ইংরেজি প্রতিশব্দ Compound আভিধানিক অর্থ- ১. অংশীদারিত্বপূর্ণ, দ্বৈত অর্থবোধক, ২. مَا لَهٗ اَكْثَرُ مِنْ مَعْنًى তথা যার একাধিক অর্থ রয়েছে, ৩. লিসানুল আরব গ্রন্থকার বলেন- تَشْتَرِكُ فِيْهِ مَعَانٍ كَثِيْرَةٍ তথা যাতে অনেক অর্থ রয়েছে।

www.islamijindegi.com

পারিভাষিক সংজ্ঞা : মিরকাত গ্রন্থকার বলেন–

هُوَ الْمُفْرَدُ اَنَّ اللَّفْظَ الَّذِيْ كَثُرَ مَعْنَاهُ اِنْ وُضِعَ ذٰلِكَ اللَّفْظُ لِكُلِّ مَعْنًى اِبْتِدَاءً بِاَوْضَاعٍ مُتَعَدِّدَةٍ عَلٰى حِدَةٍ .

অর্থাৎ মুশতারিক ঐ মুফরাদকে বলা হয়, যে শব্দের একাধিক অর্থ রয়েছে এবং সে শব্দটি প্রথম হতেই প্রত্যেক অর্থের জন্য বিভিন্নরূপে পৃথক পৃথকভাবে গঠন করা হয়েছে।

মীযানুল মানতিক গ্রন্থকার বলেন– اَلْمُفْرَدُ اِنْ كَانَ كَثِيْرًا فَاِنْ وَضَعَهُ لِتِلْكَ الْمَعَانِىْ عَلَى السَّوِيَّةِ فَهُوَ مُشْتَرَكٌ .

উদাহরণ : اَلْعَيْنُ শব্দটি مُشْتَرَكٌ কেননা, তা চক্ষু, ঝর্ণা, স্বর্ণ, গুপ্তচর এরকম প্রায় ৬০টি অর্থ প্রকাশ করে। আর এ সকল অর্থ প্রকাশের জন্য সূচনা থেকে عَيْنٌ শব্দটিকে ভিন্ন ভিন্নভাবে গঠন করা হয়েছে।

مَنْقُوْلٌ-এর আভিধানিক অর্থ : مَنْقُوْلٌ শব্দটি বাবে نَصَرَ থেকে اِسْمُ مَفْعُوْلٌ-এর وَاحِدْ مُذَكَّرٌ-এর সীগাহ। এটা نَقْلٌ মাদ্দাহ থেকে নেওয়া হয়েছে। জিনসে সহীহ। এর ইংরেজি প্রতিশব্দ Changed. আভিধানিক অর্থ– ১. اَلْمَقْلُوْبُ তথা পরিবর্তন, ২. اَلْمُنْتَقِلُ তথা স্থানান্তরিত, ৩. حَوْلُ الشَّىْءِ مِنْ مَوْضِعٍ اِلٰى مَوْضِعٍ অর্থাৎ, বস্তুকে এক স্থান থেকে অন্য স্থানে নিয়ে যাওয়া।

পারিভাষিক সংজ্ঞা :

ক. مَنْقُوْلٌ-এর সংজ্ঞায় মিরকাত গ্রন্থকার বলেন–

اِنْ لَمْ يُوْضَعْ لِكُلِّ اِبْتِدَاءً بَلْ وُضِعَ اَوَّلًا لِمَعْنًى ثُمَّ اُسْتُعْمِلَ فِىْ مَعْنًى ثَانٍ لِاَجْلِ مُنَاسَبَةٍ بَيْنَهُمَا اِنِ اشْتَهَرَ فِى الثَّانِىْ وَتُرِكَ مَوْضُوْعُهُ الْاَوَّلُ يُسَمّٰى مَنْقُوْلًا .

অর্থাৎ مُفْرَدٌ টি যদি مُشْتَرَكٌ-এর মতো না হয়; বরং এটাকে যদি দু'টি অর্থের কোনো একটির জন্য গঠন করা হয়, অতঃপর দ্বিতীয় অর্থে স্থানান্তরিত করা হয় এবং এ দ্বিতীয় অর্থটিই প্রসিদ্ধি লাভ করায় প্রথম অর্থকে বাদ দেওয়া হয়, তাহলে তাকে مَنْقُوْلٌ বলে।

খ. কুতবী গ্রন্থ প্রণেতা বলেন–

اَنْ تُخَلِّلَ بَيْنَ تِلْكَ الْمَعَانِىْ نُقِلَ فَاِمَّا اَنْ يَتْرُكَ اِسْتِعْمَالُهُ فِى الْمَعَانِى الْاَوَّلُ اَوْ لَا فَاِنْ تُرِكَ يُسَمّٰى لَفْظًا مَنْقُوْلًا .

গ. মীযানুল মানতিক গ্রন্থকার বলেন–

اِنْ لَمْ يَكُنْ كَذٰلِكَ بَلْ وُضِعَ لِاَحَدِهِمَا فَنُقِلَ اِلَى الثَّانِىْ فَحِيْنَئِذٍ اِنْ تُرِكَ مَوْضُوْعُهُ الْاَوَّلُ يُسَمّٰى مَنْقُوْلًا .

অর্থাৎ একাধিক অর্থবিশিষ্ট যে مُفْرَدٌ-কে প্রথম থেকেই ভিন্ন ভিন্ন অর্থের জন্য গঠন করা হয়নি; বরং প্রথমত এক অর্থের জন্য গঠিত হয়েছিল পরে তা অন্য অর্থের জন্য ব্যবহৃত হয়েছে এবং প্রথম অর্থটি পরিত্যক্ত হয়েছে, তবে তাকে مَنْقُوْلٌ বলে।

উদাহরণ : صَلٰوةٌ শব্দটিকে প্রথমে دُعَاءٌ অর্থের জন্য গঠন করা হয়েছিল, কিন্তু পরে ইসলামি শরিয়তে এটাকে اَرْكَانٌ مَخْصُوْصَةٌ-এর জন্য ব্যবহার করা হয়েছে, তাই এটা مَنْقُوْلٌ-এর সর্বোৎকৃষ্ট দৃষ্টান্ত।

حَقِيْقَةٌ-এর আভিধানিক অর্থ : حَقِيْقَةٌ শব্দটি فَعِيْلَةٌ-এর ওযনে সিফাতের সীগাহ। এটি একবচন, বহুবচনে حَقَائِقُ ; এর আভিধানিক অর্থ– ১. প্রকৃত ও মূল, ২. خَالِصَةٌ বা বিশুদ্ধ, ৩. اَلشَّىْءُ الثَّابِتُ يَقِيْنًا তথা অকাট্যভাবে সাব্যস্ত বস্তু।

পারিভাষিক সংজ্ঞা : মীযানুল মানতিক গ্রন্থকার বলেন– اِنْ لَمْ يُتْرَكْ يُسَمّٰى بِالنِّسْبَةِ اِلَى الْاَوَّلِ حَقِيْقَةً

অর্থাৎ যার একাধিক অর্থ রয়েছে এবং প্রথমে এক অর্থের জন্য এবং পরে অন্য অর্থের জন্য গঠন করা হয়েছে, তবে দ্বিতীয় অর্থটি প্রসিদ্ধি লাভ করেনি এবং প্রথম অর্থটিও বর্জিত হয়নি, তখন প্রথম অর্থে শব্দ ব্যবহার করাকে حَقِيْقَةٌ বলা হয়।

উদাহরণ : যেমন– اَسَدٌ শব্দটির দু'টি অর্থ রয়েছে। ১. হিংস্র জন্তু সিংহ, ২. বাহাদুর মানুষ। শব্দটি যদি তার প্রকৃত অর্থ তথা সিংহ অর্থে ব্যবহার হ,য় তখন তা হচ্ছে حَقِيْقَةٌ।

مَجَازٌ-এর আভিধানিক অর্থ : مَجَازٌ শব্দটি বাবে نَصَرَ-এর মাসদার। جَوْزٌ শব্দমূল থেকে নির্গত। আভিধানিক অর্থ– অতিক্রম করা, স্থানান্তর করা ইত্যাদি।

পারিভাষিক সংজ্ঞা : মীযানুল মানতিক গ্রন্থকার বলেন– اِنْ لَمْ يُتْرَكْ يُسَمّٰى بِالنِّسْبَةِ اِلَى الثَّانِىْ مَجَازًا অর্থাৎ মাজায হলো এমন একাধিক অর্থবিশিষ্ট مُفْرَدٌ যাকে প্রথমে এক অর্থের জন্য এবং পরে অন্য অর্থের জন্য গঠন করা হয়েছে। তবে দ্বিতীয় অর্থটি প্রসিদ্ধি লাভ করেনি এবং প্রথম অর্থটিও বর্জিত হয়নি। এমতাবস্থায় শব্দটি দ্বিতীয় অর্থে ব্যবহার করাকে مَجَازٌ বলা হয়।

উদাহরণ : যেমন– কারো বীরত্বের কারণে যদি তাকে اَسَدٌ বা সিংহ বলা হয়, তখন এটা হবে مَجَازٌ বা রূপক।

www.islamijindegi.com

وَالْمَنْقُوْلُ بِالنَّظْرِ اِلَى النَّاقِلِ يَنْقَسِمُ اِلٰى ثَلٰثَةِ اَقْسَامٍ اَحَدُهَا اَلْمَنْقُوْلُ الْعُرْفِىْ بِاِعْتِبَارِ كَوْنِ النَّاقِلِ عُرْفًا عَامًّا وَثَانِيْهَا الْمَنْقُوْلُ الشَّرْعِىْ بِاِعْتِبَارِ كَوْنِهٖ اَرْبَابُ الشَّرْعِ وَثَالِثُهَا الْمَنْقُوْلُ الْاِصْطِلَاحِىْ بِاِعْتِبَارِ كَوْنِهٖ عُرْفًا خَاصًّا وَطَائِفَةً مَخْصُوْصَةً مِثَالُ الْاَوَّلِ كَلَفْظِ الدَّابَّةِ كَانَ فِى الْاَصْلِ مَوْضُوْعًا لِمَا يَدُبُّ عَلَى الْاَرْضِ ثُمَّ نَقَلَهُ الْعَامَّةُ لِلْفَرَسِ اَوْ لِذَاتِ الْقَوَائِمِ الْاَرْبَعِ مِثَالُ الثَّانِىْ كَلَفْظِ الصَّلٰوةِ كَانَ فِى الْاَصْلِ بِمَعْنَى الدُّعَاءِ ثُمَّ نَقَلَهُ الشَّارِعُ اِلٰى اَرْكَانٍ مَخْصُوْصَةٍ مِثَالُ الثَّالِثِ كَلَفْظِ الْاِسْمِ كَانَ فِى اللُّغَةِ بِمَعْنَى الْعُلُوِّ ثُمَّ نَقَلَهُ النُّحَاةُ اِلٰى كَلِمَةٍ مُسْتَقِلَّةٍ فِى الدَّلَالَةِ غَيْرُ مُقْتَرِنَةٍ بِزَمَانٍ مِنَ الْاَزْمِنَةِ الثَّلٰثَةِ وَاِنْ لَمْ يَشْتَهِرْ فِى الثَّانِىْ وَلَمْ يُتْرَكِ الْاَوَّلُ بَلْ يُسْتَعْمَلُ فِى الْمَوْضُوْعِ الْاَوَّلِ مَرَّةً وَفِى الثَّانِىْ اُخْرٰى يُسَمّٰى بِالنِّسْبَةِ اِلَى الْاَوَّلِ حَقِيْقَةً وَبِالنِّسْبَةِ اِلَى الثَّانِىْ مَجَازًا كَالْاَسَدِ بِالنِّسْبَةِ اِلَى الْحَيَوَانِ الْمُفْتَرِسِ وَالرَّجُلِ الشُّجَاعِ فَهُوَ بِالنِّسْبَةِ اِلَى الْاَوَّلِ حَقِيْقَةٌ وَ بِالنِّسْبَةِ اِلَى الثَّانِىْ مَجَازٌ۔

সরল অনুবাদ : আর مَنْقُوْل তথা দ্বিতীয় অর্থে প্রসিদ্ধ مُفْرَدْ টি نَاقِلْ -এর হিসেবে তিন প্রকার : ১. مَنْقُوْل عُرْفِىْ এ হিসেবে যে, এর نَاقِلْ সাধারণ প্রচলন অর্থাৎ عُرْف عَامْ হবে। ২. مَنْقُوْل شَرْعِىْ এ হিসেবে যে, اَرْبَابُ شَرْع তথা শরিয়ত প্রণেতা এর نَاقِلْ হবে। ৩. مَنْقُوْل اِصْطِلَاحِىْ এ হিসেবে যে, عُرْف خَاصْ তথা বিশেষ প্রচলন বা طَائِفَةْ مَخْصُوْصَةْ বিশেষ সম্প্রদায় এর نَاقِلْ হবে। প্রথমটির উদাহরণ যেমন- دَابَّةْ শব্দ। এটি মূলত ভূমিতে বিচরণকারীর জন্য গঠিত হয়েছিল। অতঃপর সর্ব সাধারণের প্রচলন শব্দটিকে فَرَسْ ঘোড়া অথবা চতুষ্পদ জন্তুর অর্থের দিকে নিয়ে গেছে। আর مَنْقُوْل -এর দ্বিতীয় প্রকারের উদাহরণ হলো صَلٰوةْ শব্দ, যা دُعَا অর্থে গঠিত হয়েছিল। অতঃপর শরিয়ত প্রবর্তক একে اَرْكَانُ مَخْصُوْصَةْ -এর অর্থ প্রকাশের জন্য নিয়েছেন। তৃতীয় প্রকারের উদাহরণ হলো- اِسْمْ শব্দ। অভিধানে এটি عُلُوْ বা উঁচু অর্থের জন্য গঠিত হয়েছিল। অতঃপর নাহুশাস্ত্রবিদগণ একে এমন শব্দের অর্থের জন্য স্থানান্তর করেছেন, যা তিন কালের কোনো একটি কালের সাথে সংশ্লিষ্ট হওয়া ব্যতীত অর্থ প্রকাশে স্বয়ংসম্পূর্ণ।

আর এক অর্থের জন্য গঠিত হওয়া مُفْرَدْ অন্য অর্থে ব্যবহৃত হওয়ার পর যদি দ্বিতীয় অর্থে প্রসিদ্ধ না হয় এবং প্রথম অর্থটি ছেড়ে দেওয়া হয়নি এবং শব্দটি একবার প্রথম অর্থে ব্যবহৃত হয় এবং একবার দ্বিতীয় অর্থে ব্যবহৃত হয় ; তখন প্রথম অর্থের দৃষ্টিতে শব্দটিকে حَقِيْقَةْ বলা হয়. আর দ্বিতীয় অর্থের দৃষ্টিতে শব্দটিকে مَجَازْ বলা হয়। যেমন- اَسَدْ এটি حَيَوَانْ مُفْتَرِسْ তথা হিংস্র প্রাণী অর্থে এবং বীর পুরুষ অর্থে ব্যবহৃত হয়। সুতরাং প্রথম অর্থের দৃষ্টিতে একে حَقِيْقَةْ বলা হয় এবং দ্বিতীয় অর্থের দৃষ্টিতে একে مَجَازْ বলা হয়।

শাব্দিক অনুবাদ : وَالْمَنْقُوْلُ আর مَنْقُوْل তথা দ্বিতীয় অর্থে প্রসিদ্ধ مُفْرَدْ টি بِالنَّظْرِ اِلَى النَّاقِلِ -نَاقِلْ -এর হিসেবে يَنْقَسِمُ বিভক্ত হয় اِلٰى ثَلٰثَةِ اَقْسَامٍ তিন ভাগে ১. اَحَدُهَا الْمَنْقُوْلُ الْعُرْفِىْ بِاِعْتِبَارِ كَوْنِ النَّاقِلِ এ হিসেবে যে, এর نَاقِلْ হবে عُرْفًا عَامًّا সাধারণ প্রচলন ২. وَثَانِيْهَا الْمَنْقُوْلُ الشَّرْعِىْ بِاِعْتِبَارِ كَوْنِهٖ এ হিসেবে যে, এর نَاقِلْ হবে اَرْبَابُ الشَّرْعِ তথা শরিয়ত প্রণেতা ৩. وَثَالِثُهَا الْمَنْقُوْلُ الْاِصْطِلَاحِىْ بِاِعْتِبَارِ كَوْنِهٖ এ হিসেবে যে, এর نَاقِلْ হবে عُرْفًا خَاصًّا বিশেষ প্রচলন বা وَطَائِفَةً مَخْصُوْصَةً বিশেষ সম্প্রদায় প্রথমটির উদাহরণ مِثَالُ الْاَوَّلِ যেমন- كَلَفْظِ الدَّابَّةِ دَابَّةْ শব্দ এটি মূলত كَانَ فِى الْاَصْلِ ভূমিতে فِى الْاَرْضِ বিচরণকারীর জন্য لِمَا يَدُبُّ গঠিত হয়েছিল ثُمَّ نَقَلَهُ অতঃপর শব্দটিকে নিয়ে গেছে الْعَامَّةُ সর্ব সাধারণের প্রচলন لِلْفَرَسِ ঘোড়া اَوْ لِذَاتِ الْقَوَائِمِ الْاَرْبَعِ অথবা চতুষ্পদ জন্তুর অর্থের দিকে وَمِثَالُ الثَّانِىْ আর مَنْقُوْل-এর দ্বিতীয় প্রকারের উদাহরণ হলো كَلَفْظِ الصَّلٰوةِ যথা- صَلٰوة শব্দ كَانَ فِى الْاَصْلِ যা মূলত بِمَعْنَى الدُّعَاءِ দোয়া অর্থে

www.islamijindegi.com

গঠিত হয়েছিল ثُمَّ نَقَلَهُ অতঃপর একে নিয়েছে اَلشَّارِعُ শরিয়ত প্রবর্তক مَخْصُوْصَةٍ اِلٰى اَرْكَانٍ বিশেষ আরকান-এর অর্থ প্রকাশের জন্য مِثَالُ الثَّالِثِ তৃতীয় প্রকারের উদাহরণ হলো كَلَفْظِ الْاِسْمِ যেমন- اِسْمٌ শব্দ كَانَ فِى اللُّغَةِ অভিধানে এটি গঠিত হয়েছিল بِمَعْنَى الْعُلُوِّ উঁচু অর্থের জন্য ثُمَّ نَقَلَهُ অতঃপর একে স্থানান্তর করেছেন النُّحَاةُ নাহুশাস্ত্রবিদগণ اِلٰى كَلِمَةٍ এমন শব্দের অর্থের জন্য مُسْتَقِلَّةٍ فِى الدَّلَالَةِ অর্থ প্রকাশে স্বয়ংসম্পূর্ণ غَيْرُ مُقْتَرِنَةٍ যা সংশ্লিষ্ট হওয়া ব্যতীত بِزَمَانٍ কোনো একটি কালের সাথে مِنَ الْاَزْمِنَةِ الثَّلٰثَةِ তিন কালের وَاِنْ لَمْ يَشْتَهِرْ আর যদি প্রসিদ্ধ না হয় وَلَمْ يُتْرَكِ الْاَوَّلُ দ্বিতীয় অর্থে فِى الثَّانِىْ এবং প্রথম অর্থটি ছেড়ে দেওয়া হয়নি بَلْ يَسْتَعْمِلُ বরং শব্দটি ব্যবহৃত হয় فِى الْمَوْضُوْعِ الْاَوَّلِ مَرَّةً একবার প্রথম অর্থে وَفِى الثَّانِىْ এবং দ্বিতীয় অর্থে ব্যবহৃত হয় اُخْرٰى আরেকবার يُسَمّٰى তখন শব্দটিকে বলা হয় بِالنِّسْبَةِ দৃষ্টিতে اِلَى الْاَوَّلِ প্রথম অর্থের حَقِيْقَةً হাকীকত وَبِالنِّسْبَةِ আর দৃষ্টিতে اِلَى الثَّانِىْ দ্বিতীয় অর্থের مَجَازًا মাজায كَالْاَسَدِ যেমন- اَسَدٌ শব্দটি بِالنِّسْبَةِ দৃষ্টিতে اِلَى الْحَيَوَانِ الْمُفْتَرِسِ হিংস্র প্রাণী অর্থে وَالرَّجُلُ الشُّجَاعِ এবং বীর পুরুষ অর্থে فَهُوَ সুতরাং একে بِالنِّسْبَةِ দৃষ্টিতে اِلَى الْاَوَّلِ প্রথম অর্থের حَقِيْقَةٌ হাকীকত বলা হয় وَبِالنِّسْبَةِ এবং দৃষ্টিতে اِلَى الثَّانِىْ দ্বিতীয় অর্থের مَجَازٌ একে مَجَازٌ বলা হয়।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ اَحَدُهَا الْمَنْقُوْلُ الخ-এর আলোচনা : সম্মানিত গ্রন্থকার এখান থেকে তিন প্রকারের مَنْقُوْلٌ-এর বিস্তারিত বিবরণ দিয়েছেন। নিম্নে তার বিস্তারিত বর্ণনা দেওয়া হলো।

مَنْقُوْلٌ -এর প্রারম্ভেদ : উল্লেখ্য যে, نَاقِلٌ -এর আলোকে مَنْقُوْلٌ টি তিন ভাগে বিভক্ত : ১. مَنْقُوْلٌ عُرْفِىٌّ বা উরফগত মানকূল, ২. مَنْقُوْلٌ شَرْعِىٌّ বা শরিয়তগত মনকূল, ৩. مَنْقُوْلٌ اِصْطِلَاحِىٌّ বা পরিভাষাগত মানকূল।

১. **مَنْقُوْلٌ عُرْفِىٌّ -এর পরিচয় :** ক. গ্রন্থকার এর পরিচয় দিতে গিয়ে বলেন যে, اِنْ كَانَ النَّاقِلُ عُرْفًا عَامًّا فَهُوَ مَنْقُوْلٌ عُرْفِىٌّ অর্থাৎ مُفْرَد টিকে অন্য অর্থে প্রত্যাবর্তনকারী যদি عُرْفِ عَامّ বা সর্ব সাধারণের প্রচলন হয়, তবে তাকে مَنْقُوْلٌ عُرْفِىٌّ বলা হবে। খ. মীযানুল মানতিক গ্রন্থে বলা হয়েছে, نَاقِلٌ বা পরিবর্তনকারী যদি عُرْفِ عَامّ বা সাধারণ প্রচলনকারী হয়। তবে তাকে مَنْقُوْلٌ عُرْفِىٌّ বলা হয়। যথা- دَابَّةٌ শব্দের অর্থ- مَا يَدُبُّ فِى الْاَرْضِ বা যা জমিনে বিচরণ করে। কিন্তু عرف তাকে চতুষ্পদ জন্তুর জন্য নির্ধারণ করেছে, বিধায় তা مَنْقُوْلٌ হয়েছে।

২. **مَنْقُوْلٌ شَرْعِىٌّ -এর পরিচয় :** ক. এর পরিচয় দিতে গিয়ে লিখক বলেন- اِنْ كَانَ النَّاقِلُ مِنْ اَهْلِ الشَّرْعِ يُسَمّٰى مَنْقُوْلًا شَرْعِيًّا অর্থাৎ نَاقِلٌ বা পরিবর্তনকারী যদি শরিয়ত হয়, তবে তাকে مَنْقُوْلٌ شَرْعِىٌّ বলা হয়।

খ. কারো মতে- اِنْ كَانَ النَّاقِلُ مِنْ اَهْلِ الشَّرْعِ فَيُسَمّٰى بِمَنْقُوْلٍ شَرْعِىٍّ অর্থাৎ نَاقِلٌ যদি শরিয়ত প্রবর্তক হয়, তবে সে পরিবর্তনকে مَنْقُوْلٌ شَرْعِىٌّ বলা হয়। যথা- حَجٌّ শব্দের অর্থ হলো- اَلْقَصْدُ وَالْاِرَادَةُ বা সংকল্প করা, ইচ্ছা করা; কিন্তু শরিয়ত একে নির্দিষ্ট একটি ইবাদত তথা হজের জন্য নির্ধারণ করে ফেলেছে, বিধায় এটা مَنْقُوْلٌ شَرْعِىٌّ হয়েছে।

৩. **مَنْقُوْلٌ اِصْطِلَاحِىٌّ -এর পরিচয় :** ক. এর পরিচয় দিতে গিয়ে গ্রন্থকার বলেন- اِنْ كَانَ نَاقِلُهُ عُرْفًا خَاصًّا অর্থাৎ যদি مَنْقُوْلٌ -এর নকলকারী কোনো বিশেষ পরিভাষা হয়, তখন তাকে مَنْقُوْلٌ اِصْطِلَاحِىٌّ বলা হবে।

খ. তর্কশাস্ত্রবিদদের মতে- اِنْ كَانَ النَّاقِلُ مِنْ اَهْلِ الْاِصْطِلَاحِ فَيُسَمّٰى بِالْاِصْطِلَاحِىِّ অর্থাৎ مَنْقُوْلٌ اِصْطِلَاحِىٌّ বলে ঐ مَنْقُوْلٌ -কে যার নাকিল কোনো বিশেষ পরিভাষা হয়। যথা- اِسْمٌ শব্দটি নিদর্শন, আলামত, চিহ্ন বা উঁচু অর্থের জন্য গঠন করা হয়েছিল, পরবর্তীতে নাহুবিদদের পরিভাষায় اِسْمٌ কাল সংশ্লিষ্ট নয় এমন স্বয়ংসম্পূর্ণ পদ অর্থে ব্যবহৃত হয়েছে, কাজেই এটি مَنْقُوْلٌ اِصْطِلَاحِىٌّ হলো।

قَوْلُهُ وَاِنْ لَمْ يَشْتَهِرْ الخ -এর আলোচনা : এ ইবারত হতে লেখক حَقِيْقَةٌ ও مَجَازٌ -এর পরিচয় ফুটিয়ে তুলেছেন-

حَقِيْقَةٌ -এর পরিচয় : حَقِيْقَةٌ -এর শাব্দিক অর্থ হলো- ثَابِتٌ বা সাব্যস্ত। আর পরিভাষায় حَقِيْقَةٌ বলা হয়, শব্দকে যে অর্থের জন্য গঠন করা হয়েছে, শব্দটি যদি সে অর্থে ব্যবহৃত হয়, তবে তাকে حَقِيْقَةٌ বলা হবে। যথা- اَسَدٌ শব্দটি দ্বারা সিংহ উদ্দেশ্য করা হয়, তবে তা حَقِيْقَةٌ হবে।

حَقِيْقَةٌ -এর নামকরণ : حَقِيْقَةٌ-এর মধ্যে যেহেতু শব্দটি তার বাস্তব مَعْنٰى مَوْضُوْعٍ لَهٗ বা গঠনমূলক অর্থে প্রয়োগ হয়ে থাকে, বিধায় তাকে حَقِيْقَةٌ বলে নামকরণ করা হয়েছে।

مَجَازٌ -এর পরিচয় : مَجَازٌ শব্দটির مِيْم হলো مِيْم مَصْدَرِىْ ; আর তা اِسْمُ فَاعِلْ অর্থে ব্যবহৃত হয়ে থাকে অর্থাৎ مَجَازٌ শব্দের অর্থ হলো- অতিক্রমকারী। আর পরিভাষায় مَجَازٌ বলা হয়- শব্দকে যে অর্থের জন্য গঠন করা হয়েছে, শব্দটি যদি সে অর্থে ব্যবহৃত না হয়ে তার সাথে সাদৃশ্যশীল কোনো অর্থে ব্যবহৃত হয়, তখন তাকে مَجَازٌ বলা হবে।

مَجَازٌ -এর নামকরণ : যেহেতু مَجَازٌ শব্দটি তার مَعْنٰى مَوْضُوْعٍ لَهٗ বা গঠনমূলক অর্থকে অতিক্রম করে অন্য অর্থে ব্যবহার হয়, বিধায় তাকে مَجَازٌ বলা হয়।

www.islamijindegi.com

فَصْلٌ : اِنْ كَانَ اللَّفْظُ مُتَعَدِّدًا وَالْمَعْنٰى وَاحِدًا يُسَمّٰى مُرَادِفًا كَالْاَسَدِ وَاللَّيْثِ وَالْمَطَرِ وَالْغَيْثِ .

فَصْلٌ : اَلْمُرَكَّبُ قِسْمَانِ اَحَدُهُمَا الْمُرَكَّبُ التَّامُّ وَهُوَ مَا يَصِحُّ السُّكُوْتُ عَلَيْهِ كَزَيْدٌ قَائِمٌ وَثَانِيْهِمَا الْمُرَكَّبُ النَّاقِصُ وَهُوَ مَالَيْسَ كَذَالِكَ .

فَصْلٌ : اَلْمُرَكَّبُ التَّامُّ ضَرْبَانِ يُقَالُ لِاَحَدِهِمَا الْخَبَرُ وَالْقَضِيَّةُ وَهُوَ مَا قُصِدَ بِهِ الْحِكَايَةُ وَيَحْتَمِلُ الصِّدْقَ وَالْكِذْبَ وَيُقَالُ لِقَائِلِهِ اَنَّهُ صَادِقٌ اَوْ كَاذِبٌ نَحْوُ اَلسَّمَاءُ فَوْقَنَا وَالْعَالَمُ حَادِثٌ فَاِنْ قِيْلَ قَوْلُنَا لَآ اِلٰهَ اِلَّا اللّٰهُ قَضِيَّةٌ وَخَبَرٌ مَعَ اَنَّهُ لَا يَحْتَمِلُ الْكِذْبَ قُلْتُ مُجَرَّدُ اللَّفْظِ يَحْتَمِلُهُ وَاِنْ كَانَ نَظَرًا اِلٰى خُصُوْصِيَّةِ الْحَاشِيَتَيْنِ غَيْرَ مُحْتَمِلٍ لِلْكِذْبِ وَ يُقَالُ لِثَانِى الْقِسْمَيْنِ اَلْاِنْشَاءُ وَالْاِنْشَاءُ اَقْسَامُ اَمْرٍ وَنَهْيٍ وَتَمَنٍّ وَتَرَجٍّ وَاِسْتِفْهَامٍ وَنِدَاءٍ .

সরল অনুবাদ : পরিচ্ছেদ : যদি একাধিক শব্দসমূহের মাত্র একটি অর্থ থাকে, তবে একে مُرَادِفْ বা সমার্থক শব্দ বলা হয়। যেমন- اَلْاَسَدُ ও اَللَّيْثُ উভয়ের অর্থই সিংহ এবং اَلْمَطَرُ ও اَلْغَيْثُ দু'টিকেই বৃষ্টির অর্থে ব্যবহার করা হয়।

পরিচ্ছেদ : مُرَكَّبْ দু' প্রকার। একটির নাম مُرَكَّبْ تَامْ বা পূর্ণ যৌগিক, যা বলার পর বক্তার উপর চুপ থাকা সহীহ হয়। যেমন- زَيْدٌ قَامَ। অপরটি مُرَكَّبْ نَاقِصْ বা অপূর্ণ যৌগিক, যা প্রথমটির মতো নয়।

পরিচ্ছেদ : مُرَكَّبْ تَامْ বা পূর্ণ যৌগিক আবার দু' প্রকার, তার একটিকে خَبَرْ বা قَضِيَّةْ বলা হয়। আর তা হচ্ছে- এমন مُرَكَّبْ যার দ্বারা কোনো কিছুর বর্ণনা উদ্দেশ্য করা হয় এবং তাতে সত্য মিথ্যার অবকাশ থাকে। বক্তাকে সত্যবাদী বা মিথ্যাবাদী উভয়টিই বলা যেতে পারে। যথা- اَلسَّمَاءُ فَوْقَنَا (আকাশ আমাদের উপর) , اَلْعَالَمُ حَادِثٌ (পৃথিবী ধ্বংসশীল)। যদি প্রশ্ন করা হয় যে, আমাদের উক্তি لَآ اِلٰهَ اِلَّا اللّٰهُ বাক্যটি قَضِيَّةْ এবং خَبَرْ তবে এতে মিথ্যার কোনোই সম্ভাবনা নেই। জবাবে বলবো- যদিও مَحْكُوْمٌ عَلَيْهِ এবং مَحْكُوْمٌ بِهِ-এর বৈশিষ্ট্য হিসেবে এতে মিথ্যার সম্ভাবনা নেই, তবে শব্দগতভাবে তাতে মিথ্যার সম্ভাবনা রয়েছে। আর দ্বিতীয় প্রকারকে اِنْشَاءْ বলা হয়। اِنْشَاءْ আবার কয়েক প্রকার : ১. اَمْرْ ২. نَهِيْ ৩. تَمَنِّيْ ৪. تَرَجِّيْ ৫. اِسْتِفْهَامْ ৬. نِدَاءْ ।

শাব্দিক অনুবাদ : فَصْلٌ পরিচ্ছেদ اِنْ كَانَ اللَّفْظُ যদি শব্দসমূহের থাকে مُتَعَدِّدًا একাধিক وَالْمَعْنٰى وَاحِدًا মাত্র একটি অর্থ يُسَمّٰى مُرَادِفًا তবে একে مُرَادِفْ বা সামার্থক শব্দ বলা হয় كَالْاَسَدِ যেমন- সিংহ وَاللَّيْثُ ও সিংহ وَالْمَطَرُ এবং وَالْغَيْثُ [বৃষ্টি] ও [বৃষ্টি] فَصْلٌ পরিচ্ছেদ اَلْمُرَكَّبُ قِسْمَانِ - مُرَكَّبْ দু' প্রকার اَحَدُهُمَا একটির নাম اَلْمُرَكَّبُ التَّامُّ পূর্ণ যৌগিক وَهُوَ مَا يَصِحُّ যা বলার পর সহীহ হয় اَلسُّكُوْتُ عَلَيْهِ তার বক্তার উপর চুপ থাকা كَزَيْدٌ قَائِمٌ যেমন- যায়েদ দণ্ডায়মান وَثَانِيْهِمَا অপরটি اَلْمُرَكَّبُ النَّاقِصُ অপূর্ণ যৌগিক وَهُوَ مَا لَيْسَ كَذٰلِكَ যা প্রথমটির মতো নয়। فَصْلٌ পরিচ্ছেদ اَلْمُرَكَّبُ التَّامُّ পূর্ণ যৌগিক ضَرْبَانِ আবার দু'প্রকার يُقَالُ তার একটিকে বলা হয় لِاَحَدِهِمَا اَلْخَبَرُ وَالْقَضِيَّةُ - خَبَرْ বা قَضِيَّةْ وَهُوَ مَا قُصِدَ بِهِ - আর তা হচ্ছে এমন مُرَكَّبٌ যার দ্বারা উদ্দেশ্য করা হয় اَلْحِكَايَةُ কোনো কিছুর বর্ণনা وَيَحْتَمِلُ এবং তাতে অবকাশ থাকে اَلصِّدْقَ وَالْكِذْبَ সত্য মিথ্যার وَيُقَالُ এবং বলা যেতে পারে لِقَائِلِهِ তার বক্তাকে اَنَّهُ صَادِقٌ সত্যবাদী اَوْ كَاذِبٌ অথবা মিথ্যাবাদী نَحْوُ যথা- اَلسَّمَاءُ فَوْقَنَا আকাশ আমাদের উপর وَالْعَالَمُ পৃথিবী ধ্বংসশীল حَادِثٌ فَاِنْ قِيْلَ যদি প্রশ্ন করা হয় যে, قَوْلُنَا আমাদের উক্তি لَآ اِلٰهَ اِلَّا اللّٰهُ 'লা-ইলাহা ইল্লাল্লাহু' বাক্যটি قَضِيَّةٌ وَخَبَرٌ কাযিয়া এবং খবর مَعَ اَنَّهُ তবে এতে لَا يَحْتَمِلُ কোনোই সম্ভাবনা নেই الْكِذْبَ মিথ্যার قُلْتُ জবাবে বলবো مُجَرَّدُ اللَّفْظِ শব্দগতভাবে يَحْتَمِلُهُ তাতে মিথ্যার সম্ভাবনা রয়েছে وَاِنْ كَانَ نَظَرًا যদিও হিসেবে اِلٰى خُصُوْصِيَّةِ বৈশিষ্ট্য الْحَاشِيَتَيْنِ মাহকূম আলাইহ এবং মাহকূম বিহীর غَيْرَ مُحْتَمِلٍ এতে সম্ভাবনা নেই لِلْكِذْبِ মিথ্যার وَيُقَالُ আর বলা হয় لِثَانِى الْقِسْمَيْنِ দ্বিতীয় প্রকারকে اَلْاِنْشَاءُ ইনশা وَالْاِنْشَاءُ আবার ইনশা اَقْسَامُ কয়েক প্রকার- ১. اَمْرٌ আমর ২. نَهْىٌ নাহী ৩. تَمَنِّيْ তামান্নী ৪. تَرَجِّيْ তারাজ্জী ৫. اِسْتِفْهَامْ ইস্তিফহাম ৬. وَنِدَاءٌ এবং নিদা।

www.islamijindegi.com

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ إِنْ كَانَ اللَّفْظُ الخ -এর আলোচনা : পূর্ববর্তী পরিচ্ছেদে গ্রন্থকার একাধিক অর্থবিশিষ্ট একক শব্দের আলোচনা করেছেন। আর এ পরিচ্ছেদে একার্থবোধক একাধিক শব্দের আলোচনা করেছেন। যেমন- مُرَادِفٌ এ শব্দটি وَاحِدٌ مُذَكَّرٌ-এর إِسْمُ فَاعِلٍ-এর সীগাহ। এর আভিধানিক অর্থ হচ্ছে- একে অপরের সাহায্যকারী, পেছনে আগমনকারী।

আর মানতিকশাস্ত্রের পরিভাষায়, যদি একাধিক শব্দের একটি অর্থ থাকে, তবে তাকে مُرَادِفٌ বা সমার্থক বলা হয়। যেমন- اَلْأَسَدُ ও اَللَّيْثُ এ দু'টি শব্দের একই অর্থ। তা হচ্ছে 'সিংহ'। সুতরাং أَسَدٌ এবং লাইস শব্দ দু'টি একটি অপরটির مرادف।

قَوْلُهُ الْمُرَكَّبُ قِسْمَانِ الخ -এর আলোচনা : مُرَكَّبٌ-এর প্রকারভেদ : গ্রন্থকার পূর্বের পরিচ্ছেদে مُفْرَدٌ-এর প্রকারভেদের আলোচনা শেষে আলোচ্য ইবারতে مُرَكَّبٌ-এর প্রকার সম্পর্কে আলোকপাত করেছেন। গ্রন্থকার বলেন, مُرَكَّبٌ প্রথমত দু'ভাগে বিভক্ত। যথা- ১. مُرَكَّبٌ تَامٌّ বা পরিপূর্ণ যৌগিক, ২. مُرَكَّبٌ نَاقِصٌ বা অসম্পূর্ণ যৌগিক।

مُرَكَّبٌ تَامٌّ-এর আভিধানিক অর্থ : تَامٌّ শব্দের অর্থ হলো- পরিপূর্ণ আর مُرَكَّبٌ শব্দের অর্থ- যৌগিক। সুতরাং مُرَكَّبٌ تَامٌّ-এর অর্থ হচ্ছে- পরিপূর্ণ যৌগিক।

পারিভাষিক সংজ্ঞা :

১. মিরকাত প্রণেতা مُرَكَّبٌ تَامٌّ-এর পরিচয় দিতে গিয়ে বলেন- اَلْمُرَكَّبُ التَّامُّ هُوَ مَا يَصِحُّ السُّكُوْتُ عَلَيْهِ অর্থাৎ مُرَكَّبٌ تَامٌّ হলো যা শ্রবণ করার পর শ্রোতার জন্য তার উপর চুপ থাকা শুদ্ধ হয়।

২. কারো কারো মতে- هُوَ عِبَارَةٌ عَمَّا يُفِيْدُ الْمُخَاطَبُ فَائِدَةً تَامَّةً فَلَا يُسْئَلُ عَنْهُ অর্থাৎ যে مُرَكَّبٌ-টি শ্রোতাকে পূর্ণ উপকারিতা প্রদান করে এবং যা বুঝতে কোনোরূপ প্রশ্নের প্রয়োজন হয় না, তাকেই مُرَكَّبٌ تَامٌّ বলা হয়। যেমন- خَالِدٌ كَاتِبٌ (খালিদ একজন লেখক) অথবা جَابِرٌ عَالِمٌ (জাবির বিদ্বান)। এতে কোনো প্রকার প্রশ্নের অবকাশ নেই।

مُرَكَّبٌ نَاقِصٌ-এর আভিধানিক অর্থ : نَاقِصٌ শব্দের অর্থ হলো- অপূর্ণাঙ্গ আর مُرَكَّبٌ শব্দের অর্থ- যৌগিক। সুতরাং مُرَكَّبٌ نَاقِصٌ-এর অর্থ হচ্ছে- অপূর্ণাঙ্গ যৌগিক।

পারিভাষিক সংজ্ঞা : মিরকাত গ্রন্থকার বলেন- هُوَ مَا لَا يَصِحُّ السُّكُوْتُ عَلَيْهِ অর্থাৎ যার উপর চুপ থাকা শুদ্ধ হয় না।

উদাহরণ : যেমন- غُلَامُ زَيْدٍ বাক্যটির ভাব অসম্পূর্ণ থাকায় শ্রোতার মনে প্রশ্ন থেকে যায়, তাই এটা مُرَكَّبٌ نَاقِصٌ।

জ্ঞাতব্য বিষয় : শ্রোতা চুপ হওয়ার অর্থ হলো, مُرَكَّبٌ-টি শ্রবণ করার পর শ্রোতা বক্তার বক্তব্য পরিপূর্ণভাবে বুঝতে পারা এবং তার মনে কোনোরূপ সংশয় না থাকা। আর শ্রোতার চুপ থাকা তখনই শুদ্ধ যখন বক্তব্যে উদ্দেশ্যের সাথে সঙ্গত বিষয়টি উল্লেখ থাকে। অন্যথায় তাকে مُرَكَّبٌ نَاقِصٌ তথা অপূর্ণ যৌগিক বলা হয়।

قَوْلُهُ مُرَكَّبُ التَّامُّ الخ -এর আলোচনা :

১. شَرْحُ التَّهْذِيْبِ গ্রন্থকার مُرَكَّبٌ-এর পরিচয় দিতে গিয়ে বলেন- اَلْمُرَكَّبُ التَّامُّ هُوَ مَا يَصِحُّ السُّكُوْتُ عَلَيْهِ অর্থাৎ যা শ্রবণ করার পর শ্রোতার জন্য তার উপর চুপ থাকা সঠিক হয়, তাকেই مُرَكَّبٌ تَامٌّ বলে।

২. কারো কারো মতে- هُوَ عِبَارَةٌ عَمَّا يُفِيْدُ الْمُخَاطَبُ فَائِدَةً تَامَّةً فَلَا يُسْئَلُ عَنْهُ অর্থাৎ যে مُرَكَّبٌ টি শ্রোতাকে পূর্ণ উপকারিতা দান করে এবং যা বুঝতে কোনোরূপ জিজ্ঞাসার প্রয়োজন হয় না, তাকেই مُرَكَّبٌ تَامٌّ বলা হয়। যথা- بَكْرٌ كَاتِبٌ অর্থাৎ বকর একজন লেখক।

مُرَكَّبٌ تَامٌّ -এর প্রকারভেদ : مُرَكَّبٌ تَامٌّ দু' প্রকার। যথা- ১. اَلْخَبَرُ ২. اَلْإِنْشَاءُ

১. **اَلْخَبَرُ -এর পরিচয় :** خَبَرٌ শব্দটি একবচন, বহুবচন হলো أَخْبَارٌ ; এর অর্থ হলো- সংবাদ। পরিভাষায় خَبَرٌ বলা হয়- إِنِ احْتَمَلَ الصِّدْقَ وَالْكِذْبَ فَهُوَ خَبَرٌ অর্থাৎ, مُرَكَّبٌ تَامٌّ টি যদি সত্য-মিথ্যার অবকাশ রাখে, তবে তাকে خَبَرٌ বলে। যথা- زَيْدٌ حَاضِرٌ অর্থাৎ যায়েদ উপস্থিত।

২. **إِنْشَاءٌ -এর পরিচয় :** إِنْشَاءٌ শব্দটি বাবে إِفْعَالٌ-এর মাসদার। এর অর্থ হলো- اَلْخَلْقُ বা সৃষ্টি করা। পরিভাষায় إِنْشَاءٌ বলা হয়- هُوَ مَا لَا يَصِحُّ أَنْ يُقَالَ لِقَائِلِهِ أَنَّهُ صَادِقٌ فِيْهِ أَوْ كَاذِبٌ অর্থাৎ যার বক্তাকে সত্যবাদী বা মিথ্যাবাদী বলার কোনো অবকাশ নেই। যথা- اُنْصُرْ زَيْدًا (তুমি যায়েদকে সাহায্য করো) এখানে বক্তাকে সত্যবাদী বা মিথ্যাবাদী বলার কোনোই অবকাশ নেই।

قَوْلُهُ وَيَحْتَمِلُ الصِّدْقَ الخ -এর আলোচনা : অর্থাৎ বাক্যটি এমন যে সত্যবাদী অথবা মিথ্যাবাদী বলা যেতে পারে। যেমন কেউ বলল, اَلسَّمَاءُ فَوْقَنَا (আকাশ আমাদের উপর)। এখন এ ব্যক্তিকে আমরা বলত পারি যে, সে সত্য বলেছে। এমনিভাবে কেউ বলল, اَلْإِثْنَانِ نِصْفُ الثَّلٰثَةِ (দুই তিনের অর্ধেক)। এ ক্ষেত্রে আমরা বলতে পারবো যে, সে মিথ্যা বলেছে। পক্ষান্তরে إِنْشَاءٌ-এর ক্ষেত্রে এরূপ বলা যাবে না। যেমন- কেউ যদি বলে, اِضْرِبْ (প্রহার করো) তবে তাকে আমরা সত্যবাদী বা মিথ্যাবাদী কোনোটিই বলতে পারবো না।

قَوْلُهُ فَإِنْ قِيْلَ الخ -এর আলোচনা : মুসান্নিফ (র.) এখানে একটি প্রশ্ন উত্থাপন করে নিজেই তার উত্তর প্রদান করেছেন। প্রশ্নটি হলো, قَضِيَّةٌ এবং خَبَرٌ -এর উপরোক্ত সংজ্ঞা অনুযায়ী لَا إِلٰهَ إِلَّا اللّٰهُ-কে قَضِيَّةٌ বা خَبَرٌ বলা যাবে না। কারণ, এতে মিথ্যার সম্ভাবনাই নেই। অথচ এটি সর্বসম্মতিক্রমে خَبَرٌ ও قَضِيَّةٌ।

এর উত্তরে বলা হয়- لَا إِلٰهَ إِلَّا اللّٰهُ -এর দু' প্রান্ত তথা مَحْكُوْمٌ عَلَيْهِ ও مَحْكُوْمٌ بِهٖ-এর বৈশিষ্ট্যের প্রতি লক্ষ্য করলে অবশ্য বলতেই হবে যে, এতে মিথ্যার সম্ভাবনা নেই; কিন্তু ভিন্ন দৃষ্টিকোণভাবে এতেও মিথ্যার সম্ভাবনা রয়েছে। আল্লাহর সত্তা, মা'বূদের অর্থ ও সংবাদদাতার সত্যতার প্রতি লক্ষ্য করলে ঐ সম্ভাবনা না হয় হবে [illegible], لَا إِلٰهَ إِلَّا اللّٰهُ-কেও خَبَرٌ ও قَضِيَّةٌ বলা হবে।

www.islamijindegi.com

فَصْلٌ : اَلْمُرَكَّبُ النَّاقِصُ عَلٰى اَنْحَاءٍ مِنْهَا الْمُرَكَّبُ الْاِضَافِيُّ كَغُلَامِ زَيْدٍ وَمِنْهَا الْمُرَكَّبُ التَّوْصِيْفِيُّ كَالرَّجُلِ الْعَالِمِ وَمِنْهَا الْمُرَكَّبُ غَيْرُ التَّقْيِيْدِيِّ كَفِى الدَّارِ وَهٰهُنَا قَدْ تَمَّ بَحْثُ الْاَلْفَاظِ وَالْاٰنَ نُرْشِدُكَ اِلٰى بَحْثِ الْمَعَانِىْ -

সরল অনুবাদ : পরিচ্ছেদ : مُرَكَّبْ نَاقِصْ কয়েক প্রকার : ১. مُرَكَّبْ اِضَافِىْ যথা- غُلَامُ زَيْدٍ [যায়েদের দাস]। ২. مُرَكَّبْ تَوْصِيْفِىْ যথা- اَلرَّجُلُ الْعَالِمُ [জ্ঞানী ব্যক্তি]। ৩. مُرَكَّبْ غَيْرُ تَقْيِيْدِىْ যথা- فِى الدَّارِ [ঘরের মধ্যে]। আপাতত এখানে শব্দের আলোচনা শেষ হলো, এখন তোমাকে অর্থসমূহের আলোচনার দিকে পথ দেখাবো।

শাব্দিক অনুবাদ : فَصْلٌ পরিচ্ছেদ اَلْمُرَكَّبُ النَّاقِصُ অপূর্ণ যৌগিক عَلٰى اَنْحَاءٍ কয়েক প্রকার ১. مِنْهَا الْمُرَكَّبُ الْاِضَافِىُّ মুরাক্কাবে ইযাফী যথা- كَغُلَامِ زَيْدٍ যায়েদের দাস ২. وَمِنْهَا الْمُرَكَّبُ التَّوْصِيْفِىُّ মুরাক্কাবে তাওসিফী যথা- كَالرَّجُلِ الْعَالِمِ জ্ঞানী ব্যক্তি ৩. وَمِنْهَا الْمُرَكَّبُ غَيْرُ التَّقْيِيْدِىْ মুরাক্কাবে গায়রে তাকয়িদী যথা- كَفِى الدَّارِ (ঘরের মধ্যে وَهٰهُنَا এখানে قَدْ تَمَّ আপাতত শেষ হলো بَحْثُ الْاَلْفَاظِ শব্দের আলোচনা وَالْاٰنَ এখন نُرْشِدُكَ তোমাকে পথ দেখাবো اِلٰى بَحْثِ الْمَعَانِىْ অর্থসমূহের আলোচনার দিকে।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ الْمُرَكَّبُ النَّاقِصُ -এর আলোচনা : এখানে লেখক مُرَكَّبْ نَاقِصْ -এর প্রকারভেদ সম্পর্কে আলোচনা করেছেন। নিম্নে এ প্রসঙ্গে আলোকপাত করা হলো-

قَوْلُهُ مُرَكَّبٌ نَاقِصٌ -এর পরিচয় : مُرَكَّبْ نَاقِصْ -এর পরিচয় দিতে গিয়ে গ্রন্থকার বলেন- هُوَ مَا لَا يَصِحُّ السُّكُوْتُ عَلَيْهِ অর্থাৎ যে বক্তব্যের উপর শ্রোতার চুপ থাকা শুদ্ধ হয় না। অন্যত্র এর পরিচয় দিতে গিয়ে বলা হয়েছে- مَا لَا يُفِيْدُ الْمُخَاطَبَ بَعْدَ السَّمْعِ فَيَحْتَمِلُ السُّؤَالَ عَنْهُ অর্থাৎ যা শ্রবণ করার পর শ্রোতার বক্তব্য বুঝতে প্রশ্ন করার অবকাশ থাকে, তাকেই مُرَكَّبْ نَاقِصْ বলা হয়। যথা- غُلَامُ زَيْدٍ অর্থ- যায়েদের গোলাম। এখানে স্বভাবতই প্রশ্নের অবকাশ থাকে যে, যায়েদের গোলাম কি দণ্ডায়মান- না বসা ইত্যাদি।

مُرَكَّبْ نَاقِصْ -এর প্রকারভেদ : مُرَكَّبْ نَاقِصْ টি তিন ভাগে বিভক্ত। যথা- ১. مُرَكَّبْ اِضَافِىْ ২. مُرَكَّبْ تَوْصِيْفِىْ ৩. مُرَكَّبْ غَيْرُ تَقْيِيْدِىْ

১. **مُرَكَّبْ اِضَافِىْ -এর পরিচয় :** যে مُرَكَّبْ টি مُضَافْ ও مُضَافْ اِلَيْهِ মিলে গঠিত হয় ,তাকে مُرَكَّبْ اِضَافِىْ বলা হয়। যথা- رَسُوْلُ اللّٰهِ অর্থাৎ আল্লাহর দূত। এখানে رَسُوْل হলো مُضَافْ আর اَللّٰهُ হলো مُضَافْ اِلَيْهِ কাজেই বাক্যটি مُرَكَّبْ اِضَافِىْ হয়েছে।

১. **مُرَكَّبْ تَوْصِيْفِىْ -এর পরিচয় :** যে مُرَكَّبْ টি مَوْصُوْفْ ও صِفَتْ মিলে গঠিত হয়, তাকে مُرَكَّبْ تَوْصِيْفِىْ বলা হয়। যথা- رَجُلٌ شَرِيْفٌ অর্থাৎ একজন ভদ্র লোক। এখানে رَجُلٌ হলো مَوْصُوْفْ আর شَرِيْفٌ হলো তার সিফাত, কাজেই এটি مُرَكَّبْ تَوْصِيْفِىْ হয়েছে।

২. **مُرَكَّبْ غَيْرُ تَقْيِيْدِىْ -এর পরিচয় :** যে مُرَكَّبْ -এর মধ্যে এক অংশ অন্য অংশের জন্য قَيْد হয়, তাকেই مُرَكَّبْ غَيْرُ تَقْيِيْدِىْ বলা হয়। যথা- فِى الدَّارِ অর্থাৎ ঘরের মধ্যে। এখানে فِىْ এবং دَارْ যুক্ত হয়ে مُرَكَّبْ হয়েছে, তবে এখানে এক অংশ অন্য অংশের জন্য قَيْد নয়।

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

١- مَا هِىَ الدَّلَالَةُ لُغَةً وَاصْطِلَاحًا ؟ وَكَمْ قِسْمًا لَهَا ؟ فَصِّلْ بِالتَّفْصِيْلِ وَالتَّمْثِيْلِ .

٢- مَا هِىَ الدَّلَالَةُ لُغَةً وَاصْطِلَاحًا ؟ ثُمَّ بَيِّنْ اَقْسَامَ الدَّلَالَةِ اللَّفْظِيَّةِ الْوَضْعِيَّةِ مُمَثَّلًا وَمُفَصَّلًا .

٣- عَرِّفِ الْمُفْرَدَ ثُمَّ بَيِّنْ اَقْسَامَهُ مُفَصَّلًا وَمُمَثَّلًا .

٤- اَلْمُفْرَدُ مَا هُوَ ؟ ثُمَّ اذْكُرْ اَقْسَامَ الْمُفْرَدِ مِنْ حَيْثُ الْمَعْنٰى الْمُتَحِدِ بِالتَّمْثِيْلِ .

٥- كَمْ قِسْمًا لِلْمُفْرَدِ مِنْ حَيْثُ الْمَعْنٰى الْمُتَكَثِّرِ ؟ بَيِّنْ مُفَصَّلًا وَمُمَثَّلًا .

٦- عَرِّفِ الْمُفْرَدَ وَالْمُرَكَّبَ . ثُمَّ بَيِّنْ اَقْسَامَ الْمُرَكَّبِ بَيَانًا تَامًّا .

٧- مَا هُوَ الْمُرَكَّبُ وَكَمْ قِسْمًا لَهُ ؟ بَيِّنْ بِالتَّفْصِيْلِ وَالتَّمْثِيْلِ .

٨- مَا هُوَ الْمَنْقُوْلُ وَكَمْ قِسْمًا لَهُ ؟ بَيِّنْ بِالتَّفْصِيْلِ وَالتَّمْثِيْلِ .

www.islamijindegi.com

فَصْلٌ : اَلْمَفْهُوْمُ اَیْ مَا حَصَلَ فِی الذِّهْنِ قِسْمَانِ اَحَدُهُمَا جُزْئِیٌّ وَالثَّانِیْ کُلِّیٌّ اَمَّا الْجُزْئِیُّ فَهُوَ مَا یَمْتَنِعُ نَفْسُ تَصَوُّرِهٖ عَنْ صِدْقِهٖ عَلٰی کَثِیْرِیْنَ کَزَیْدٍ وَعَمْرٍو وَهٰذَا الْفَرَسُ وَهٰذَا الْجِدَارُ وَاَمَّا الْکُلِّیُّ فَهُوَ مَا لَایَمْتَنِعُ نَفْسُ تَصَوُّرِهٖ عَنْ وُقُوْعِ الشَّرِکَةِ فِیْهِ وَعَنْ صِدْقِهٖ عَلٰی کَثِیْرِیْنَ کَالْاِنْسَانِ وَالْفَرَسِ وَقَدْ یُفَسَّرُ الْکُلِّیُّ وَالْجُزْئِیُّ بِتَفْسِیْرَیْنِ اٰخَرَیْنِ اَمَّا الْکُلِّیُّ فَهُوَ مَا جَوَّزَ الْعَقْلُ تَکَثُّرَهٗ مِنْ حَیْثُ تَصَوُّرِهٖ وَاَمَّا الْجُزْئِیُّ فَهُوَ مَا لَایَکُوْنُ کَذٰلِكَ

فَصْلٌ : اَلْکُلِّیُّ اَقْسَامٌ اَحَدُهَا مَا یَمْتَنِعُ وُجُوْدُ اَفْرَادِهٖ فِی الْخَارِجِ کَالَّا شَیْءَ وَاللَّا مُمْکِنْ وَاللَّا مَوْجُوْدٌ وَثَانِیْهَا مَا یُمْکِنُ اَفْرَادُهٗ وَلَمْ تُوْجَدْ کَالْعَنْقَاءِ وَجَبَلٌ مِنَ الْیَاقُوْتِ وَثَالِثُهَا مَا اَمْکَنَتْ اَفْرَادُهٗ وَلَمْ تُوْجَدْ مِنْ اَفْرَادِهٖ اِلَّا فَرْدٌ وَاحِدٌ کَالشَّمْسِ وَالْوَاجِبِ تَعَالٰی وَرَابِعُهَا مَا وُجِدَتْ لَهٗ اَفْرَادٌ کَثِیْرَةٌ اِمَّا مُتَنَاهِیَةٌ کَالْکَوَاکِبِ السَّیَّارَةِ فَاِنَّهَا سَبْعٌ اَلشَّمْسُ وَالْقَمَرُ وَالْمِرِّیْخُ وَالزُّهْرَةُ وَ زُحَلُ وَعُطَارِدُ وَالْمُشْتَرِیْ اَوْ غَیْرُ مُتَنَاهِیَةٍ کَاَفْرَادِ الْاِنْسَانِ وَالْفَرَسِ وَالْغَنَمِ وَالْبَقَرِ ـ

সরল অনুবাদ : পরিচ্ছেদ : مَفْهُوْم তথা যা স্মৃতিতে উদয় হয় ; তা দু' প্রকার ১. جُزْئِیْ ـ ২. کُلِّیْ ঐ مَفْهُوْم -কে বলে, যার কল্পনা একাধিক বিষয়ের উপর প্রযোজ্য হওয়াকে বাধা প্রদান করে। যথা- যায়েদ, ওমর, এ ঘোড়াটি, এ দেয়ালটি। আর کُلِّیْ হচ্ছে এমন مَفْهُوْم যার تَصَوُّرْ বা কল্পনা কোনো জিনিসের অংশীদারিত্বকে এবং একাধিক বিষয়ের উপর প্রযোজ্য হওয়াকে বাধা প্রদান করে না। যথা-اَلْاِنْسَانُ (মানুষ) اَلْفَرَسُ (ঘোড়া)। আবার কখনো کُلِّیْ এবং جُزْئِیْ -এর পরিচয় অন্যভাবেও দেওয়া হয়- کُلِّیْ এমন مَفْهُوْم কে বলে যার تَصَوُّرْ করলে বিবেক তাতে একাধিক বিষয়কে সমর্থন করে। আর جُزْئِیْ হচ্ছে, যার تَصَوُّرْ করলে বিবেক তাতে একাধিক বিষয়কে সমর্থন করে না।

পরিচ্ছেদ : کُلِّیْ আবার কয়েক ভাগে বিভক্ত। তন্মধ্যে একটি হচ্ছে- এমন کُلِّیْ যার اَفْرَادْ বাস্তবে পাওয়া অসম্ভব। যথা- لَاشَیْءَ (কোনো কিছুই নয়), لَامُمْکِنْ (অসম্ভব), لَامَوْجُوْدْ (অস্তিত্বহীন)। দ্বিতীয়টি হচ্ছে- যার اَفْرَادْ বাস্তবে পাওয়া যাওয়া সম্ভব ; তবে পাওয়া যায় না। যথা- اَلْعَنْقَاءُ (এক জাতীয় পাখি), ইয়াকুত পাথরের পাহাড়। তৃতীয়টি হচ্ছে- যার اَفْرَادْ পাওয়া যাওয়া সম্ভব, তবে একটির অধিক পাওয়া যায় না। যথা- اَلشَّمْسُ (সূর্য), اَلْوَاجِبُ تَعَالٰی (আল্লাহ তা'আলা)। চতুর্থটি হচ্ছে- এমন کُلِّیْ যার অনেক اَفْرَادْ আছে, হয়তো তা مُتَنَاهِیْ বা সীমিত হবে। যথা- اَلْکَوَاکِبُ السَّیَّارَةِ (পরিভ্রমণকারী গ্রহ), কেননা এগুলো মোট সাতটি- ১. সূর্য, ২. চন্দ্র, ৩ মঙ্গল গ্রহ, ৪. শুক্র গ্রহ, ৫. শনি গ্রহ, ৬. বুধ গ্রহ, ৭. বৃহস্পতি গ্রহ। অথবা غَیْرُ مُتَنَاهِیْ বা অগণিত হবে। যথা- মানুষ, ঘোড়া, ছাগল, গরু ইত্যাদির এককসমূহ।

শাব্দিক অনুবাদ : فَصْلٌ পরিচ্ছেদ اَلْمَفْهُوْمُ মাফহুম اَیْ অর্থাৎ مَاحَصَلَ যা উদয় হয় فِی الذِّهْنِ স্মৃতিতে قِسْمَانِ তা দু' প্রকার اَحَدُهُمَا جُزْئِیٌّ ১. জুয়য়ী وَالثَّانِیْ کُلِّیٌّ ২. কুল্লী اَمَّا الْجُزْئِیُّ জুয়য়ী فَهُوَ مَفْهُوْمٌ ঐ -কে বলে مَا یَمْتَنِعُ যা বাধা প্রদান করে نَفْسُ تَصَوُّرِهٖ যার কল্পনা عَنْ صِدْقِهٖ প্রযোজ্য হওয়াকে عَلٰی کَثِیْرِیْنَ একাধিক বিষয়ের উপর کَزَیْدٍ وَعَمْرٍو যথা- যায়েদ, আমর وَهٰذَا الْفَرَسُ এ ঘোড়াটি وَهٰذَا الْجِدَارُ ও এ দেয়ালটি وَاَمَّا الْکُلِّیُّ আর کُلِّیْ হচ্ছে فَهُوَ এমন মাফহুম مَا لَایَمْتَنِعُ যা বাধা প্রদান করে না نَفْسُ تَصَوُّرِهٖ যার কল্পনা عَنْ وُقُوْعِ الشَّرِکَةِ فِیْهِ কোনো জিনিসের অংশীদারিত্বকে وَعَنْ صِدْقِهٖ এবং প্রযোজ্য হওয়াকে عَلٰی کَثِیْرِیْنَ একাধিক বিষয়ের উপর کَالْاِنْسَانِ وَالْفَرَسِ যথা- মানুষ ও ঘোড়া وَقَدْ یُفَسَّرُ আবার কখনো পরিচয় দেওয়া হয় اَلْکُلِّیُّ وَالْجُزْئِیُّ কুল্লী ও জুয়য়ীর بِتَفْسِیْرَیْنِ اٰخَرَیْنِ অন্যভাবেও اَمَّا الْکُلِّیُّ আর কুল্লী فَهُوَ এমন মাফহুমকে বলে مَا جَوَّزَ الْعَقْلُ বিবেক সমর্থন করে تَکَثُّرَهٗ

www.islamijindegi.com

হতে একাধিক বিষয়কে مِنْ حَيْثُ تَصَوُّرِهِ যার تَصَوُّرُ করলে وَاَمَّا الْجُزْئِىُّ আর জুযয়ী হচ্ছে فَهُوَ এমন মাফহুমকে যে مَا لَا يَكُوْنُ
যা হবে না كَذٰلِكَ অনুরূপ فَصْلٌ পরিচ্ছেদ اَقْسَامُ الْكُلِّىِّ কুল্লী আবার কয়েক ভাগে বিভক্ত اَحَدُهَا তন্মধ্যে একটি হচ্ছে مَا يَمْتَنِعُ
কুল্লী অসম্ভব وُجُوْدُ اَفْرَادِهِ যার اَفْرَادُ পাওয়া فِى الْخَارِجِ বাস্তবে كَاللَّا شَيْئِ যথা- কোনো কিছুই নয় وَاللَّا مُمْكِنْ অসম্ভব وَاللَّا مَوْجُوْدٌ
অস্তিত্বহীন وَثَانِيْهَا দ্বিতীয়টি হচ্ছে مَا يُمْكِنُ সম্ভব اَفْرَادُهُ যার اَفْرَادُ বাস্তবে পাওয়া যাওয়া وَلَمْ تُوْجَدْ তবে পাওয়া যায় না كَالْعَنْقَاءِ
যথা- عَنْقَاءُ (এক জাতীয় পাখি) وَجَبَلٌ مِنَ الْيَاقُوْتِ ইয়াকুত পাথরের পাহাড় وَثَالِثُهَا তৃতীয়টি হচ্ছে مَا اَمْكَنَتْ সম্ভব اَفْرَادُهُ যার
আফরাদ পাওয়া যাওয়া وَلَمْ تُوْجَدْ তবে পাওয়া যায় না مِنْ اَفْرَادِهِ তার আফরাদ اِلَّا فَرْدٌ وَاحِدٌ একটির অধিক كَالشَّمْسِ যথা- সূর্য
وَالْوَاجِبُ تَعَالٰى আল্লাহ তা'আলা وَرَابِعُهَا চতুর্থটি হচ্ছে مَا وُجِدَتْ لَهُ এমন কুল্লী যার আছে اَفْرَادٌ كَثِيْرَةٌ অনেক আফরাদ مُتَنَاهِيَةٌ।
হয়তো তা সীমিত হবে كَالْكَوَاكِبِ السَّيَّارَةِ যথা- পরিভ্রমণকারী গ্রহ فَاِنَّهَا سَبْعٌ কেননা, এগুলো মোট সাতটি ১. اَلشَّمْسُ সূর্য
২. وَالْقَمَرُ চন্দ্র ৩. وَالْمِرِّيْخُ মঙ্গল গ্রহ ৪. وَالزُّهْرَةُ শুক্র গ্রহ ৫. وَزُحَلُ শনি গ্রহ ৬. وَعَطَارِدُ বুধ গ্রহ ৭. وَالْمُشْتَرِىْ বৃহস্পতি গ্রহ اَوْ غَيْرُ
مُتَنَاهِيَةٍ অথবা অগণিত হবে كَاَفْرَادِ الْاِنْسَانِ যথা- মানুষ وَالْفَرَسِ ঘোড়া وَالْغَنَمِ ছাগল وَالْبَقَرِ গরু ইত্যাদির এককসমূহ।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ اَلْمَفْهُوْمُ الخ -এর আলোচনা : লেখক এ পর্যন্ত শব্দ নিয়ে আলোচনা করেছেন। এখান থেকে তিনি مَعْنٰى তথা অর্থ নিয়ে আলোচনা আরম্ভ করেছেন। مَعْنٰى এবং مَفْهُوْمٌ হচ্ছে مُرَادِفٌ বা একই অর্থবোধক দু'টি শব্দ। নিম্নে এ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হলো।

مَفْهُوْمٌ-এর আভিধানিক অর্থ : مَفْهُوْمٌ শব্দটি اِسْمُ مَفْعُوْلٍ-এর وَاحِدٌ مُذَكَّرٌ-এর সীগাহ। বাবে سَمِعَ থেকে ব্যবহৃত হয়। এর অর্থ হলো- জ্ঞাত হওয়া, কোনো বিষয় সম্পর্কে জ্ঞান লাভ করা।

مَفْهُوْمٌ-এর পারিভাষিক সংজ্ঞা : মানতিকশাস্ত্রের পরিভাষায়- اَلْمَفْهُوْمُ هُوَ مَا يَحْصُلُ فِى الذِّهْنِ بِاللَّفْظِ

অর্থাৎ শব্দ দ্বারা মস্তিষ্কে যে জ্ঞান অর্জিত হয়, তাকে مَفْهُوْمٌ বলে। যেমন- زَيْدٌ বলার সাথে সাথে মস্তিষ্ক বুঝে যে, সে একজন মানুষ। আর তা শব্দের উদ্দেশ্য হিসেবে مَعْنٰى নামে অভিহিত। আর শব্দ তার উপর দালালত করে হিসেবে তা শব্দের মাদলূল। শব্দ হতে অর্জিত বিষয়টি বিভিন্ন দৃষ্টিতে বিভিন্ন নামে অভিহিত হলেও মূলত এরা এক ও অভিন্ন।

اَقْسَامُ الْمَفْهُوْمِ : [مَفْهُوْمٌ-এর প্রকারভেদ] : মমিরকাত প্রণেতার মতে مَفْهُوْمٌ দু' প্রকার। যথা- ১. جُزْئِىٌّ (আংশিক), ২. كُلِّىٌّ (পরিপূর্ণ)।

جُزْئِىٌّ-এর আভিধানিক অর্থ : جُزْئِىٌّ শব্দটি جُزْءٌ-এর দিকে নিসবত করেছে। মূলবর্ণ [ج . ز . ء] জিনসে مَهْمُوْزُ لَامٌ ইংরেজি প্রতিশব্দ Partly. এর আভিধানিক অর্থ- ১. نَصِيْبٌ তথা অংশ বা পাওয়া, ২. قِطْعَةٌ তথা টুকরা বা খণ্ড বিশেষ, ৩. حِصَّةٌ বা অংশ। ৪. Partion, Share.

পারিভাষিক সংজ্ঞা :

ক. মিরকাত প্রণেতার মতে- هُوَ مَا يَمْتَنِعُ نَفْسُ تَصَوُّرِهِ عَنْ صِدْقِهِ عَلٰى كَثِيْرِيْنَ

অর্থাৎ جُزْئِىٌّ ঐ مَفْهُوْمٌ-কে বলা হয়, যা তার تصور বা কল্পনাকে একাধিক বিষয়ের উপর প্রযোজ্য হওয়া থেকে বাধা দেয়।

খ. মীযানুল আখবার প্রণেতার মতে- اِنْ مَنَعَ نَفْسُ تَصَوُّرِهِ عَنْ وُقُوْعِ الشَّرْكَةِ فِيْهِ فَهُوَ كُلِّىٌّ

অর্থাৎ যদি কোনো مَفْهُوْمٌ স্বীয় تَصَوُّرٌ-কে অংশীদারিত্ব থেকে বাধা দেয়, তবে তাকে جُزْئِىٌّ বলে।

গ. মীযানুল মানতিক প্রণেতা বলেন, যে مَفْهُوْمٌ-এর نَفْسُ تَصَوُّرٍ-এর মাঝে অংশীদারিত্ব নিষেধ, তাই جُزْئِىٌّ।

ঘ. কারো কারো মতে- اَمَّا الْجُزْئِىُّ فَهُوَ اِنْ يَمْنَعَ نَفْسُ تَصَوُّرِهِ عَنْ وُقُوْعِ الشَّرْكَةِ فِيْهِ

উদাহরণ : যেমন- زَيْدٌ শব্দ বললে তার মাঝে অন্য কারো অংশীদারিত্ব বুঝায় না, শুধু একজন নির্দিষ্ট ব্যক্তিকে বুঝায়। এর সাথে অংশীদারিত্ব কল্পনা করা যায় না।

كُلِّىٌّ-এর আভিধানিক অর্থ : كُلِّىٌّ শব্দটি اِسْمُ الْمَنْصُوْبِ-এর শেষে ى বর্ণটি نِسْبَتٌ বুঝানোর জন্য ব্যবহৃত। শব্দটি كُلٌّ মূলধাতু থেকে اِسْمُ جَامِدٌ। মূলবর্ণ (ك . ل . ل) জিনসে مُضَاعَفُ ثُلَاثِىْ ইংরেজি প্রতিশব্দ Completely, Fully. এর আভিধানিক অর্থ- ১. جَمِيْعٌ বা সমস্ত, ২. প্রত্যেক। যেমন আল্লাহর বাণী- وَكُلٌّ فِىْ فَلَكٍ يَّسْبَحُوْنَ ৩. পরিপূর্ণ।

www.islamijindegi.com

পারিভাষিক সংজ্ঞা :

১ মিরকাত প্রণেতার মতে– هُوَ مَا لَايَمْتَنِعُ نَفْسُ تَصَوُّرِهٖ عَنْ وُقُوْعِ الشَّرِكَةِ فِيْهِ وَعَنْ صِدْقِهٖ عَلٰى كَثِيْرِيْنَ
অর্থাৎ যে مَفْهُوْم একাধিক বিষয় শরিক হওয়াকে নিষেধ করে না এবং অনেকের উপর প্রযোজ্য হয়, তাকে كُلِّيْ বলে।

২. সুল্লামুল উলূম গ্রন্থকার বলেন– اَلْمَفْهُوْمُ اِنْ جَوَّزَ الْعَقْلُ تَكَثُّرَهٗ مِنْ حَيْثُ التَّصَوُّرِ فَكُلِّيٌّ
অর্থাৎ, নিজস্ব সত্তার দিক থেকে مَفْهُوْم যদি একাধিক এককের উপর প্রযোজ্য হয়, তবে তাকে كُلِّيْ বলে।

৩. মীযানুল আখবার প্রণেতার মতে– اِنْ مَنَعَ نَفْسُ تَصَوُّرِهٖ عَنْ وُقُوْعِ الشَّرِكَةِ فِيْهِ فَهُوَ كُلِّيٌّ
অর্থাৎ যে مَفْهُوْم তার উপর আরোপিত অংশীদারিত্বকে নিষেধ করে না, তাই كُلِّيْ।

৪. কারো কারো মতে, যার কল্পনা কোনো জিনিসের অংশীদারিত্বকে এবং একাধিক বিষয়ের উপর প্রযোজ্য হওয়াকে বাধা দেয় না, তাই كُلِّيْ।

উদাহরণ : যেমন– اِنْسَانْ শব্দটি زَيْدْ . بَكْرْ . رَاشِدْ সবার উপর সমানভাবে প্রযোজ্য।

كُلِّيْ ও جُزْئِيْ-এর সংজ্ঞার قَيْدْ-এর বর্ণনা : جُزْئِيْ-এর সংজ্ঞায় نَفْسُ تَصَوُّرِهٖ-এর قَيْد দ্বারা যেসব كُلِّيْ বের হয়ে গেছে যা বাস্তবে অংশীদারিত্ব মুক্ত, কিন্তু কল্পনাগত দিক থেকে অংশীদারিত্ব মুক্ত নয়। আর كُلِّيْ-এর সংজ্ঞায় نَفْسُ تَصَوُّرِهٖ-এর قَيْد দ্বারা ঐ সব كُلِّيْ অন্তর্ভুক্ত হয়েছে যা বাস্তবে অংশীদারিত্ব মুক্ত। যেমন– وَاجِبُ الْوُجُوْدِ

উল্লেখ্য, অত্র আলোচনায় جُزْئِيْ ও كُلِّيْ-এর সংজ্ঞায় একটু ভিন্নতর বর্ণনা দেওয়া হয়েছে যা উপরোল্লিখিত বর্ণনার ব্যতিক্রম হলেও উভয় সংজ্ঞার মূল বক্তব্য এক ও অভিন্ন।

قَوْلُهُ اَلْكُلِّيُّ اَقْسَامٌ الخ-এর আলোচনা : এখানে كُلِّيْ -এর প্রকারের বর্ণনা দেওয়া হয়েছে। আর كُلِّيْ -এর اَفْرَادْ বাস্তব ও অবাস্তব এবং কম বা বেশি ও সীমিত ও সীমাহীন হওয়ার দিক দিয়ে كُلِّيْ চার প্রকার। এদের সার এই যে, كُلِّيْ -এর اَفْرَادْ -এর অস্তিত্ব পাওয়া যাবে বা যাবে না । اَفْرَادْ পাওয়া না গেলে প্রথম প্রকার। আর পাওয়া গেলে এর সংখ্যা এক হবে বা অধিক হবে। এক হলে এটি দ্বিতীয় প্রকার। আর اَفْرَادْ অধিক হলে সীমিত হবে বা সীমাহীন হবে সীমিত হলে এটি তৃতীয় প্রকার। অন্যথায় চতুর্থ প্রকার।

قَوْلُهُ اَحَدُهَا يَمْتَنِعُ الخ -এর আলোচনা : كُلِّيْ -এর প্রথম প্রকার ঐ كُلِّيْ যার কোনো فَرْدْ (একক) خَارِجْ (বাস্তবে) পাওয়া যাবে না। যেমন– لَا شَيْءَ . لَا مُمْكِنَ . لَا مَوْجُوْدَ এগুলোর مَفْهُوْم এ তিনটি كُلِّيْ কিন্তু এগুলোর কোনোটির কোনো فَرْدْ বা একক বাস্তবে পাওয়া যেতে পারে না। কেননা, বাস্তবে যা পাওয়া যায় তাকে شَيْءٌ مَوْجُوْدٌ এবং شَيْءٌ مُمْكِنٌ বলা হয়। অতঃপর لَا مَوْجُوْد . لَا شَيْءَ مُمْكِنْ ও যদি বাস্তবে পাওয়া যায়, তাহলে এটি اِجْتِمَاعُ نَقِيْضَيْنِ (দু বৈপরীত্যের একত্রিকরণ) জরুরি হবে, যা অসম্ভব।

قَوْلُهُ كَالْعَنْقَاءِ -এর আলোচনা : এটি كُلِّيْ -এর দ্বিতীয় প্রকারের উদাহরণ। كُلِّيْ-এর দ্বিতীয় প্রকার হলো– যার اَفْرَادْ বাস্তবে পাওয়া যাওয়া সম্ভব: কিন্তু তার একটি فَرْدْও পাওয়া যায় না। যেমন– عَنْقَاءْ -এর مَفْهُوْم এবং ইয়াকুতের পাহাড়ের مَفْهُوْم -কেননা, عَنْقَاءْ -এর ব্যাপারে কথিত আছে যে, তা এমন একটি পাখি যার চারটি পা আছে, দু'টি ডানা আছে, একটি ডানা مَشْرِقْ -এ এবং একটি ডানা مَغْرِبْ -এ থাকে। এমন পাখি বাস্তবে পাওয়া যাওয়া সম্ভব ; কিন্তু এ যাবৎ পাওয়া যায়নি। অনুরূপ ইয়াকুতের পাহাড় পাওয়া যাওয়া সম্ভব ; কিন্তু পাওয়া যায়নি।

قَوْلُهُ وَثَانِيْهَا مَا اَمْكَنَتْ الخ -এর আলোচনা : كُلِّيْ -এর তৃতীয় প্রকার যার اَفْرَادْ পাওয়া যাওয়া সম্ভব ; কিন্তু বাস্তবে মাত্র একটি فَرْدْ পাওয়া যাবে। এরূপ كُلِّيْ দু' প্রকার :

১. كُلِّيْ -এর এক فَرْدْ -এর অধিক বাস্তবে পাওয়া যাওয়া সম্ভব নয়। যেমন– وَاجِبْ تَعَالٰى যার শুধু একমাত্র একক। অর্থাৎ আল্লাহ তা'আলা বাস্তব, বাস্তবে যার অন্য কোনো সংখ্যা নেই। কেননা, তার অন্য কোনো সংখ্যা থাকলে শিরক হবে যা অসম্ভব।

২. যার এক فَرْدْ বাস্তবে পাওয়া যায় তবে একাধিক فَرْدْ পাওয়া যাওয়াও সম্ভব। যেমন– اَلشَّمْسُ (সূর্য যার) একটি فرد পাওয়া যায়। একাধিক পাওয়া যাওয়ার ব্যাপারেও عَقْلاً কোনো আপত্তি নেই।

قَوْلُهُ وَرَابِعُهَا مَا وُجِدَتْ الخ -এর আলোচনা : চতুর্থ প্রকার ঐ كُلِّيْ যার অনেক اَفْرَادْ বাস্তবে পাওয়া যায়। তবে তা দু' প্রকার– ১. যার افراد বাস্তবে সীমিত। যেমন– كَوَاكِبُ سَيَّارَهْ যার اَفْرَادْ বাস্তবে অনেক পাওয়া যাওয়ার ব্যাপারে عَقْلاً কোনো আপত্তি নেই। তবে বাস্তবে শুধু সাতটি পাওয়া যায়, যা سَبْعِ سَيَّارَهْ নামে অপরিচিত। এরা হলো . مُشْتَرِيْ . زَحَلْ . مِرِيْخْ . زُهَرَهْ . عُطَارِدْ . اَلْقَمَرُ . اَلشَّمْسُ ২. যার اَفْرَادْ বাস্তবে সীমাহীন, যেমন– اِنْسَانْ এবং فَرَسْ ইত্যাদির اَفْرَادْ বাস্তবে غَيْرُ مُتَنَاهِيْ তবে যারা عَالَمْ -কে حَادِثْ বলে তাদের মতে اَفْرَادْ اِنْسَانْ সীমিত বা مُتَنَاهِيْ হবে। আর আমাদের উদাহরণ ঐ সকল বিশেষজ্ঞদের মতানুসারে যারা عَالَمْ -কে قَدِيْمْ বলেন।

www.islamijindegi.com

وَقَدْ اَوْرَدَ عَلٰى تَعْرِيْفِ الْكُلِّيِّ وَالْجُزْئِيِّ سُؤَالٌ تَقْرِيْرُهٗ اَنَّ الصُّوْرَةَ الْحَاصِلَةَ مِنَ الْبَيْضَةِ الْمُعَيَّنَةِ وَالشِّبْهِ الْمَرْئِيِّ مِنْ بَعِيْدٍ وَمَحْسُوْسُ الطِّفْلِ فِيْ مَبْدَأِ الْوِلَادَةِ كُلُّهَا جُزْئِيَّاتٌ مَعَ اَنَّهٗ يَصْدُقُ عَلَيْهَا تَعْرِيْفُ الْكُلِّيِّ لِاَنَّ فِيْ هٰذِهِ الصُّوْرَةِ فَرْضُ صِدْقِهَا عَلٰى كَثِيْرِيْنَ غَيْرِ مُمْتَنِعٍ وَالْجَوَابُ اَنَّ الْمُرَادَ بِصِدْقِ الْمَفْهُوْمِ فِيْ تَعْرِيْفِ الْكُلِّيِّ هُوَ الصِّدْقُ عَلٰى وَجْهِ الْاِجْتِمَاعِ وَهٰذِهِ الصُّوَرُ اَعْنِيْ صُوْرَةَ الْبَيْضَةِ الْمُعَيَّنَةِ وَغَيْرُهَا اِنَّمَا يَصْدُقُ عَلٰى كَثِيْرِيْنَ بَدَلًا لَا اِجْتِمَاعًا فَاِنَّ الْوَحْدَةَ مَاخُوْذَةٌ فِيْ هٰذِهِ الصُّوْرَةِ ضَرُوْرَةً اَنَّهَا مَاخُوْذَةٌ مِنْ مَادَّةٍ مُعَيَّنَةٍ جُزْئِيَّةٍ وَلَوْلَا فِيْهَا اِعْتِبَارُ التَّوَحُّدِ لَكَانَتْ كُلِّيَّةً مِنْ غَيْرِ لُزُوْمِ اَشْكَالِ هٰذَا

فَصْلٌ فِى النِّسْبَةِ بَيْنَ الْكُلِّيَيْنِ : اِعْلَمْ اَنَّ النِّسْبَةَ بَيْنَ الْكُلِّيَيْنِ تَتَصَوَّرُ عَلٰى اَنْحَاءِ اَرْبَعَةٍ لِاَنَّكَ اِذَا اَخَذْتَ كُلِّيَيْنِ فَاَمَّا اَنْ يَصْدُقَ كُلٌّ مِنْهُمَا عَلٰى مَا صَدَقَ عَلَيْهِ الْاٰخَرُ فَهُمَا مُتَسَاوِيَانِ كَالْاِنْسَانِ وَالنَّاطِقِ لِاَنَّ كُلَّ اِنْسَانٍ نَاطِقٌ وَكُلُّ نَاطِقٍ اِنْسَانٌ اَوْ يَصْدُقُ اَحَدُهُمَا عَلٰى مَا يَصْدُقُ عَلَيْهِ الْاٰخَرُ وَلَا يَصْدُقُ الْاٰخَرُ عَلٰى جَمِيْعِ اَفْرَادِ اَحَدِهِمَا فَبَيْنَهُمَا عُمُوْمٌ وَخُصُوْصٌ مُطْلَقًا كَالْحَيَوَانِ وَالْاِنْسَانِ فَيَصْدُقُ الْحَيَوَانُ عَلٰى كُلِّ مَا يَصْدُقُ عَلَيْهِ الْاِنْسَانُ وَلَا يَصْدُقُ الْاِنْسَانُ عَلٰى كُلِّ مَا يَصْدُقُ عَلَيْهِ الْحَيَوَانُ بَلْ عَلٰى بَعْضِهٖ اَوْ لَا يَصْدُقُ شَيْءٌ مِنْهُمَا عَلٰى شَيْءٍ مِمَّا يَصْدُقُ عَلَيْهِ الْاٰخَرُ فَهُمَا مُتَبَايِنَانِ كَالْاِنْسَانِ وَالْفَرَسِ

সরল অনুবাদ : আর كُلِّيْ এবং جُزْئِيْ-এর সংজ্ঞার উপর একটি প্রশ্ন উত্থাপিত হয়েছে। যার বিশ্লেষণ হলো, নির্দিষ্ট ডিমের অর্জিত আকৃতি, দূর হতে অবলোকিত আকৃতি এবং শিশু জন্মের প্রাথমিক অবস্থায় অনুভূত আকৃতি– এসব কিছুই جُزْئِيْ অথচ এগুলোর উপর كُلِّيْ -এর সংজ্ঞা প্রযোজ্য হয়। কেননা, এ অবস্থায় এদের একাধিক বস্তুর ক্ষেত্রে প্রযোজ্য হওয়া অসম্ভব নয়।

উত্থাপিত প্রশ্নটির উত্তর এই যে, كُلِّيْ -এর সংজ্ঞার ব্যাপারে কোনো বিষয় প্রযোজ্য হওয়ার অর্থ হচ্ছে– তার ব্যাপারে সমষ্টিগতভাবে প্রযোজ্য হওয়া, আর নির্দিষ্ট একটি ডিমের আকৃতি এবং আরো যা কিছু রয়েছে এগুলো একাধিক বস্তুর ক্ষেত্রে প্রযোজ্য হয় বদল বা পরিবর্তন হিসেবে সমষ্টিগত হিসেবে নয়। কেননা, এ সকল আকৃতি হচ্ছে جُزْئِيْ এবং নির্দিষ্ট বস্তু হতে সংগৃহীত বিধায় এগুলোর মধ্যে এককত্ব রয়েছে। আর যদি এগুলোর মধ্যে এককত্বের বিবেচনা না হতো, তবে বিনা প্রশ্নেই এগুলো كُلِّيْ হিসেবে ধর্তব্য হতো।

পরিচ্ছেদ : দু' كُلِّيْ -এর মধ্যে نِسْبَةٌ -এর বর্ণনা প্রসঙ্গে। জেনে রাখো যে, দু'টি كُلِّيْ -এর মধ্যে চার প্রকারের نِسْبَةٌ কল্পনা করা যায়। কেননা, যখন তুমি দু'টি كُلِّيْ গ্রহণ করবে, তখন হয়তো উভয়ের প্রত্যেক كُلِّيْ ঐ সকল اَفْرَادٌ -এর উপর প্রযোজ্য হবে যাদের উপর অপর كُلِّيْ প্রযোজ্য হবে। তখন এ উভয় كُلِّيْ-কে مُتَسَاوِيَانِ বলা হবে। যেমন– اِنْسَانٌ এবং نَاطِقٌ কেননা, প্রত্যেক اِنْسَانٌ-ই نَاطِقٌ এবং প্রত্যেক نَاطِقٌ-ই اِنْسَانٌ অথবা উভয় كُلِّيْ -এর একটি كُلِّيْ এমন সকল اَفْرَادٌ -এর উপর প্রযোজ্য হবে যাদের উপর অপর كُلِّيْ প্রযোজ্য হয় ; কিন্তু অপর كُلِّيْ প্রথম كُلِّيْ -এর সকল اَفْرَادٌ -এর উপর প্রযোজ্য হবে না। এরূপ দু' كُلِّيْ -এর মধ্যে نِسْبَةٌ عُمُوْمٌ خُصُوْصٌ مُطْلَقٌ -এর হবে। যেমন– حَيَوَانٌ এবং اِنْسَانٌ সুতরাং حَيَوَانٌ যে সকল اَفْرَادٌ -এর উপর প্রযোজ্য হবে اِنْسَانٌ তাদের সকলের উপর প্রযোজ্য হবে না; বরং তাদের অংশের উপর প্রযোজ্য হবে। অথবা দু' كُلِّيْ -এর কোনো كُلِّيْ ঐ সকল اَفْرَادٌ সমূহ হতে কোনো فَرْدٌ -এর উপর প্রযোজ্য হবে না যার উপর অপর كُلِّيْ প্রযোজ্য হবে। আর এ দু' كُلِّيْ -কে مُتَبَايِنَانِ বলে। যেমন– اِنْسَانٌ এবং فَرَسٌ

www.islamijindegi.com

قَوْلُهٗ قِيَاسُ الْخَلْفِ **-এর আলোচনা :** কিয়াসে খুলফ উক্ত কিয়াসে মুরাক্কাবের এক প্রকার। قِيَاسُ الْخَلْفِ ঐ قِيَاسٌ-কে বলা হয়, যাতে মাতলূবের নাকীযকে বাতিল করতঃ মাতলূব সাব্যস্ত করা হয়। খুলফ শব্দের অর্থ– বাতিল। যেহেতু উক্ত কিয়াস স্বয়ং বাতিল অথবা মাতলূব অস্বীকার করার ফলে একটি বাতিল বিষয় সাব্যস্ত হয়, সেহেতু তাকে খুলফ বলা হয়। তার উৎস দু'টি قِيَاسٌ। তন্মধ্যে একটি কিয়াসে ইকতিরানী, যা দু'টি মুত্তাসিলার সমন্বয়ে গঠিত। আর দ্বিতীয়টি ইস্তিছনায়ী, যার একটি মুকাদ্দামা লুযূমিয়া যা প্রথম কিয়াসের নাতীজা। আর দ্বিতীয়টি তালীর নাকীয যা ইস্তিছনাকৃত। যেমন– আমাদের দাবি হলো, كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ এ কথাটি সত্য। এর প্রমাণ করার জন্য প্রথমত একটি কিয়াস কায়েম করবো, যা দু'টি মুত্তাসিলা দ্বারা গঠিত। অতঃপর যে নাতীজা বের হবে তাকে সুগরা ধরে এবং প্রথম কিয়াসের তালীর নাকীযকে ইস্তিছনা করতঃ তাকে কুবরা ধরে দ্বিতীয় একটি কিয়াস গঠন করবো, যার ফলে অসম্ভাব্যতা সাব্যস্ত হবে। আর অসম্ভাব্যতা যেহেতু স্বীকার্য নয়, তাই বাধ্য হয়ে আমাদের দাবি স্বীকার করে নিতে হবে। যেমন–

لَوْ لَمْ يَصْدُقْ كُلُّ اِنْسَانٍ حَيَوَانٍ لَصَدَقَ بَعْضُ الْاِنْسَانِ لَيْسَ بِحَيَوَانٍ . وَكُلَّمَا صَدَقَ بَعْضُ الْاِنْسَانِ لَيْسَ بِحَيَوَانٍ لَزِمَ الْمُحَالُ فَكُلَّمَا لَمْ يَصْدُقْ كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ لَزِمَ الْمُحَالُ لٰكِنَّ الْمُحَالَ لَيْسَ بِثَابِتٍ فَعَدَمُ ثُبُوْتِ كُلِّ اِنْسَانٍ حَيَوَانٌ لَيْسَ بِثَابِتٍ فَكُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ ثَابِتٌ وَهُوَ الْمُدَّعٰى .

উপরের ইবারতটুকুতে ভালো করে লক্ষ্য করলে দেখতে পাবে, لَوْ لَمْ يَصْدُقْ হতে لَزِمَ الْمُحَالُ পর্যন্ত প্রথম কিয়াস যা দু'টি মুত্তাসিলার সমন্বয়ে গঠিত। অতঃপর فَكُلَّمَا হতে لَزِمَ الْمُحَالُ পর্যন্ত প্রথম কিয়াসের নতীজা, যা দ্বিতীয় কিয়াসের সুগরা। আর لٰكِنَّ الْمُحَالَ لَيْسَ بِثَابِتٍ দ্বিতীয় কিয়াসের কুবরা যা প্রথম কিয়াসের তালীর ইস্তিছনাকৃত নাকীয। فَعَدَمُ হতে لَيْسَ بِثَابِتٍ পর্যন্ত দ্বিতীয় কিয়াসের নাতীজা। অতঃপর فَكُلُّ اِنْسَانٍ الخ বলে আপন দাবি সাব্যস্ত করা হচ্ছে।

www.islamijindegi.com

فَصْلٌ : يَنْبَغِىْ اَنْ يُعْلَمَ اَنَّ كُلَّ قِيَاسٍ لَابُدَّ لَهٗ مِنْ صُوْرَةٍ وَمَادَّةٍ وَاَمَّا الصُّوْرَةُ فَهِىَ الْهَيْئَةُ الْحَاصِلَةُ مِنْ تَرْتِيْبِ الْمُقَدَّمَاتِ وَ وَضْعِ بَعْضِهَا عِنْدَ بَعْضٍ وَقَدْ عَرَفْتَ الْاَشْكَالَ الْاَرْبَعَةَ الْمُنْتِجَةَ وَعَلِمْتَ شَرَائِطَهَا فِىْ الْاِنْتَاجِ بَقِىَ اَمْرُ الْمَادَّةِ الْقُدَمَاءِ حَتَّى الشَّيْخُ الرَّئِيْسُ كَانُوْا اَشَدَّ اِهْتِمَامًا فِىْ تَفْصِيْلِ مَوَادِّ الْاَقِيْسَةِ وَتَوْضِيْحِهَا وَاَكْثَرِ اِعْتِنَاءٍ عَنِ الْبَحْثِ فِىْ بَسْطِهَا وَتَنْقِيْحِهَا وَ ذٰلِكَ لِاَنَّ مَعْرِفَةَ هٰذَا اَتَمُّ فَائِدَةً وَ اَشْمَلُ عَائِدَةً لِطَالِبِى الصَّنَاعَةِ لٰكِنَّ الْمُتَاخِّرِيْنَ قَدْ طَوَّلُوْا الْكَلَامَ فِىْ بَيَانِ صُوْرَةِ الْاَقِيْسَةِ وَبَسَطُوْا فِيْهَا غَايَةَ الْبَسْطِ سِيَّمَا فِىْ اَقِيْسَةِ الشَّرْطِيَّاتِ الْمُتَّصِلَةِ وَالْمُتَّصِلَةُ مَعَ قِلَّةِ جَدْوٰى هٰذِهِ الْمَبَاحِثِ وَ رَفَضُوْا اَمْرَ الْمَادَّةِ وَاقْتَصَرُوْا فِىْ بَيَانِهَا عَلٰى بَيَانِ حُدُوْدِ الصَّنَاعَاتِ الْخَمْسِ وَلَا اَدْرِىْ اَىَّ اَمْرٍ دَعَاهُمْ اِلٰى ذٰلِكَ وَاَىٌّ بَاعِثٍ اَغْرَاهُمْ هُنَالِكَ وَلَابُدَّ لِلْفَطِنِ اللَّبِيْبِ اَنْ يَّهْتَمَّ فِىْ هٰذِهِ الْمَبَاحِثِ الْجَلِيْلَةِ الشَّانِ الْبَاهِرَةِ الْبُرْهَانِ غَايَةَ الْاِهْتِمَامِ وَيَطْلُبُ ذٰلِكَ الْمَطْلَبَ الْعَظِيْمَ وَالْمَقْصَدَ الْفَخِيْمَ مِنْ كُتُبِ الْقُدَمَاءِ الْمَهَرَةِ وَ زُبُرِ الْاَقْدَمِيْنَ السَّحَرَةِ

সরল অনুবাদ : পরিচ্ছেদ : জানা থাকা উচিত যে, প্রত্যেক কিয়াসের জন্যই একটি আকৃতি ও একটি মূল ক্রিয়ার প্রয়োজনীয়তা রয়েছে। আকার বা সূরত এমন এক আকৃতিকে বলা হয় যা মুকাদ্দামাসমূহকে বিন্যাস করা এবং কতককে কতকের পাশে রাখার ফলে অর্জিত হয়। আর তুমি নাতীজা প্রদানকারী শাকল চতুষ্টয় এবং নাতীজা প্রকাশের শর্তাবলি জানতে পেরেছ। এখন অবশিষ্ট রইল মূল ক্রিয়ার বিষয়টি। مُتَقَدِّمِيْن এমনকি শায়খ, রঈস ও কিয়াসমূহের মূল ক্রিয়ার বিস্তারিত আলোচনা ও তাদের ব্যাখ্যা প্রদানের ব্যাপারে অধিক গুরুত্ব প্রদান করতেন এবং সেগুলোর বিস্তারিত আলোচনা ও ব্যাখ্যা এবং তাদের সম্পর্কে অর্থহীন বর্ণনা হতে বাঁচার ব্যাপারে অধিক গুরুত্ব প্রদান করতেন। কেননা, উক্ত বিষয়টি জেনে নেওয়া জ্ঞান অন্বেষীদের জন্য পরিপূর্ণ উপকারী ও ফলপ্রসূ। কিন্তু مُتَاَخِّرِيْن কিয়াসসমূহের আকৃতি আলোচনা করতে গিয়ে আলোচনা অনেক দীর্ঘ করে ফেলেছেন এবং এ ব্যাপারে সীমার বাইরে দীর্ঘ বিবরণ পেশ করেছেন। বিশেষ করে مُنْفَصِلَةْ ও شَرْطِيَّةْ مُتَّصِلَةْ -এর কিয়াসমূহের ব্যাপারে। এ সকল বর্ণনায় ফায়দা অনেক কম। আর মূল ক্রিয়ার আলোচনা পরিত্যাগ করেছেন এবং তার আলোচনাকে পঞ্চ বিধির আলোচনার উপরই সংক্ষিপ্ত করেছেন। আমি বুঝতে পারি না কোন বিষয়টি এদিকে আহ্বান করেছিল এবং কোন কারণটি তাদেরকে এখানে প্রবৃত্ত করেছে। মেধাবী ও জ্ঞানীর জন্য প্রয়োজন যে, তারা যেন এ মর্যাদাসম্পন্ন ও অকাট্য যুক্তিপূর্ণ আলোচনার ব্যাপারে পুরাপুরি গুরুত্ব প্রদান করে এবং এ মহান উদ্দেশ্য ও লক্ষ্য প্রজ্ঞাসম্পন্ন পূর্বপুরুষদের কিতাবসমূহ হতে লাভ করা যাবে। আর যাদু সাদৃশ্য পূর্ববর্তী বিজ্ঞদের গ্রন্থসমূহ হতেও।

শাব্দিক অনুবাদ : فَصْلٌ পরিচ্ছেদ يَنْبَغِىْ উচিত اَنْ يُعْلَمَ জানা থাকা اَنَّ كُلَّ قِيَاسٍ যে, প্রত্যেক কিয়াস لَابُدَّ لَهٗ তার জন্য প্রয়োজনীয়তা রয়েছে مِنْ صُوْرَةٍ وَمَادَّةٍ একটি আকৃতি ও একটি মূল ক্রিয়ার اَمَّا الصُّوْرَةُ আকার বা সুরত فَهِىَ الْهَيْئَةُ الْحَاصِلَةُ এমন এক আকৃতিকে বলা হয় যা অর্জিত হয় مِنْ تَرْتِيْبِ الْمُقَدَّمَاتِ মুকাদ্দামাসমূহকে বিন্যাস করার وَوَضْعُ بَعْضِهَا عِنْدَ بَعْضٍ এবং কতককে কতকের পাশে রাখার ফলে وَقَدْ عَرَفْتَ আর তুমি জানতে পেরেছ الْاَشْكَالَ الْاَرْبَعَةَ শাকল চতুষ্টয় الْمُنْتِجَةَ নাতীজা

www.islamijindegi.com

প্রদানকারী وَعَلِمْتَ এবং তুমি জেনে নিয়েছ شَرَائِطَهَا তার শর্তাবলি فِى الْاِنْتَاجِ নাতীজা প্রকাশের بَقِىَ اَمْرُ الْمَادَّةِ এখন অবশিষ্ট রইল মূল ক্রিয়ার বিষয়টি فَالْقُدَمَاءُ অতএব মুতাকাদ্দিমীন حَتَّى الشَّيْخِ الرَّئِيْسِ এমনকি শায়খ, রঈসও كَانُوْا اَشَدَّ اِهْتِمَامًا তারা অধিক গুরুত্ব প্রদান করতেন فِىْ تَفْصِيْلِ বিস্তারিত আলোচনার مَوَادِّ الْاَقْيِسَةِ ক্রিয়াসমূহের মূল ক্রিয়ার وَتَوْضِيْحِهَا ও তাদের ব্যাখ্যা প্রদানের ব্যাপারে وَاَكْثَرُ اِعْتِنَاءً এবং অধিক গুরুত্ব প্রদান করতেন عَنِ الْبَحْثِ আলোচনা হতে فِىْ بَسْطِهَا সেগুলোর বিস্তারিত আলোচনা ও ব্যাখ্যা وَتَنْقِيْحِهَا এবং তাদের সম্পর্কে অর্থহীন বর্ণনা হতে وَ ذٰلِكَ আর তা لِاَنَّ مَعْرِفَةَ هٰذَا কেননা, উক্ত বিষয়টি জেনে নেওয়া اَتَمُّ فَائِدَةً পরিপূর্ণ উপকারী وَاَشْمَلُ عَائِدَةً ও ফলপ্রসূ لِطَالِبِى الصِّنَاعَةِ জ্ঞান অন্বেষীদের জন্য لٰكِنَّ الْمُتَاخِرِيْنَ কিন্তু মুতাআখখিরীনগণ قَدْ طَوَّلُوْا الْكَلَامَ আলোচনা অনেক দীর্ঘ করে ফেলেছেন فِى بَيَانِ আলোচনা করতে গিয়ে صُوَرِ الْاَقْيِسَةِ কিয়াসসমূহের আকৃতি وَبَسَطُوْا فِيْهَا এবং এ ব্যাপারে দীর্ঘ বিবরণ পেশ করেছেন غَايَةَ الْبَسْطِ সীমার বাইরে سَيِّمَا বিশেষ করে فِىْ اَقْيِسَةِ الشَّرْطِيَّاتِ শর্তিয়াতের কিয়াসসমূহের ব্যাপারে اَلْمُتَّصِلَةِ وَالْمُنْفَصِلَةِ মুত্তাসিলা ও মুনফাসিলার مَعَ قِلَّةِ جَدْوٰى অথচ ফায়দা অনেক কম هٰذِهِ الْمَبَاحِثُ এ সকল বর্ণনায় وَ رَفَضُوْا আর তারা পরিত্যাগ করেছেন اَمْرُ الْمَادَّةِ মূল ক্রিয়ার আলোচনা فَاقْتَصَرُوْا এবং সংক্ষিপ্ত করেছেন فِىْ بَيَانِهَا তার আলোচনাকে عَلٰى بَيَانِ حُدُوْدِ الصِّنَاعَاتِ الْخَمْسِ পঞ্চ বিধির আলোচনার উপর وَلَا اَدْرِىْ আমি বুঝতে পারি না اَىُّ اَمْرٍ কোন বিষয়টি دَعَاهُمْ তাদেরকে আহ্বান করেছিল اِلٰى ذٰلِكَ এদিকে وَاَىُّ بَاعِثٍ এবং কোন কারণটি اَغْرَاهُمْ তাদেরকে প্রবৃত্ত করেছে هُنَالِكَ এখানে وَلَابُدَّ প্রয়োজন لِلْفَطِنِ اللَّبِيْبِ মেধাবী ও জ্ঞানীর জন্য اَنْ يَهْتَمَّ যে, তারা যেন গুরুত্ব প্রদান করে فِىْ هٰذِهِ الْمَبَاحِثِ الْجَلِيْلَةِ এ মর্যাদাসম্পন্ন আলোচনার ব্যাপারে الشَّانِ الْبَاهِرَةِ الْبُرْهَانِ ও অকাট্য যুক্তিপূর্ণ বিষয়ের ব্যাপারে غَايَةَ الْاِهْتِمَامِ পুরাপুরি গুরুত্ব وَيَطْلُبُ এবং লাভ করা যাবে ذٰلِكَ الْمَطْلَبَ الْعَظِيْمَ এ মহান উদ্দেশ্য وَالْمَقْصَدَ الْفَخِيْمَ ও মর্যাদাপূর্ণ লক্ষ্য مِنْ كُتُبِ الْقُدَمَاءِ পূর্বপুরুষদের কিতাবসমূহ হতে الْمَهَرَةِ যাঁরা প্রজ্ঞাসম্পন্ন وَ زُبَرِ الْاَقْدَمِيْنَ আর পূর্ববর্তী বিজ্ঞদের গ্রন্থসমূহ হতে السَّحَرَةِ যাঁরা যাদু সাদৃশ্য

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ يَنْبَغِىْ اَنْ يَعْلَمَ الخ-এর আলোচনা : মুসান্নিফ (র.) কিয়াসের আকৃতি সম্পর্কীয় আলোচনা শেষ করার পর তার মূলক্রিয়া সম্পর্কীয় আলোচনা শুরু করেছেন। مَادَّةٌ বা মূলক্রিয়া ঐ সকল কাযিয়া যা দ্বারা কিয়াস গঠিত হয়। কিয়াসের কাযিয়াগুলো দ্বারা তাসদীক ছাড়া অন্য কোনো ক্রিয়া লাভ হয়। তবে ঐগুলোকে মুখাইয়্যাত বলা হয়। আর যদি তাসদীক লাভ হয় তবে এটা দ্বারা হয়তো দৃঢ়তা লাভ হবে। যদি প্রবল ধারণা লাভ হয়, তবে সেগুলোকে ধারণীয় বিষয় বলা হয়। আর যদি দৃঢ় বিশ্বাস লাভ হয়, তবে এর আবার বিভিন্ন অবস্থা হতে পারে।

www.islamijindegi.com

فَعَلَيْكَ اَيُّهَا الْوَلَدُ الْعَزِيْزُ اَنْ تَسْمَعَ نَصِيْحَتِيْ وَلَا تَنْسٰى وَصِيَّتِيْ وَاِنَّمَا قَدْ اَلْقٰى عَلَيْكَ نَبْذًا مِمَّا يَتَعَلَّقُ بِهٰذِهِ الصَّنَاعَاتِ مُتَوَمِّلًا عَلٰى كَافِي الْمُهِمَّاتِ فَاسْتَمِعْ اَنَّ الْقِيَاسَ بِاعْتِبَارِ الْمَادَّةِ يَنْقَسِمُ اِلٰى اَقْسَامٍ خَمْسَةٍ وَيُقَالُ لَهَا الصَّنَاعَاتُ الْخَمْسَةُ اَحَدُهَا الْبُرْهَانِيُّ وَالثَّانِي الْجَدَلِيُّ وَالثَّالِثُ الْخِطَابِيُّ وَالرَّابِعُ الشِّعْرِيُّ وَالْخَامِسُ السَّفْسَطِيُّ ـ

فَصْلٌ : فِي الْبُرْهَانِ وَمَا يَتَعَلَّقُ بِهٖ اِعْلَمْ اَنَّ الْبُرْهَانَ قِيَاسٌ مُؤَلَّفٌ مِنَ الْيَقِيْنِيَاتِ بَدِيْهِيَّةً كَانَتْ اَوْ نَظَرِيَّةً مُنْتَهِيَةً اِلَيْهَا وَلَيْسَ الْاَمْرُ كَمَا زَعَمَ اَنَّ الْبُرْهَانَ اِنَّمَا يَتَاَلَّفُ مِنَ الْبَدِيْهِيَّاتِ فَحَسْبُ ثُمَّ الْبَدِيْهِيَّاتُ سِتَّةٌ اَحَدُهَا الْاَوَّلِيَّاتُ هِيَ قَضَايَا يَجْزِمُ الْعَقْلُ فِيْهَا بِمُجَرَّدِ الْاِلْتِفَاتِ وَالتَّصَوُّرِ وَلَا يَحْتَاجُ اِلٰى وَاسِطَةٍ كَقَوْلِكَ اَلْكُلُّ اَعْظَمُ مِنَ الْجُزْءِ وَثَانِيْهَا الْفِطْرِيَّاتُ وَهِيَ مَا يَفْتَقِرُ اِلٰى وَاسِطَةٍ غَيْرِ غَائِبَةٍ عَنِ الذِّهْنِ اَصْلًا وَيُقَالُ لِهٰذِهِ الْقَضَايَا قِيَاسَاتُهَا مَعَهَا نَحْوُ الْاَرْبَعَةُ زَوْجٌ فَاِنَّ مَنْ تَصَوَّرَ مَفْهُوْمَ الْاَرْبَعَةِ تَصَوَّرَ مَفْهُوْمَ الزَّوْجِ بِاَنَّهٗ هُوَ الَّذِيْ يَنْقَسِمُ بِمُتَسَاوِيَيْنِ حُكِمَ بَدَاهَةً بِاَنَّ الْاَرْبَعَةَ زَوْجٌ وَنَحْوُ قَوْلِنَا الْوَاحِدُ نِصْفُ الْاِثْنَيْنِ فَاِنَّ الْعَقْلَ يَحْكُمُ بِهٖ بَعْدَ اَنْ يُلَاحِظَ مَفْهُوْمَ نِصْفِ الْاِثْنَيْنِ وَالْوَاحِدِ

সরল অনুবাদ : সুতরাং হে প্রিয় বৎস! আমার উপদেশ গ্রহণ করা তোমার জন্য একান্ত কর্তব্য। আমার অসিয়ত ভুলে যেয়ো না। প্রয়োজন পূর্ণকারী আল্লাহর উপর নির্ভর করে তোমার নিকট ঐ সকল বিদ্যা সম্পর্কে কেবল সামান্য কিছু আলোচনা করবো। মনোযোগের সাথে শ্রবণ করো। قِيَاس মূলক্রিয়া হিসেবে পাঁচ ভাগে বিভক্ত। এগুলোকে পঞ্চবিধি বলা হয়। তন্মধ্যে একটি بُرْهَانِيْ দ্বিতীয়টি جَدَلِيْ তৃতীয়টি خِطَابِيْ চতুর্থটি شِعْرِيْ ও পঞ্চমটি سَفْسَطِيْ।

পরিচ্ছেদ : بُرْهَانْ ও তার আনুষঙ্গিক বিষয় সম্পর্কে। জেনে রাখ যে, بُرْهَانْ এমন কিয়াস যা ইয়াকীনী মুকাদ্দামাসমূহ দ্বারা গঠিত, চাই সেগুলো بَدِيْهِيْ হোক অথবা এমন نَظَرِيْ হোক, যেগুলো বদীহীর দিকে প্রত্যাবর্তন করে। ব্যাপারটি এরূপ নয় যা ধারণা করা হয় যে, بُرْهَانْ কেবল বদীহিয়্যাত দ্বারা গঠিত হয়। বদীহিয়্যাত ছয়টি। তন্মধ্যে প্রথমটি اَوَّلِيَّاتْ তা সে সমস্ত কাযিয়া যেগুলোতে বিবেক শুধু লক্ষ্য ও কল্পনার দ্বারাই দৃঢ়তা লাভ করতে সক্ষম হয়, অন্য কোনো মাধ্যমের প্রয়োজন হয় না। যেমন– তোমার উক্তি اَلْكُلُّ اَعْظَمُ مِنَ الْجُزْءِ (সমস্ত বা كُلْ অংশ বা جُزْء -এর চেয়ে বড়)। আর দ্বিতীয়টি فِطْرِيَّاتْ বা অকাট্যতা, ঐগুলো সে সমস্ত কাযিয়া যেগুলো এমন মাধ্যমের প্রত্যাশী যা কল্পনা হতে কখনও দূর হয় না। ঐ সমস্ত কাযিয়াকে قِيَاسَاتُهَا مَعَهَا (যাদের কিয়াস তাদের সঙ্গে) বলা হয়। যেমন– চার সংখ্যাটি জোড়। কেননা, যে ব্যক্তি চার-এর অর্থের কল্পনা করবে এবং জোড়-এর অর্থের এ কল্পনা করবে যে, তা এমন সংখ্যা যা সমানভাবে বিভক্ত হয়, তবে সে অনায়াসে এ হুকুম আরোপ করবে যে, চার জোড়। আর যেমন আমাদের উক্তি– এক দুয়ের অর্ধেক। কেননা, বিবেক দুয়ের অর্ধেক এবং এক -এর অর্থের কল্পনা করার পর উক্ত হুকুম আরোপ করবে।

শাব্দিক অনুবাদ : فَعَلَيْكَ সুতরাং তোমার জন্য একান্ত কর্তব্য اَيُّهَا الْوَلَدُ الْعَزِيْزُ হে প্রিয় বৎস! اَنْ تَسْمَعَ গ্রহণ করা نَصِيْحَتِيْ আমার উপদেশ وَلَا تَنْسٰى ভুলে যেয়ো না وَصِيَّتِيْ আমার অসিয়ত وَاِنَّمَا قَدْ اَلْقٰى আর আমি আলোচনা করবো عَلَيْكَ তোমার নিকট نَبْذًا কেবল সামান্য কিছু مِمَّا يَتَعَلَّقُ بِهٰذِهِ الصَّنَاعَاتِ এ সকল বিদ্যা সম্পর্কে مُتَوَكِّلًا নির্ভর করে عَلٰى كَافِي الْمُهِمَّاتِ প্রয়োজন পূর্ণকারী আল্লাহর উপর فَاسْتَمِعْ মনোযোগের সাথে শ্রবণ করো اَنَّ الْقِيَاسَ কিয়াস بِاعْتِبَارِ الْمَادَّةِ মূলক্রিয়া হিসেবে يَنْقَسِمُ বিভক্ত اِلٰى اَقْسَامٍ خَمْسَةٍ পাঁচ ভাগে وَيُقَالُ لَهَا এগুলোকে বলা হয় الصَّنَاعَاتُ الْخَمْسَةُ পঞ্চবিধি اَحَدُهَا তন্মধ্যে الْبُرْهَانِيُّ একটি বুরহানী, দলিলভিত্তিক وَالثَّانِي الْجَدَلِيُّ দ্বিতীয়টি জাদালী, বিতর্কমূলক وَالثَّالِثُ الْخِطَابِيُّ তৃতীয়টি খিতাবী (সম্বোধনমূলক) وَالرَّابِعُ الشِّعْرِيُّ চতুর্থটি (কাব্যিক) وَالْخَامِسُ السَّفْسَطِيُّ ও পঞ্চমটি সাফসাতী فَصْلٌ পরিচ্ছেদ فِي الْبُرْهَانِ -

www.islamijindegi.com

بُرْهَانٌ (দলিল) وَمَا يَتَعَلَّقُ بِهٖ ও তার আনুষঙ্গিক বিষয় সম্পর্কে اِعْلَمْ জেনে রাখ اَنَّ الْبُرْهَانَ যে بُرْهَانٌ এমন কিয়াস مُؤَلَّفٌ যা গঠিত مِنَ الْيَقِيْنِيَّاتِ ইয়াকীনী মুকাদ্দামাসমূহ দ্বারা كَانَتْ بَدِيْهِيَّةً চাই সেগুলো بَدِيْهِىْ হোক اَوْ نَظَرِيَّةً অথবা এমন نَظَرِىْ হোক مُنْتَهِيَةً اِلَيْهَا যেগুলো বদীহীর দিকে প্রত্যাবর্তন করে وَلَيْسَ الْاَمْرُ ব্যাপারটি এরূপ নয় كَمَا زَعَمَ যা ধারণা করা হয় اَنَّ الْبُرْهَانَ যে, বুরহান اِنَّمَا يَتَأَلَّفُ গঠিত হয় مِنَ الْبَدِيْهِيَّاتِ বদীহিয়্যাত দ্বারা فَحَسْبُ কেবল ثُمَّ الْبَدِيْهِيَّاتُ অতঃপর বদীহিয়্যাত سِتَّةٌ ছয়টি اَحَدُهَا তন্মধ্যে প্রথমটি اَلْاَوَّلِيَّاتُ আউলিয়্যাত وَهِىَ আর তা قَضَايَا সে সমস্ত কাযিয়া يَجْزِمُ الْعَقْلُ فِيْهَا যেগুলোতে বিবেক দৃঢ়তা লাভ করতে সক্ষম হয় بِمُجَرَّدِ الْاِلْتِفَاتِ শুধু লক্ষ্য দ্বারাই وَالتَّصَوُّرِ ও কল্পনার দ্বারা لَا يَحْتَاجُ প্রয়োজন হয় না اِلٰى وَاسِطَةٍ অন্য কোনো মাধ্যমের كَقَوْلِكَ যেমন- তোমার উক্তি اَلْكُلُّ اَعْظَمُ সমস্ত বা كُلّ বড় مِنَ الْجُزْءِ অংশ বা جُزْء-এর চেয়ে وَثَانِيْهَا আর দ্বিতীয়টি فِطْرِيَّاتٌ বা অকাট্যতা وَهِىَ ঐগুলো সে সমস্ত কাযিয়া مَا يَفْتَقِرُ যেগুলো প্রত্যাশী اِلٰى وَاسِطَةٍ এমন মাধ্যমের غَيْرِ غَائِبَةٍ যা দূর হয় না اَصْلًا عَنِ الذِّهْنِ কখনো কল্পনা হতে وَيُقَالُ لِهٰذِهِ الْقَضَايَا ঐ সমস্ত কাযিয়াকে বলা হয় قِيَاسَاتُهَا مَعَهَا কিয়াসাতুহা মা'আন (যাদের কিয়াস তাদের সঙ্গে) نَحْوُ যেমন- اَلْاَرْبَعَةُ চার সংখ্যা زَوْجٌ জোড় فَاِنَّ مَنْ কেননা, যে ব্যক্তি تَصَوَّرَ কল্পনা করবে مَفْهُوْمَ الْاَرْبَعَةِ চার-এর অর্থের وَتَصَوَّرَ এবং এ কল্পনা করবে مَفْهُوْمَ الزَّوْجِ জোড়-এর অর্থের بِاَنَّهٗ هُوَ যে, তা এমন সংখ্যা اَلَّذِىْ يَنْقَسِمُ যা বিভক্ত হয় بِمُتَسَاوِيَيْنِ সমানভাবে حُكِمَ بَدَاهَةً তবে সে অনায়াসে এ হুকুম আরোপ করবে بِاَنَّ যে, চার সংখ্যাটি زَوْجٌ জোড় وَنَحْوُ قَوْلِنَا আর যেমন আমাদের উক্তি اَلْوَاحِدُ نِصْفُ الْاِثْنَيْنِ এক দুয়ের অর্ধেক فَاِنَّ الْعَقْلَ الْاَرْبَعَةَ কেননা, বিবেক يَحْكُمُ بِهٖ উক্ত হুকুম আরোপ করবে بَعْدَ اَنْ يُلَاحِظَ কল্পনা করার পর مَفْهُوْمَ نِصْفِ الْاِثْنَيْنِ وَالْوَاحِدِ এক এবং দুয়ের অর্থ।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهٗ اَنَّ الْقِيَاسَ بِاعْتِبَارِ الْمَادَّةِ الخ -এর আলোচনা : মাদ্দাহ তথা মূলধাতু হিসেবে قِيَاسٌ পাঁচ প্রকার। যথা- ১. اَلْبُرْهَانِىُّ : যে কিয়াসের অংশসমূহ দ্বারা ইয়াকীন (দৃঢ়বিশ্বাস) অর্জিত হয়, তাকে কিয়াসে বুরহানী বলে। ২. اَلْجَدَلِىُّ : যে কিয়াসের অংশসমূহ বিপক্ষের নিকটও স্বীকৃতিপ্রাপ্ত, তাকে কিয়াসে জাদালী বলা হয়। ৩. اَلْخِطَابِىُّ : যে কিয়াসের অংশসমূহ দ্বারা আস্থা অর্জিত হয়, তাকে কিয়াসে খেতাবী বলে। ৪. اَلشِّعْرِىُّ : যে কিয়াসের অংশসমূহ দ্বারা আস্থা অর্জিত হয় না; বরং শুধুমাত্র ধারণা লাভ হয়, তাকে শে'রী বলা হয়। ৫. اَلسَّفْسَطِىُّ : যে কিয়াসের অংশসমূহ কাল্পনিক, তাকে কিয়াসে সাফসাতী বলা হয়।

قَوْلُهٗ فِى الْبُرْهَانِ الخ-এর আলোচনা : مَعْنَى الْبُرْهَانِ لُغَةً : [بُرْهَانٌ-এর আভিধানিক অর্থ] : بُرْهَانٌ শব্দটি فُعْلَانٌ-এর ওযনে মাসদার হিসেবে ব্যবহার হয়। এটা একবচন, বহুবচনে بَرَاهِيْنُ এর ইংরেজি প্রতিশব্দ Document. আভিধানিক অর্থ- ১. দলিল দেওয়া, ২. প্রমাণ উপস্থাপন করা ইত্যাদি। যেমন- কুরআনের বাণী قُلْ هَاتُوْا بُرْهَانَكُمْ।

مَعْنَى الْبُرْهَانِ اِصْطِلَاحًا : [بُرْهَانٌ-এর পারিভাষিক সংজ্ঞা] :

১. যে قِيَاسٌ-এর মুকাদ্দামা দ্বারা দৃঢ় বিশ্বাস অর্জিত হয়, তাকে বুরহান বলে।

২. মিরকাত গ্রন্থকার বলেন- اِنَّ الْبُرْهَانَ قِيَاسٌ مُؤَلَّفٌ مِنَ الْيَقِيْنِيَّاتِ بَدِيْهِيَّةً كَانَتْ اَوْ نَظَرِيَّةً مُنْتَهِيَةً اِلَيْهَا অর্থাৎ بُرْهَانٌ এমন একটি قِيَاسٌ যা يَقِيْنِيَّاتٌ (বিশ্বাস) দ্বারা গঠিত। চাই সেগুলো بَدِيْهِيَّةٌ হোক বা এমন نَظَرِيَّةٌ হোক যেগুলো بَدِيْهِيَّةٌ-এর দিকে প্রত্যাবর্তন করে।

৩. কারো কারো মতে, بُرْهَانٌ সে কিয়াসকে বলে, যাতে حَدِّ اَوْسَطْ , ذِهْن , خَارِج ইত্যাদি বিষয় বিদ্যমান রয়েছে।

قَوْلُهٗ ثُمَّ الْبَدِيْهِيَّاتُ سِتَّةٌ : [بَدِيْهِيَّاتٌ -এর প্রকারভেদ] : بَدِيْهِيَّاتٌ ছয় প্রকার। যথা- ১. اَوَّلِيَّاتٌ (আউয়ালিয়্যাত), ২. فِطْرِيَّاتٌ (ফিতরিয়্যাত), ৩. حَدَسِيَّاتٌ (হদসিয়্যাত), ৪. مُشَاهَدَاتٌ (মুশাহাদাত), ৫. تَجْرُبِيَّاتٌ (তাজরিবিয়্যাত) ও ৬. مُتَوَاتِرَاتٌ (মুতাওয়াতিরাত)।

বাদীহীয়্যাত উক্ত ছয় ভাগে বিভক্ত হওয়ার কারণ হলো, ইয়াকীন লাভের ব্যাপারে বাদীহী কাযিয়ার পার্শ্বদ্বয় এবং নিসবতের কল্পনা যথেষ্ট হবে অথবা হবে না। প্রথমটি اَوَّلِيَّاتٌ নামে পরিচিত। দ্বিতীয়টি প্রকাশ্য ও অপ্রকাশ্য ইন্দ্রিয় ছাড়া অন্য কোনো মাধ্যমের উপর মাওকুফ থাকবে অথবা মাওকুফ থাকবে না। যেমন- কোনো একটি পূর্ণ বস্তু তার অংশ হতে বড় হওয়া সম্পর্কে কোনো চিন্তার প্রয়োজন হয় না। দ্বিতীয়টি مُشَاهَدَاتٌ (মুশাহাদাত)। প্রথমটির মধ্যে কল্পনা হতে দূর হবে অথবা হবে না। প্রথমটি فِطْرِيَّاتٌ (ফিতরিয়্যাত) দ্বিতীয়টির মধ্যে হাদাস (বিচক্ষণতা) ব্যবহার হবে অথবা হবে না। প্রথমটি حَدَسِيَّاتٌ দ্বিতীয়টির মধ্যে হুকুম যদি এমন এক দলের সংবাদের মাধ্যমে লাভ হয়, যাদের ব্যাপারে মিথ্যা বিষয়ের উপর ঐক্যবদ্ধ হওয়ার কল্পনা করা যায় না, তাহলে তাকে مُتَوَاتِرَاتٌ বলা হবে। আর যদি উক্ত হুকুম تَجْرِبَةٌ তথা অভিজ্ঞতার দ্বারা লাভ হয়, তখন তাকে تَجْرُبِيَّاتٌ বলা হবে।

قَوْلُهٗ اَحَدُهَا الْاَوَّلِيَّاتُ -এর আলোচনা : اَوَّلِيَّاتٌ শব্দের অর্থ হলো- প্রাথমিক বিষয়সমূহ। এগুলোকে اَوَّلِيَّاتٌ এ জন্য বলা হয়, এদের সম্পর্কে দৃঢ়বিশ্বাস সৃষ্টি হতে কোনো চিন্তা-গবেষণার প্রয়োজন হয় না বা কোনো মাধ্যমের প্রয়োজন হয় না; বরং এদের কল্পনার সাথে সাথেই দৃঢ়বিশ্বাস অর্জিত হয়ে যায়। যেমন- কোনো একটি পূর্ণ বস্তু তার অংশ হতে বড় হওয়া। আর এ সম্পর্কে কোনো চিন্তার প্রয়োজন হয় না।

قَوْلُهٗ وَثَانِيْهَا الْفِطْرِيَّاتُ -এর আলোচনা : فِطْرِيَّاتٌ হলো সেসব কাযিয়া যেগুলো এমন মাধ্যমের মুখাপেক্ষী যা কল্পনা হতে কখনো অনুপস্থিত থাকে না। যেমন- চার সংখ্যাটি জোড়।

www.islamijindegi.com

وَثَالِثُهَا الْحَدَسِيَّاتُ وَهِيَ ظُهُوْرُ الْمَبَادِئِ دَفْعَةً وَاحِدَةً مِنْ دُوْنِ اَنْ يَكُوْنَ هُنَاكَ حَرَكَةٌ فِكْرِيَّةٌ وَالْفَرْقُ بَيْنَ الْحَدَسِ وَالْفِكْرِ اَنَّهُ لَابُدَّ فِى الْفِكْرِ مِنَ الْحَرَكَتَيْنِ لِلنَّفْسِ بِخِلَافِ الْحَدَسِ فَاِنَّ الذِّهْنَ بَعْدَ مَا حَصَلَ لَهُ الْمَطْلُوْبُ بِوَجْهٍ مَّا يَتَحَرَّكُ فِى الْمَعَانِى الْمَخْزُوْنَةِ وَالْمَبَادِى الْمَكْنُوْنَةِ طَالِبًا لِمَا يَكُوْنُ لَهَا تَنَاسُبٌ بِالْمَطْلُوْبِ حَتّٰى يَجِدَ مَعْلُوْمَاتٍ مُنَاسِبَةً لَهُ وَهٰهُنَا تَمَّ الْحَرَكَةُ الْاُوْلٰى ثُمَّ يَرْجِعُ قَهْقَرٰى وَيَتَحَرَّكُ ثَانِيًا مُرَتِّبًا لِتِلْكَ الْمَعْلُوْمَاتِ الْمَخْزُوْنَةِ الَّتِىْ وَجَدَهَا تَرْتِيْبًا تَدْرِيْجِيًّا حَتّٰى وَصَلَ اِلَى الْمَطْلُوْبِ وَتَمَّ الْحَرَكَةُ الثَّانِيَةُ فَمَجْمُوْعُ هَاتَيْنِ الْحَرَكَتَيْنِ يُسَمّٰى بِالْفِكْرِ مَثَلًا اِذَا كُنْتَ تَصَوَّرْتَ الْاِنْسَانَ بِوَجْهٍ مِنَ الْوُجُوْهِ كَالْكَاتِبِ وَالضَّاحِكِ مَثَلًا ثُمَّ صِرْتَ طَالِبًا لِمَاهِيَةِ الْاِنْسَانِ فَحَرَّكْتَ ذِهْنَكَ نَحْوَ الْمَعَانِى الَّتِىْ عِنْدَكَ مَخْزُوْنَةً فَوَجَدْتَ الْحَيَوَانَ وَالنَّاطِقَ مُنَاسِبًا لِمَطْلُوْبِكَ فَتَمَّ الْحَرَكَةُ الْاُوْلٰى وَمَبْدَأُ الْمَطْلُوْبِ الْمَعْلُوْمُ مِنْ وَجْهٍ وَمُنْتَهَاهُ الْحَيَوَانُ وَالنَّاطِقُ ثُمَّ تَرْتِيْبُ الْحَيَوَانِ وَالنَّاطِقِ بِاَنْ تَقَدَّمَ الْحَيَوَانَ الَّذِىْ هُوَ الْجِنْسُ عَلَى النَّاطِقِ الَّذِىْ هُوَ الْفَصْلُ وَ قُلْتَ اَلْحَيَوَانُ النَّاطِقُ وَهٰهُنَا اِنْقَطَعَ الْحَرَكَةُ الثَّانِيَةُ وَحَصَلَ الْمَطْلُوْبُ -

সরল অনুবাদ : আর তৃতীয়টি হলো حَدَسِيَّاتْ। তা এমন একটি কায়িয়া বা বাক্য যার সূচনা কোনোরূপ চিন্তা-গবেষণা ব্যতীত সুস্পষ্ট হয়ে পড়ে। حَدَسْ আর فِكْر-এর পার্থক্য হলো ফিকিরের ব্যাপারে نفس দু'টি হরকতের প্রয়োজন। কিন্তু حَدَسْ এর বিপরীত, কারণ মস্তিষ্কে কোনো প্রকারে কোনো বস্তুর উদ্দেশ্য অর্জন করার পর সে স্মৃতিপটে পূর্বে রক্ষিত বিষয় এবং সূচনাসমূহের ভিতর চিন্তা-ফিকির চালাতে থাকে, যাতে তাদের সাথে অর্জিত উদ্দেশ্যের কোনো সামঞ্জস্যতা খুঁজে পাওয়া যায়, অবশেষে সে উদ্দেশ্যের জন্য কতগুলো উপযুক্ত জ্ঞাতব্য বিষয় পাওয়া যায়। আর এখানে প্রথম হরকত শেষ হলো। অতঃপর স্মৃতি পিছনের দিকে প্রত্যাবর্তিত হয় এবং যে সকল জ্ঞাত বিষয়সমূহ পেয়েছিল, তাদেরকে ক্রমান্বয়ে বিন্যাস করে দ্বিতীয়বার হরকত করতে থাকে। অবশেষে উদ্দেশ্য পর্যন্ত পৌঁছে যায়। আর এখানে দ্বিতীয় হরকত সমাপ্ত হলো। অতএব, এ উভয় হরকতের একত্রিত নাম হলো চিন্তা বা ফিকির। উদাহরণ স্বরূপ যখন তুমি মানুষের ভাবধারাকে কোনো এক পদ্ধতি কল্পনা করলে। যেমন– লেখক, হাস্যকারী ইত্যাদি। অতঃপর তুমি মানুষের مَاهِيَة-এর (মূল সত্তার) অন্বেষণ শুরু করলে, আর তোমার মস্তিষ্ককে পুঞ্জীভূত বিষয়সমূহের প্রতি ধাবিত করলে, তখন তুমি حَيَوَانٌ نَاطِقٌ-কে তোমার উদ্দেশ্য উপযোগী পেলে। তাই প্রথম হরকত সমাপ্ত হলো। যার সূচনা হলো কোনো রকমে জানা উদ্দেশ্য, আর যার শেষ حَيَوَانٌ ও نَاطِقٌ অতঃপর প্রাণী ও নাতিককে এমনিভাবে বিন্যাস করবে যে, حَيَوَانٌ যা جِنْس তাকে প্রথমে রাখবে। অতঃপর اِنْسَانٌ যা ফসল, তাকে তার পরে রাখবে এবং তুমি বলবে– اَلْحَيَوَانُ النَّاطِقُ (বাকশক্তিসম্পন্ন প্রাণী)। এখানে দ্বিতীয় হরকত শেষ হলো এবং উদ্দেশ্য লাভ হলো।

শাব্দিক অনুবাদ : وَثَالِثُهَا الْحَدَسِيَّاتُ আর তৃতীয়টি হলো হাদাসিয়াত وَهِيَ আর তা এমন একটি কায়িয়া বা বাক্য ظُهُوْرُ الْمَبَادِئِ যার সূচনা সুস্পষ্ট হয়ে পড়ে دَفْعَةً وَاحِدَةً একবারেই مِنْ دُوْنِ اَنْ يَكُوْنَ ব্যতীত هُنَاكَ এ ক্ষেত্রে حَرَكَةٌ فِكْرِيَّةٌ কোনোরূপ চিন্তা-গবেষণা وَالْفَرْقُ بَيْنَ الْحَدَسِ وَالْفِكْرِ আর حَدَسْ ও فِكْر-এর মধ্যে পার্থক্য হলো اَنَّهُ لَابُدَّ যে, প্রয়োজন فِى الْفِكْرِ ফিকিরের ব্যাপারে مِنَ الْحَرَكَتَيْنِ দু'টি হরকতের لِلنَّفْسِ নফসে بِخِلَافِ الْحَدَسِ কিন্তু حَدَسْ এর বিপরীত فَاِنَّ الذِّهْنَ কারণ মস্তিষ্ক بَعْدَمَا

www.islamijindegi.com

فِى حَصَلَ لَهُ অর্জন করবার পর اَلْمَطْلُوْبُ কোনো বস্তুর উদ্দেশ্য بِوَجْهٍ কোনো প্রকারে مَا يَتَحَرَّكُ সে চিন্তা-ফিকির চালাতে থাকে اَلْمَعَانِى الْمَخْزُوْنَةِ স্মৃতিপটে পূর্বে রক্ষিত বিষয়ের ভিতর وَالْمَبَادِى الْمَكْنُوْنَةِ এবং সূচনাসমূহের ভিতর طَالِبًا আশাবাদী হয়ে لِمَا يَكُوْنُ لَهَا যাতে খুঁজে পাওয়া যায় تَنَاسُبٌ কোনো সামঞ্জস্যতা بِالْمَطْلُوْبِ অর্জিত উদ্দেশ্যের حَتّٰى يَجِدَ অবশেষে পাওয়া যায় اَلْحَرَكَةُ الْاُوْلٰى কতকগুলো জ্ঞাতব্য বিষয় مُنَاسِبَةٌ لَهُ সে উদ্দেশ্যের জন্য উপযুক্ত وَهٰهُنَا আর এখানে تَمَّ শেষ হলো مَعْلُوْمَاتٍ প্রথম হরকত ثُمَّ يَرْجِعُ অতঃপর স্মৃতি প্রত্যাবর্তিত হয় فَهْقَرٰى পিছনের দিকে وَيَتَحَرَّكُ ثَانِيًا এবং দ্বিতীয়বার হরকত করতে থাকে تَرْتِيْبًا تَدْرِيْجِيًّا ক্রমান্বয়ে لِتِلْكَ الْمَعْلُوْمَاتِ الْمَخْزُوْنَةِ সে সকল জ্ঞাত বিষয়সমূহ الَّتِىْ وَجَدَهَا যেগুলোকে পেয়েছিল مُرَتِّبًا তাদেরকে ক্রমান্বয়ে বিন্যাস করে حَتّٰى وَصَلَ অবশেষে পৌছে যায় اِلَى الْمَطْلُوْبِ উদ্দেশ্য পর্যন্ত وَتَمَّ الْحَرَكَةُ الثَّانِيَةُ আর এখানে দ্বিতীয় হরকত সমাপ্ত হলো فَمَجْمُوْعُ অতএব একত্রিত هَاتَيْنِ الْحَرَكَتَيْنِ এ উভয় হরকতের يُسَمّٰى নাম হলো بِالْفِكْرِ চিন্তা বা ফিকির مَثَلًا উদাহরণ স্বরূপ اِذَا كُنْتَ تَصَوَّرْتَ যখন তুমি কল্পনা করলে اَلْاِنْسَانَ মানুষের ভাবধারাকে بِوَجْهٍ مِنَ الْوُجُوْهِ কোনো এক পদ্ধতিতে كَالْكَاتِبِ যেমন- লেখক وَالضَّاحِكِ ও হাস্যকারী مَثَلًا উদাহরণস্বরূপ ثُمَّ صِرْتَ طَالِبًا অতঃপর তুমি অন্বেষণ শুরু করলে لِمَاهِيَّةِ الْاِنْسَانِ মানুষের মূল সত্তার فَحَرَّكْتَ ذِهْنَكَ আর তোমার মস্তিষ্ককে ধাবিত করলে نَحْوَ الْمَعَانِى ঐ সকল বিষয়সসমূহের প্রতি الَّتِىْ عِنْدَكَ مَخْزُوْنَةٌ যেগুলো তোমার নিকট পুঞ্জীভূত فَوَجَدْتَ তখন তুমি পেলে حَيَوَان - اَلْحَيَوَانَ النَّاطِقَ نَاطِقٌ-কে مُنَاسِبًا لِمَطْلُوْبِكَ তোমার উদ্দেশ্য উপযোগী فَتَمَّ الْحَرَكَةُ الْاُوْلٰى তাই প্রথম হরকত সমাপ্ত হলো وَمَبْدَأُهُ যার সূচনা হলো ثُمَّ - نَاطِقٌ ও حَيَوَانٌ - اَلْحَيَوَانُ وَالنَّاطِقُ وَمُنْتَهَاهُ আর শেষ مِنْ وَجْهٍ কোনো রকমে اَلْمَطْلُوْبُ الْمَعْلُوْمُ জানা উদ্দেশ্য تَرْتِيْبُ অতঃপর এমনভাবে বিন্যাস করবে اَلْحَيَوَانِ وَالنَّاطِقِ হাইওয়ান ও নাতিককে بِاَنْ تُقَدِّمَ الْحَيَوَانَ যে, حَيَوَانٌ-কে প্রথমে রাখবে اَلَّذِىْ هُوَ الْجِنْسُ যা জিনস عَلَى النَّاطِقِ নাতিকের উপর اَلَّذِىْ هُوَ الْفَصْلُ যা ফসল وَقُلْتَ এবং তুমি বলবে اَلْحَيَوَانُ النَّاطِقُ বাকশক্তিসম্পন্ন প্রাণী وَهٰهُنَا اِنْقَطَعَ এখানে শেষ হলো اَلْحَرَكَةُ الثَّانِيَةُ দ্বিতীয় হরকত وَحَصَلَ الْمَطْلُوْبُ এবং উদ্দেশ্য লাভ হলো।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ اَلْحَدَسِيَّاتُ الخ -এর আলোচনা : حَدَسِيَّاتٌ শব্দটি حَدَسِيَّةٌ-এর বহুবচন। এটি ঐ কাযিয়াকে বলা হয়, যাতে হদস ব্যবহৃত হয়। আর হদস مَبَادِىْ হতে مَطْلُوْبِ বা উদ্দেশ্যের প্রতি মস্তিষ্কের দ্রুত প্রত্যাগমনকে বলা হয়।

قَوْلُهُ وَالْفَرْقُ بَيْنَ الْحَدَسِ الخ -এর আলোচনা : ফিকির এবং হদস-এর মধ্যে পার্থক্য হলো, ফিকিরের জন্য মস্তিষ্কের দু'টি হরকতের প্রয়োজন রয়েছে। প্রথমত মস্তিষ্কের مَطْلُوْب বস্তু কোনো একভাবে লাভ হওয়ার পর, তা পূর্ণভাবে লাভ করার উদ্দেশ্যে মস্তিষ্ক আপন জানা বিষয়গুলোর মধ্যে কাজ করতে থাকে, যাতে مَطْلُوْب বা উদ্দেশ্য লাভ করার মতো উপযুক্ত ক্ষেত্র বা আসবাব অর্জন করতে পারে। শেষ পর্যন্ত সে ঐ সকল বিষয় অর্জনে সক্ষম হয়। মস্তিষ্কের এ পর্যন্ত যে কাজ হলো, এটি প্রথম হরকত। অতঃপর সে আবার পূর্বের স্থানেই প্রত্যাবর্তিত হয় এবং প্রথম হরকত দ্বারা অর্জিত বিষয়গুলোর মধ্যে আবার কাজ শুরু করে। এগুলোকে ক্রমশঃ সাজাতে থাকে, শেষ পর্যন্ত এর মাধ্যমেই আপন লক্ষ্যে পৌছতে সক্ষম হয়। এটি দ্বিতীয় হরকত বা মস্তিষ্কের দ্বিতীয় কাজ। পক্ষান্তরে হদসের মধ্যে মস্তিষ্ক মাতলূব (লক্ষ্য) হতে মাতলূবের দিকে তৎক্ষণাৎ পৌছে যায়। আবার مَبَادِىْ হতে মাতলূবের দিকে অনুরূপভাবে দ্রুত গতিতে তৎক্ষণাৎ পৌছে যায়।

মোটকথা, ফিকিরের মধ্যে মস্তিষ্কের মাবাদী হতে মাতলূবের দিকে যে হরকত হয়, তা সময় সাপেক্ষ এবং ক্রমশঃ লাভ হয়। আর হদসের মধ্যে যে হরকত হয়, তা সময় সাপেক্ষ নয় ; বরং তৎক্ষণাৎ লাভ হয়ে যায়।

قَوْلُهُ مَثَلًا اِذَا كُنْتَ الخ -এর আলোচনা : মুসান্নিফ (র.) এখানে ফিকিরের মধ্যে যে দু'টি হরকতের প্রয়োজন এবং মস্তিষ্ককে দু'বার খাটাতে হয় তা উদাহরণের মাধ্যমে বুঝিয়ে দিচ্ছেন। মনে কর, তুমি اِنْسَانٌ-এর জ্ঞান লাভ করতে চাও এবং اِنْسَانٌ সম্পর্কে তোমার কিছুটা জানা আছে। যেমন- সে লেখতে পারে, সে হাসে, সে পায়ে হাঁটে ইত্যাদি। এখন তুমি আপন মস্তিষ্ককে খাটিয়ে দেখবে, তোমার জানা বিষয়সমূহের মধ্যে কোনটি اِنْسَانٌ-এর উপযোগী। অতএব, তুমি মস্তিষ্ক খাটিয়ে এর উপযোগী পেলে اَلْحَيَوَانُ ও اَلنَّاطِقُ -কে। এ পর্যন্ত তুমি মস্তিষ্ককে খাটালে এটি প্রথম হরকত বা মস্তিষ্কের প্রথম কাজ। অতঃপর তুমি প্রথম হরকত দ্বারা অর্জিত বিষয় তথা اَلْحَيَوَانُ ও اَلنَّاطِقُ -এ ব্যাপারে পুনরায় মস্তিষ্ককে খাটাবে এবং এগুলোকে সাজাবে। অতএব, اَلْحَيَوَانُ যা জিনস তাকে প্রথম স্থানে রাখবে এবং اَلنَّاطِقُ যা ফসল তাকে দ্বিতীয় স্থানে তার পরে রাখবে, আর বলবে اَلْحَيَوَانُ النَّاطِقُ এখন তোমার দ্বিতীয় হরকত সমাপ্ত হলো। আর এতেই তোমার লক্ষ্যও অর্জিত হয়ে গেল। অর্থাৎ اِنْسَانٌ -এর মাহিয়াত اَلْحَيَوَانُ النَّاطِقُ [বাকশক্তিসম্পন্ন প্রাণী]।

www.islamijindegi.com

وَاَمَّا الْحَدَسُ فَفِيْهِ اِنْتِقَالُ الذِّهْنِ مِنَ الْمَطْلُوْبِ اِلَى الْمَبَادِىْ دَفْعَةً وَمِنْهَا اِلَى الْمَطْلُوْبِ كَذٰلِكَ وَاَكْثَرُ مَا يَكُوْنُ الْحَدَسُ مِنْ عَقِيْبِ الشَّوْقِ وَالتَّعَبِ وَقَدْ يَكُوْنُ بِدُوْنِهِمَا وَالنَّاسُ مُخْتَلِفُوْنَ فِى الْحَدَسِ فَمِنْهُمْ مَنْ هُوَ قَوِىُّ الْحَدَسِ كَثِيْرَةً يَحْصُلُ لَهٗ مِنَ الْمَطَالِبِ اَكْثَرُهَا بِالْحَدَسِ كَالْمُؤَيَّدِ بِالْقُوَّةِ الْقُدْسِيَّةِ كَالْحُكَمَاءِ وَالْاَوْلِيَاءِ وَالْاَنْبِيَاءِ وَمِنْهُمْ مَنْ هُوَ قَلِيْلُ الْحَدَسِ ضَعِيْفُهٗ وَمِنْهُمْ مَنْ لَاحَدَسَ لَهٗ كَانَ الْمُنْتَهٰى فِى الْبَلَادَةِ وَمِنْ هٰذَا يُعْلَمُ اَنَّ الْبَدَاهَةَ اَوِ النَّظَرِيَّةَ مُخْتَلِفَانِ بِالْاَشْخَاصِ وَالْاَوْقَاتِ فَرُبَّ حَدَسِىٍّ عِنْدَ فَاقِدِ الْقُوَّةِ الْقُدْسِيَّةِ يَكُوْنُ نَظَرِيًّا وَبَدِيْهِيًّا عِنْدَ صَاحِبِهَا وَ رَابِعُهَا الْمُشَاهَدَاتُ وَهِىَ قَضَايَا يَحْكُمُ فِيْهَا بِوَاسِطَةِ الْمُشَاهَدَةِ وَالْاِحْسَاسِ وَهِىَ تَنْقَسِمُ اِلٰى قِسْمَيْنِ اَلْاَوَّلُ مَا شُوْهِدَ بِاِحْدَى الْحَوَاسِّ الظَّاهِرَةِ وَهِىَ خَمْسُ اَلْبَاصِرَةُ وَالسَّامِعَةُ وَالشَّامَّةُ وَالذَّائِقَةُ وَاللَّامِسَةُ وَيُسَمّٰى هٰذَا الْقِسْمُ بِالْحِسِّيَّاتِ وَالثَّانِىْ مَا اُدْرِكَ الْمُدْرِكَاتُ مِنَ الْحَوَاسِّ الْبَاطِنَةِ الَّتِىْ هِىَ اَيْضًا خَمْسُ اَلْحِسُّ الْمُشْتَرَكُ الْمُدْرَكُ لِلصُّوَرِ وَالْخِيَالُ الَّتِىْ هِىَ خَزَانَةٌ لَهٗ وَالْوَهْمُ الْمُدْرِكُ لِلْمَعَانِى الشَّخْصِيَّةِ وَالْجُزْئِيَّةِ وَالْحَافِظَةُ الَّتِىْ هِىَ خَزَانَةٌ لِلْمَعَانِى الْجُزْئِيَّةِ وَالْمُتَصَرِّفَةِ الَّتِىْ تَتَصَرَّفُ فِى الصُّوَرِ وَالْمَعَانِىْ بِالتَّحْلِيْلِ وَالتَّرْكِيْبِ وَيُسَمّٰى هٰذَا الْقِسْمُ بِالْوِجْدَانِيَّاتِ وَمُدْرِكَاتُ الْعَقْلِ الصَّرْفِ اَعْنِى الْكُلِّيَّاتِ غَيْرُ مُنْدَرِجٍ فِىْ هٰذَا الْقِسْمِ مِثَالُ الْقِسْمِ الثَّانِىْ كَمَا حَكَمْنَا بِاَنَّ لَنَا جُوْعًا اَوْعَطْشًا

সরল অনুবাদ : আর হদসের মধ্যে একই সঙ্গে মস্তিষ্ক মাতলূব হতে মাবাদীর দিকে, অনুরূপভাবে মাবাদী হতে মাতলূবের দিকে দ্রুত ছুটে যায়। حَدْس অধিকাংশ ক্ষেত্রে অধিক আগ্রহ ও সাধনার পর লাভ হয়ে থাকে। কখনও কখনও এগুলো ছাড়াও লাভ হয়। আর মানুষ হদসের ব্যাপারে বিভিন্ন প্রকার। তন্মধ্যে কেউ আছে এমন যে حَدْس শক্তিশালী, আর তার অধিকাংশ উদ্দেশ্য হাসিল হয় এ হদসের দ্বারা। যেমন- اَلْقُوَّةُ الْقُدْسِيَّةُ (নির্মল শক্তি) দ্বারা শক্তিপ্রাপ্ত ব্যক্তি। যেমন- হুকামা, আউলিয়া ও আম্বিয়া (আ.)। আর কেউ আছেন এমন যার حَدْس স্বল্প ও দূর্বল। আর কেউ আছেন এমন যার حَدْس মোটেই নেই। যেমন- চরম মেধাহীন ব্যক্তি। এর দ্বারা বুঝা যায় বদীহী বা নযরী হওয়ার বিষয়টি ব্যক্তি ও সময়ের পার্থক্যে বিভিন্ন ধরনের হয়ে থাকে। কারণ, অনেক হদসী বিষয় اَلْقُوَّةُ الْقُدْسِيَّةُ শূন্য ব্যক্তির নিকট নযরী, আর اَلْقُوَّةُ الْقُدْسِيَّةُ অধিকারী ব্যক্তির নিকট বদীহী। আর চতুর্থটি اَلْمُشَاهَدَاتُ। তা এমন সব কাযিয়া যার মধ্যে উপলব্ধি ও অনুভূতির মাধ্যমে হুকুম করা হয়। اَلْمُشَاهَدَاتُ দু' ভাগে বিভক্ত : প্রথমত এমন এক কাযিয়া যা বাহ্যিক ইন্দ্রিয়সমূহের যে কোনো একটি দ্বারা লাভ করা হয়। বাহ্যিক ইন্দ্রিয় পাঁচটি : চক্ষু, কর্ণ, নাসিকা, জিহবা ও ত্বক। এ প্রকারকে حِسِّيَّاتٌ বা জ্ঞানেন্দ্রিয় নাম রাখা হয়। আর দ্বিতীয়ত যা অভ্যন্তরীণ অনুভূতির সাহায্যে উপলব্ধি করা হয়। তাও পাঁচটি : ১. حِس مُشْتَرَكٌ (সাধারণ অনুভূতি) যা আকৃতি উপলব্ধি করে। ২. اَلْخِيَالُ যা অনুভূতির জন্য কোষাগার। ৩. اَلْوَهْمُ যা নির্দিষ্ট ও একক বিষয়সমূহ উপলব্ধি করে। ৪. اَلْحَافِظَةُ যা নির্দিষ্ট ও একক বিষয়সমূহের কোষাগার। ৫. اَلْمُتَصَرِّفَةُ যা তামছীল ও তারকীবের পৃথক করা ও একত্রিত করার মাধ্যমে আকৃতিসমূহ ও অর্থসমূহেরর মধ্যে জোর-জবরদস্তি করে থাকে। আর এ প্রকারকে وِجْدَانِيَّاتٌ বা অন্তরেন্দ্রিয় বলা হয়, মস্তিষ্কের অনুধাবন শক্তিসমূহ এ প্রকারের অন্তর্ভুক্ত নয়। দ্বিতীয় প্রকারের উদাহরণ। যেমন- আমরা বলে থাকি যে, আমরা ক্ষুধার্ত অথবা আমরা তৃষ্ণার্ত। অর্থাৎ আমাদের ক্ষুধা লেগেছে অথবা পিপাসা লেগেছে।

www.islamijindegi.com

শাব্দিক অনুবাদ : وَاَمَّا الْحَدَسُ আর হাদাস فَفِيْهِ এর মধ্যে اِنْتِقَالُ الذِّهْنِ মস্তিষ্ক ছুটে যায় مِنَ الْمَطْلُوْبِ মাতলূব হতে اِلَى الْمَبَادِىْ মাবাদীর দিকে دَفْعَةً একই সঙ্গে وَمِنْهَا আর মাবাদী হতে اِلَى الْمَطْلُوْبِ মাতলূবের দিকে كَذٰلِكَ অনুরূপভাবে وَاَكْثَرُ অধিকাংশ ক্ষেত্রে مَا يَكُوْنُ الْحَدَسُ হাদাস লাভ হয়ে থাকে مِنْ عَقِيْبِ الشَّوْقِ আগ্রহের পর وَالتَّعَبِ ও সাধনার পর وَقَدْ يَكُوْنُ কখনো কখনো লাভ হয় بِدُوْنِهِمَا এগুলো ছাড়াও وَالنَّاسُ আর মানুষ مُخْتَلِفُوْنَ বিভিন্ন প্রকার فِى الْحَدَسِ হাদাসের ব্যাপারে فَمِنْهُمْ তন্মধ্যে مَنْ هُوَ কেউ আছে এমন যে قَوِيُّ الْحَدَسِ كَثِيْرَةٌ হাদাস শক্তিশালী يَحْصُلُ لَهُ আর তার হাসিল হয় مِنَ الْمَطْلُوْبِ اَكْثَرُهَا অধিকাংশ উদ্দেশ্য بِالْحَدَسِ এ হাদাসের দ্বারা كَالْمُؤَيَّدِ যেমন- শক্তিপ্রাপ্ত ব্যক্তি بِالْقُوَّةِ الْقُدْسِيَّةِ নির্মল শক্তি দ্বারা كَالْحُكَمَاءِ যেমন- হুকামা وَالْاَوْلِيَاءِ আউলিয়া وَالْاَنْبِيَاءِ ও আম্বিয়া (আ.) وَمِنْهُمْ مَنْ هُوَ আর কেউ আছেন এমন قَلِيْلُ الْحَدَسِ যার হাদাস স্বল্প وَمِنْهُمْ مَنْ ও দুর্বল ضَعِيْفُهُ আর কেউ আছেন এমন لَا حَدَسَ لَهُ যার হাদাস মোটেই নেই كَالْمُنْتَهٰى যেমন- চরম فِى الْبَلَادَةِ মেধাহীন ব্যক্তি وَمِنْ هٰذَا يُعْلَمُ এর দ্বারা বুঝা যায় اَنَّ الْبَدَاهَةَ বদীহী হওয়ার বিষয়টি اَوِ النَّظَرِيَّةَ বা নযরী হওয়ার বিষয়টি مُخْتَلِفَتَانِ বিভিন্ন ধরনের হয়ে থাকে بِالْاَشْخَاصِ وَالْاَوْقَاتِ ব্যক্তি ও সময়ের পার্থক্যে فَرُبَّ حَدَسِيٍّ কারণ, অনেক হাদাসী বিষয় عِنْدَ فَاقِدِ الْقُوَّةِ الْقُدْسِيَّةِ নির্মল শক্তিশূন্য ব্যক্তির নিকট يَكُوْنُ نَظَرِيًّا নযরী وَبَدِيْهِيًّا আর বদীহী عِنْدَ صَاحِبِهَا নির্মল শক্তির অধিকারী ব্যক্তির নিকট وَ رَابِعُهَا আর চতুর্থটি اَلْمُشَاهَدَاتُ মুশাহাদাত (প্রত্যক্ষ বিষয়াবলি) وَهِىَ الْقَضَايَا তা এমন সব কাযিয়া يُحْكَمُ فِيْهَا যার মধ্যে হুকুম করা হয় بِوَاسِطَةِ الْمُشَاهَدَةِ উপলব্ধির মাধ্যমে وَالْاِحْسَاسِ ও অনুভূতির মাধ্যমে وَهِىَ تَنْقَسِمُ আর মুশাহাদাত বিভক্ত اِلٰى قِسْمَيْنِ দু'ভাগে اَلْاَوَّلُ প্রথমত مَا شُوْهِدَ এমন এক কাযিয়া যা লাভ করা হয় بِاِحْدٰى যে-কোনো একটি দ্বারা الْحَوَاسِّ الظَّاهِرَةِ বাহ্যিক ইন্দ্রিয়সমূহের وَهِىَ خَمْسٌ বাহ্যিক ইন্দ্রিয় পাঁচটি اَلْبَاصِرَةُ চক্ষু وَالسَّامِعَةُ কর্ণ وَالشَّامَّةُ নাসিকা وَالذَّائِقَةُ জিহ্বা وَاللَّامِسَةُ ও ত্বক وَيُسَمّٰى هٰذَا الْقِسْمُ এ প্রকারকে নাম রাখা হয় بِالْحِسِّيَّاتِ - حِسِّيَّاتٌ বা জ্ঞানেন্দ্রিয় وَالثَّانِىْ আর দ্বিতীয়ত مَا اُدْرِكَ যা উপলব্ধি করা যায় بِالْمُدْرِكَاتِ মুদরিকতের মাধ্যমে مِنَ الْحَوَاسِّ الْبَاطِنَةِ তথা অভ্যন্তরীণ অনুভূতির সাহায্যে الَّتِىْ هِىَ اَيْضًا خَمْسٌ তাও পাঁচটি اَلْحِسُّ الْمُشْتَرَكُ ১. হিস্‌সে মুশতারাক (মিশ্র অনুভূতি) اَلْمُدْرِكُ لِلصُّوَرِ যা আকৃতি উপলব্ধি করে وَالْخِيَالُ ২. খিয়াল الَّتِىْ خَزَانَةٌ لَهُ যা অনুভূতির জন্য কোষাগার وَالْوَهْمُ ৩. ওয়াহাম اَلْمُدْرِكُ যা উপলব্ধি করে لِلْمَعَانِى الشَّخْصِيَّةِ নির্দিষ্ট বিষয়সমূহ وَالْجُزْئِيَّةِ ও একক বিষয়সমূহ وَالْحَافِظَةُ ৪. সংরক্ষণশক্তি الَّتِىْ هِىَ خَزَانَةٌ যা কোষাগার لِلْمَعَانِى الْجُزْئِيَّةِ একক বিষয়সমূহের وَالْمُتَصَرِّفَةِ ৫. রূপান্তরশীল الَّتِىْ تَتَصَرَّفُ যা জোর-জবরদস্তি করে থাকে فِى الصُّوَرِ وَالْمَعَانِىْ আকৃতিসমূহ ও অর্থসমূহের মধ্যে بِالتَّحْلِيْلِ পৃথককরণ ও একত্রকরণের মাধ্যমে وَالتَّرْكِيْبِ وَيُسَمّٰى هٰذَا الْقِسْمُ আর এ প্রকারকে বলা হয় بِالْوِجْدَانِيَّاتِ অন্তরেন্দ্রিয় وَمُدْرِكَاتُ الْعَقْلِ الصِّرْفِ মস্তিষ্কের অনুধাবন শক্তিসমূহ اَعْنِى الْكُلِّيَّاتِ অর্থাৎ কুল্লীসমূহ غَيْرُ مُنْدَرِجٍ অন্তর্ভুক্ত নয় فِىْ هٰذَا الْقِسْمِ এ প্রকারের مِثَالُ الْقِسْمِ الثَّانِىْ দ্বিতীয় প্রকারের উদাহরণ كَمَا حَكَمْنَا যেমন- আমরা বলে থাকি بِاَنَّ لَنَا যে, আমরা جُوْعًا اَوْ عَطْشًا ক্ষুধার্ত অথবা তৃষ্ণার্ত।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ وَاَمَّا الْحَدَسُ الخ -এর আলোচনা : حَدَسٌ অর্থ–তীক্ষ্ণতা। মেধা অতি তীক্ষ্ণ হলে সূচনা হতে প্রয়োজনীয়তার দিকে অতি তাড়াতাড়ি প্রত্যাবর্তিত হয়। যার ফলে প্রয়োজনীয়তা তৎক্ষণাৎ লাভ হয়। পক্ষান্তরে ফিকির দ্বারা মাতলূব ক্রমশঃ লাভ হয় যা সময় সাপেক্ষ।

বিনা মাধ্যমে কোনো বিষয় সম্পর্কে জ্ঞান হওয়ার ব্যাপারে মানুষ বিভিন্ন শ্রেণীতে বিভক্ত। কতেক লোক এমন আছেন যাদের অধিকাংশ উদ্দেশ্য حَدَسٌ দ্বারাই লাভ হয়ে যায়। আবার এমনও অনেক লোক আছে যারা অতি সামান্য ও স্বল্প হাদাসের অধিকারী। আর কতেক লোক এমন আছে হাদাসের মাধ্যমে যাদের কোনো কিছুই লাভ হয় না।

قَوْلُهُ وَمِنْ هٰذَا يُعْلَمُ الخ -এর আলোচনা : هٰذَا দ্বারা পূর্ববর্তী আলোচনার প্রতি ইঙ্গিত করা হয়েছে। উপরে বলা হয়েছে, মানুষের মেধা বিভিন্ন ধরনের। কারো মেধাশক্তি খুবই তীক্ষ্ণ। তার নিকট কঠিন অস্পষ্ট বিষয়ও অতি সহজ ও স্পষ্ট মনে হয়। আবার কারো মেধা খুবই দুর্বল। তার নিকট সহজ ও স্পষ্ট বিষয়ও কঠিন ও অস্পষ্ট মনে হয়। এতে বুঝা যায়– কোনো একটি বিষয় বদীহী অথবা নযরী

www.islamijindegi.com

হওয়া ব্যক্তি বিশেষে অথবা সময় বিশেষে ব্যতিক্রম হয়ে থাকে। অর্থাৎ একটি বিষয় মেধাহীন ব্যক্তির নিকট তার মেধাহীনতার দরুন নযরী বলে বিবেচিত, কিন্তু এ বিষয়টি অন্য একজন তীক্ষ্ণ মেধাশক্তির অধিকারী ব্যক্তির নিকট বদীহী বলে বিবেচিত হবে। এভাবে যুগের ব্যতিক্রমেও বদীহী ও নযরী হওয়ার ব্যাপারে ব্যতিক্রম ঘটে থাকে। কারণ, একযুগে একটি বিষয় নব আবির্ভূত হওয়ার দরুন এটি নযরী থাকে, কিন্তু বেশ কিছু যুগ অতিক্রান্ত হওয়ার পর তা এত স্পষ্ট হয়ে যায় যে, তখন তা আর নযরী থাকে না বরং বদীহীতে পরিণত হয়ে যায়। বদীহী ও নযরী হওয়া প্রকৃতপক্ষে عِلْم -এর গুণ না مَعْلُوْم -এর গুণ– এ ব্যাপারে মানতিকীদের মধ্যে মতভেদ রয়েছে। কেউ বলেন, ইলমের গুণ আবার কেউ বলেন, مَعْلُوْم -এর গুণ। তবে নির্ভরযোগ্য মত এই যে, বদীহী বা নযরী হওয়া প্রকৃতপক্ষে ইলমের গুণ। হ্যাঁ, পরোক্ষভাবে مَعْلُوْم -এর গুণও বটে।

قَوْلُهُ وَرَابِعُهَا الْمُشَاهَدَاتُ الخ -এর আলোচনা : اَلْمُشَاهَدَةُ অর্থ– প্রত্যক্ষ করা। مُشَاهَدَاتْ এমন সব কাযিয়াকে বলা হয়, যাদের সম্পর্কে দৃঢ়বিশ্বাস উপার্জন হওয়ার জন্য মাওযূ, মাহমূল এবং এতদুভয়ের মধ্যে সম্পর্কের তাসাব্বুর ব্যতীত ও বাহ্যিক ইন্দ্রিয়ের মাধ্যমে বা অভ্যন্তরীণ ইন্দ্রিয়ের মাধ্যমে তাদের অনুভব করা অপরিহার্য।

قَوْلُهُ هِيَ تَنْقَسِمُ اِلٰى قِسْمَيْنِ -এর আলোচনা :

مُشَاهَدَاتْ-এর প্রকারভেদ : مُشَاهَدَاتْ দু'ভাগে বিভক্ত। যথা–

ক. حِسِّيَّاتْ : حِسِّيَّاتْ অর্থ– জ্ঞানেন্দ্রিয়। এমন এক কাযিয়া যা বাহ্যিক ইন্দ্রিয়সমূহের যে কোনো একটি দ্বারা লাভ করা হয়। আর বাহ্যিক ইন্দ্রিয় পাঁচটি। যেমন–

১. اَلْبَاصِرَةُ [চক্ষু] : اَلْبَاصِرَةُ অর্থ– দৃষ্টিশক্তি। এটা এমন শক্তি যা দ্বারা আলো, রং, আকৃতি ইত্যাদি উপলব্ধি করা হয়।

২. اَلسَّامِعَةُ [শ্রবণশক্তি] : এটা কর্ণ কুহরে সম্প্রসারিত স্নায়ুতে রক্ষিত এমন শক্তি যা দ্বারা আওয়াজ মিশ্রিত বাতাস এ পর্যন্ত পৌঁছার দরুন আওয়াজ উপলব্ধি করা যায়।

৩. اَلشَّامَّةُ [নাসিকা] : اَلشَّامَّةُ অর্থ– ঘ্রাণশক্তি। এটা মস্তিষ্কের অগ্রভাগে দু'টি স্ফীত মাংসপেশিতে রক্ষিত এমন শক্তি যা দ্বারা ঘ্রাণ মিশ্রিত বাতাস নাসিকা পর্যন্ত পৌঁছায়, ফলে ঘ্রাণ উপলব্ধি করা যায়।

৪. اَلذَّائِقَةُ [জিহ্বা] : اَلذَّائِقَةُ অর্থ– আস্বাদনশক্তি। এটা জিহ্বার উপরিভাগে সম্প্রসারিত স্নায়ুতে রক্ষিত এমন শক্তি যা দ্বারা খাদ্য মিশ্রিত লালা উক্ত স্নায়ু পর্যন্ত পৌঁছায়, ফলে স্বাদ উপলব্ধি করা যায়।

৫. اَللَّامِسَةُ [ত্বক] : এটা স্নায়ুর সাহায্যে সমস্ত দেহে ছড়ানো এমন শক্তি যা দ্বারা গরম, ঠাণ্ডা, নরম, শক্ত ইত্যাদি উপলব্ধি করা যায়।

খ. وِجْدَانِيَّاتْ : وِجْدَانِيَّاتْ অর্থ– অন্তরেন্দ্রিয়। এটা এমন এক কাযিয়া যা আভ্যন্তরীণ অনুভূতির সাহায্যে উপলব্ধি করা হয়। আর সেই আভ্যন্তরীণ অনুভূতি পাঁচটি। যেমন–

১. اَلْحِسُّ الْمُشْتَرَكُ : اَلْحِسُّ الْمُشْتَرَكُ অর্থ সাধারণ অনুভূতি। এটা মস্তিষ্কের সম্মুখভাগে রক্ষিত এমন একটি শক্তি যাতে ইন্দ্রিয়গোচর বস্তুসমূহের চিত্র অঙ্কিত হয়।

২. اَلْخَيَالُ : خيال হলো কোনো বস্তুর প্রতিচ্ছবি মনসপটে ভেসে উঠা।

৩. اَلْوَهْمُ : এটা মস্তিষ্কের পশ্চাদ্ভাগে অবস্থিত খোলা স্থানের প্রথমভাগে সংরক্ষিত এমন একটি শক্তি যা দ্বারা ইন্দ্রিয়গোচর বিষয়ের আনুষঙ্গিক জুযয়ী বিষয়সমূহ উপলব্ধি করা যায়।

৪. اَلْحَافِظَةُ : এটা মস্তিষ্কের পশ্চাদ্ভাগে একটি শক্তি যা দ্বারা হিসসে মুশতারাক কর্তৃক অর্জিত চিত্রসমূহ সংরক্ষিত হয়। তাই এটা হিসসে মুশতারাকের জন্য ভাণ্ডার স্বরূপ।

৫. اَلْمُتَصَرِّفَةُ : এটা এমন একটি শক্তি যা আকৃতি ও অর্থসমূহ ভাঙ্গা গড়ার কাজ করে।

যেহেতু এ সকল কাযিয়া সম্পর্কে দৃঢ়বিশ্বাস লাভ করতে হলে উপরিউক্ত অঙ্গসমূহের পূর্ণ প্রভাবের মাধ্যমে হয়, তাই কাযিয়াগুলোকে মুশাহাদাত নামে নামকরণ করা হয়েছে।

www.islamijindegi.com

وَخَامِسُهَا التَّجْرِيبِيَّاتُ وَهِيَ قَضَايَا يَحْكُمُ الْعَقْلُ بِهَا بِوَاسِطَةِ تَكْرَارِ الْمُشَاهَدَاتِ وَعَدَمِ التَّخَلُّفِ حُكْمًا كُلِّيًّا كَالْحُكْمِ بِاَنَّ شُرْبَ السَّقْمُونِيَا مُسْهِلٌ لِلصَّفْرَاءِ وَسَادِسُهَا الْمُتَوَاتِرَاتُ وَهِيَ قَضَايَا يَحْكُمُ بِهَا بِوَاسِطَةِ اَخْبَارِ جَمَاعَةٍ يَسْتَحِيلُ الْعَقْلُ تَوَاطُؤُهُمْ عَلَى الْكِذْبِ وَاخْتَلَفُوْا فِيْ اَقَلِّ عَدَدِ هٰذِهِ الْجَمَاعَةِ قِيلَ اِنَّ اَقَلَّهُ اَرْبَعَةٌ وَقِيلَ عَشَرَةٌ وَقِيلَ اَرْبَعُوْنَ وَالْاَشْبَهُ اَنَّ هٰذَا الْعَدَدَ يَخْتَلِفُ بِاخْتِلَافِ حَالِ الَّذِيْنَ اَخْبَرُوْهُ وَاخْتِلَافِ الْوَاقِعَةِ فَلَا يَتَعَيَّنُ عَدَدٌ وَالضَّابِطَةُ اَنْ يَبْلُغَ اِلٰى حَدٍّ يُفِيْدُ الْيَقِيْنَ فَهٰذِهِ السِّتَّةُ هِيَ مَبَادِي الْبَرَاهِيْنِ وَمَقَاطِعُ الدَّلِيْلِ وَمُنْتَهَى الْيَقِيْنِ -

فَائِدَةٌ : زَعَمَ قَوْمٌ اَنَّ الْمُقَدَّمَاتِ النَّقْلِيَّةَ لَا تُسْتَعْمَلُ فِي الْقِيَاسِ الْبُرْهَانِيِّ ظَنًّا مِنْهُمْ اَنَّ النَّقْلَ يَتَطَرَّقُ اِلَيْهِ الْغَلَطُ وَالْخَطَأُ مِنْ وُجُوْهٍ شَتّٰى فَكَيْفَ يَكُوْنُ مَبَادِي الْقِيَاسِ الْبُرْهَانِي الَّذِيْ يُفِيْدُ الْقَطْعَ وَاِنَّ هٰذَا الظَّنَّ اِثْمٌ لِاَنَّ النَّقْلَ كَثِيْرًا مَا يُفِيْدُ الْقَطْعَ اِذَا رُوْعِيَ فِيْهِ شَرَائِطُ وَانْضَمَّ اِلَيْهِ الْعَقْلُ نَعَمْ لَوْ قِيلَ اِنَّ النَّقْلَ الصَّرْفَ بِلَا اِعْتِبَارِ اِنْضِمَامِ الْعَقْلِ مَعَهُ لَا يُعْتَبَرُ وَلَا يُفِيْدُ لَكَانَ لَهُ وَجْهٌ

সরল অনুবাদ : আর পঞ্চমটি تَجْرِيبِيَّاتْ (আজরিবিয়্যাত)। তা এমন সব কাযিয়া যার মধ্যে বিবেক বারবার অভিজ্ঞতার আলোকে হুকুম করে এবং তা কোনো প্রকার ব্যাপক হুকুমের বিপরীত না হয়, যেমন– সাকমূনিয়া পান করা হরিদ্র বর্ণের অসুস্থতাকে দূর করে দেয় (সাকমূনিয়া পিত্তকে তরল করে দেয়)।

আর ষষ্ঠটি مُتَوَاتِرَاتْ (মুতাওয়াতিরাত)। এটি এমন কাযিয়া যে সম্পর্কে হুকুম করা হয়, এমন এক দলের সংবাদের মাধ্যমে যাদের মিথ্যা বিষয়ের উপর ঐক্যবদ্ধ হওয়া অসম্ভব। এ দলের সর্বনিম্ন সংখ্যা সম্পর্কে মানতিকশাস্ত্রবিদগণ বিভিন্ন মতামত পোষণ করেন। কেউ বলেন, এর সর্বনিম্ন সংখ্যা চার, কেউ বলেন দশ, কেউ বলেন চল্লিশ। কিন্তু অধিক গ্রহণীয় মতামত হলো, এ সংখ্যাটি সংবাদদাতাদের অবস্থার বিভিন্নতার দ্বারা এবং ঘটনার বিভিন্নতার দ্বারা বিভিন্ন হয়ে থাকে। সুতরাং কোনো সংখ্যা নির্ণয় করা ঠিক নয়। আর বিধান হলো, সংখ্যা এমন এক পর্যায়ে পৌঁছবে যার ফলে দৃঢ় বিশ্বাসের ফায়দা প্রদান করে। এ ছয়টি হলো بُرْهَانْ সমূহের মৌলিক বিষয় এবং দলিলের ভিত্তি এবং একীনের পরিসমাপ্তি।

ফায়দা : এক সম্প্রদায় ধারণা করে নকলী মুকাদ্দমা কিয়াসে বুরহানীতে ব্যবহৃত হতে পারে না। তাদের এ ধারণা যে, বর্ণনাতে বিভিন্ন পন্থায় অনেক ভুল-ত্রুটি হতে পারে। সুতরাং এটা কিভাবে কিয়াসে বুরহানীর উপাদান হতে পারে. অথচ কিয়াসে বোরহানী একীনের ফায়দা প্রদান করে। অথচ উক্ত ধারণা ত্রুটিপূর্ণ, কারণ বর্ণনাও অনেক ক্ষেত্রে একীনের ফায়দা প্রদান করে, যখন বর্ণনা দৃঢ় বিশ্বাসের ফায়দা দেওয়ার শর্তসমূহের বিবেচনা করা হবে এবং বর্ণনার সাথে বিবেকও জড়িত হয়। তবে হ্যাঁ, যদি শুধু বর্ণনার কথা বলা হয়– এর সাথে বিবেকের মিলন ব্যতীত, তাহলে বর্ণনা গ্রহণীয় নয় এবং এটি একীনের ফায়দাও দিবে না। তখন অবশ্য সন্দেহের একটি পদ্ধতি বের হতে পারে।

শাব্দিক অনুবাদ : وَخَامِسُهَا আর পঞ্চমটি التَّجْرِيبِيَّاتُ তাজরিবিয়্যাত (অভিজ্ঞতা সমৃদ্ধ বিষয়াবলি) وَهِيَ قَضَايَا তা এমন সব কাযিয়া يَحْكُمُ الْعَقْلُ بِهَا যার মধ্যে বিবেক হুকুম করে بِوَاسِطَةِ تَكْرَارِ الْمُشَاهَدَاتِ বারবার অভিজ্ঞতার আলোকে وَعَدَمِ التَّخَلُّفِ এবং তা বিপরীত না হয় حُكْمًا كُلِّيًّا কোনো প্রকার ব্যাপক হুকুমের كَالْحُكْمِ যেমন– হুকুম দেওয়া بِاَنَّ شُرْبَ السَّقْمُونِيَا সাকমূনিয়া পান করা مُسْهِلٌ দূর করে দেয় لِلصَّفْرَاءِ হরিদ্র বর্ণের অসুস্থতাকে وَسَادِسُهَا আর ষষ্ঠটি الْمُتَوَاتِرَاتُ মুতাওয়াতিরাত (পরস্পর বিষয়াবলি) وَهِيَ قَضَايَا এটি এমন কাযিয়া يَحْكُمُ بِهَا যে সম্পর্কে হুকুম করা হয় بِوَاسِطَةِ اَخْبَارِ جَمَاعَةٍ এমন এক দলের সংবাদের মাধ্যমে يَسْتَحِيلُ الْعَقْلُ বিবেক অসম্ভব মনে করে تَوَاطُؤُهُمْ যাদের ঐক্যবদ্ধ হওয়া عَلَى الْكِذْبِ মিথ্যা বিষয়ের উপর وَاخْتَلَفُوْا মানতিকশাস্ত্রবিদগণ বিভিন্ন মতামত পোষণ করেন فِيْ اَقَلِّ عَدَدِ সর্বনিম্ন সংখ্যা সম্পর্কে هٰذِهِ الْجَمَاعَةِ এ দলের قِيلَ কেউ বলেন اِنَّ اَقَلَّهُ এর সর্বনিম্ন সংখ্যা اَرْبَعَةٌ চার وَقِيلَ কেউ বলেন عَشَرَةٌ দশ وَقِيلَ কেউ বলেন اَرْبَعُوْنَ চল্লিশ وَالْاَشْبَهُ

www.islamijindegi.com

কিন্তু অধিক গ্রহণীয় মতামত এই اَنَّ هٰذَا الْعَدَدَ এ সংখ্যাটি يَخْتَلِفُ বিভিন্ন হয়ে থাকে بِاخْتِلَافِ حَالِ অবস্থার বিভিন্নতার দ্বারা الَّذِيْنَ সংবাদদাতাদের اَخْبَرُوْهُ এবং ঘটনার বিভিন্নতার দ্বারা وَاخْتِلَافِ الْوَاقِعَةِ সুতরাং নির্ণয় করা ঠিক নয় فَلَا يَتَعَيَّنُ কোনো সংখ্যা عَدَدٌ আর বিধান হলো وَالضَّابِطَةُ সংখ্যা পৌঁছবে اَنْ يَبْلُغَ এমন এক পর্যায়ে اِلٰى حَدٍّ যার ফলে দৃঢ় বিশ্বাসের ফায়দা প্রদান করে يُفِيْدُ الْيَقِيْنَ এ ছয়টি হলো فَهٰذِهِ السِّتَّةُ এগুলো هِيَ مَبَادِى الْبَرَاهِيْنِ সমূহের মৌলিক বিষয় بُرْهَانٌ এবং দলিলের ভিত্তি وَمَقَاطِعُ الدَّلِيْلِ এবং একীনের পরিসমাপ্তি وَمُنْتَهَى الْيَقِيْنِ নকলী اَنَّ الْمُقَدَّمَاتِ النَّقْلِيَّةَ এক সম্প্রদায় ধারণা করে زَعَمَ قَوْمٌ ফায়দা فَائِدَةٌ মুকাদ্দামাসমূহ لَا تُسْتَعْمَلُ ব্যবহার হতে পারে না فِى الْقِيَاسِ الْبُرْهَانِيِّ কিয়াসে বুরহানীতে ظَنًّا مِنْهُمْ তাদের এ ধারণা اَنَّ النَّقْلَ যে, বর্ণনাতে يَتَطَرَّقُ اِلَيْهِ হতে পারে الْغَلَطُ وَالْخَطَأُ অনেক ভুল-ত্রুটি مِنْ وُجُوْهٍ شَتّٰى বিভিন্ন পন্থায় فَكَيْفَ يَكُوْنُ সুতরাং কিভাবে হতে পারে مَبَادِى الْقِيَاسِ الْبُرْهَانِى কিয়াসে বুরহানীর উপাদান الَّذِىْ يُفِيْدُ অথচ কিয়াসে বুরহানী ফায়দা প্রদান করে الْقَطْعَ একীনের مَا يُفِيْدُ الْقَطْعَ একীনের ফায়দা প্রদান وَاِنَّ هٰذَا الظَّنَّ অথচ উক্ত ধারণা اِثْمٌ ত্রুটিপূর্ণ لِاَنَّ النَّقْلَ كَثِيْرًا কারণ, বর্ণনাও অনেক ক্ষেত্রে করে وَانْضَمَّ اِلَيْهِ যখন তাতে বিবেচনা করা হবে شَرَائِطُ বর্ণনা দৃঢ় বিশ্বাসের ফায়দা দেওয়ার শর্তসমূহের اِذَا رُوْعِىَ فِيْهِ এবং বর্ণনার সাথে জড়িত হয় اَلْعَقْلُ বিবেকও نَعَمْ তবে হ্যাঁ لَوْ قِيْلَ যদি বলা হয় اِنَّ النَّقْلَ الصِّرْفَ শুধু বর্ণনার কথা اِنْضِمَامٍ بِلَا اِعْتِبَارِ ব্যতীত الْعَقْلِ বিবেকের মিলন مَعَهُ এর সাথে لَا يُعْتَبَرُ তাহলে বর্ণনা গ্রহণীয় হবে না وَلَا يُفِيْدُ এবং এটি একীনের ফায়দাও দিবে না لَكَانَ لَهُ وَجْهٌ তখন অবশ্য সন্দেহের একটি পদ্ধতি বের হতে পারে।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ اَلتَّجْرِيْبِيَّاتُ الخ -এর আলোচনা : **تَجْرِيْبِيَّاتْ-এর আভিধানিক অর্থ :** تَجْرِيْبِيَّاتْ শব্দটি تَجْرِبَةٌ-এর বহুবচন। আর تَجْرِبَةٌ শব্দটি بَابُ تَفْعِيْلٌ-এর মাসদারের সাথে সম্পর্কিত। تَجْرِبَةٌ অর্থ- অভিজ্ঞতা। অতএব تَجْرِيْبِيَّةٌ-এর অর্থ হবে। অভিজ্ঞতাপূর্ণ।

পারিভাষিক সংজ্ঞা : تَجْرِيْبِيَّاتْ ঐ সব কাযিয়াকে বলা হয়, যেগুলোর মধ্যে বারবার প্রত্যক্ষ করার পর অথবা বার বার উপলব্ধি করার পর কোনো কুল্লীর হুকুম আরোপ করা হয়। যেমন- বারবার লক্ষ্য করা হয়েছে যে, সাকমূনিয়া পান করার ফলে দাস্ত হয়। অতএব, এটা সম্পর্কে ব্যাপকভাবে ঘোষণা দেওয়া হলো যে- اَلسَّقْمُوْنِيَا مُسْهِلٌ (সাকমূনিয়া পিত্ত তরলকারী)।

قَوْلُهُ اَلسَّقْمُوْنِيَا -এর আলোচনা : **سَقْمُوْنِيَا-এর পরিচয় :** মিসবাহুল লুগাত প্রণেতা বলেন, সাকমূনিয়া এক প্রকার ওষুধের নাম। আল-মু'জামুল ওয়াসীত অভিধান প্রণেতা বলেন- اَلسَّقْمُوْنِيَا : نَبَاتٌ يُسْتَخْرَجُ مِنْهُ دَوَاءٌ مُسْهِلٌ لِلْبَطْنِ وَمُزِيْلٌ لِلدُّوْدِ অর্থাৎ সাকমূনিয়া হলো উদ্ভিদ হতে নির্গত এক প্রকার ওষুধ যা পেটকে তরল করে এবং পীড়াকে দূর করে।

قَوْلُهُ اَلْمُتَوَاتِرَاتُ -এর আলোচনা : **اَلْمُتَوَاتِرَاتُ-এর পরিচয় :** مُتَوَاتِرَاتٌ শব্দটি مُتَوَاتِرٌ শব্দের বহুবচন। تَوَاتُرٌ ক্রিয়ামূল হতে নির্গত। অর্থ- একের পর এক উপস্থিত হওয়া। এটা হতে কোনো কিছু অধিক হওয়ার অর্থ পাওয়া যায়। مُتَوَاتِرٌ এমন সব কাযিয়াকে বলা হয় যার সংবাদদাতা এত অধিক যে, তাদের ব্যাপারে মিথ্যা বলার উপর ঐকমত্য হওয়ার ধারণা পোষণ করা অসম্ভব। যেহেতু খবরদাতা অনেক, তাই তাদের প্রদত্ত সংবাদকে مُتَوَاتِرٌ বলা হয়।

اِخْتِلَافٌ فِىْ عَدَدِ الْمُتَوَاتِرِ : তাওয়াতুরের সংখ্যার ব্যাপারে বিভিন্ন জনে বিভিন্ন শর্তারোপ করেছেন। যেমন-

১. কেউ কেউ বলেছেন, তাদের সংখ্যা কমপক্ষে চার জন হতে হবে।	২. কেউ কেউ বলেছেন, পাঁচ জন হতে হবে।
৩. কেউ কেউ বলেছেন, সাত জন হতে হবে।	৪. কেউ কেউ বলেছেন, দশ জন হতে হবে।
৫. কেউ কেউ বলেছেন, বিশ জন হতে হবে।	৬. কেউ কেউ বলেছেন, চল্লিশ জন হতে হবে।
৭. কেউ কেউ বলেছেন, পঞ্চাশ জন হতে হবে।	৮. কেউ কেউ বলেছেন, সত্তর জন হতে হবে।
৯. কেউ কেউ বলেছেন, একশত জন হতে হবে।	

قَوْلُهُ زَعَمَ قَوْمٌ الخ -এর আলোচনা : এক সম্প্রদায়ের ধারণা দ্বারা مُعْتَزِلَةْ সম্প্রদায় আর اَشَاعِرَةْ -দের অধিকাংশ উদ্দেশ্য। প্রকাশ থাকে যে, কিয়াসে বুরহানীতে নকলী মুকাদ্দামা প্রযোজ্য নয়। এ ধারণা সঠিক নয়, এ কথাই গ্রন্থকার وَاِنَّ هٰذَا الظَّنَّ اِثْمٌ দ্বারা উল্লেখ করেছেন। কেননা, নকলী দলিলের সাথে যখন অন্যান্য নিদর্শন সংযোজিত হয়, তখন এটি দ্বারা দৃঢ় বিশ্বাস লাভ হতে পারে। সকলের মধ্যে ভুলত্রুটি হতে পারে। শুধু এ সম্ভাবনার পরিপ্রেক্ষিতে তা বাদ করে দেওয়া যাবে না। হ্যাঁ, যদি এ কথা বলা হয় যে, বিবেকের অনুমোদন ছাড়া নিছক বর্ণনা দ্বারা দৃঢ় আস্থা লাভ হবে না, তবে এ কথা স্বীকার্য।

www.islamijindegi.com

فَصْلٌ : اَلْبُرْهَانُ قِسْمَانِ لِمِّيٌّ وَاِنِّيٌّ اَمَّا اللِّمِّيُّ فَهُوَ الَّذِيْ يَكُوْنُ الْاَوْسَطُ فِيْهِ عِلَّةً لِثُبُوْتِ الْاَكْبَرِ لِلْاَصْغَرِ فِي الْوَاقِعِ كَمَا اَنَّهُ وَاسِطَةٌ فِي الْحُكْمِ يُسَمّٰى بِهٖ لِاِفَادَتِهِ اللِّمِّيَّةَ وَالْعِلِّيَّةَ وَاَمَّا الْاِنِّيُّ فَهُوَ الَّذِيْ يَكُوْنُ الْاَوْسَطُ فِيْهِ عِلَّةً لِلْحُكْمِ فِي الذِّهْنِ فَقَطْ وَلَمْ يَكُنْ عِلَّةً فِي الْوَاقِعِ بَلْ قَدْ يَكُوْنُ مَعْلُوْلًا لَهٗ مِثَالُ اللِّمِّيِّ قَوْلُكَ زَيْدٌ مَحْمُوْمٌ لِاَنَّهٗ مُتَعَفِّنُ الْاَخْلَاطِ وَكُلُّ مُتَعَفِّنِ الْاَخْلَاطِ مَحْمُوْمٌ فَزَيْدٌ مَحْمُوْمٌ فَكَمَا اَنَّ فِيْ هٰذَا الْقِيَاسِ الْاَوْسَطُ عِلَّةٌ لِثُبُوْتِ الْحُمّٰى لِزَيْدٍ فِيْ ذِهْنِكَ كَذٰلِكَ هُوَ عِلَّةٌ لِوُجُوْدِ الْحُمّٰى فِي الْوَاقِعِ وَمِثَالُ الْاِنِّيِّ قَوْلُكَ زَيْدٌ مُتَعَفِّنُ الْاَخْلَاطِ لِاَنَّهٗ مَحْمُوْمٌ وَكُلُّ مَحْمُوْمٍ مُتَعَفِّنُ الْاَخْلَاطِ فَزَيْدٌ مُتَعَفِّنُ الْاَخْلَاطِ فَوُجُوْدُ الْحُمّٰى عِلَّةٌ لِثُبُوْتِ كَوْنِهٖ مُتَعَفِّنَ الْاَخْلَاطِ فِيْ ذِهْنِكَ وَلَيْسَ عِلَّةً فِيْ نَفْسِ الْاَمْرِ بَلْ عَسٰى اَنْ يَكُوْنَ الْاَمْرُ فِي الْوَاقِعِ بِالْعَكْسِ -

সরল অনুবাদ : পরিচ্ছেদ : বুরহান দু' প্রকার- لِمِّيٌّ ও اِنِّيٌّ। لِمِّيٌّ ঐ বুরহান, যাতে حَدُ اَوْسَطْ বাস্তবে আসগরের জন্য اَكْبَرْ সাব্যস্ত হওয়ার কারণ হয়, যেমনিভাবে তা হুকুমের ক্ষেত্রেও মাধ্যম। যেহেতু এটি কারণ বর্ণনা করে, তাই একে উক্ত নামে আখ্যায়িত করা হয়েছে। আর اِنِّيٌّ ঐ বুরহান, যাতে حَدُّ اَوْسَطْ কেবল কল্পনায় হুকুমের কারণ হয়, বাস্তবে কারণ হয় না ; বরং কখনও তার মা'লূলও হয়। লিম্মীর উদাহরণ তোমার উক্তি- زَيْدٌ مَحْمُوْمٌ (যায়েদ জ্বরে আক্রান্ত)। কেননা তার মিশ্র পদার্থ চতুষ্টয় দূষিত হয়ে গেছে। আর প্রত্যেক ঐ ব্যক্তি যার মিশ্র পদার্থ চতুষ্টয় দূষিত হয়ে গেছে, সে জ্বরে আক্রান্ত। অতএব যায়েদ জ্বরে আক্রান্ত। সুতরাং যেমনিভাবে حَدُ اَوْسَطْ তোমার কল্পনায় যায়েদের জন্য জ্বর সাব্যস্ত হওয়ার জন্য ইল্লত (কারণ), তদ্রূপ বাস্তবেও তা জ্বর সাব্যস্ত হওয়ার জন্য ইল্লত (কারণ)। ইন্নীর উদাহরণ, তোমার উক্তি- زَيْدٌ مُتَعَفِّنُ الْاَخْلَاطِ (যায়েদের মিশ্র পদার্থ চতুষ্টয় দূষিত)। কেননা, সে জ্বরে আক্রান্ত। আর প্রত্যেক জ্বরে আক্রান্ত ব্যক্তির মিশ্র পদার্থ চতুষ্টয় দূষিত। অতএব, যায়েদের মিশ্র পদার্থ চতুষ্টয় দূষিত। সুতরাং যায়েদ مُتَعَفِّنُ الْاَخْلَاطِ সাব্যস্ত হওয়ার জন্য জ্বর বিদ্যমান থাকা ইল্লত (কারণ) তোমার কল্পনায়, বাস্তবে নয়। বরং বাস্তবে এর বিপরীতও হতে পারে।

